আমেরিকায় জাতীয়তাবাদী অর্থনীতির মূল স্থপতি ছিলেন আলেকজান্ডার হ্যামিলটন যিনি স্বাধীনতায়ুদ্ধে জর্জ ওয়াশিংটনের মিলিটারী সহকারী হিসাবে দক্ষতার পরিচয় দিয়েছিলেন এবং তাকেই প্রেসিডেন্ট ওয়াশিংটন তার অর্থমন্ত্রী Secretary of Treasury হিসাবে বেছে নিয়েছিলেন। আমেরিকার ইউনিয়নের কংগ্রেস হ্যামিলটনকে অর্থনৈতিক উন্নয়নের জন্য একটি পরিকল্পনা প্রণয়নের ভার দেন। তখন আমেরিকান ইউনিয়নে ভূস্বামী আর বণিকের প্রাধান্য চলছে। আর স্থিথীয় দর্শন ও ফরাসী দেশের ফিজিওক্রাটিক দর্শন কৃষির প্রাধান্য ও কৃষিপণ্যের বাণিজ্যকে উন্নয়নের সহজ উপায় বলে চিহ্নিত করাই স্বাভাবিক ছিল। কিন্তু হ্যামিলটন আটলান্টিকের পরপারে ক্ষুদ্র একটি সাম্রাজ্যবাদী রাষ্ট্রের অমিত্বিক্রম সামরিক শক্তির পরিচয় পেয়েছিলেন এবং তিনি জানতেন ফরাসী দেশের সামরিক ও আর্থিক সহায়তা ছাড়া স্বাধীনতার যুদ্ধ জয়ের সম্ভাবনাই ছিল না। হ্যামিলটন লক্ষ্য করেছিলেন যে বৃটেন কৃষিক্ষেত্রে পরিবর্তন এনে দ্রুত শিল্পায়নের মাধ্যমেই তার অর্থনৈতিক শক্তি খুঁজে পেয়েছিল আর তাই পরাক্রমশালী সামরিক শক্তিকে সমর্থন যুগিয়েছিল। সুতরাং হ্যামিলটন কংগ্রেসে যে রিপোর্ট দাখিল করলেন তাতে তিনি জোরালোভাবে স্থিথীয় দর্শনকে বাতিল করে শক্তিশালী জাতি-রাষ্ট্র গঠনের স্বার্থে দ্রুত শিল্পায়নের সুপারিশ করলেন; শিল্পপণ্য আমদানী বন্ধ করেই সেপথে অগ্রসর হবার যুক্তি দিলেন, না হলে উন্নত ইউরোপের শিল্পপণ্যে আমেরিকা ভেসে যাবে। হ্যামিলটন যুক্তি দেখালেন ভবিষ্যৎ রয়েছে শিল্পায়নে ও শিল্পপণ্যের বাণিজ্যে আর বাণিজ্য তখনই গুরুমুক্ত হবে যখন আমেরিকা প্রতিযোগিতায় সমকক্ষ হয়ে উঠবে। হ্যামিলটন তাই সজ্ঞানভাবে জাতীয়তাবাদী অর্থনীতির বুনিয়ে গড়তে মুক্ত বাজারকে বর্জন করলেন,

বাণিজ্যকে সীমিত করলেন আর শিল্পায়নকে সম্ভব করতে কৃষিকে শিল্প ও প্রয়োজনীয় পণ্য উৎপাদনে উৎসাহিত করলে। তিনি কৃষি উন্নয়ন ও শিল্পায়নকে সহগামী প্রক্রিয়া হিসাবে তুলে ধরেন। যারা আমদানী উদারীকরণে উন্নয়ন তত্ত্বের উৎকর্ষ দেখছেন তাদেরকে হ্যামিলটনের লেখা পড়ে দেখতে বলব এবং তার যুক্তি দু'শব্দের পরেও উন্নয়নশীল দেশের জন্য প্রযোজ্য। বাংলাদেশ মুক্তবাজার নীতিতে বৃটিশ শাসনে ডাউন্ডি ও কলকাতার জন্ম দিয়েছে, পাকিস্তান আমলে সমৃদ্ধ করাচীর সৃষ্টি করেছে কিন্তু তার শিল্পায়ন ও কৃষিজ অগ্রগতি সম্ভব হয়ে উঠেনি। আমেরিকা ঔপনিবেশিক শাসন ও স্বাধীনতা সংগ্রাম থেকে জাতীয়তাবাদী অর্থনীতির স্বপক্ষে যে শিক্ষা গ্রহণ করেছিল, পরনির্ভর বাংলাদেশ সে সজ্ঞানতা থেকে বঞ্চিত। হ্যামিলটন চেয়েছিলেন দ্রুততার সাথে ইউরোপীয় শিল্পসমৃদ্ধ দেশের সমকক্ষ হতে একটি গর্বিত জাতিসত্তার বিকাশ ঘটতে যার জন্য নিয়ন্ত্রিত বাণিজ্য, শিল্পায়নে সরকারী সক্রিয় ভূমিকা ও ভর্তুকী আর কৃষি ও শিল্পের সম্পূর্ণ অগ্রগতি এবং সেজন্য মানবসম্পদ উন্নয়ন ও গবেষণার সমৃদ্ধি তার উন্নয়ন পরিকল্পনার অঙ্গ হয়ে উঠেছিল। তার দৃষ্টিতে রাষ্ট্র ও ব্যক্তিমালিকানা খাত সম্প্রীতির মাধ্যমে সহযোগী হয়ে উঠবে যাতে জাতীয় সমৃদ্ধি সম্ভব হয়। মুক্ত বাজারের অদৃশ্যহাতের খেলায় জাতীয়তাবাদী হ্যামিলটনের বিশ্বাস ছিল না তিনি অর্থনৈতিক ক্ষেত্রে রাষ্ট্রের প্রত্যক্ষ উপস্থিতির প্রবক্তা ছিলেন। তার জাতীয়তাবাদী অর্থনীতি আমেরিকার জাতি রাষ্ট্রের স্বপ্নের সাথে সম্পৃক্ত তাই স্থিথায় দর্শন বা মারকেনটাইল নীতি কোনটিই তিনি গ্রহণ না করে জাতি স্বার্থ ও রাষ্ট্রশক্তির প্রয়োজনকে প্রাধান্য দিয়েছিলেন। হ্যামিলটনের অর্থনৈতিক দর্শন তাই অষ্টাদশ শতাব্দির শেষ দশক থেকে দ্বিতীয় মহাযুদ্ধ পর্যন্ত বিস্তৃত সময়ে আমেরিকার অর্থনীতিকে পরিচালনা করেছে সক্রিয়ভাবে। আমাদের মুক্তিযুদ্ধ কোন শক্তিদ্র অর্থনৈতিক দর্শনের জন্ম দেয়নি, যার ফলে আমাদের জাতিসত্তা আজ সংশয়িত। রাষ্ট্রশক্তি আজ দুর্বল, সার্বভৌমত্ব আজ বিপন্ন।

পাঁচ

আমেরিকাতেই কেবল নয় জার্মানিতেও জাতীয়তাবাদী অর্থনীতির বিকাশ ঘটেছিল ঊনবিংশ শতকে। ঊনবিংশ শতকের মধ্য পর্যন্ত জার্মানী ছিল একটি কৃষিপ্রধান দেশ এবং শক্তির দাবাখেলায় তার কোন স্থান ছিল না। ফ্রান্স ও বৃটেন সে গৌরবের অধিকারী ছিল। কিন্তু ঐ শতাব্দির শেষ পাদে জার্মানী এমন শক্তিদ্র জাতি হিসাবে বিকাশ লাভ করেছিল যে ফ্রান্স ও বৃটেন জার্মানীকে সমীহ করতে শুরু করল। এ পরিবর্তনের নায়ক ছিলেন ফ্রেডরিস্ লিষ্ট ও অটো কন বিসমার্ক। প্রথমজন ছিলেন জাতীয়তাবাদী অর্থনীতিবিদ এবং বিসমার্ক ছিলেন দ্রুত শিল্পায়নের প্রয়োজনীয়তা উপলব্ধিকারী দূরদৃষ্টিসম্পন্ন রষ্ট্রনায়ক। কিন্তু বিসমার্ক জীবন শুরু করেছিলেন মুক্ত বাজার মুক্ত বাণিজ্যের সমর্থক হিসাবে। কিন্তু সে উদারনৈতিক মতবাদ জাতীয়স্বার্থে ভ্রান্ত বলে তিনি পরিত্যাগ করেছিলেন। তিনি জার্মানীকে শক্তিদ্র করে তুলতে উচ্চ শুল্ক ধার্য করে দেশে আধুনিক শিল্প গড়ে উঠতে অগ্রণী ভূমিকা পালন করেছিলেন। তিনি পরিষ্কারভাবে বুঝেছিলেন মুক্ত বাজার অর্থনীতির তত্ত্ব কোনদিনই জার্মানীকে শক্তিদ্র আধুনিক শিল্পায়িত রাষ্ট্র হিসাবে গড়ে উঠতে দেবে না। ভূস্বামীর লৌহ ও ইস্পাত শিল্পের জন্য আমদানী শুল্কে সহমত দিয়েছিলেন এই শর্তে যে কৃষি পণ্যেও অনুরূপ শুল্ক বসানো হবে। এ অর্থে বিসমার্ক হ্যামিলটনকেও ছাড়িয়ে গিয়েছিলেন। হ্যামিলটনের শুল্ক ব্যবস্থা কেবল শিল্পক্ষেত্রেই সীমাবদ্ধ ছিল। বিসমার্কের কৃষি খাতকে রক্ষার জন্য শুল্কের যে ধারা তা আজও ইউরোপের সমস্ত উন্নত দেশগুলোতে বর্তমান আর এ নিয়েই বর্তমানে আমেরিকার

সাথে দ্বন্দ্ব। বর্তমানে কেবল শুষ্ক ও আমদানীর পরিমাণের পরিমিতি নয়, কৃষিখাতে ভর্তুকীও কম নয়। কৃষিখাতকে এমনিভাবে চাঙ্গা রাখার নীতি কেবল ইউরোপে নয় জার্মান, দক্ষিণ কোরিয়া, তাইওয়ানেও দেখা যায়।

বিসমার্কের এই পরিবর্তনের পেছনে ছিল ফ্রিডরিচ লিষ্ট-এর লিখিত বই The National System of Political Economy। এ বইতে লিষ্ট স্মিথের Wealth of Nations এর তত্ত্বকে বাতিল করে দেন। লিষ্ট বলেন স্মিথের তত্ত্বের পেছনে রয়েছে আস্তর্জাতিকতাবাদে অসীম বিশ্বাস যার মাধ্যমে সর্বদেশের মানুষ সর্বমানবের কল্যাণে কাজ করে যাবে। এ বিশ্বাসকে আঁকড়ে থাকলে বিশ্বের জনগোষ্ঠী কেবলমাত্র বিশাল ব্যক্তিসমূহের সমষ্টি মাত্র, তখন ব্যক্তিস্বার্থ মানবকল্যাণের সাথে প্রতিদ্বন্দ্বি হয়ে দাঁড়ায় না আর রাষ্ট্রীয় কোন নিয়ন্ত্রণ এ ব্যবস্থাকে বিঘ্নিত করে, কিন্তু বাস্তব তা নয়। ব্যক্তি ও বিশ্বের মাঝে রয়েছে জাতি-রাষ্ট্র এবং জাতিরাষ্ট্র উন্নত ও শক্তিশালী না হলে সে রাষ্ট্রকে অন্যরাষ্ট্রের উপর নির্ভরশীল হয়ে পড়তে হয়। লিষ্ট বিশ্বাস করতেন শিল্প কৃষির চেয়ে উন্নত অর্থনৈতিক কর্ম এবং সেকারণেই শিল্পকে অগ্রাধিকার দিতে হবে। টিকে থাকার জন্য শুষ্ক আরোপ করতে হবে। শিল্প কৃষির চেয়ে উন্নত কর্ম এজন্য যে শিল্পায়নে অধিকতর শিক্ষা, গবেষণা ও দক্ষতার প্রয়োজন হয়, যার ফলে সমাজে ধনাত্মক পরিবর্তন আসে। এছাড়াও শিল্পায়ন জাতিকে আত্মশক্তিতে উদ্ভুদ্ধ করে। তিনি তুলনা করে দেখালেন যে শিল্পায়ন ও শিল্পায়িত জাতির মানসিক শক্তি অনেক বেশী, স্বাধীনতার স্পৃহা অদমিত আর কেবলমাত্র কৃষিনির্ভর জাতির মানসিক অবস্থা উন্নয়নের জন্য নিম্নস্তরে অবস্থান করে কারণ তারা ভাগ্যবাদী হয় ও উদ্যোগ ও উদ্যমে তাদের মানসিক আর্তি থাকে কম। যেহেতু শিল্প অধিকতর মূল্য সংযোজন করতে সমর্থ হয় সেহেতু শিল্পায়নের ফলে দেশজ উৎপাদন সহায়ক উপকরণের ব্যবহার হয় ভাল, শিল্পে শক্তির (Energy) ব্যবহার অধিকতর বলে শক্তির সন্ধান ও বিনিয়োগ উৎকর্ষ সাধন করে। শিল্প-কৃষির মিশ্রক্রিয় কৃষিকেও উন্নত হতে সাহায্য করে অগ্র ও পশ্চাদবর্তী সম্পর্কের মাধ্যমে। কৃষি পণ্যের চাহিদা বাড়ে, কৃষিতে উৎপাদন বৃদ্ধি পায়, কৃষিতে মুনাফা, খাজনা ও মুজুরিও বৃদ্ধি পায়, বিভিন্ন প্রকার কৃষি পণ্যের চাহিদা বৃদ্ধিতে কৃষিপণ্যের ব্যাপ্তি বৃদ্ধি পায়।

লিষ্টের কাছে শিল্প হল সমাজ পরিবর্তনের একটি অত্যাবশ্যিকীয় শক্তি, এর মাধ্যমে (Capital) সৃষ্টি হয়, এটি স্মিথের মতানুযায়ী শ্রম ও সঞ্চয়ের বিকল্প ব্যবহার মাত্র নয়। সেজন্য স্বল্পকালীন ক্ষতি স্বীকার করেও শিল্পায়নকে অগ্রাধিকার দেয়া প্রয়োজন। লিষ্টের মতবাদ উন্নয়নের একটি বিশেষ স্তরে একটি অতি কার্যকর ব্যবস্থা। লিষ্ট ছিলেন অর্থনীতির ইতিহাস-নির্ভর স্কুলের একজন প্রবক্তা যারা ইতিহাসের শিক্ষাকে অর্থনৈতিক তত্ত্ব নির্মাণে প্রয়োজনীয় মনে করতেন, স্মিথের মত কোনমাত্র বিমূর্তধারণায় তাদের বিশ্বাস ছিল না। লিষ্ট, এখানে স্মরণ করা যেতে পারে, আমেরিকা সফর করেছিলেন এবং হ্যামিলটনের জাতীয়তাবাদী অর্থনৈতিক চিন্তা থেকে অনুপ্রাণিত হয়েছিলেন।

বিসমার্ক লিষ্টের মতবাদকেই ব্যবহার করেছিলেন। এই শুষ্ক নির্ভর শিল্পায়ন নীতির ফলেই এক প্রজন্মের ভিতরেই দুর্বল বিচ্ছিন্নতাবাদী জার্মানী ইউরোপে এক প্রধান শিল্পশক্তি হিসাবে নিজের জায়গা করে নেয়।

হয়

যখন জার্মানী ও আমেরিকায় জাতীয়তাবাদী পরিবর্তন আসছিল তখন আরেকটি দেশ এ থেকে অনুপ্রাণিত হয়েছিল। সেদেশটি হল সূর্যোদায়ের দেশ নিপ্পন বা জাপান। দুর্বল, অনূন্নত কৃষি, সামান্তান্ত্রিক দেশ

জাপান কি করে বিশ্বশক্তি হিসেবে স্বপ্রকাশ ঘটালো এ কাহিনী আরও বিশ্বয়কর ও নাটকীয়। জাপানের উন্নয়ন প্রক্রিয়াকে অত্যন্ত সচেতনভাবে দক্ষিণ কোরিয়া ও তাইওয়ান অনুসরণ করেছে।

আজও জাপানী অর্থনীতি মার্কেন্টাইল দর্শন অনুসরণ করছে, যা দিয়ে তার উন্নয়ন প্রক্রিয়ার শুরু। সেজন্য আমেরিকা ও ইউরোপ এমনভাবে জাপানের উদ্বৃত্ত বাণিজ্যের বিরুদ্ধে খাপ্পা হয়ে উঠে। লক্ষ্যণীয় যে বিশ্বের অন্যতম শিল্পশক্তি হয়েও জাপান তার মার্কেন্টাইল দর্শনকে বর্জন করেনি। এটিই জাপানকে বৃটেন ও যুক্তরাষ্ট্র থেকে বিশেষভাবে পৃথক করে চিহ্নিত করে।

১৮৫৮ সালে যুক্তরাষ্ট্র জাপানকে নৌশক্তির ভয় দেখিয়ে বৈদেশিক বাণিজ্যের পথ প্রথম খুলে দেয়। তখন জাপান ছিল অনুনত কৃষিনির্ভর দেশ। শুধু তাই নয় যুক্তরাষ্ট্র আমদানী শুল্কের সীমা শতকরা পাঁচ ভাগে সীমিত রাখতে জাপানকে বাধ্য করে, যখন যুক্তরাষ্ট্র নিজে অতি উচ্চ হারে (৫০০%) আমদানী শুল্ক ধার্য করেছিল। এর ফলে জাপানের বাজারে বিদেশী পণ্য এমনভাবে আসে যে জাপানের নিজস্ব কাপড়, কাগজ ও চিনির মত ক্ষুদ্র শিল্প বিনষ্ট হয়ে যায়। জাপানের এই উন্মুক্ততার অবাধ বাণিজ্যের ফল ভাল হয়নি। তার মুদ্রাব্যবস্থা বিনষ্ট হয়, তার কৃষি ব্যবস্থাতেও এসবের বিরূপ প্রতিক্রিয়া পড়ে। সেকারণে জাপান যত তাড়াআড়ি সম্ভব দেশজ শিল্পকে বাঁচাবার জন্য আমদানীর ক্ষেত্রে উচ্চ শুল্ক হার প্রবর্তন করে আর বিদেশী বিনিয়োগ যাতে না ঘটতে পারে তার ব্যবস্থা নেয়। অভ্যন্তরীণ ক্ষেত্রে ব্যবস্থার আজও বিশেষ পরিবর্তন ঘটেনি। যে কারণে কয়েক বছর আগে যুক্তরাষ্ট্রের বাণিজ্যমন্ত্রী এ বলে অভিযোগ করেন যে জাপানের সার্বিক ব্যবহার অর্থনীতির ক্ষেত্রে দুর্বল সদ্য উন্নয়নকামী দেশের মত। জাপান সাম্প্রতিক কালেও বাণিজ্যিক লাইসেন্স প্রথার মাধ্যমে তার আমদানী অতি শক্তভাবে নিয়ন্ত্রণ করেছে। উচ্চশুল্ক ছাড়াও ঐচ্ছিক কোটা আমদানীর সীমা নির্দিষ্টকরণ, আমদানীর পণ্য ও উৎপাদনস্থলের ব্যাপারেও সক্রিয় বৈষম্যমূলক ব্যবস্থা গ্রহণ। আমদানীর জন্য বৈদেশিক মুদ্রার ব্যবহার নিয়ন্ত্রণ এ সমস্তই সেদেশের আমদানী সীমিতকরণের পদ্ধতি হিসেবে আজও প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ব্যবহৃত হয়ে আসছে। এই বৈদেশিক অর্থনৈতিক সম্পর্ক সীমিত করণের নীতি বৈদেশিক বিনিয়োগের ক্ষেত্রেও জাপান সমান আনুগত্যের সাথে প্রয়োগ করেছে। যে কারণে দ্বিতীয় মহাযুদ্ধের কালে জাপানে বৈদেশিক বিনিয়োগ তেমন হয়নি। জাপান কেবল যে কোন কোন ক্ষেত্রে বৈদেশিক বিনিয়োগ হতে পারবে সেসব ক্ষেত্রেই সীমিত করেনি তারা বৈদেশিক বিনিয়োগের ক্ষেত্রে জাপানী ব্যবস্থাপনার জন্যও শর্ত রেখেছে; বৈদেশিক কোন নাগরিকের উচ্চপদে নিয়োগের ব্যাপারেও কড়াকড়ি নিয়ন্ত্রণ চালু রয়েছে এবং সব ক্ষেত্রেই অন্ততঃ শতকরা ৫০ ভাগ জাপানী মালিকানার শর্তও রাখা হয়েছে। বিদেশী অনুপ্রবেশের বিরুদ্ধে জাপান একটি জাতীয় সতর্কতামূলক ঐক্যমত রয়েছে যার মূলে রয়েছে কমোডর পেরীর সেদেশের জন্য অপমানজনক অভিযান। জাপানে বিদেশী আর্থিক সাম্রাজ্যবাদ সম্পর্কে সবসময় আত্মরক্ষামূলক ব্যবস্থা সংরক্ষণ করেছে। যে কারণে সাবুরো ওকিতা অত্যন্ত গর্বের সাথে বলেছেন যে জাপান কোন বৈদেশিক মূলধন ছাড়াই উন্নত হয়েছে এবং জাপানী অর্থনীতিতে সে বিদেশী নিয়ন্ত্রণকে পরিহার করতে সমর্থ হয়েছে। আমাদের নীতি নির্ধারক ও উচ্চবিস্তার মনোভাব এর বিপরীতে অবস্থান করে যদিও দীর্ঘকালের ঔপনিবেশিক শোষণ ও বর্তমানের বিদেশী নিয়ন্ত্রণ আমাদের দেশকে অপমানকর অবস্থানে ঠেলে দিয়েছে।

সাত

উনিশ শত দশ সালের মেক্সিকান বিপ্লব বিশ শতকের প্রথম বিপ্লব, রুশ বিপ্লবেরও আগে। মার্কসীয় দর্শনের অনুসারীদের দ্বারা সাধিত রুশ বিপ্লবের বিপরীতে মেক্সিকোর বিপ্লব ছিল জাতীয়তাবাদী এবং

মেক্সিকোর নিজস্ব আর্থ-সামাজিক বাস্তবতাই এ বিপ্লবের মূল প্রেরণা ও ধারণা যুগিয়েছিল, এতে কোন ধার করা তত্ত্ব স্থান পায় নি। বিপ্লব ছিল ক্ষুদ্র প্রভাবশালী ভূস্বামী, যাজকশ্রেণী, সামরিক বাহিনী ও বিদেশী পুঁজিপতিদের বিরুদ্ধে যারা ৩০ বছর ধরে এক নায়কত্ব ও স্বৈরাচারকে দেশের উপরে চাপিয়ে দিয়ে নিজেরা একটি অলিগার্কিক আর্থ-সামাজিক ও রাজনৈতিক ব্যবস্থা কায়েম করেছিল। দেশজ গণতান্ত্রিক জাতীয়তাবাদী চেতনা এর বিপক্ষে অবস্থান নিয়ে জয়ী হয়। প্রোফিরিও ভিয়াজের সরকার বিদেশী পুঁজি ও শক্তিদ্বারা দেশজ শ্রেণীর সাথে আঁতাত করে জনগণকে সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া ও অর্থনৈতিক উন্নতির সম্ভাবনা থেকে বঞ্চিত করেছিল। বিদেশী পুঁজি দেশজ উদ্বৃত্ত বিদেশেই পাচার করত এবং এদের কোন ক্রিয়াকর্ম দেশের আপামর জনসাধারণের উন্নতি করেনি।

যুক্তরাষ্ট্র ও জার্মানীর ক্ষেত্রে আমদানী নীতি সংরক্ষণবাদী হিসেবেই দেশজ অর্থনৈতিক উন্নয়নের সম্ভাবনা সৃষ্টি করেছিল। জাপানের ক্ষেত্রে সংরক্ষণবাদী নীতি ছাড়াও রাষ্ট্র নেমেছিল Entrepreneur এর ভূমিকায়। মেক্সিকোর ক্ষেত্রে উৎপাদন সম্পর্কিত সমস্ত ক্রিয়াকর্মের মালিকানাও নিয়ন্ত্রণ ছিল রাষ্ট্রের হাতে এবং রাষ্ট্রের প্রাথমিক দায়িত্ব হিসেবে পরিগণিত হল সাধারণ মানুষের জীবনের মানোন্নয়ন এবং আর্থ-সামাজিক বৈষম্য দূরীকরণ। কিন্তু বেসরকারী উদ্যোগেরও নির্দিষ্ট ক্ষেত্র ছিল। ফলে শিল্পে ও বাণিজ্যে সরকারী ও বেসরকারী খাতের সহাবস্থানের আহবানের সৃষ্টি হয় যা থেকে মিশ্র অর্থনীতির তত্ত্ব জন্ম নেয়। শক্তিদ্বারা রাষ্ট্রের কামনা ও বৈষম্য নিরসনের লক্ষ্য এমনি এক নতুন অর্থনৈতিক ব্যবস্থার সৃষ্টি করে। ডানিয়েল কসিও ভিলেগার্স এই বিপ্লবের মূলনীতি হিসেবে বলেন যে রাষ্ট্রের হাতে দেশের ও সাধারণ মানুষের আর্থ-সামাজিক উন্নয়নের প্রাথমিক দায়িত্ব অর্পণ করা হয় এর ফলে বিস্তারিত নিয়ন্ত্রণ (যা ফরাসী দেশে অষ্টাদশ শতকে বিদ্যমান ছিল) অর্থনৈতিক প্রশাসনের অঙ্গ হয়ে দাঁড়ায়। ক্লাসিক্যাল স্বনিয়ন্ত্রিত অর্থনীতির বিপরীতে মেক্সিকান জাতীয়তাবাদী অর্থনীতিমালার ফলেই, কানাডীয় অর্থনীতিবিদ বেনজামিন হিসিস বলেন, একটি অনুন্নত কৃষিনির্ভর দরিদ্র মেক্সিকো চার দশকে শিল্পায়িত দেশে রূপান্তরিত হতে পেরেছে। এর জন্য সরকারের নিয়ন্ত্রণ, প্রত্যক্ষ উপস্থিতি ও নির্দেশনা বিশেষ ভূমিকা রেখেছে এবং যেখানে দেশজ বেসরকারী খাতও বিকশিত হতে পেরেছে। মেক্সিকো তাই দক্ষিণ আমেরিকায় ব্রাজিলের সমকক্ষ অর্থনৈতিক শক্তির কারণ উন্নয়নের হার ছিল গড় বৎসরে ৮ শতাংশের বেশী এবং অর্থনৈতিক খাতে মৌলিক পরিবর্তনও সাধিত হয়েছিল এ সময়ে। স্বরণ রাখা উচিত মেক্সিকোই সর্বপ্রথম রাষ্ট্রীয় সার্বভৌমত্বের স্বার্থে বিদেশী বিনিয়োগ ক্ষতিপূরণ ছাড়াই অধিগ্রহণের নজীর স্থাপন করে।

আট

তাইওয়ান ও দক্ষিণ কোরীয়া এশিয়া-প্রশান্ত সাগর অঞ্চলে দুই ক্ষুদ্র রাষ্ট্র যারা তাদের সাধিত উন্নয়ন দিয়ে বিশ্বকে হতবাক করে দিয়েছে। জাপানের মত তাদেরও বিশেষ কোন প্রাকৃতিক সম্পদ নেই এবং জাপানের মত তারাও মার্কেন্টাইল অর্থনীতাই অনুসরণ করে সমৃদ্ধ হয়েছে-যতপার শিল্পায়িত দ্রব্য রপ্তানী কর আর আমদানীকে তেমনভাবে সীমিত কর।

তাইওয়ানের অর্থনীতি সম্পর্কে আমেরিকার এক ব্যাঙ্কার সম্প্রতি International Herald Tribune-এ লিখেছেন, যে সরকার সরাসরি একচেটিয়াভাবে ব্যাঙ্ক, জাহাজ নির্মাণ, ইস্পাত, সার ইত্যাদি ক্ষেত্রে উৎপাদন সম্পূর্ণ এবং অন্যান্য ক্ষেত্রে বেসরকারী খাতের সাথে তারা মূল্য নির্ধারণী কার্টেল হিসেবে যুক্ত।

বৈদেশিক মুদ্রার আগমন ও বৈদেশিক বিনিয়োগ কঠোরভাবে নিয়ন্ত্রিত। আমদানী অত্যন্ত সীমিত, আমদানী শুল্কের হার প্রায় ৬০ শতাংশ যা থেকে সরকারী আয়ের এক-পঞ্চমাংশ আসে। কিন্তু তা সত্ত্বেও তাইওয়ানের বিস্ময়কর উন্নয়নকে কি অস্বীকার করা যায়? মাত্র বিশ বছরে একটি অনুন্নত কৃষি নির্ভর দ্বীপ থেকে একটি দ্রুত অগ্রসরমান শিল্পসমৃদ্ধ দেশে সে পরিণত হয়েছে।

তাইওয়ানের এ সাফল্য স্বীখের অদৃশ্য হাতের কারসাজী নয়। মুক্ত বাণিজ্য, মুক্ত বাজার ও নিয়ন্ত্রণহীন বেসরকারী উদ্যোগেরও ফসল নয়। ১৯৪৯ সালেই তাইওয়ান GATT থেকে সরে আসে এবং এদিকে সে সুনির্দিষ্টভাবে বিশ্বকে জানিয়ে দেয় যে সে তার দেশের অর্থনীতিকে উন্মুক্ত রাখছে না এবং সে যে শিল্পায়নের উদ্যোগ নিয়েছে সেজন্য বাণিজ্যিক বাধানিষেধ অতীব প্রয়োজনীয়। তাইওয়ান জাপানের উন্নয়নের প্রাথমিক পর্যায়ের অনুসরণে সরকারী খাতে উৎপাদন ক্ষেত্রে শিল্প স্থাপন ও পরিচালনার জন্য কর্পোরেশন স্থাপন করে। সাম্প্রতিককালে Asian Wall Street Journal উল্লেখ করে তাইওয়ানের সরকারী আয়ের (NT \$ 323b) ৭৯% শতাংশ আসে সরকারী শিল্প কর্পোরেশনগুলো থেকে। তবুও তাইওয়ানকে তো সমাজতান্ত্রিক রাষ্ট্র বলে চিহ্নিত করা হয়নি। ১৯৭১ যখন তাইওয়ান সরকারী খাতে ভারী শিল্প স্থাপনের উদ্যোগ নেয় তখন লক্ষ্যছিল শিল্পক্ষেত্রে শতকরা ২০ ভাগ প্রবৃদ্ধি অর্জন। সেবছর তাইওয়ান ঘোষণা করে যে বিদেশী বিনিয়োগের অনুমতি সেসব ক্ষেত্রে দেওয়া হবে না যে সব ক্ষেত্রে দেশীয় উৎপাদনের সাথে প্রতিযোগিতার সুযোগ রয়েছে এবং বিদেশী পুঁজিকে তাইওয়ানের অর্থনীতির ক্ষেত্রে অতিরিক্ত প্রভাব ফেলতে দেয়া হবে না। অন্যদিকে তাইওয়ান রপ্তানীমুখী ও উন্নত প্রযুক্তির ক্ষেত্রে সরকারী ও দেশজ বেসরকারী বিনিয়োগ উৎসাহিত করার নীতিও গ্রহণ করে। তাইওয়ান সপ্তদশ শতকের ইতালীয় অন্তনিও সেরার উপদেশের প্রতিধ্বনি করে সংরক্ষিতভাবে রপ্তানী-মুখী শিল্পপণ্য উৎপাদনে তৎপর হয়। এসবই তাইওয়ানের সাফল্যের মূলনীতি।

দক্ষিণ কোরীয়ার শিল্পায়ন শুরু হয় ষাটের দশকে। এটি একটি উন্নতভূমির দেশ। অর্থনৈতিক উন্নয়নে দক্ষিণ কোরিয়া জাপানও তাইওয়ানের মতই জাতীয়তাবাদী মার্কেনটাইল নীতিই অনুসরণ করেছে। শিল্পপণ্য উৎপাদনে অগ্রাধিকার রপ্তানী সম্প্রসারণে তৎপরতা, আমদানী সীমিতকরণে সর্বপ্রকার ব্যবস্থা গ্রহণ এবং সরকারী ও বেসরকারীখাতের নিকট সম্পর্ক স্থাপন করেছে। এ সম্পর্কে কোন সন্দেহ নেই যে রাষ্ট্রই অর্থনৈতিক ক্ষেত্রে সর্বব্যাপী ও এককভাবে নির্ধারক ভূমিকা রেখেছে। মালয়েশিয়া তার শিল্পায়নের স্বার্থে যখন দক্ষিণ কোরিয়া ও তাইওয়ানের অভিজ্ঞতার বিশ্লেষণ করেছে তখন ISIS এ সিদ্ধান্তেই পৌঁছায় যে দক্ষিণ কোরিয়ার অর্থনৈতিক উন্নয়নের মূলে রয়েছে সরকারের জাতীয়তাবাদী চেতনায় উদ্ভূত নিয়ন্ত্রণ ও উদ্যোগ। এখানে সরকারী-বেসরকারী খাতের সম্পর্কে সরকারই প্রধান ও নীতি নির্ধারণকারী শক্তি। Far Eastern Economic Reviewতে দক্ষিণ কোরিয় অর্থনৈতিক উন্নয়নের বিচার করতে গিয়ে এ মন্তব্যই করা হয়েছে যে যারা দক্ষিণ কোরিয়ার উন্নয়নকে ধনতন্ত্র ও মুক্তবাজার অর্থনীতির সাফল্য বলে দেখতে চান তারা ভুলে যান কেন্দ্রীভূত অর্থনৈতিক পরিকল্পনা, সরকারী নির্দেশনা ও নিয়ন্ত্রণ, সরকারী মালিকানাধীন প্রধান প্রধান শিল্পগুলো, সরকার নিয়ন্ত্রিত বেসরকারী খাতের জন্য ঋণ ও উৎসাহব্যঞ্জক ব্যবস্থাই এ সাফল্যের কারণ। এটি দক্ষিণ কোরিয়ার বেসরকারী উদ্যোক্তাদের কোন পৃথক সাফল্য নয়, এটি একটি দেশপ্রেমী জাতীয়তাবাদী সরকারের অর্থনৈতিক ব্যবস্থাপনার সাফল্য। বাস্তবে দক্ষিণ কোরিয়ার পরিকল্পনা সংস্থা অত্যন্ত সতর্কতার সাথে সেরা, মান, করবের লিষ্ট ও হ্যামিলটনের

অর্থনৈতিক ধারণার বাস্তবায়ন করেছে, শ্বিথের আদর্শের নয়। দক্ষিণ কোরিয়ায় শিল্পায়নের গতি কৃষি খাতের উন্নয়নের চেয়ে দ্রুতই কেবল হয়নি, অনেক সময়ই এটি কৃষিখাতের উন্নয়নের বিনিময়ে হয়েছে। শিল্পখাতের মূল্যসংযোজনের বৃদ্ধি ঘটেছে গড়ে বছরে ২০-৩০ শতাংশ হারে যখন কৃষি খাতে এটি ছিল মাত্র চার শতাংশ। পার্ক চুংহির আমেরিকার অর্থনৈতিক উপদেষ্টারাই উন্নয়নের যে কৌশল ও নীতি তৈরী করেছিলেন এটি তারই ফল কারণ উষর ভূমিতে সম্পদ সৃষ্টির তেমন সম্ভাবনা কখনই দক্ষিণ কোরিয়ায় ছিল না। কোরিয়া অত্যন্ত সজ্ঞানভাবে প্রধান খাতসমূহের মধ্যে ভারসাম্যহীন উন্নয়নের নীতি গ্রহণ করেছিল। যখনই ১৯৬৮ সালে কোরিয়া একটি বৃহৎ অবিভাজিত ইস্পাত শিল্প সংস্থা স্থাপনে পদক্ষেপ নেয়, বিশ্বব্যাংক ও তার সমস্ত সহযোগী সংস্থা তার বিরোধিতা করেছিল। তারা এটিকে ঝুঁকিপূর্ণ, অপ্রয়োজনীয়, অতিমাত্রায় খরচপ্রবণ বলে চিহ্নিত করেছিল। কিন্তু কোরিয় সরকারের জাতীয়তাবাদী অনুভূতি সরকারী খাতে Pohang Steel Mill স্থাপন করে যেটি পৃথিবীর পঞ্চম বৃহত্তম এবং অত্যন্ত সফলতার সাথে পরিচালিত হয়ে জাপান ও আমেরিকার ইস্পাত শিল্পের সাথেও সফলভাবে প্রতিযোগিতা করেছে।

এখানে স্মরণযোগ্য জাপান ও তাইওয়ানের মতই দক্ষিণ কোরিয়া অত্যন্ত শক্তহাতে আমদানী নিয়ন্ত্রণ করেছে। এ সম্পর্কে তাদের পরিত্রাতা যুক্তরাষ্ট্রের ড্রুগুটি তারা উপেক্ষা করেছে। ১৯৬৮ সালে কোরিয় সরকার ভর্তুকী দিয়ে বিভিন্ন প্রকার মেশিনারী শিল্পও গড়ে তোলে এবং মেশিনারীর আমদানী ক্রমান্বয়ে নিষিদ্ধ করে। এ প্রসঙ্গে ১৭৯১ সালে আলেকজান্ডার হ্যামিলটনের রিপোর্ট স্মরণে আসে। এ মেশিনারী শিল্পগুলো সরকারীখাতে অথবা সরকারী বেসরকারী যৌথ উদ্যোগে গড়ে উঠেছে। এই মৌল ভিত সৃষ্টিকারী উদ্যোগই দক্ষিণ কোরিয়ায় সফল শিল্পবিপ্লব সম্ভব করে তোলে। যে নীতির অনুসরণ আমাদের সাহায্যদাতাদের শর্তাবলী প্রায় সব সময়ই অসম্ভব করে তুলেছে।

দক্ষিণ কোরিয়া ও তাইওয়ান বিদেশী পুঁজির বিনিয়োগকেও উৎসাহ দেয় নি; বিদেশী ব্যাঙ্ক ও আর্থিক সংস্থার দেশের অভ্যন্তরে অনুপ্রবেশকেও উৎসাহ দেয়নি। তাদের স্টক বাজারে বিদেশীরা দেশীয় শিল্পের কোন শেয়ার কিনতে পারে না। অথচ আমরা বিদেশী পুঁজির আশায় আমাদের নাজুক স্টক, অর্থসংস্থা, শিল্প ও বাণিজ্য সবই বিদেশীদের কাছে উন্মুক্ত করেছি নিঃশর্তভাবে। বিদেশী ব্যাঙ্কগুলো তাইওয়ান ও কোরিয়ায় অত্যন্ত সীমিত ক্রিয়াকর্ম করতে পারে। তারা রপ্তানীক্ষেত্রে ঋণ দিত না কারণ রি-ডিসকাউন্ট সুবিধা তাদের নেই। তারা স্বল্পসময়ের ডিবেঞ্চারও ইস্যু করতে পারে না। তাদের Loan portfolio সমগ্র ব্যাংকিং খাতের মাত্র ৩ শতাংশ। বিদেশী পুঁজির অনুপ্রবেশ বন্ধ করে, বিদেশী ব্যাংকের কাজকর্ম নিয়ন্ত্রণ করে দক্ষিণ কোরিয়া ও তাইওয়ান অত্যন্ত সজ্ঞানভাবে বিদেশী অর্থব্যবস্থার প্রভাব এড়িয়ে গেছে। আরও বলা প্রয়োজন এদেশগুলোতে দেশের সার্বভৌমত্ব এড়িয়ে export processing zone নেই, এরা দেশীয় শিল্পকে ভর্তুকী দিয়ে, উন্নত মানব সম্পদ যুগিয়ে, নিজেদের প্রযুক্তিজ্ঞান বাড়িয়ে, গবেষণার মাধ্যমে প্রযুক্তি আত্মস্থ করে ক্রমশঃ দ্রুত নিজেদের প্রতিযোগিতার শক্তি সৃষ্টি করেছে।

ইন্দোনেশিয়া তাদের আধুনিক শিল্পায়নের গুরু করেছে আশীর দশকে। তারাও আমদানী ক্রমেই নিয়ন্ত্রিত করেছে, শিল্পায়নকে দ্রুততা দিয়েছে। শুধু তাই নয় ইন্দোনেশিয়া সরকার অত্যন্ত সতর্কতার সাথে শিল্পবাণিজ্যের মালিকানা অ-ইন্দোনেশিয়াদের ব্যাপারে সীমিত করে আনছে। সরকার বিদেশী বিনিয়োগের ক্ষেত্রে ইন্দোনেশিয়াদের (চাইনিজ নয়) সম্পৃক্ত করেছে এবং প্রযুক্তি ও ব্যবস্থাপনা ক্রমান্বয়ে

ইন্দোনেশিয়াদের হাতে ছেড়ে দেবার বাধ্যবাধকতা সৃষ্টি করেছে। কোন বিদেশী শিল্প-বাণিজ্যসংস্থাই সংখ্যাগুরু শেয়ারের মালিক দশ বছরের বেশীকাল ধরে থাকতে পারে না। বিদেশীরা স্থানীয় ব্যাংক থেকেও অর্থ ঋণ নিতে পারে না। ইন্দোনেশিয়ার এই জাতীয়তাবাদী অর্থনীতি তাদের প্রবৃদ্ধিকে সীমিত করেনি। এক কালের বৃহৎ জনগোষ্ঠীর অনুন্নত দেশ যেখান থেকে কাঁচামাল ও তেলের সরবরাহ হত, সে আজ মেশিনারী, ইস্পাত, ইলেকট্রনিক্সের মত ক্ষেত্রে নিজের যোগ্যতা প্রমাণে অনেকখানি সফল হয়েছে।

মালয়েশিয়া দক্ষিণপূর্ব এশিয়ার জাপান হতে চায়। দ্রুত শিল্পায়নই তার কাম্য। এজন্য মালয়েশিয়া প্রধানতঃ নির্ভর করেছে সরকারী সংস্থা HICOM (Heavy Industries Corporation of Malaysia) এর উপর। আশীর দশকে যাত্রা শুরু করে এ সংস্থা বিভিন্ন প্রকারের ভারী শিল্প স্থাপন করেছে যার পণ্য তারা ইউরোপেও সফলতার সাথে রপ্তানী করেছে। সত্তরের দশকে সরকারী খাতে তারা হোটেল, অফিস বিল্ডিং, ক্যাসু, আনারস, চা, রাবার ও পামের বাগান থেকে শুরু করে কাপড়, ইস্পাত, আসবাবপত্র, টিনজাত দ্রব্য, শিল্প ব্যবহৃত কেমিকেল, জুতা তৈরী করতে শুরু করে। তারা কৃষি পণ্যও শিল্প প্রযুক্তির ব্যাপারে গবেষণার বিস্তৃত অবকাঠামোও সৃষ্টি করে। মালয়েশিয়ায় আজ ১১৫টিরও বেশী সরকারী সংস্থা কৃষি, শিল্প, বাণিজ্য, অর্থখাতে ক্রিয়াশীল। এদের অধীনে ৫০০টিরও বেশী সাবসিডিয়ারী কোম্পানী রয়েছে। তারা সর্বক্ষেত্রে ভূমিপুত্রের অগ্রাধিকার নিশ্চিত করেছে। সরকার বিদেশী পুঁজির মালিকানাও এসব ক্ষেত্রে সীমিত করেছেন। বিদেশী বিনিয়োগের শর্তসমূহ বেশ শক্ত এবং EPZ থেকে তাদের Employment বা Value added আভ্যন্তরীণখাতের তুলনায় তেমন কিছু নয়।

থাইল্যান্ডকে মনে করা হয় সম্ভাবনাময় নবতম এশিয়া শিল্পশক্তি। এর শিল্পখাত বছরে গড়ে ১০% করে বেড়েছে। এই শিল্পায়নের ক্ষেত্রে রাষ্ট্রের ভূমিকা অত্যন্ত প্রত্যক্ষ। ৭০টি সরকারী উৎপাদন সংস্থা বছরে শতকরা ২০% হারে তাদের প্রবৃদ্ধি বজায় রেখেছে। Thailand Tobacco Monopoly এর তামাক আমদানীর একচেটিয়া অধিকার রয়েছে। তবুও ১৯৩২ সাল থেকে সরকার সজ্ঞানভাবে স্থানীয় উদ্যোগীশ্রেণী সৃষ্টিতে সচেষ্ট রয়েছে যাতে চাইনিজ প্রভুত্ব কমে আসে। থাইল্যান্ডে তিরিশের দশকে বিদেশী সংস্থার জাতীয়করণ করা হয়েছিল, পরবর্তীতে বিদেশী সংস্থার উপর নিয়ন্ত্রণ ছিল কড়া। পঞ্চাশের দশকে সরকারী উদ্যোগে শিল্পায়নের শুরু। ষাটের দশকে বিশ্বব্যাংক ও যুক্তরাষ্ট্র সরকারী সংস্থাগুলোর সমালোচনা করতে শুরু করে, কিন্তু থাই সরকার তাদের কথায় কর্ণপাত করেনি। থাই সরকার বিদেশী দ্রব্যের উপর ৩০০% থেকে ৬০০% শুল্ক বসিয়েছে আর দেশের ভিতরে বিদেশী পণ্যের নকল গড়ে উঠতে বাধা দেয়নি। ফলে বিদেশী দ্রব্যের আমদানী কমেছে, দেশের ভিতরে বিদেশের সমতুল্য দ্রব্যের উৎপাদনের সম্ভাবনা বেড়েছে। থাইল্যান্ড একারণে WIPO থেকে সরে থেকেছে।

সিঙ্গাপুরকে মুক্তবাজার অর্থনীতির আদর্শ বলে চিত্রায়িত করা হয়। কিন্তু সত্য হল সিঙ্গাপুরে সরকার নাবিক হিসাবে, উদ্যোগী হিসাবে, ব্যাবস্থাপক হিসাবে, নিয়ন্ত্রক হিসাবে বিশাল বাণিজ্য ও শিল্প ক্ষেত্রে সরাসরি উপস্থিত রয়েছে। সিঙ্গাপুর উন্নয়নের স্থপতি Dr. Goh Ken Swee নিজেই বলেছেন এটি laisses Faire অর্থনীতি নয় কারণ মুক্ত অর্থনৈতিক ব্যবস্থা আমাদের উন্নয়নে কোন অর্থবহ অবদানই রাখেনি; ঐ নীতির সময় দেশে ছিল বিশাল সংখ্যায় বেকার, অস্বাস্থ্যকর গৃহব্যবস্থা, অপ্রতুল শিক্ষার সুযোগ। সুতরাং রাষ্ট্রকে সক্রিয় হস্তক্ষেপের ভূমিকা নিতে হয়েছে। ভৌত ও সামাজিক অবকাঠামো গড়ে তোলা, পরিবার

নিয়ন্ত্রণ করা, গৃহায়ন, গবেষণা থেকে শুরু করে শিল্প ও বাণিজ্যে সরকারের ভূমিকা প্রত্যক্ষ ও মুখ্য। বেসরকারী খাতের জন্য অত্যন্ত নির্দিষ্ট নিয়মাবলী রয়েছে, কি তারা করতে পারবে আর কি তারা করতে পারবে না। আমদানী ক্ষেত্রে নিয়ন্ত্রণ নেই কারণ তার রক্ষা করার জন্য তেমন কোন শিল্পখাত নেই। বিদেশী পুঁজি এখানে রপ্তানীর জন্য সুবিধাদি গ্রহণ করে। সুতরাং এখানে সুদক্ষ সেবাখাতই প্রধান; কিন্তু যেসমস্ত দেশীয় শিল্প রয়েছে, সরকার তাকে যথাযথ সুরক্ষা করেছে। তামাক, এলকোহল, আসবাব, পেট্রোলিয়াম সামগ্রী, চিনি, চকলেট, বিস্কিট এ সমস্তের উপর শুল্ক বেশ চড়া।

নয়

আমরা ইতিহাসের পরিক্রমায় সপ্তদশ শতাব্দী থেকে বিংশ শতাব্দীর শেষ দশক পর্যন্ত এসেছি। আমরা উন্নত দেশের উন্নয়নের ইতিহাস পর্যালোচনা করেছি এবং বর্তমানে দ্রুত উন্নয়নশীল তৃতীয় বিশ্বের দেশের উন্নয়নের ইতিবৃত্ত তুলে ধরেছি। এ থেকে আমাদের কি সাধারণ উপাদান বেরিয়ে আসে? প্রথমতঃ রাষ্ট্রীয় নীতি ও তার প্রত্যক্ষ ভূমিকা উন্নয়নের জন্য অপরিহার্য। রাষ্ট্র মালিক উদ্যোক্তা, ব্যবস্থাপক, নীতিনির্ধারক, উৎপাদক হিসাবে প্রত্যক্ষ ভূমিকা রাখে। দ্বিতীয়তঃ শিল্পায়নই প্রধানতঃ উন্নয়নের প্রধান কৌশল, যদিও কৃষির সহায়ক উন্নয়নও অপরিহার্য। তৃতীয়তঃ দেশের আভ্যন্তরীণ বাজার বিদেশী প্রতিযোগিতা থেকে মুক্ত রাখা বাঞ্ছনীয় এবং অত্যন্ত সতর্কতার সাথে গুটিকয় প্রয়োজনীয় পণ্যের প্রবেশই কাম্য। চতুর্থতঃ সিঙ্গাপুর ছাড়া সমস্ত দেশই বিদেশী পুঁজির প্রবেশ সম্পর্কে সতর্কতা অবলম্বন করেছে। পঞ্চমতঃ প্রযুক্তি, মানব সম্পদের সহায়ক ক্ষমতায়ন অপরিহার্য। ষষ্ঠতঃ রপ্তানী শিল্পকে দ্রুত ও দক্ষভাবে গড়ে তুলতে হয়। সপ্তমতঃ বিদেশী অর্থসংস্থার উপর নির্ভরতা পরিহার প্রয়োজন। অষ্টমতঃ জবাবদিহিকারী জনদরদী, দেশপ্রেমিক জনগোষ্ঠীর প্রশাসনে প্রাধান্য অপরিহার্য। নবমতঃ সৃজনশীল জাতীয়তাবাদই উন্নয়নের সর্বশ্রেষ্ঠ উপাদান। বাংলাদেশের বর্তমান পরনির্ভরশীল উন্নয়ন চিন্তায় এসমস্তই অনুপস্থিত। জাতীয়তাবাদী অর্থনীতির বিকাশে প্রথমেই বুঝতে হবে উন্নয়ন হল জাতির আত্মবিকাশ ও আত্মমর্যাদাসম্পন্ন হবার জন্য আপন পরিমন্ডলে জনগণকে তাদের অভিজ্ঞানসহ সমৃদ্ধ হবার প্রক্রিয়া। এটি কোন আমদানী করা মডেল বা জ্ঞান থেকে আসে না; যদিও বিভিন্ন প্রক্রিয়ার শিক্ষার নামে উন্নত দেশ থেকে আমরা সুবিধাভোগীরা একে আহরণ করে আনি এবং একে এদেশের বাস্তবতার নিরিখে যাচাই না করে সে পণ্যের পসরা বিদেশী সাহায্যে পরিপুষ্ট হয়ে আমলাতন্ত্রের (কখনও সামরিকতন্ত্রের) অধীনে জনগণের উপর চাপিয়ে দিই। যে দেশগুলোর কথা উপরে বলেছি তারা কেউ তা করেনি। বিদেশের তত্ত্ব থেকে জ্ঞান আহরণ করেছে, এবং যারা একে দেশজ ভিত্তিতে নিজের করে নিয়েছে তারাই উন্নত হয়েছে এবং যারা বিশ্বাস করেছে উন্নয়ন কৌশলের জ্ঞান বিশ্বজনীন তারাই ঠেকেছে। সুতরাং জ্ঞানপাপীদের রাজনৈতিক প্রশাসনিক ক্ষেত্র থেকে ক্ষমতাচ্যুত করা প্রয়োজন জাতীয়তাবাদের স্বার্থে। কৃষি ক্ষেত্রে উন্নয়ন আসবেনা প্রকৃত কৃষককে তার শ্রমলব্ধ ফসলের আদর্শমূল্য নিশ্চিত না করতে পারলে আর কৃষি ক্ষেত্রের গবেষণাকে মাঠ পর্যায়ের সমস্যা ও সম্ভাবনার সাথে যুক্ত করতে না পারলে, শিল্প ক্ষেত্রে দ্রুত মুনাফাকারী footloose সংস্থার মাধ্যমে অর্থবহ পরিবর্তন আসবে না। শ্রমিকের স্বার্থকে রক্ষা করে তার ব্যবহারিক জ্ঞানকে সমৃদ্ধ না করতে পারলে ভারী শিল্প গড়ে উঠতে পারে না একজন্য শিক্ষা ক্ষেত্রে অনুকরণ ও তত্ত্বীয় দিক পরিহার করে উদ্ভাবন ও ব্যবহারিক মানসিকতা সৃষ্টি প্রয়োজন, শ্রমের মর্যাদাদান অপরিহার্য, সৃজনশীলতার মূল্যায়ন অত্যাবশ্যিকীয় এবং সমাজ সম্পৃক্ততা অতীব গুরুত্বপূর্ণ। অর্থ সংস্থার ক্ষেত্রে

বিদেশী অনুপ্রবেশ বন্ধ না করলে জাতীয় সৃজনশীল প্রয়োজনগুলো অগ্রাধিকার পায় না, সঞ্চয় মনোবৃত্তিও গড়ে উঠে না। দেশজ সঞ্চয় ও বিনিয়োগের মূল শর্ত হল এ থেকে পরিচ্ছন্ন ও পরিস্ফুটভাবে জনগণের অভিজ্ঞান যে তারাও তাদের পরিমণ্ডল আত্মবিকাশের পথ খুঁজে পাবে। জনবিচ্ছিন্ন শহরাশ্রয়ী মধ্যসত্ত্বভোগী সরকার, বুদ্ধিজীবী, আমলা, বিজ্ঞানী এ পরিবর্তন আনতে অসমর্থ, কারণ তারা অতি সহজেই দাতাদের শিক্ষার কারণ তাদের পণ্য তাদের হাটেই বিক্রয়। এ থেকে বেসরকারী উন্নয়ন সংস্থাও কোন ব্যতিক্রম নয়। এদেশের অতীত আছে যেখানে সমস্যাও ছিল সাফল্যও ছিল, এদেশে ঔপনিবেশিক আমলের আগে জনসমর্থিত শিক্ষাও ছিল এবং বৃষ্টিবিরোধী স্বাধীনতা আন্দোলনের সময় জাতীয় শিক্ষাক্রমের আলোচনাও যথেষ্ট হয়েছিল যার মূল কথা ছিল মাটি ও মানুষের সাথে সম্পর্ক গঠন ও শিক্ষাকে ব্যক্তিক ও সামষ্টিক উন্নয়নের ও আত্মত্যাগী চরিত্র গঠনের বাহন করে তোলা। আমরা সে ঐতিহ্য হারিয়ে ফেলেছি। তাই সংবিধানে যতই জাতীয়তাবাদ থাকুক, এ বিশ্লেষণ নিয়ে যতই বিতর্ক করি না কেন এর প্রয়োগিক দিকে অগ্রসর না হয়ে আমাদের পশ্চাদগমন ঘটেছে। কিন্তু মুক্তিযুদ্ধের অস্বীকার তা কখনই হতে পারে না, সে কারণে মুক্তিযুদ্ধ যারা জাতীয় আত্মবিকাশে বিশ্বাসী তাদের জন্য আজও অসম্পূর্ণ এবং ঘটনাচক্রে মুক্তিযুদ্ধা হয়ে যারা হারিয়ে গেছেন বা মুনফা লুটেছেন তাদের আবার নতুন প্রজন্মের প্রকৃত মুক্তির আদর্শে উদ্বুদ্ধ হয়ে ক্ষেত্রে খামারে কলকারখানায় পরনির্ভর সুবিধাবাদী শ্রেণীর বিরুদ্ধে সংগ্রামে নামতে হবে জাতীয় আত্মবিকাশের স্বার্থে। না হলে এদেশ কেবল পরনির্ভরশীল থাকবে, পদানত থাকবে, হতমান ও মর্যাদাহীন হয়েই থাকবে। আমার প্রজন্ম ব্যর্থ হয়েছে। আগামী প্রজন্ম যে আছে মাটির আর মানুষের কাছাকাছি, আমি তার লাগি কান পেতে আছি।

প্রফেসর রজিব উদ্দিন স্মারক বক্তৃতা

উন্মুক্ততা, উৎপাদনের দক্ষতা ও সামষ্টিক অর্থনৈতিক নীতিঃ প্রেক্ষিত বাংলাদেশ

আবদুল গফুর*

১। ভূমিকা

দ্বিতীয় মহাযুদ্ধের অব্যবহিত পরে যদি কোন অর্থনীতিবিদ অথবা বিশেষজ্ঞকে প্রশ্ন করা হত যে, এশিয়ার কোন অঞ্চলের অর্থনৈতিক প্রবৃদ্ধির সম্ভাবনা (potential) সবচেয়ে বেশি তাহলে প্রায় নিশ্চিতভাবে তার জবাব হত জাপান ও দক্ষিণ এশিয়া। সাড়ে চার দশক পরে আমরা দেখছি যে, তাদের সে অনুমান ভুল প্রমাণ হয়েছে। এশিয়া মহাদেশের মধ্যে দক্ষিণ এশিয়া এখন সবচেয়ে অনুন্নত অঞ্চল; জীবনযাত্রার মান, প্রবৃদ্ধির হার, শিক্ষা ও স্বাস্থ্যের সূচক তুলনামূলকভাবে এখানে খুব নিচু। বিশেষজ্ঞরা এখন এ বিষয়ে একমত যে, দক্ষিণ এশিয়া অঞ্চলের অর্থনৈতিক প্রবৃদ্ধির হার দ্রুততর হবার কোন আশু সম্ভাবনা নেই। চল্লিশের দশকের শেষভাগে স্বাধীনতা লাভের পর এ অঞ্চলের দেশগুলো যে উন্নয়ন কৌশল অবলম্বন করেছিল তার প্রধান উপাদানগুলো হচ্ছেঃ এক, শিল্পায়নে সরকারী খাতের অগ্রগামী (leading) ভূমিকা, দুই, আমদানি বিকল্প শিল্পকে অগ্রাধিকার (priority) দান; এবং তিন, বৈদেশিক মুদ্রা সহ অন্যান্য অনেক অর্থনৈতিক কর্মকাণ্ডে প্রত্যক্ষ সরকারি নিয়ন্ত্রণ। পঞ্চাশ, ষাট ও সত্তরের দশকে অত্যন্ত আস্থার সাথে এ উন্নয়ন কৌশল অনুসরণ করা হয়েছিল। এখন এর বিপরীত প্রক্রিয়া চলছে। বিভিন্ন দেশের সরকার সরকারী খাত বিরোধীকরণ করছেন; আর্থিক খাত ও বেসরকারী বিনিয়োগ নিয়ন্ত্রণমুক্ত করছেন; গুরু হার ও অন্তর্ক নিয়ন্ত্রণ কমিয়ে আমদানী উদার করছেন। অন্যান্যের মধ্যে, রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠানসমূহে বিপুল লোকসান, আমলাতান্ত্রিক দীর্ঘসূত্রতা ও দুর্নীতি এবং অন্যান্য নেতিবাচক প্রবণতা উদারকরণের পক্ষে জনমতের পরিবর্তন ঘটিয়েছে। অবশ্য দক্ষিণ এশিয়ার অর্থনীতিতে এসব পরিবর্তন সম্পূর্ণ অভ্যন্তরীণ কারণজাত নয়। সত্তরের দশকের মাঝামাঝি থেকে বিশ্ব অর্থনৈতিক পরিবেশে অনেক গুরুত্বপূর্ণ পরিবর্তন ঘটেছে। এ সব পরিবর্তন দক্ষিণ এশিয়ার দেশগুলোকে স্বাভাবিকভাবেই প্রভাবিত করেছে। ১৯৭৩ ও ১৯৭৯ এর দুটি তেলের ধাক্কা (shock); স্থির (fixed) থেকে নমনীয় বিনিময় হার; এবং আন্তর্জাতিক পুঁজির ক্রমবর্ধমান সচলতা প্রচলিত অর্থনৈতিক ব্যবস্থা (order) কে বিপর্যস্ত করে। এ সব আঘাতের সম্মিলিত বহিঃপ্রকাশ ঘটেছে বিশ্বব্যাপী মন্দা, বেকারত্ব, উন্নত দেশগুলোতে সংরক্ষণবাদী ব্যবস্থা, ঋণ সংকট এবং আঞ্চলিক বাণিজ্য জোট গঠনের মধ্য দিয়ে। বিশ্ব আর্থনীতিতে দেখা দিয়েছে অস্থিতিশীলতা ও অনিশ্চয়তা। কিন্তু তা সত্ত্বেও এটিও বাস্তবতা যে, কোন দেশই নিজেকে বিশ্ব অর্থনৈতিক ব্যবস্থা থেকে বিচ্ছিন্ন করতে পারে না। অর্থনৈতিক নীতিমালার ব্যাপক পরিবর্তনের মাধ্যমে এশিয়ার কতগুলো দেশ এ অবস্থার সাথে নিজেদের খাপ খাইয়ে নিয়েছে। কিন্তু দক্ষিণ এশিয়ার দেশগুলো এখনো পরিবর্তিত পরিস্থিতি ও নিজেদের অর্থনৈতিক কাঠামোর সাথে সামঞ্জস্যপূর্ণ নীতির সন্ধান করছে। অর্থনৈতিক সংস্কার

ও পুনর্বিন্যাসের প্রয়োজনীয়তা এখন ব্যাপকভাবে স্বীকৃত; তবে এর রূপরেখা ও গতিমাত্রা (pace) নিয়ে বিতর্ক হচ্ছে।

এ নিবন্ধ শুরু করা হয়েছে দক্ষিণ এশিয়ার উন্নয়ন কৌশলের প্রধান বৈশিষ্ট্যের উল্লেখের মধ্য দিয়ে, যদিও এর প্রধান উপজীব্য হচ্ছে বাংলাদেশের উন্নয়ন কৌশলের কয়েকটি প্রধান দিক। চল্লিশের দশকের শেষভাগে স্বাধীনতা লাভের সময় এ অঞ্চলটি নানা দিক থেকে অভিন্ন ছিল। তাই বাংলাদেশের ব্যর্থতা থেকে যেমন এ অঞ্চলের অনুসৃত উন্নয়ন কৌশলের ব্যর্থতা অথবা সাফল্য সম্পর্কে কোন দৃঢ় সিদ্ধান্ত টানা যায় না, তেমন এ উন্নয়ন কৌশল থেকে বাংলাদেশ কোন সম্পূর্ণ ভিন্নতর ফলাফল অর্জন করতে পারত তাও বলা যাবে না।

২। লাভজনক বিনিয়োগের গুরুত্ব

একটি বহুল প্রচলিত অর্থনৈতিক তত্ত্ব হচ্ছে, সঞ্চয় ও বিনিয়োগ অর্থনৈতিক প্রবৃদ্ধির চাবিকাঠি। এ তত্ত্বে যা ধরে নেয়া হয়েছে (assumed) তা হলো সম্পদ বিনিয়োগিত হচ্ছে লাভজনকভাবে। বিষয়টি একটু বিস্তারিতভাবে আলোচনা করা যাক। একটি শিল্প অর্থনৈতিক (economic) বিচারে লাভজনক কিনা তার জন্য এ শিল্পে উৎপন্ন পণ্য ও উৎপাদনের উপকরণসমূহকে আন্তর্জাতিক অথবা সীমান্ত মূল্যে হিসাব করে প্রথমটি থেকে দ্বিতীয়টি বিয়োগ করে 'মূল্য যোগ' (value added) এর পরিমাণ নির্ধারণ করে তা থেকে 'সুযোগ ব্যয়ে' (opportunity cost) মজুরী বিয়োগ করতে হয়। "অবশিষ্টাংশ" (residual) ও বিনিয়োগের অনুপাত হচ্ছে আন্তর্জাতিক মূল্যে লাভের হার পুঁজির 'সুযোগ' ব্যয়ের তুলনায় কম হয় তা হলে শিল্পটি লাভজনক নয়।

আর্থিক (financial) হিসাবে অবশ্য এ শিল্পটি লাভজনক হতে পারে। এ রকম অনেক শিল্প বাংলাদেশে আছে যারা নানা ধরনের প্রত্যক্ষ ও পরোক্ষ সংরক্ষণ পেয়ে আর্থিক দিক থেকে লাভজনক, কিন্তু অর্থনৈতিক বিচারে লাভজনক নয়। এর মধ্যে সরকারী ও বেসরকারী এ উভয় খাতের অনেক শিল্পই অন্তর্ভুক্ত। আরেক ধরনের শিল্পে আন্তর্জাতিক বাজার মূল্যে "অবশিষ্টাংশ" (residual) তথা লাভের হার হচ্ছে ঋণাত্মক কিন্তু সংরক্ষণের জন্য সে সব শিল্প আর্থিক দিক থেকে লাভজনক। অর্থনৈতিক বিচারে এসব শিল্প হচ্ছে 'মূল্য বিয়োগকারী' (value subtracting)। এ ধরনের শিল্পকে তুলনা করা যায় কালো গহবরের (black hole) সাথে যা সব কিছু গ্রাস করে, কিন্তু বিনিময়ে আলো দেয় না। এ ধরনের অর্থনৈতিক কালো গহবর হচ্ছে অর্থনৈতিক পরজীবী (parasite) এবং এসব তথাকথিত শিল্প বন্ধ করে দেয়া হলে তাতে জাতীয় আয় ও কল্যাণ বাড়বে, অন্ততঃ কমবে না। তালিকা করা হলে বাংলাদেশের অনেক প্রতিষ্ঠিত শিল্পেই প্রথম এবং কিছু শিল্প দ্বিতীয় তালিকাভুক্ত হবে। 'মূল্য বিয়োগকারী' শিল্প বন্ধ করে দেবার প্রস্তাব অনেকের কাছেই কামা অথবা গ্রহণযোগ্য হবে না, কিন্তু শিল্পোন্নয়ন প্রক্রিয়ায় এটি হচ্ছে একটি অপরিহার্য পদক্ষেপ। দ্রুত শিল্পায়ন হতে হলে কিছু শিল্পকে অবশ্যই দেউলিয়াত্ব বরণ করতে হবে অথবা বন্ধ হতে হবে। দেউলিয়া শিল্পকে বাঁচিয়ে রাখার জন্য অর্থ ব্যয় করে সেই সম্পদ দিয়ে লাভজনক নতুন দক্ষ শিল্প স্থাপন করা যায়, যা একদিকে নতুন কর্মসংস্থান এবং অন্যদিকে জাতীয় আয় বৃদ্ধিতে অবদান রাখবে। দেউলিয়া শিল্পসমূহ বন্ধ করে দেয়া হলে বেকার সমস্যা বাড়বে না, কমবে।

দেখা যাচ্ছে যে, সঞ্চয়, বিনিয়োগ ও প্রবৃদ্ধির যে সমীকরণ আমাদের চিন্তায় প্রোথিত তার সংশোধন প্রয়োজন। বিনিয়োগ থেকে যদি ঋণাত্মক মুনাফা হয় তাহলে সে সঞ্চয়-বিনিয়োগ প্রক্রিয়া সময়ের সাথে জাতীয় ভোগ (consumption) বাড়ায় না, কমায়। আজকের ১০০ টাকার ভোগ্যপণ্য ত্যাগ (sacrifice) করে বিনিয়োগের মাধ্যমে আগামী কাল ৭৫ টাকার ভোগ্যপণ্য পাওয়ার প্রক্রিয়াকে শিল্পায়ন বলা যায় না; এ হচ্ছে সম্পদের অপচয়। বিনিয়োগের দক্ষতা অর্থনৈতিক প্রবৃদ্ধির প্রধান চালিকাশক্তি। যদি কোন দেশে বিনিয়োগ লাভজনক হয় তাহলে সেদেশের বিনিয়োগ-সঞ্চয়ের ফাঁক পূরণ হয় বৈদেশিক বিনিয়োগের মাধ্যমে। অন্যদিকে, যদি লাভজনক বিনিয়োগ সুযোগের তুলনায় সঞ্চয় বেশি হয় তাহলে নিশ্চিতভাবে সঞ্চয় বিদেশে পাচার হবে। দেশী উদ্যোক্তাদের অদক্ষতার জন্য শিল্পখাতে বিনিয়োগ যদি লাভজনক না হয় তাহলে সঞ্চয়কারীদের বিদেশে বিনিয়োগে বাধা দেবার পক্ষে কোন নৈতিক যুক্তি থাকতে পারে না।

৩। সরকারী ও বেসরকারী খাতে দক্ষতা

বাংলাদেশের ব্যক্তিমালিকানাধীন শিল্পখাতে বিনিয়োগের পরিমাণ কম এবং তা আন্তর্জাতিক এমনকি দক্ষিণ এশিয়ার মানদণ্ডেও অদক্ষ। এখনে মাঝারী ও বৃহৎ ব্যক্তিমালিকানাধীন অনেক শিল্পই লাভজনক নয়। যদি এসব শিল্পকে অর্থনৈতিক লাভের মানদণ্ডে বিচার করা হয় তাহলে দেখা যাবে যে, এর মধ্যে অনেক শিল্পই পরগাছা। অতি সংরক্ষণের ছত্রছায়ায় লালিত এসব পরগাছা শিল্প জাতীয় কল্যাণে কোন অবদান রাখে না। বেসরকারী খাতের মত বাংলাদেশে সরকারী খাতও সাধারণভাবে অতিসংরক্ষণ সুবিধাভোগ করে। কিন্তু তার চেয়েও বড় কথা হচ্ছে সরকারী শিল্প প্রতিষ্ঠানসমূহের একটা বড় অংশ দুর্নীতি, স্থবিরতা ও রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত সরকারী হস্তক্ষেপের সমস্যা জর্জরিত। এর ফলে অনেক শিল্প প্রতিষ্ঠান লাভজনক নয়; অর্থনৈতিক (economic) বিচারে তো নয়ই, এমনকি আর্থিক (financial) দিক থেকেও নয়। জনগণের দৃষ্টিকোণ থেকে এ ধরনের শিল্প হচ্ছে তাদের উপর আরোপিত আর্থিক বোঝা। উদাহরণ হিসাবে রেলওয়ের কাথাই ধরা যাক - রেলওয়ে যদি বছরে ১১০ কোটি টাকা লোকসান দেয় তাহলে তার অর্থ হচ্ছে বাংলাদেশের প্রত্যেকটি নাগরিক রেল ব্যবস্থা চালু রাখার জন্য মাথাপিছু গড়ে ১০ টাকা কর দিচ্ছে। দেশের প্রত্যন্ত অঞ্চলের সাধারণ মানুষ যারা কোনদিন রেলপথ দেখেনি, রেলগাড়ীতে চড়বেনা, তারাও প্রত্যক্ষ অথবা পরোক্ষভাবে এ জন্য কর দিচ্ছে। একই কথা প্রযোজ্য ডাক ও তার বিভাগ সম্পর্কে। একচেটিয়া ব্যবসা না হলে টেলিফোন বিভাগের অবস্থাও একই হত। সরকারী ম্যানুফ্যাকচারিং খাতও প্রতিবছর গড়ে ১০০ কোটির বেশি আর্থিক লোকসান দিচ্ছে।

সরকারী উদ্যোগসমূহের লাভ লোকসানের এ হিসাব হচ্ছে আংশিক। অর্থনৈতিক বিশ্লেষণ করা হলে দেখা যাবে যে, প্রকৃত লোকসানের পরিমাণ অনেক বেশি। একটি উদাহরণ থেকে এ বিষয়টি স্পষ্টতর হবে। একটি শিল্প, ধরা যাক, শতকরা ১০০ ভাগ কার্যকর সংরক্ষণ সুযোগ লাভ করছে। সুযোগে এখানে উৎপন্ন পণ্য আন্তর্জাতিক বাজার মূল্য অপেক্ষা শতকরা ১০০ ভাগ বেশি দামে বিক্রি হচ্ছে দেশী ক্রেতাদের কাছে। এখানে এ শিল্পটিকে ক্রেতারা ভর্তুকি দিচ্ছে। লাভ লোকসান হিসাব করার সময় এ বিষয়টি অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে। কোন কোন ক্ষেত্রে এ ধরনের সংরক্ষণ নীতি অন্য এক বা একাধিক সেক্টরকে বিপর্যস্ত করতে পারে। একটি যন্ত্র নির্মাণ কারখানায় তৈরি জিনিসের দাম যদি বেশি হয় এবং যদি এ ধরনের যন্ত্র আমদানী নিষিদ্ধ হয় তাহলে এ যন্ত্র ব্যবহারকারী শিল্প রপ্তানী বাজারে অন্যান্যদের সাথে

অসম প্রতিযোগিতার সম্মুখীন হবে। অন্যদিকে ব্যবহারকারী শিল্পটি যদি রপ্তানীমুখী না হয় তাহলে তার মুনাফা কমে যাবে কারণ তাকে যন্ত্রটি বেশি দামে কিনতে হচ্ছে। এর ফলে যন্ত্র উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠানটি আর্থিক দিক থেকে লাভজনক হলেও, যন্ত্রটি ব্যবহারকারী শিল্পটির মুনাফা ততটা (অথবা তার চেয়েও বেশি) কমবে সামগ্রিকভাবে মুনাফার পরিমাণ হয় অপরিবর্তিত থাকবে অথবা কমে যাবে।

বাংলাদেশের প্রেক্ষিতে শিল্পখাতকেই হতে হবে দ্রুত প্রবৃদ্ধির চালিকা শক্তি। এখানে ব্যক্তিখাতকে অবশ্যই কামা উৎসাহ দেওয়া দরকার এবং তা দেওয়াও হচ্ছে। তা সত্ত্বেও অভিজ্ঞতা হচ্ছে যে, বেসরকারী উদ্যোক্তারা শিল্পখাতে বিনিয়োগে উৎসাহী হচ্ছে সামান্যই। সরকারের দুর্বলতার সুযোগে তারা ক্রমশ সরকারের উপর চাপ সৃষ্টি করছে নানা ধরনের সুবিধার জন্য যার মধ্যে আছে রপ্তানী আয়ের উপর থেকে আয়কর ও শিল্প খাত থেকে কর্পোরেশন-কর মওকুফ; মজুরি কমিশনের সুপারিশসমূহের বাস্তবায়ন স্থগিতকরণ। কিন্তু সরকার এসব দাবী মেনে নিলেই যে বেসরকারী উদ্যোক্তাদের বড় অংশ শিল্প খাতে বিনিয়োগ করবেন তার নিশ্চয়তা এমনকি সম্ভাবনাও কম। বেসরকারী খাতের উদ্যোক্তারা জানেন যে, সরকারী নীতি হচ্ছে বেসরকারী খাতের মাধ্যমে শিল্পায়ন। খুব বড় শিল্প ছাড়া সরকার শিল্পখাতে কোন নতুন বিনিয়োগ করবেন না। সুতরাং বেসরকারী খাতকে সব ধরনের সুবিধা দেয়া ছাড়া সরকারের আর কোন বিকল্প নেই। অন্যদিকে, শিল্পখাত ছাড়াও বেসরকারী খাতের বিনিয়োগের অনেক ক্ষেত্র আছে। তারা এখন গভীরভাবে লক্ষ্য করছে সরকারের আমদানী উদারকরণ নীতির বাস্তবায়ন। আমাদনী উদারকরণের ফলে সাধারণভাবে রপ্তানী শিল্প লাভবান হবে এবং বিপরীতে আমাদনী বিকল্প শিল্প ক্ষতিগ্রস্ত হবে। বিনিয়োগের ক্ষেত্র বেছে নেবার জন্য তাই আমাদনী উদারকরণ নীতি তাদের জন্য বিশেষভাবে গুরুত্বপূর্ণ।

বেসরকারী খাতের মাধ্যমে শিল্পখাতে বিনিয়োগ যদি কম হয় তাহলে হয় শিল্পায়নে শ্বথ হার মেনে নিতে হবে অথবা সরকারী খাতের মাধ্যমে বিনিয়োগ করতে হবে। কিন্তু সরকারী খাতের দক্ষতার মান নীচু, যতদিন এ অবস্থার বড় ধরনের পরিবর্তন না হবে ততদিন সরকারী খাতের মাধ্যমে শিল্পায়ন সাধারণভাবে লাভজনক হবার সম্ভাবনা কম।

এ উভয় সঙ্কট থেকে পরিত্রাণের সহজ কোন উপায় নেই। আমরা আগেই দেখেছি যে, কোন শিল্প অর্থনৈতিক দিক থেকে লাভজনক কিনা তা বিচার করতে হবে আন্তর্জাতিক বাজার মূল্যে। এ মানদণ্ড অবশ্যই প্রয়োগ করতে হবে সরকারী ও বেসরকারী উভয় ধরনের শিল্পের ক্ষেত্রে। এ মানদণ্ডে বিচার করা হলে, অনুমান করা অসঙ্গত হবে না, অল্প কয়েকটি শিল্পই উত্তীর্ণ হবে। অথচ এ বিষয়েও কোন সন্দেহ নেই যে, বাংলাদেশের দ্রুত উন্নয়নে কেন্দ্রীয় ভূমিকা হবে শিল্পখাতের; কৃষি ও অন্যান্য খাতের ভূমিকা হবে প্রধানতঃ সম্পূরক।

৪। অদক্ষ শিল্পায়ন ও প্রবৃদ্ধি

অদক্ষ শিল্পায়ন সম্পদের অপচয় করে এবং শিল্পবিকাশ তথা অর্থনৈতিক বিকাশে প্রতিবন্ধকতা সৃষ্টি করে। ঐতিহাসিক কারণে বাংলাদেশের শিল্প উদ্যোক্তারা অনভিজ্ঞ ও অদক্ষ। কিন্তু যদি সরকার বেসরকারী খাতের মাধ্যমে শিল্পায়নের উপর জোর দেন তাহলে বেসরকারী খাতের দক্ষতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় সবধরনের পদক্ষেপ নিতে হবে। শুধুমাত্র সস্তা, অদক্ষ শ্রমিকদের উপর নির্ভর করে ব্যাপক শিল্পায়ন যে সম্ভব নয় তা বলাই বাহুল্য। একজন উদ্যোক্তার একটি শিল্পের পণ্য, প্রযুক্তি, বিপণন ইত্যাদি বিষয়ক

প্রয়োজনীয় জ্ঞান আহরণের তাগিদ অনুভব করার পরিবেশ বাংলাদেশে নেই। যে বিবেচনায়ই হোক, আমরা কার্যত আমাদের উদ্যোক্তাদের বিশ্ববাজার থেকে বিচ্ছিন্ন করে রেখেছি। প্রতিযোগিতামূলক পরিবেশে থাকলেই একজন উদ্যোক্তা ক্রমশঃ এ সব বিষয়ে জ্ঞান আহরণ করবেন। যারা এসব বিষয়ে জানতে আগ্রহী হবেন না এবং দ্রুত পরিবর্তনশীল অবস্থার সাথে খাপ খাওয়াতে পারবেন না, প্রাচীন আমলে ডাইনোসরদের মত তারা অবলুপ্ত হয়ে পড়বেন। অর্থনৈতিক অগ্রগতির এটাই নিয়ম। কিন্তু বাংলাদেশে অতি-সংরক্ষণ নীতির ফলে আমাদের শিল্পোদ্যোক্তারা বিশ্ববাজার সম্পর্কে অনভিজ্ঞ, উন্নতমানের পণ্য উদ্ভাবনে ও অনুকরণে অসমর্থ ও নতুন প্রযুক্তি সম্পর্কে সাধারণভাবে অজ্ঞ। এটাই স্বাভাবিক। বিশ্ব অর্থনীতির সাথে যেসব দেশের যোগাযোগ বেশি এবং যারা বিশ্বের পণ্য ও প্রযুক্তির বাজারে প্রতিযোগিতা করেন সেসব দেশের সাথে আমাদের দূরত্ব বাড়ছে। আমরা যদি কৃপমভুক্ততা বিসর্জন দিতে না পারি তাহলে অবশ্যজ্ঞাবী রূপে এ দূরত্ব বাড়বে। তুলনামূলকভাবে মুক্ত অর্থনীতি যে বেসরকারী উদ্যোক্তাদের কাছে জনপ্রিয় হবে এমন সন্ধান কম। সংরক্ষিতবাজারের নিশ্চয়তা সব শিল্পপতিই পছন্দ করেন। কিন্তু দীর্ঘমেয়াদী জাতীয় অর্থনীতির স্বার্থে এ ধরনের অপচয়মূলক এবং পরিণামে আত্মঘাতী অর্থনৈতিক নীতি কাম্য হতে পারে না।

বেসরকারী খাতের মান উন্নয়নে সরকারের সহায়ক ভূমিকা অনস্বীকার্য। শিল্প পরিচালনার জন্য সব ধরনের শিক্ষিত কর্মী সৃষ্টি এবং আন্তর্জাতিক পণ্য ও প্রযুক্তি বাজার সম্পর্কে বেসরকারী খাতকে অবহিতকরণ ও পরামর্শ দান ইত্যাদি বিষয়ে অন্ততঃ প্রাথমিক পর্যায়ে সরকারকে সহায়ক ভূমিকা পালন করতে হবে। সরকারকে অবশ্যই মনে রাখতে হবে যে, বিশ্বে সকল পণ্যের গুণগতমান ক্রমশঃই উন্নত হচ্ছে। আমরা যদি এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ না নেই তাহলে অদূর ভবিষ্যতে উঠতি গরীব দেশগুলোর সাথে প্রতিযোগিতায় আমরা টিকে থাকতে পারব না। এ দেশের প্রত্যেকটি সন্ধানময় শিল্পের পণ্য ও প্রযুক্তির মান উন্নয়নের জন্য তাই সরকারী উদ্যোগ একান্তভাবে কাম্য।

বাংলাদেশের সরকারী খাত কেন সাধারণভাবে লাভজনক নয় তার কারণ কমবেশি আমরা সবাই জানি। এ সমস্যা মূলতঃ ব্যবস্থাপনার সমস্যা, যার কারণ রাজনৈতিক। আমলাতান্ত্রিক স্থবিরতা ও দুর্নীতি যদি সরকারী শিল্পে লোকসানের প্রধান কারণ হয় তবে তা দূর করার দায়িত্ব সরকারের। কতিপয় আমলা কর্মচারীর স্বার্থ রক্ষার চেয়ে জনস্বার্থ, জাতীয় অর্থনীতির স্বার্থ যে বড়, তা অবশ্যই একটি সরকারকে উপলব্ধি করতে হবে। একই ভাবে ট্রেড ইউনিয়নগুলোকে রাজনৈতিক উদ্দেশ্যে পৃষ্ঠপোষকতা দান থেকে সরকারকে বিরত থাকতে হবে। দ্বিতীয়তঃ, বাংলাদেশের সরকারী শিল্প প্রতিষ্ঠানসমূহ পরিচালিত হয় মূলতঃ সরকারী অফিসের মত। অথচ সবাই জানেন যে, দ্রুত সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন হচ্ছে দক্ষ শিল্প পরিচালনার প্রধানতম শর্ত। বাংলাদেশে সচিবালয় শুধু নীতি প্রণয়ন করেন না, তারা সরকারী শিল্প বাণিজ্য সংস্থাগুলো নিয়ন্ত্রণও করেন। ফলে সিদ্ধান্ত গ্রহণ শ্রুথ হয়; প্রতিষ্ঠানের কর্মকাণ্ডে আর্থিক স্বার্থ নয়, বরং সরকারী নিয়ম রক্ষা প্রধান বিবেচ্য হয়। তৃতীয়তঃ, উচ্চপদস্থ কর্মচারীরা কেউই কারখানা পর্যায়ের কর্মচারী নন। তাদের চাকুরি, বেতন, পদোন্নতি কিছুই কারখানা পরিচালনায় দক্ষতা অথবা লাভ-লোকসানের উপরে নির্ভর করে না। দীর্ঘকালব্যাপী লোকসান দিচ্ছে এমন কারখানাও যেহেতু বন্ধ করে দেয়ার কোন রীতি এখানে নেই, তাই এসব উচ্চ পর্যায়ের কর্মচারীদের স্বার্থ কারখানার লাভ লোকসানের সাথে বিযুক্ত। চতুর্থতঃ, বহুকাল যাবত দেশের খ্যাতনামা শিল্প অর্থনীতিবিদরা সরকারী শিল্প প্রতিষ্ঠানসমূহকে

স্বায়ত্বশাসন (autonomy) দেবার এবং কঠোরভাবে দায়ী (accountable) করার প্রস্তাব করেছিলেন। দুর্ভাগ্যবশতঃ অতীতের কোন সরকারই প্রস্তাবটি পরীক্ষা পর্যন্ত করে দেখেন নি। কেন এ প্রস্তাব বাস্তবায়িত হয়নি সে আলোচনার স্থান এটা নয়। তবে নামমাত্র মূল্যে ও অতি সহজ শর্তে সরকারী সম্পদ বেসরকারী খাতে স্থানান্তর যাদের স্বার্থ রক্ষা করে তারা সরকারী খাতের দক্ষতা বৃদ্ধিতে অগ্রহী নয়, বরং বিপরীতে কাজকরছেন। এ যুক্তি কিছুতেই গ্রহণযোগ্য হতে পারেনা যে, সরকার উন্নয়নের জন্য নিবেদিতপ্রাণ, কিন্তু সরকারী খাতকে দক্ষ ও লাভজনক করা তাদের সাধ্যের বাইরে। সরকার যদি সরকারী প্রতিষ্ঠান চালাতে সক্ষম না হন এবং সরকারী প্রতিষ্ঠানসমূহ বেসরকারীকরণই একমাত্র সমাধান এরকম সিদ্ধান্ত গ্রহণ করেন তাহলে তা হবে হয় নিজেদের ব্যর্থতার স্বীকৃতি অথবা উদ্দেশ্যমূলক।

৫। সংরক্ষণ ও রপ্তানী শিল্প

আন্তর্জাতিক বাজার মূল্য যতদিন প্রকৃত মূল্য না হয়ে “ছায়া মূল্য” (accounting price) হিসাবে থাকবে ততদিন পর্যন্ত শিল্প ক্ষেত্রে দক্ষতাও ‘কায়া’ লাভ করবে না। সরকারীখাত ও বেসরকারীখাত-উভয় ক্ষেত্রেই এটি প্রযোজ্য। এ জন্য দুটি শর্ত বাস্তবায়ন করা প্রয়োজনঃ (ক) আমদানী ও রপ্তানী পণ্যের অভ্যন্তরীণ বিনিময় মূল্যের অনুপাত ও বৈদেশিক বিনিময় মূল্যের অনুপাতের সমতা। দ্বিতীয়তঃ কর, আমদানী-রপ্তানী ও বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণনীতি পরিবর্তনের মধ্যে দিয়ে দেশী-বিদেশী মুদ্রা বিনিময় হারকে বিদেশী মুদ্রা বিনিময় হারকে “সুযোগ ব্যয়” (opportunity cost) এর কাছাকাছি নিয়ে আসা।

ফলাফলের দিক থেকে আমাদানী ও রপ্তানী করের মধ্যে কোন পার্থক্য নেই, যদিও এ প্রতিপাদ্যটি সাধারণ বৃদ্ধির বিপরীত। আমাদানী করের হার যত বেশি হবে আমাদানীও তত কম হবে; আমাদানী কম হলে বৈদেশিক মুদ্রার চাহিদা ও ফলে তার দাম কমে যাবে। চূড়ান্ত পর্যায়ে, আমাদানী কর অসীম হলে অথবা সব আমাদানী নিষিদ্ধ করা হলে বৈদেশিক মুদ্রার কোন চাহিদাই থাকবে না এবং তা শূন্য মূল্যে কেনা বেচা হবে। অন্যদিকে, বৈদেশিক মুদ্রার দাম যত কম হবে রপ্তানী ততই কম হবে বৈদেশিক মুদ্রার দাম শূন্য হলে রপ্তানীও শূন্য পর্যায়ে নেমে যাবে। সুতরাং রপ্তানী শিল্পের প্রসারের জন্য, অন্যান্যের মধ্যে, বৈদেশিক মুদ্রার বিনিময় হার সংশোধন একটি আবশ্যিক শর্ত। বলা বাহুল্য, যদি দেশে লাভজনক বিনিয়োগের পরিবেশ না থাকে তাহলে শুধুমাত্র বৈদেশিক মুদ্রার হার পরিবর্তনের মধ্য দিয়ে কাঙ্ক্ষিত ফল পাওয়া যাবে না।

ঐতিহাসিক দিক থেকে, এ অঞ্চলে উঁচু আমাদানী কর আরোপ করা হয়েছিল এ ধারণা থেকে যে, এর ফলে দ্রুত আমাদানী বিকল্প শিল্প গড়ে উঠবে এবং দেশ শিল্পায়িত হবে। এ ধারণা আমরা দেখেছি, সঠিক প্রমাণ হয়নি। এর ফলে দক্ষতর রপ্তানীমুখি শিল্পের বিকাশ ব্যহত হয়েছে এবং যে ধরনের শিল্প গড়ে উঠেছে তা শুধু অদক্ষই নয়, বরং জাতীয় অর্থনীতির জন্য অনেক ক্ষেত্রেই বোঝা। ধরা যাক, একটি আমাদানী বিকল্প শিল্পের কার্যকর সংরক্ষণ হার শতকরা ২০০ ভাগ। যদি ডলারের বিনিময় হার হয় ১ ডলার = ৪০ টাকা, তাহলে এ শিল্পে উৎপন্ন পণ্যের ব্যয় যদি বৈদেশিক পণ্যের দামের তিনগুণও হয় তাহলেও তাকে বৈদেশিক পণ্যের সাথে প্রতিযোগিতা করতে হচ্ছে না। এ অতি সংরক্ষণ নীতির ফলে শিল্পটির পণ্যের প্রান্তিক উৎপাদন ব্যয় হবে ১২০ টাকা। অর্থাৎ, ১২০ টাকার সমপরিমাণ দেশীসম্পদ ব্যয় করে আমরা ১ ডলারের সমপরিমাণ আমাদানী কমাচ্ছি। অথচ এ একই সম্পদ রপ্তানী শিল্পের নিয়োজিত হলে

তা ৩ ডলার আয় করতে পারত। অর্থাৎ, এ সংরক্ষণ নীতির ফলে আমাদের নীট লোকসান হচ্ছে ২ ডলার। এ প্রক্রিয়াটি তাই শিল্পোন্নয়ন নয়, যদি শিল্পোন্নয়ন লক্ষ্য হয় জাতীয় আয় বৃদ্ধি।

অনেকে মনে করেন যে, আমাদের রপ্তানী পণ্যের বৈদেশিক চাহিদা কম এবং তা অস্থিতিস্থাপক (inelastic)। এ অনুমান পরিসংখ্যানের মাধ্যমে প্রমাণ সাপেক্ষ। তবে এ প্রতিপাদ্যটি যদি সত্যি হয় তাহলে আমাদের জন্য সঠিক নীতি হবে টাকার অতি মূল্যায়ন (revaluation)। এ রকম উপদেশ অবশ্য এতই অভিজ্ঞতা বিরোধী যে, তা কেউ প্রকাশ্যে উচ্চারণ করছেন না। বাস্তবতা হচ্ছে এই আমরা যা রপ্তানী করি বিশ্ববাজারে তার অংশ খুবই কম; দু'একটি বাদ দিলে অন্যান্য পণ্যের জন্য কোটা অথবা এ ধরনের বিধিনিষেধ নেই। যদি আমাদের রপ্তানী পণ্যের গুণগত মান আরও উন্নত হত এবং রপ্তানী ব্যয় আরও কমানো যেত তাহলে বিশ্ববাজারে আমাদের পণ্যের অংশ অনেক পরিমাণ বাড়ানো যেত।

উঁচু সংরক্ষণ নীতি যে আমদানী-রপ্তানী শিল্পের ভারসাম্য নষ্ট করার মধ্যে দিয়ে আমাদের জাতীয় আয় বৃদ্ধির প্রতিবন্ধক তাই নয়; এর প্রভাব আরও ব্যাপক। একটি পণ্যকে উঁচু হারে সংরক্ষণ দেয়া হলে ক্ষতিগ্রস্ত হয় প্রথমতঃ ক্রেতারা এবং এভাবে তাদের স্বাভাবিক অধিকার ব্যাহত হয়। একটি আধুনিক অর্থনীতিতে ক্রেতারা আশা করবে কম দামে উন্নত মানের পণ্য কিনতে আর উৎপাদকরা চাইবে তাদের পণ্যের জন্য সর্বাধিক দাম। সাধারণভাবে, ক্রেতাদের স্বার্থ রক্ষিত হয় একটি উন্মুক্ত, প্রতিযোগিতামূলক বাজারে আর উৎপাদকদের স্বার্থ রক্ষিত হয় যথাসম্ভব সংরক্ষিত বাজারে। এ প্রতিযোগিতায় সাধারণত জয়ী হন উৎপাদকরা। কারণ তারা ধনী ও সংগঠিত এবং বিপরীতে ক্রেতারা পরস্পর বিচ্ছিন্ন ও অসংগঠিত। উৎপাদকরা প্রায়ই এমন সব পণ্যের জন্য বৈদেশিক প্রতিযোগিতা হতে সংরক্ষণ পেয়ে যান যার মান খুবই নিচু এবং দাম খুবই বেশি। ক্রেতারা এসব পণ্য কিনতে বাধ্য হন শিল্পায়নের এমনকি দেশপ্রেমের নামে। আমদানী বিকল্প শিল্প আরেক ধরনের বিপর্যয়ের সৃষ্টি করে যা মারাত্মক। ধরা যাক, অতি সংরক্ষণ নীতির আওতায় একটি সুতাকল স্থাপিত হল। প্রথম পর্যায়ে এটিকে শিল্পোন্নয়ন প্রচেষ্টা না বলার কোন কারণ নেই। দ্বিতীয় পর্যায়ের এ কলে তৈরী বেশি দামী (costly) অথচ নিম্নমানের সুতা যারা ব্যবহার করবেন সেসব তাঁত অথবা কারখানার তৈরী কাপড়ের দাম বেড়ে যাবে যা প্রধানতঃ ভোক্তাদের প্রকৃত আয় কমাবে। তৃতীয় পর্যায়ে, আমরা যদি backward linkage অথবা দেশপ্রেমের নামে পোশাক তৈরী কারখানা গুলোকে বাধ্য করি এসব কাপড় তাঁদের তৈরী পোশাকের জন্য ব্যবহার করতে তাহলে আমরা সম্ভ্রানে পোশাক শিল্পকে ধ্বংস করব। একটি শিল্পের অদক্ষতার দায়ভার অন্য শিল্পের, বিশেষভাবে রপ্তানী শিল্পের উপর চাপানো হলে শেষ পর্যন্ত অর্থনীতিই ক্ষতিগ্রস্ত হবে।

৬। বিনিয়োগযোগ্য, ভাসমান টাকা

বৈদেশিক মুদ্রায় কেনা বেচার উপর সরকারী নিয়ন্ত্রণ প্রতিষ্ঠিত হয়েছিল আমদানী বিকল্প শিল্প প্রসারের লক্ষ্যে। দীর্ঘ মেয়াদে অর্থনৈতিক উন্নয়নের সে কৌশল যে কার্যকর নয় তা ঐতিহাসিক অভিজ্ঞতা থেকে প্রমাণ হয়েছে। দ্বিতীয়তঃ বর্তমানে বিশ্ববাজার আগের তুলনায় অনেক বেশি অস্থিতিশীল। প্রত্যেকটি পণ্যের দামই প্রতিদিন দ্রুত পরিবর্তন হয়। আন্তর্জাতিক spot market এ কোন পণ্য কেনা বেচার সিদ্ধান্ত গ্রহণ এবং তা বাস্তবায়ন করতে হয় তাৎক্ষণিকভাবে; এখানে ১ ঘন্টাও প্রায়ই খুবই দেরী। যদি বিদেশী বাজার থেকে কোন পণ্য সম্ভ্রায় কেনার সুযোগ নষ্ট হয়ে যায় তাহলে তাতে ক্ষতিগ্রস্ত হয়

আমাদানীকারকরা এবং জাতীয় অর্থনীতি, কোন ব্যাংক কর্মচারী নয়। তাই অনুমতিদান অথবা বাস্তবায়ন প্রক্রিয়া সংক্ষিপ্ত করায় তাদের কোন আগ্রহ থাকে না। বরং অন্য একটি সহজবোধ্য কারণে তারা এ প্রক্রিয়াকে দীর্ঘ করতেই আগ্রহী হন।

জাতীয় অর্থনীতিতে বৈদেশিক বাণিজ্যের পরিমাণ যত বাড়বে টাকাকে নিঃশর্তে বিনিময়যোগ্য (convertible) করার প্রয়োজন তত হবে। মুদ্রা বিনিময় ব্যবস্থাও চালু করা উচিত। অন্যথায়, অনভিপ্রেত অপ্ৰয়োজনীয় ভাবে বৈদেশিক মুদ্রার রিজার্ভ কখনো বাড়বে, কখনো কমবে। অবশ্য টাকাকে বিনিময়যোগ্য অথবা ভাসমান করা হলেই যে বৈদেশিক মুদ্রার 'সুযোগ মূল্য' (opportunity cost) প্রতিফলিত হবে তা নয়। এর জন্য প্রয়োজন হবে আমদানী কর যথাসম্ভব সর্বনিম্ন পর্যায়ে নামিয়ে আনা এবং কর ব্যবস্থার প্রয়োজনীয় পরিবর্তন করা।

অনেকেই মনে করেন যে, মুদ্রাকে বিনিময় যোগ্য করা হলে ব্যাপকভাবে পুঁজি রপ্তানী হবে। এই ধারণা অজ্ঞতাপ্রসূত। সব ব্যবসায়ী ও ধনী ব্যক্তি জানেন যে, বিদেশ থেকে পাঠানো ৩-৩.৫ হাজার কোটি টাকার সাথে ছত্তি ব্যবস্থার মাধ্যমে সহজেই টাকা বৈদেশিক মুদ্রায় পরিবর্তন (convert) করা যায়। এ বাজার এবং মাধ্যম নিরাপদ, দ্রুত এবং এখানে বিনিময় ব্যয় (transaction cost) বাণিজ্যিক ব্যাংকের তুলনায় কম। টাকাকে বিনিময়যোগ্য না করার ফলে অনেকেই তাদের আয় করা বৈদেশিক মুদ্রা দেশে আনতে আগ্রহী হন না।

সাধারণভাবে বলতে গেলে, যতদিন পর্যন্ত বিনিয়োগের উৎপাদনশীলতা না বাড়বে ততদিন পুঁজি রপ্তানী হবেই। লোকসান দেবার জন্য কেউ বিনিয়োগ করে না। বিনিয়োগের পরিবেশ সৃষ্টি করতে হবে সরকারকেই এবং তা হতে হবে কজের মধ্য দিয়ে; শুধুমাত্র নীতিমালা প্রণয়ন অথবা সেমিনারে বক্তৃতার মাধ্যমে বিনিয়োগকারীদের আস্থা অর্জন করা যাবে না। প্রতিযোগিতামূলক শিল্প গড়ে তোলার জন্য প্রয়োজন অধিকতরমুক্ত অর্থনীতি ও বৈদেশিক মুদ্রা বাজারের নিয়ন্ত্রণের অবসান। এ দুটো ব্যবস্থা গ্রহণ করা হলে বৈদেশিক মুদ্রার দাম বেড়ে যাবে এবং তা একই সাথে রপ্তানী শিল্পকে উৎসাহ যোগাবে এবং আমাদানী শিল্পকে সংরক্ষিত করবে।

৭। তুলনামূলক সুবিধাতত্ত্ব

আমাদানী শিল্প সংরক্ষণ নীতি, আমরা দেখেছি, রপ্তানী শিল্পকে ঋণাত্মক হারে সংরক্ষণ করে অর্থাৎ সংরক্ষণতো করেই না বরং তুলনামূলকভাবে প্রতিকূল শর্ত সৃষ্টি করে। এ পরিবেশেও যারা রপ্তানী শিল্পখাতে টিকে আছেন এবং বিশেষভাবে লাভজনক ভাবে শিল্প পরিচালনা করছেন এর মধ্য দিয়ে তাদের দক্ষতা স্বতঃসিদ্ধভাবে প্রমাণিত। মুদ্রা বিনিময় হারের প্রতিকূলতা সত্ত্বেও দেশে যে ক্রমশঃ রপ্তানী শিল্প গড়ে উঠছে তা থেকে প্রমাণ হয় যে, যদি ডলারের বর্তমান বিনিময় হার ৪০ টাকার বদলে ৫০ টাকা হত তাহলে দ্রুত একটি দক্ষ, প্রতিযোগিতামূলক শিল্পখাত গড়ে উঠত। এখানে একটি ভুল ধারণার নিরসন হওয়া দরকার। আমাদানী বিকল্প শিল্প থেকে এক্ষুণি সব ধরনের সংরক্ষণ ব্যবস্থার অবসান সাধারণভাবে সম্ভব নয়, কাম্যও নয়। ধাপে ধাপে কিন্তু দ্রুত নতুন প্রতিযোগিতামূলক অর্থনৈতিক ব্যবস্থার দিকে অগ্রসর হতে হবে; এর ফলে অবশ্য অর্থনৈতিক বিচারে খুবই অদক্ষ শিল্পগুলো প্রথম পর্যায়েই দেউলিয়া ও বন্ধ হয়ে যাবে। কিন্তু যে সব শিল্প বেশি সংরক্ষণ পাচ্ছে না তারা অনেককাল টিকে থাকবে এবং নিজেদের

নতুন পরিবেশে খাপ খাওয়ানোর জন্য প্রয়োজনীয় সময় পাবে।

একটি মুক্ত প্রতিযোগিতামূলক বাজার ব্যবস্থায় আমদানী ও রপ্তানী শিল্পের বিভাজন হয় বাজার প্রক্রিয়ার মধ্য দিয়ে। এ দু'ধরনের শিল্পই তখন দক্ষতার মানদণ্ডে সমান হবে। আমদানী বিকল্প শিল্প সংরক্ষণ লাভ করবে মুদ্রাবিনিময় হারের মাধ্যমে। এখন যেখানে কোন কোন আমদানী বিকল্প শিল্প কোন রকম সংরক্ষণ পায় না আবার কোন শিল্প ১৫০ হারে সংরক্ষণ লাভ করে তার পরিবর্তে নতুন পরিবেশে সবাই একই হারে সংরক্ষণ সুবিধা পাবে। রপ্তানী ও আমদানী - এ উভয় ধরনের শিল্পই গড়ে উঠবে তুলনামূলক সুবিধাতত্ত্বের (comparative advantage) এর নিয়ম অনুসারে।

| Alam S M 1992 : | The Background of Housing Problem - The Role of Public Works Department and Housing and Settlement Directorate in Mitigating the Problem" (in Bangla), in the booklet : Shelter for Sustainable Development, published on the occasion of observing Habitat Day in October 1992, Public Works Department, Government of Bangladesh, Dhaka. |
| AID 1974 : | Preparing a National Housing Policy, Agency for International Development (AID), Washington, D.C. |
| Ali M M and S A
Hasnat 1978 : | An Approach to Investigation of the Urban Housing Problems of Major Urban Centres of Bangladesh, Housing and Environmental |

- Research Cell (HERC) Publications, Faculty of Architecture and Planning, Bangladesh University of Engineering and Technology, Dhaka.
- BBS 1991 : Report on the Household Expenditure Survey 1988/89, Bangladesh Bureau of Statistics (BBS), Government of Bangladesh, Dhaka.
- BBS 1992 : *Statistical Year Book 1991*, Bangladesh Bureau of Statistics (BBS), Government of Bangladesh, Dhaka.
- Bukhari, S M H 1977 : "Low Income Housing Finance in Bangladesh" in *Low Income Housing Technology and Policy*, eds. R P Pama, S Angel and J H De Goede, Asian Institute of Technology, Bangkok.
- Bukhari, S M H 1977 : "Low Income Housing Policy", *Jahangirnagar University Review*, Dhaka.
- Bukhari, S M H 1978 : "Finance and Management of Public Houses in Bangladesh" in *Housing Problems in Developing Countries*, eds.,
- Bukhari S M H 1979 : "Housing Finance and Planning - An Overview", in *Housing Finance, Planning and Construction*, ed. Oktay Ural Pergamon Press, New York.
- Bukhari S M H 1991 : *Housing Situation in Dhaka — An Empirical Socio-economic Investigation*, an unpublished M.Phil thesis, Faculty of Social and Environmental Sciences, University of Newcastle -upon-Tyne, U.K.
- Bukhari S M H 1992 : "Housing Needs in Dhaka", *International Journal for Housing Science and Its Application*, Vol.2, No.16, April, USA.
- Bukhari S M H 1993 : "Housing Finance and Institutions in Bangladesh— Proposals for Reorganizations", *Jahangirnagar University Review*, Vol.8, No.1., Dhaka.
- Chowdhury A I 1992 : "Urban Land Market in Bangladesh", a seminar paper, in Nazrul Islam and Amirul Islam Chowdhury (eds) *Urban Land Management in Bangladesh*, Government of Bangladesh, Dhaka.
- Chowdhury M A 1978 : *Low Cost Housing in Bangladesh*, Post-graduate Diploma Dissertation, University of London.
- Chowdhury R H 1981 : *Family, Households and Housing Needs, Population of Bangladesh*, ESCAP Report, Country Monograph Series No.8, pp. 195-209, United Nations, New York.
- Chowdhury R H 1981 : *Housing Situation in Bangladesh*, A Country Paper, Housing and Building Research Institute, Dhaka.
- DIT 1977 : *Glimpses of DIT Activities on Housing and Development Ventures : Unpublished Official Document*, Dhaka.
- Eckstein Otto : *The DRI Model of the US Economy*, McGraw-Hill Book Company, New York.
- ESCAP 1987 : *Population Growth and Policies in Mega-Cities : Dhaka*,

- ESCAP-United Nations, NY.
- Etherton,
D and C A Lewin 1978 : Mirpur Squatter Resettlement Project, Report of UNDP Mission, Dhaka.
- GOB 1981 : National Housing Policy , a Policy paper, Urban Development Directorate, Government of Bangladesh (GOB), Dhaka.
- GOB 1993 : National Housing Policy, 1993 (Draft), Ministry of Works, Government of Bangladesh (GOB), June, Dhaka.
- GOB/UNDP/UNCHS
1985 : Review of Housing Finance in Bangladesh, prepared by A Navaratnam, Government of Bangladesh (GOB), Dhaka.
- GOB/UNDP 1993 : Bangladesh Urban & Shelter Sector Review, BGD No. 92008, Government of Bangladesh (GOB), Dhaka.
- GOB/ADB 1993 : Housing Sector Institutional Strengthening Project, 3 volumes, ADB TA No.1670-BAN, Government of Bangladesh (GOB), Dhaka.
- Grameen Bank 1993 : Statement Regarding Housing Credit, No.6 :111, 1st December, Dhaka.
- Hai Md. Jalalul 1981 : Co-operative Housing— An Alternative Solution to Urban Housing : A Case Study of Dacca City, Unpublished Master's Thesis, Department of Urban and Regional Planning, BUET, Dhaka.
- Hasnat S A 1977 : The Resquatting Problem in Dacca City : Some Policy Proposals for Settlement, CUS Monograph No.7, Centre for Urban Studies, Dhaka.
- Hasnat S A 1980 : Limitation of Self-help in Urban Low Income Housing, Occasional Paper No.1, Department of Urban and Regional Planning, BUET, Dhaka.
- Hasnat S A 1981 : Sites and Services Schemes in Dhaka : A Critique, Occasional Paper No.2, Department of Urban and Regional Planning, BUET, Dhaka.
- Helaluzzaman
A K M 1984 : A Cooperative Housing Development and Ownership Project for Lower-Middle Income Government Employees in Dhaka, Masters' thesis, Asian Institute of Technology, Bangkok.
- Hossain M 1988 : Credit for Alleviation of Rural Poverty — the Grameen Bank in Bangladesh, International Food Policy Research Institute, Washington D.C.
- Huque K Asharaf
1981 : Limits of Self-help Housing — Case Studies of Four Shanty Towns in Dacca, Working Report, Department of Building Function Analysis, School of Architecture, Royal Institute of Technology, Stockholm.

- Husain M K 1977 : "Problems and Prospects of Low Income Housing in Bangladesh" in Low Income Housing Technology and Policy, ed. R P Pama, S Angel and J H De Goede, Asian Institute of Technology, Bangkok.
- Husain M K 1978 : "Economics of Low Income Housing", a paper presented in the International Seminar held at University of Petroleum and Minerals, Saudi Arabia December.
- ISRT 1974 : Urban Housing Demand Survey in Bangladesh, 1970, Study conducted by Institute of Statistical Research and Training (ISRT), Dhaka University, report was prepared by M Ahmed, Dhaka.
- Islam Md.Nurul 1980 : Private Housing Process in Dhaka City, Unpublished Master's Thesis, Department of Geography, Dhaka University, Dhaka.
- Islam N 1962 : High Class Residential Areas in Dhaka City, Unpublished Master's Thesis, Department of Geography, Dhaka University, Dhaka.
- Islam N 1973 : "Location Decision for Urban Public Housing" in *Business Review*, Vol.2, No:1, Pp.48-65.
- Islam N 1973 : "Dhakar Lok Shankya Bereche Panchgun, Griha Sangs — than Bereche Tingun" (Dhaka's Population Increases Five Times, Housing Increases Three Times) in *Bangla, Bichitra*, Vol.2, No.3, pp.23-25.
- Islam N 1985/86 : "The Poor's Access to Residential Land in an Unfairly Structured City, Dhaka", *Oriental Geographer*, Dhaka.
- Islam N 1992 : "The Poor's Access to Urban Land For Housing", a seminar paper published in Nazrul Islam and Amirul Islam Chowdhury (eds), *Urban Land Management in Bangladesh*, Ministry of Land, Government of Bangladesh, Dhaka.
- Islam N 1993 : "Urban Housing in Bangladesh and Strategies for Housing the Poor", a paper presented in the Seminar on Problems of Human Settlements in Bangladesh, organised by Commonwealth Human Ecology Council, Bangladesh, April 13, Dhaka.
- Islam N 1993a : "Rural Housing in Bangladesh : An Overview", a paper presented in the Workshop on Reconstruction of Rural Housing in Flood Affected Areas of Bangladesh, July 15, Dhaka.
- Islam N, Amirul I Chowdhury and Khadem Ali 1980 : Study of Urban Housing and Shelter Process in Bangladesh : A Study in Dacca, Chittagong, Khulna, Sylhet, Chandpur, Patuakhali and Thakurgaon, a study conducted by the Centre for Urban Studies and sponsored by Urban Development Directorate, Government of Bangladesh, Dhaka.
- Islam, Amirul I Chowdhury and Khadem Ali 1989 : Evaluation of the Grameen Bank's Rural Housing Programme, Centre for Urban Studies, Dhaka.

- Islam N, Amirul I
Chowdhury and
K Ali 1991 : Private Sector Initiatives in Urban Housing and Services in Bangladesh, a country paper prepared for the Regional Seminar on Private Sector Initiatives in Urban Housing and Services in Asia and the Pacific, Bali, Indonesia, January, Dhaka.
- Islam Nazrul and
Nurul Islam 1981 : Urban Housing Situation in Bangladesh, a paper presented at Seminar on Non-conventional and Alternative Approaches to Shelter the Urban Poor : Local International Experience, Hyderabad, 16-21 January, India.
- Islam N and
Ruquiyah Nadira
Begum 1981 : Housing in Bangladesh : A Bibliographic Study, the Centre for Urban Studies (CUS), Dhaka University, Dhaka.
- Islam Saiful 1983 : Patterns and Process of Mess Housing in Dacca City, Unpublished Master's Thesis, Department of Geography, Dhaka University, Dhaka.
- IYSH 1987 : Report of the International Symposium on Housing, 28th October to 3rd November, Ministry of Construction, Japan.
- Khan Aminul Haq
1977 : Private Sector Housing at Dacca, unpublished undergraduate thesis, Department of Architecture, BUET, Dhaka
- Khan M I 1974 : Industrial Workers' Housing at Dattapara, Tongi, unpublished undergraduate thesis, Department of Architecture, BUET, Dhaka.
- Khan R H 1977 : Low Income Housing Delivery System in Dacca, unpublished Master's thesis, Asian Institute of Technology, Bangkok.
- Miah Md. Abdul
Quader 1988 : Upgrading A Slum Settlement in Dhaka, Division of Human Settlements Development, Asian Institute of Technology, Bangkok.
- MOL 1989 : Report of the *Dhaka Mahanogari Bastee Niroshan*, Ministry of Land (MOL), Government of Bangladesh, Dhaka.
- Nabi Md. Nur 1981 : Study on Urban Residential House Rent and Government Rent Policy : A case study of Dacca City, unpublished Master's thesis, Department of Urban and Regional Planning, BUET, Dhaka.
- Quium A S M Abdul
1975 : Financing of Urban Housing in Bangladesh, unpublished Master's thesis, Department of Urban and Regional Planning, BUET, Dhaka.
- Rahman A 1989 : Housing For the Rural Poor — the Grameen Bank Experience, BIDS, Dhaka.

- Rahman A 1992
(1398 Bangla Year) : "Grihayan O Unnayan—, Pariprekhit Bangladesh", in Bangla, (Housing and Development - Bangladesh Perspective), *Bangladesh Unnayan Samikhaya*, Vol.9, Annual Number, 1398 (Bangla year), Bangladesh Institute of Development Studies, Dhaka.
- Rahman Mahbub M
1991 : Urban Lower-Middle and Middle Income Housing? An Investigation into Affordability and Options, unpublished Ph.D thesis, University of Nottingham, UK.
- Rahman H 1977 : "Grihayan" (Housing) in Bangla, *Bichitra*, Vol.5, No.35, pp 21-26, Dhaka.
- RHUDO/Asia 1990 : "Effective Housing Finance" in Asia Perspective Vol.2, No.2, November, Regional Housing and Urban Development Office for Asia (RHUDO/Asia).
- Salam Abdus 1979 : The Self-help Housing Experience in Bangladesh: Mohammadpur and Mirpur Communities, Dacca, unpublished Master's thesis, Asian Institute of Technology, Bangkok.
- Seraj T M 1989 : "Housing Problems and Prospects in Dhaka City", a paper presented in the International Seminar on Dhaka Past Present and Future, November 16 to 19, Asiatic Society of Bangladesh, Dhaka.
- Sharma B B 1976 : A Study of Row-Housing at Uttara, unpublished undergraduate thesis, Department of Architecture, BUET, Dhaka.
- Sharma B B 1977 : An Investigation for Appropriate Programme of Mass Housing in Urban Dacca, unpublished undergraduate thesis, Department of Architecture, BUET, Dhaka.
- Shirin Momtaz 1979 : A Study of Housing Situation in Mymensingh - A Case Study, unpublished Master's thesis, Department of Urban & Regional Planning, BUET, Dhaka.
- Talukdar A Raquib
1976 : Labour Housing : A Factual Study for the Identification of Problem and An Approach to Formulate Guidelines for Future Development - A Case Study of Tongi Industrial Area, unpublished Master's thesis, Department of Urban and Regional Planning, BUET, Dhaka.
- UDD 1993 : Urban Development Directorate Activities 1958 - 1993, Urban Development Directorate (UDD), Government of Bangladesh, Dhaka.
- UNCHS 1979 : Urban Housing Policies and Programmes, Urban Development Directorate, Government of Bangladesh, Policy Series Papers, Dhaka.
- UNDP 1989 : Reconstruction of Rural Housing in Bangladesh, Report on Project Issue No. BGD/88/055, Dhaka.
- World Bank 1981 : Bangladesh Urban Sector Memorandum, Report No.3422-BD, Dhaka.
- World Bank 1988 : Bangladesh Urban Housing Finance Review, Report No.7229-BD, Dhaka.

প্রফেসর এম. সামসুল ইসলাম স্মারক বক্তৃতা

কৃষির রূপান্তর ও প্রাতিষ্ঠানিক ঋণের ভূমিকা :

বাংলাদেশের প্রেক্ষিত

মু. লুৎফর রহমান *

ভূমিকা

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজ বিজ্ঞান অনুষদের প্রতিষ্ঠাতা উীন প্রফেসর মুহাম্মদ সামসুল ইসলাম এদেশে কৃষি অর্থনীতি বিদ্যার পূর্ণাঙ্গ ও সুসংবদ্ধ শিক্ষা ব্যবস্থা চালু করার ক্ষেত্রে একজন পথিকৃৎ ছিলেন। কৃষি উন্নয়ন, বিশেষ করে গ্রামের এবং প্রান্তিক ও দরিদ্র ভূমিহীন কৃষককূলের অর্থনৈতিক মুক্তির লক্ষ্যে একটি যথোপযুক্ত কৃষিনীতি গ্রহণের তিনি ছিলেন একজন বলিষ্ঠ প্রবক্তা। পরবর্তীকালে স্বাধীন বাংলাদেশের প্রথম পরিকল্পনা কমিশনের কৃষি ও পল্লী উন্নয়ন বিভাগের প্রধান হিসেবে উপরিবর্ণিত উদ্দেশ্যকে সামনে রেখে এদেশের পল্লী উন্নয়ন নীতির কাঠামো প্রণয়নে বিশেষ অবদান রাখেন। ১৯৭৫ সালের অক্টোবরে তাঁর আকস্মিক মৃত্যু হয়। পরবর্তী বছরগুলোতে বাংলাদেশ কৃষি ও পল্লী উন্নয়ন কর্মকান্ডে সরকারী ও বেসরকারী বিনিয়োগ ও উদ্যোগের ক্ষেত্রে অনেক পরিবর্তন সাধিত হয়েছে। এই পরিবর্তনের ত্রি-য়াশীল চলক হিসেবে অর্থসংস্থানের বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ। কৃষি অর্থনীতি পেশায় প্রফেসর সামসুল ইসলামের কৃতিত্বপূর্ণ অবদান স্মরণ করার জন্য এ যাবৎ বাংলাদেশে কৃষি উৎপাদনের বিবর্তন এবং কৃষকদের ভাগ্য উন্নয়নে অর্থসংস্থানের বিষয়টিকে আমি তাই বেছে নিয়েছি।

এদেশে সাড়ে এগার কোটি লোকের জন্য চাষযোগ্য জমির পরিমাণ মাত্র ২ কোটি ২০ লক্ষ একর, অর্থাৎ মাথাপিছু চাষযোগ্য জমি মাত্র ১৯শতক। জনসংখ্যা বৃদ্ধির হার কিছুটা কমলেও এখনও প্রতি বছরে প্রায় ২৫ লক্ষ নতুন মুখের খাদ্য সংগ্রহের প্রয়োজন হচ্ছে। দেশে চাষকৃত জমির পরিমাণ গত তিন দশক ধরে প্রায় একই মাত্রায় স্থির হয়ে আছে। গ্রাম থেকে শহরে লোকজনের দ্রুতহারে স্থানান্তরের পরও কৃষি খামারের গড় আয়তন আশংকাজনক হারে কমে যাচ্ছে। কৃষি শুমারী থেকে দেখা যায় ১৯৬০-৮৪ সময়কালে খামারের আয়তন ৩.৫৩ একর থেকে কমে ২.২৫ একরে পৌঁছেছে। বর্তমানে দেশের মোট চাষকৃত জমির প্রায় ৮৫ শতাংশ ধান ও গমের আওতায়। এতদসত্ত্বেও আমাদের মোট খাদ্য শস্যের চাহিদার প্রায় দশ শতাংশ বিদেশ থেকে আমদানীর সাহায্যে মেটাতে হয় যা প্রাকৃতিক দুর্যোগের বছরগুলোতে আরো বাড়ে। বিগত কয়েক দশকে কৃষিতে উন্নত প্রযুক্তির প্রয়োগের ফলে দেশে ১৯৯২ সালে রেকর্ড পরিমাণ ১৯.৫ মিলিয়ন টন খাদ্যশস্য উৎপাদিত হয়েছে, যা স্বয়ংসম্পূর্ণতা লক্ষ্যমাত্রার কাছাকাছি। এই সফলতা অর্জনে আমাদের মত দেশে কৃষিতে অর্থ সংস্থান ও বিনিয়োগের বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ।

দেশের আর্থ-সামাজিক ও রাজনৈতিক কাঠামো এবং উদ্দেশ্যের নিরিখে বিভিন্ন সময়ে বিভিন্ন উন্নয়ন নীতি ও কৌশল সরকার গ্রহণ করে থাকেন। বাংলাদেশের ক্ষেত্রেও তার ব্যত্যয় হয়নি। কৃষিতে আধুনিক প্রযুক্তি প্রয়োগে অর্থ সংস্থান এবং বিনিয়োগের ধরন ও প্রকৃতি ষাট থেকে আশির দশকে যে ভাবে চলে

* অধ্যাপক, ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয়

আসছিল, সরকারের বাজার নীতির আলোকে এবং পরিবর্তিত পরিস্থিতিতে তার কিছুটা মূল্যায়ন এবং ভবিষ্যৎ করণীয় সম্পর্কে এখানে আলোকপাত করা হবে।

বাংলাদেশে কৃষি উৎপাদন ব্যবস্থার রূপান্তর

বাংলাদেশে কৃষি উন্নয়নের পরিকল্পিত প্রচেষ্টার অংশ হিসেবে উন্নত প্রযুক্তির প্রয়োগ শুরু হয় ষাটের দশক থেকে। কৃষি উৎপাদন বৃদ্ধির জন্য সরকারী উদ্যোগে উচ্চ ফলনশীল (উফশী) বীজ, রাসায়নিক সার এবং পানি সেচ ব্যবস্থার উপর জোর দেওয়া হয়। কৃষি উন্নয়ন কর্পোরেশন, পানি উন্নয়ন বোর্ড ইত্যাদি স্থাপন করে এবং এদের মাধ্যমে আধুনিক কৃষি উপকরণে উল্লেখযোগ্য হারে ভর্তুকী প্রদান করে কৃষককে নতুন প্রযুক্তি ব্যবহারে উৎসাহিত করার নীতি সত্তরের দশকের শেষভাগ পর্যন্ত চালু ছিল। এর ফলশ্রুতিতে ক্ষুদ্র ও অভাবী কৃষকের প্রাধান্য সত্ত্বেও বাংলাদেশের কৃষিতে উল্লেখযোগ্য হারে নতুন প্রযুক্তির সম্প্রসারণ এবং তার মাধ্যমে জমির উৎপাদনশীলতা বৃদ্ধি সম্ভব হয়েছে। বর্তমানে প্রায় ২০ শতাংশের কিছু বেশী জমি সেচের আওতায় এসেছে এবং প্রায় ৪০ শতাংশ জমিতে উচ্চ ফলনশীল খাদ্যশস্যের বীজ ব্যবহার করা হচ্ছে। এর ফলে সামগ্রিকভাবে কৃষিতে প্রবৃদ্ধি, বিশেষ করে রবি মৌসুমে বোরো ও গম উৎপাদনে উল্লেখযোগ্য প্রবৃদ্ধি অর্জিত হয়েছে। তবে সামগ্রিক প্রবৃদ্ধির একটি বৈশিষ্ট্য হলো এই যে, খাদ্যশস্য হিসেবে ধান ও গমের উৎপাদন বাড়লেও পাট, ডাল ও তৈলবীজ জাতীয় শস্য উৎপাদনে পৌনঃপুনিক অধোগতি হয়েছে। সত্তরের দশকে পাট চাষে জমির ব্যবহারে প্রবৃদ্ধির ধারা লক্ষ্য করা গেলেও আশির দশকে তা কমে এসেছে। পাট, ডাল, তৈলবীজ উৎপাদনে ব্যবহৃত জমি ক্রমান্বয়ে ধান ও গম চাষে নিয়োজিত হয়েছে। ফলে আরও খাদ্যশস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে আউশ ও আমন চাষের জমি বাড়ানো দুরূহ হয়ে উঠেছে। স্বাভাবিক ভাবে ভবিষ্যতে খাদ্যশস্যের আরও উৎপাদন বাড়াতে হলে উন্নত কৃষি প্রযুক্তির আরো সম্প্রসারণ করতে হবে।

কৃষি উন্নয়নে অর্থায়ন

গত তিন দশকের কৃষি উৎপাদন ব্যবস্থায় রূপান্তরকরণের একটি প্রধান অনুসংগ হল কৃষির জন্য অর্থসংস্থান। কৃষকের হাতে নগদ টাকার অভাব উন্নত প্রযুক্তি প্রসারের পথে একটি প্রধান অন্তরায়। উফশী ফসলের উৎপাদন খরচ দেশী ফসলের তুলনায় অনেক বেশী এবং কৃষি উপকরণের উপর থেকে ধীরে ধীরে ভর্তুকী প্রত্যাহারের ফলে তা ক্রমাগত বেড়েই চলেছে। এর ফলে কৃষিতে বিনিয়োগের জন্য অর্থসংস্থানের বিষয়টি অত্যন্ত জরুরী হয়ে পড়ে। স্বাধীনতার অব্যবহিত পূর্বে প্রাতিষ্ঠানিক কৃষি ঋণ সরবরাহ ছিল অতি নগণ্য। স্বাধীনতার পরবর্তী প্রথম পাঁচ বছরে তা প্রায় তিনগুণ বৃদ্ধি পায় এবং সত্তরের দশকের মাঝামাঝি সময় থেকে এই বৃদ্ধির গতি ত্বরান্বিত করা হয়। তবুও সামগ্রিক ব্যাংক ঋণের তুলনায় কৃষিতে ঋণ সরবরাহ সব সময় কম ছিল, যা কেবল মাত্র ১৯৮৩-৮৪ সনে মোট ব্যাংক ঋণের শতকরা ১৫ ভাগ ছিল, বর্তমানে তা প্রায় শতকরা পাঁচ ভাগে নেমে এসেছে। ১৯৭৬-৭৭ সালে কৃষি ঋণ সরবরাহ ছিল একশত কোটি টাকার নীচে, ১৯৮৪-৮৫ সালে তা সর্বোচ্চ পরিমাণে বৃদ্ধি পায় সাড়ে এগারশত কোটি টাকায়। এর পরবর্তীকালে বকেয়া ঋণ আদায় কার্যক্রম জোরদার করা সহ ঋণদান কার্যক্রমে “পাস বই” ব্যবস্থার প্রবর্তনের মাধ্যমে কৃষিঋণ বিতরণ ব্যবস্থায় শৃঙ্খলা আনা হয়, যার ফলে পরবর্তীকালে বিতরণকৃত ঋণের পরিমাণ পাঁচশত থেকে আটশত কোটি টাকার মধ্যে উঠানামা করতে থাকে। স্বাধীনতার পর থেকে কৃষি ঋণ সরবরাহের বৃদ্ধির পরিমাণ টাকার অংকে খুব বেশী মনে হলেও

কৃষি উপকরণের অত্যধিক মূল্য বৃদ্ধি এবং জীবন যাত্রার ব্যয় বৃদ্ধিজনিত কারণে নীট বৃদ্ধির পরিমাণ অনেক কম। উদাহরণস্বরূপ, ১৯৭৫-৭৬ সালের তুলনায় ১৯৮৪-৮৫ সালে কৃষি ঋণের পরিমাণ ২৫ গুণ বৃদ্ধি পেয়েছে, কিন্তু ১৯৭২-৭৩ সালের টাকার মূল্যমান হিসেবে কৃষি ঋণ প্রকৃত পক্ষে বৃদ্ধি পেয়েছে ৯ গুণেরও কম। ১৯৮৪-৮৫ সালের পর ঋণ সরবরাহের পরিমাণ পূর্বের তুলনায় অনেক কমে গেছে, যা আগেই বলা হয়েছে।

বিভিন্ন খাতে কৃষি ঋণ বিতরণ

প্রাতিষ্ঠানিক কৃষি ঋণ বিভিন্ন উদ্দেশ্যে দেয়া হয়ে থাকে তবে কৃষি উন্নয়নে এর ভূমিকা নিরূপণে আমরা কৃষি ঋণের তিনটি খাতের মধ্যেই সীমাবদ্ধ থাকব। এগুলি হচ্ছে, শস্য উৎপাদন (চা ঋণ ব্যতীত), সেচ যন্ত্র এবং হালের গরুর জন্য ঋণ। ১৯৮৪-৮৫ সাল পর্যন্ত এই তিনটি খাতে কৃষি ঋণের ক্রমবর্ধমান হারে বিতরণ দেখা যায়। ১৯৮৫-৮৬ সালে এটি বেশ হ্রাস পায়। অবশ্য এর পরবর্তীতে এই তিনটি খাতে কৃষি ঋণ আবারো বৃদ্ধি পেতে থাকে। ১৯৮০-৮১ থেকে ১৯৮৯-৯০ পর্যন্ত এই তিনটি খাতে বিতরণকৃত ঋণ মোট কৃষি ঋণের শতকরা ৪৩ ভাগ থেকে ৭১ ভাগ পর্যন্ত উঠানামা করেছে। এর মধ্যে শস্য ঋণের পরিমাণ সর্বাধিক, যা মোট কৃষি ঋণের শতকরা ৩১ থেকে ৫২ ভাগ পর্যন্ত উঠানামা করে। ১৯৮৫-৮৬ সাল পর্যন্ত সেচ যন্ত্রপাতির জন্য কৃষি ঋণ সরবরাহ বৃদ্ধির হার লক্ষ্য করা যায়। কিন্তু এর পরে তা ক্রমান্বয়ে কমেতে থাকে। সেচ যন্ত্রপাতির আংশিক ভর্তুকী প্রত্যাহার এবং বিতরণ ও পরিচালন ব্যবস্থার পরিবর্তনকে অনেকে এই ঋণ হ্রাসের কারণ বলে মনে করেন। পঞ্চান্তরে ১৯৮৩-৮৪ সালের পর থেকে হালের গরুর জন্য কৃষি ঋণ ক্রমান্বয়ে বৃদ্ধি পেতে থাকে।

পশু সম্পদ ও মৎস্য খাতে কৃষি ঋণ

সামগ্রিক কৃষি খাতের মধ্যে পশু সম্পদ এবং মৎস্য উপখাতের গুরুত্ব কম নয়। এ দুটি উপখাত থেকে আমাদের খাদ্যের জন্য শতকরা প্রায় ৮০ ভাগ আমিষ (প্রোটিন), স্থল দেশজ উৎপাদনের (জিডিপি) শতকরা প্রায় ১০ ভাগ এবং অর্জিত বৈদেশিক মুদ্রার শতকরা প্রায় ২৬ ভাগ এসে থাকে। পশু সম্পদ উপখাতে গ্রামীণ জন সংখ্যার শতকরা প্রায় ২০ ভাগ এবং মৎস্য উপখাতে শতকরা প্রায় ২ ভাগ গ্রামীণ পরিবার নিয়োজিত আছে। এখন পর্যন্ত ফসল উৎপাদন এবং গ্রামীণ এলাকায় পরিবহণের ক্ষেত্রে পশুসম্পদ প্রধান চালিকা শক্তি হিসেবে পরিগণিত।

এ দুটি উপখাতে উন্নয়নের জন্য বিভিন্ন অর্থলগ্নিকারী প্রতিষ্ঠান ঋণ সরবরাহ করে আসছে। বাংলাদেশ কৃষি ব্যাংক, রাষ্ট্রায়ত্ত্ব বাণিজ্যিক ব্যাংকসমূহ, গ্রামীণ ব্যাংক এবং অন্যান্য সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানসমূহের পশুসম্পদ ও মৎস্য সম্পদ উন্নয়নের জন্য ঋণ কার্যক্রম চালু আছে। কিন্তু সামগ্রিক প্রয়োজন এবং উন্নয়ন সম্ভাবনা থাকা সত্ত্বেও এ দুটি উপখাতে ঋণদান কার্যক্রম এখনও আশাব্যঞ্জক নয়। উদাহরণস্বরূপ, ১৯৮১ হতে ১৯৮৭ সাল পর্যন্ত সামগ্রিক কৃষি ঋণের শতকরা মাত্র ১.২০ ভাগ থেকে ৪.৫২ ভাগ পর্যন্ত মৎস্য উপখাত প্রাতিষ্ঠানিক ঋণ পেয়েছে। বাংলাদেশ কৃষি ব্যাংক এবং রাষ্ট্রায়ত্ত্ব অন্যান্য বাণিজ্যিক ব্যাংকসমূহ মৎস্য উপখাতে ১৯৮১ সালে ৮ কোটি টাকা হতে ১৯৮৬ সালে সর্বোচ্চ প্রায় ২৯ কোটি টাকা ঋণ প্রদান করেছে। পরবর্তীতে এই পরিমাণ কমে গিয়ে ১১ কোটিতে এসেছে।

পশুসম্পদ উন্নয়ন, বিশেষ করে হালের গরু ব্যবহারের ক্ষেত্রে (ড্রাফট পাওয়ার) ঋণের পরিমাণ মোট কৃষি ঋণের শতকরা ৪ ভাগ থেকে ১৩ ভাগ পর্যন্ত উঠানামা করেছে গত '৮০'র দশকে। টাকার হিসাবে

১৯৭৯-৮০এ উদ্দেশ্যে (অর্থাৎ হালের গরুর জন্য) প্রায় ১৫ কোটি টাকা থেকে ১৯৮৪-৮৫ সালে সর্বোচ্চ প্রায় ৮৮ কোটি টাকা ঋণ দেয়া হয়। পরবর্তী সময়ে ঋণের পরিমাণ কমে গিয়ে ১৯৮৯-৯০ সালে প্রায় ৬৬ কোটি টাকায় এসে দাঁড়ায়।

অকৃষি খাতে অর্থসংস্থান

বাংলাদেশের গ্রামাঞ্চলে অকৃষি খাতের ঋণের প্রয়োজনীয়তা ক্রমশঃ বাড়ছে। কৃষির প্রবৃদ্ধির ফলে গ্রামাঞ্চলে ব্যবসা-বাণিজ্য ও পরিবহনের চাহিদা অনেক বাড়ছে এবং এসব সেবা প্রদানে ভূমিহীন পরিবারই বেশী এগিয়ে আসছে। মূলধনের অভাবহেতু এসব খাতে নিয়োজিত ভূমিহীন বা স্বল্পবিস্তের লোকদের গ্রামীণ মহাজনদের উপর নির্ভর করতে হয় এবং মহাজন চড়া সুদের মাধ্যমে তাদের উৎপাদনের একটা উল্লেখযোগ্য অংশ আত্মসাৎ করেন। সুতরাং প্রাতিষ্ঠানিক উৎস থেকে ন্যায্য সুদে ঋণ দিলে এসব খাতে ভূমিহীনদের বাড়তি কর্মসংস্থানের ব্যবস্থা ও তাদের আর্থিক অবস্থার উন্নতিসাধন করা যায়। পল্লী উন্নয়নে প্রাতিষ্ঠানিক ঋণের এই ভূমিকা সম্পর্কে সরকারের সচেতনতার ফলে বেশ কিছু সরকারী অর্থলগ্নিকারী প্রতিষ্ঠান পল্লীঋণ সরবরাহ করছে। পল্লীর দরিদ্র জনগণকে ঋণদানের উদ্দেশ্যে প্রাচীনতম প্রতিষ্ঠান সমবায় ব্যাংক ছাড়াও বাংলাদেশ কৃষি ব্যাংক এবং পল্লী উন্নয়ন বোর্ড প্রথম থেকেই নিয়োজিত আছে। মূলতঃ ভূমিহীনদের অকৃষি খাতে ঋণ দেয়ার উদ্দেশ্যে ১৯৮৩ সালে গ্রামীণ ব্যাংক প্রতিষ্ঠা করা হয়। ভূমিহীন, বর্গাচাষী, ক্ষুদ্র ও প্রান্তিক চাষী, বৃত্তজীবী মহিলা এবং বিভিন্ন পেশাজীবী লোকজন যারা সাধারণ নিয়ম অনুযায়ী প্রাতিষ্ঠানিক ঋণ পায় না, তাদের আয় বৃদ্ধির কার্যক্রমে গ্রামীণ ব্যাংক প্রশংসনীয় ভূমিকা রাখছে। এ ছাড়াও স্বনির্ভর বাংলাদেশ কর্মসূচী, টেকী ঋণ প্রকল্প, শিক্ষিত বেকার যুবকদের নিজস্ব উদ্যোগে কর্মসংস্থান প্রকল্প এবং দেশী-বিদেশী বিভিন্ন সাহায্য সংস্থা ও বেসরকারী প্রতিষ্ঠানের (এনজিও) কার্যক্রম গ্রামীণ দরিদ্র জনসাধারণের পুনর্বাসন ও আয়বৃদ্ধির প্রচেষ্টায় নিয়োজিত আছে। তবে এ সমস্ত প্রকল্পের মাধ্যমে ও গ্রামীণ ব্যাংকের ভূমিকাসহ ঋণ সরবরাহের পরিমাণ সামগ্রিক কৃষি ঋণ সরবরাহের পরিমাণের অতি সামান্য অংশ মাত্র।

প্রাতিষ্ঠানিক কৃষি ঋণ কার্যক্রমের বৈশিষ্ট্যসমূহ

অন্যান্য বিষয় ছাড়াও কৃষি ঋণ কার্যক্রমের প্রধান উদ্দেশ্যসমূহ হচ্ছে (ক) ফসল উৎপাদন বৃদ্ধি (খ) আয় বৃদ্ধি, এবং (গ) সঞ্চয় ও বিনিয়োগ বৃদ্ধি করা। এই উদ্দেশ্যসমূহ কতটুকু অর্জিত হয়েছে এবং অর্জিত হয়ে থাকলে তাতে কৃষি ঋণের অবদান কতটুকু তা পরিমাণ করা কষ্টকর। তবে কৃষি উন্নয়নের জন্য উফশী প্রযুক্তি ব্যবহারে প্রচুর পরিমাণে যে অর্থ বিনিয়োগের প্রয়োজন হয়ে পড়ে, তার পুরোটো না হলেও, বেশ কিছু অংশ প্রাতিষ্ঠানিক ঋণের মাধ্যমে সরবরাহ করা সম্ভবপর হয়েছে। যদিও খাদ্যশস্য উৎপাদন প্রক্রিয়ার বিভিন্ন চলকসমূহের পারস্পরিক সম্পর্কের কারণে খাদ্যশস্য উৎপাদনে কৃষি ঋণের অবদান সুনির্দিষ্টভাবে নির্ণয় করা না গেলেও তা যে ধনাত্মক, তাতে কোন সন্দেহ নেই।

বাংলাদেশের কৃষি উন্নয়নে আশানুরূপ ফল না পাওয়ার কারণ হিসেবে বিভিন্ন অর্থলগ্নিকারী প্রতিষ্ঠান কর্তৃক অর্থসংস্থান ব্যবস্থার কতকগুলো বৈশিষ্ট্য আমরা চিহ্নিত করতে পারি। ঋণ গ্রহণের সময় অনেক ক্ষেত্রে পুরোনো ঋণ পরিশোধ করতে হয় যার ফলে ঋণের পুরো টাকাটা কৃষিতে বিনিয়োগ করা তার পক্ষে সম্ভবপর হয় না। অনেক ক্ষেত্রে পারিবারিক প্রয়োজনে বা অন্যান্য জরুরী প্রয়োজনে কৃষি ঋণ ব্যবহার করতে হয়। ফলে উৎপাদন প্রক্রিয়ার এই ঋণের কোন অভিঘাত পরিলক্ষিত হয় না। কোন কোন ক্ষেত্রে

ছেটিখাট ব্যবসা বাণিজ্য ও কৃষি ঋণের ব্যবহার দেখা যায়। কেন না, কৃষির চাইতে এগুলোতে লাভ অনেক বেশী।

দ্বিতীয়তঃ প্রাতিষ্ঠানিক কৃষি ঋণের পরিমাণ উল্লেখযোগ্য ভাবে বৃদ্ধি পেলেও ঋণ গ্রহীতা কৃষকের সংখ্যা সেই তুলনায় বৃদ্ধি পায়নি। একর প্রতি কৃষি ঋণ প্রাপ্তি কিছুটা বৃদ্ধি পেয়েছে। বর্তমানে আংশিক ভর্তুকী প্রত্যাহার ও অন্যান্য কারণে কৃষি উপকরণের মূল্য বৃদ্ধির ফলে একর প্রতি উৎপাদন খরচের তুলনায় তা অনেক কম। এ বিষয়টি কাজীজিত খাদ্যশস্য উৎপাদন না হওয়ার একটি বড় কারণ। বিভিন্ন সমীক্ষায় এবং পর্যালোচনায় দেখা গেছে যে কৃষকের প্রধান সম্পদ ভূমির অসম বন্টন এবং অন্যান্য সামাজিক ও অর্থনৈতিক কারণে ক্ষুদ্র ও প্রান্তিক চাষীরা খুবই অল্প ঋণ পেয়েছেন। প্রাতিষ্ঠানিক ঋণের সিংহভাগই চলে গেছে মাঝারি ও বড় জোতের মালিকদের কাছে। যাহেতু ক্ষুদ্র কৃষকের জোতের আয়তন কম, সেজন্য তার ঋণ গ্রহণ ক্ষমতা খুবই সীমাবদ্ধ। বাংলাদেশ কৃষি ব্যাংক মোট সরবরাহকৃত ঋণের সিংহভাগই বিতরণ করেছে জমি ও ফসল বন্ধকীকরণের উপর। জামানত দেওয়ার মত যথেষ্ট জমি ও সম্পদ নেই বলে ক্ষুদ্র কৃষকেরা প্রাতিষ্ঠানিক ঋণ থেকে বঞ্চিত হয়।

তৃতীয়তঃ আন্তর্জাতিক সার উন্নয়ন কেন্দ্র ও বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল যৌথ ব্যবস্থাপনায় বাংলাদেশের ১৬টি এলাকায় ১৯৭৯-৮০ থেকে ১৯৮১-৮২ পর্যন্ত সারের ব্যবহার এবং কৃষি উৎপাদনে তার প্রতিক্রিয়ার উপর গবেষণা পরিচালনা করে। এতে দেখা যায় যে, ১৯৮১-৮২ সালের বোরো মৌসুমে যাঁরা ঋণ পেয়েছেন তাদের মধ্যে ক্ষুদ্র চাষীর (এক একর খামারের নীচে) সংখ্যা শতকরা মাত্র ১.২ ভাগ ঋণ পেয়েছেন, উদ্বৃত্ত চাষীদের (পাঁচ একরের উপর) সংখ্যা শতকরা ৭.২ ভাগ। ক্ষুদ্র চাষী ঋণ পেয়েছেন একর প্রতি ১৩ টাকা আর উদ্বৃত্ত চাষীর একর প্রতি ৮৪ টাকা। কৃষি ঋণের উপর বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংকের যৌথ পর্যালোচনা থেকে দেখা যায় যে ৩ থেকে ৯ একর জমি চাষ করেন এই ধরনের কৃষকই কৃষি ঋণ থেকে বেশী উপকৃত হচ্ছেন। ১৯৮০-৮১ সালে বাংলাদেশ কৃষি ব্যাংকের বিতরণকৃত ঋণের শতকরা ৩২ ভাগ পেয়েছিলেন ক্ষুদ্র চাষী (২.৫ একরের নীচে) এবং ঋণ বিতরণ বৃদ্ধির সংগে সংগে এই ভাগ কমে আসে (১৯৭৬-৭৭ সালে ছিল শতকরা ৫৫ ভাগ)। ফলে কৃষি ঋণ বড় চাষীদের হাতেই ক্রমাগত কেন্দ্রীভূত হচ্ছে। এদের অনেকেই প্রাপ্য ঋণের একটা অংশ অকৃষি খাতে বিনিয়োগ করেন অথবা জমি কেনেন বা ক্ষুদ্র চাষীদের ঋণ দেন যা মূলতঃ ভোগের খাতেই ব্যয় হয়।

চতুর্থতঃ কৃষি উৎপাদন প্রক্রিয়া অনেকটা প্রকৃতির উপর নির্ভরশীল হওয়ার ফলে কৃষকের জন্য উৎপাদনে ঝুঁকি অনেক বেশী, যা পরবর্তীতে কৃষি ঋণ পরিশোধে অসুবিধার সৃষ্টি করে। কিন্তু প্রচলিত নিয়ম অনুসারে বকেয়া ঋণ পরিশোধ না করলে কৃষককে নতুন ঋণ মঞ্জুর করা হয় না। অথচ প্রাকৃতিক দুর্যোগ বা অন্য কারণে ফসল উৎপাদন ব্যাহত হলে পরবর্তী বছরে কৃষকের ঋণের প্রয়োজন বাড়ে। কাজেই এই নিয়ম প্রাতিষ্ঠানিক ঋণ বিতরণ এবং ঋণ আদায়ের লক্ষ্য অর্জনে প্রতিবন্ধকতার সৃষ্টি করে।

পঞ্চমতঃ কৃষি ঋণ ব্যবহারে ইঙ্গিত ফল লাভের জন্য যথাযথ ব্যবহার এবং তদারকী ব্যবস্থার গুরুত্ব খুবই বেশী। কিন্তু প্রাতিষ্ঠানিক ঋণের ক্ষেত্রে ঋণ ব্যবহারে তদারকী ব্যবস্থার পরিবর্তে শুধুমাত্র ঋণ আদায় কার্যক্রমের উপর জোর দেওয়া হয়। এর ফলে কৃষি ঋণের অপব্যবহার বা অন্য উদ্দেশ্যে ব্যবহার, বিশেষ করে মাঝারি ও বড় কৃষকদের ক্ষেত্রে বেশী দেখা যায়। প্রাতিষ্ঠানিক কৃষি ঋণের বিতরণকৃত ঋণের অনুপাতে কাঙ্ক্ষিত কৃষি উৎপাদন বৃদ্ধির ব্যর্থতার এটিও একটি বড় কারণ।

ষষ্ঠতঃ কৃষি ঋণের ক্ষেত্রে আর একটি উল্লেখযোগ্য দিক হল ঋণ গ্রহীতা কর্তৃক সময়মত ঋণ পরিশোধ না করা। প্রাতিষ্ঠানিক ঋণ আদায়ে পরিস্থিতি ক্রমান্বয়ে অবনতির দিকে এগিয়ে চলছে। ১৯৮০-৮১ সালে আদায়যোগ্য ঋণের শতকরা ৪৯ ভাগ আদায় হয়েছে যা ১৯৯০-৯১ সালে নেমে এসেছে শতকরা মাত্র ১৪ ভাগে। মাঝখানে অবশ্য বকেয়া সুদ মওকুফ এবং ঋণ আদায়ে বিভিন্ন প্রশাসনিক পদক্ষেপ গ্রহণের ফলে ১৯৮৬-৮৭ সালে কৃষি ঋণ পরিশোধের হার উন্নীত হয় শতকরা ৪১ ভাগে। কৃষি ঋণ ফেরৎ না দেওয়ার পিছনে অন্যতম প্রধান কারণ রাজনৈতিক উদ্দেশ্য হাসিলের জন্য সময় সময় সুদ ও আসল মাফ করে দেওয়ার সরকারী ঘোষণা। এজন্য অনেক ঋণগ্রহীতা কালক্রমে খেলাফী ঋণগ্রহীতায় পরিণত হন। ঋণ আদায় পরিস্থিতি পর্যালোচনা করলে দেখা যায় ক্ষুদ্র ও মাঝারী কৃষকদের তুলনায় বড় কৃষকদের ঋণ পরিশোধে অনীহা। সামাজিক এবং অর্থনৈতিক অবস্থানগত কারণে তারা যে শুধু আদায়কারী প্রতিষ্ঠানের চাপ সহ্য করতে বা ঠেকিয়ে রাখতে সমর্থ হন তা নয়, অনেক সময় অন্য প্রতিষ্ঠান থেকে নতুন ঋণ নিয়ে খেলাফী ঋণ পরিশোধ করেন। এর ফলে ঋণের মূল উদ্দেশ্যই ব্যাহত হয়। এ ছাড়া, সময়মত ঋণ সরবরাহ না করা এবং প্রাতিষ্ঠানিক জটিলতা সৃষ্টির মাধ্যমে ঋণের একটি উল্লেখযোগ্য অংশ ব্যাংক কর্মচারী ও মধ্যস্থত্বভোগীরা আত্মসাৎ করার কারণে উপযুক্ত ব্যবহার এবং সময়মত ঋণ পরিশোধের ক্ষেত্রে অন্তরায় সৃষ্টি হয়।

উপসংহার

আলোচ্য প্রবন্ধে বাংলাদেশের কৃষিতে, প্রধানতঃ ফসল উৎপাদনে প্রাতিষ্ঠানিক ঋণের ভূমিকা সাধারণভাবে আলোচনা করা হয়েছে। অকৃষি খাতে গ্রামীণ ব্যাংক এবং অন্যান্য প্রতিষ্ঠানের ভূমিকার মূল্যায়ন গভীরভাবে করা হয়নি।

বাংলাদেশে কৃষি উন্নয়নের বিষয়টিকে বহুদিন যাবত খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জনের সমস্যার সংগে একীভূত করে দেখা হয়েছে। প্রায় সবগুলো পরিকল্পনা দলিলে বিধৃত অন্যতম উদ্দেশ্য বা লক্ষ্য ছিল স্বল্পতম সময়ের মধ্যে খাদ্যশস্যের ঘাটতি পূরণ করে দেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করা। খাদ্য শস্য উৎপাদনে অধিক নির্ভরশীলতার ফলে অমিষ্ণ জাতীয় ও অপরাপর শস্য যথা ডাল, তৈলবীজ, পিঁয়াজ, রসুন এবং শাক-সব্জী প্রভৃতির উৎপাদন আশংকাজনকভাবে কমে গিয়েছে। এই অবস্থা হতে উত্তরণের জন্য চতুর্থ পরিকল্পনা দলিলে ফসল বহুমুখীকরণ কার্যক্রমের উপর জোর দেয়া হয়েছে। তবে এই লক্ষ্য অর্জন করতে হলে প্রয়োজনে কৃষি নীতির পরিবর্তন সাধন করতে হবে এবং ফসল বহুমুখীকরণ কার্যক্রমের জন্য উদার প্রাতিষ্ঠানিক কৃষি ঋণের ব্যবস্থা করতে হবে। দরকার হলে এজন্য বিশেষ কৃষি ঋণ কর্মসূচীও গ্রহণ করতে হবে।

আশির দশকের মাঝামাঝি বেসরকারী ব্যাংক প্রতিষ্ঠার ক্ষেত্রে ব্যাংকিং সেক্টরের উল্লেখযোগ্য পরবর্তন সূচিত হয় ইতোমধ্যে তিনটি রাষ্ট্রায়ত্ত্ব বাণিজ্যিক ব্যাংককে বেসরকারিকরণ করে পাবলিক লিমিটেড কোম্পানীতে পরিণত করা হয়েছে। বর্তমানে প্রায় ১০টি দেশী বেসরকারী ব্যাংক কার্যরত আছে। সরকারের বিধোষিত বাজার অর্থনীতির আলোকে বেসরকারী ব্যাংক বীমা প্রতিষ্ঠানের সংখ্যা বৃদ্ধি হয়ত সামঞ্জস্যপূর্ণ হতে পারে। কিন্তু জাতীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ খাত-কৃষি, মৎস্য ও পশুসম্পদ-উন্নয়নে ক্রমবর্ধমান বেসরকারী ব্যাংকসমূহের ভূমিকা কি হবে তার নিরূপণ করা দরকার। বিষয়টি আরো গুরুত্বপূর্ণ এজন্য যে রাষ্ট্রায়ত্ত্ব বাণিজ্যিক ব্যাংকসমূহের সংগৃহীত আমানত ১৯৮১ সালে মোট আমানতের

শতকরা ৯২ ভাগ থেকে ১৯৯১ সালে শতকরা ৬৭ ভাগে নেমে এসেছে। আর বেসরকারী ব্যাংকসমূহের সংগৃহীত আমানত মোট আমানতের ১৯৮৪-৮৫ সালে শতকরা ১৯ ভাগ থেকে ১৯৯০-৯১ সালে শতকরা ২৮ ভাগে বৃদ্ধি পেয়েছে। পক্ষান্তরে বেসরকারী ব্যাংকসমূহ, যাদের কর্মক্ষেত্র মূলতঃ শহরাঞ্চলে সীমাবদ্ধ, ১৯৯০-৯১ সালে মোট ঋণের শতকরা প্রায় ৮৪ ভাগ ঋণ দিয়েছে ব্যবসা-বাণিজ্য, শিল্প এবং নির্মাণ খাতে। আর কৃষি, মৎস্য ও বন উপখাতে অর্থসংস্থান করেছে মোট ঋণের শতকরা মাত্র ২.৬৭ ভাগ। সরকারী নীতির প্রভাবে এবং সময়ের অথযাত্রায় রাষ্ট্রীয়ত্ব বাণিজ্যিক ব্যাংক খাতের সংকোচন এবং সরকারী ব্যাংক খাতের সম্প্রসারণ কৃষি উন্নয়নে অর্থসংস্থান ক্ষেত্রে সমস্যা সৃষ্টি করতে পারে। এ উদ্দেশ্যে নীতি নির্ধারণ এবং প্রয়োজনে ব্যাংকিং খাতের বর্তমান কাঠামো ও পরিচালনা সংস্কারের চিন্তা-ভাবনা এখন থেকেই শুরু করা দরকার।

থলু পঞ্জী

- ১। বাংলাদেশ ব্যাংক, বার্ষিক প্রতিবেদন, বিভিন্ন সংখ্যা।
- ২। বাংলাদেশ ব্যুরো অব স্ট্যাটিস্টিকস, স্ট্যাটিস্টিক্যাল ইয়ারবুক অব বাংলাদেশ, বিভিন্ন সংখ্যা।
- ৩। বাংলাদেশ কৃষি গবেষণা পরিষদ এবং আন্তর্জাতিক সার উন্নয়ন কেন্দ্র (১৯৮৪)। এগ্রিকালচারাল প্রোডাকশন, ফারটিলাইজার ইউজ এ্যান্ড ইকুইটি কনসিডারেশনস্, রেজাল্টস্ এ্যান্ড এ্যানালিসিস্ অব ফার্ম সার্ভে ডাটা, ১৯৭৯-৮৪।
- ৪। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশের পঞ্চবার্ষিক পরিকল্পনাসমূহ, পরিকল্পনা কমিশন, পরিকল্পনা মন্ত্রণালয়।
- ৫। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং বিশ্ব ব্যাংক (১৯৮৩), বাংলাদেশ এগ্রিকালচারাল ক্রেডিট রিভিউ, আগস্ট ১৯৮৩, ভলিউম ২ ও ৩।
- ৬। মাহবুব হোসেন (১৯৮৫) : "ইনস্টিটিউশনাল ক্রেডিট ফর রুরাল ডেভেলপমেন্ট : এ্যান ওভারভিউ অব দি বাংলাদেশ কেস" দি বাংলাদেশ জার্নাল অব এগ্রিকালচারাল ইকনমিস্, ভলিউম ৮, সংখ্যা-১।
- ৭। মুশরাফ হোসেন (১৯৯১) : এগ্রিকালচার ইন বাংলাদেশ, ইউনিভার্সিটি প্রেস লিঃ ঢাকা।
- ৮। আজিজুর রহমান খান এবং মাহবুব হোসেন (১৯৮১) : দি স্ট্রাটেজি অব ডেভেলপমেন্ট ইন বাংলাদেশ' ম্যাকমিলান প্রেস লিঃ লন্ডন, যুক্তরাজ্য।
- ৯। এস. এ. খান (১৯৯১) : "প্রাইভেটাইজেশন—এ্যান ইভালুয়েশন অব দি ব্যাংকিং সেক্টর ইন বাংলাদেশ" ব্যাংক পরিক্রমা, ভলিউম ১৫ ও ১৬।
- ১০। লুৎফর রহমান এবং অন্যান্যরা (১৯৯০) : ক্রেডিট ইনস্টিটিউশনস্ এ্যান্ড এগ্রিকালচারাল ক্রেডিট সাপ্লাই ইন বাংলাদেশ, আর্থসামাজিক গবেষণা ও প্রশিক্ষণ ব্যুরো, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ময়মনসিংহ।
- ১১। লুৎফর রহমান (১৯৯৩) : "এগ্রিকালচারাল প্রোডাকশন এ্যান্ড ফায়নানসিং বাই ব্যাংকস্ ইন বাংলাদেশ", বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট কর্তৃক আয়োজিত "ব্যাংক এবং কৃষি উন্নয়ন" শীর্ষক সেমিনারে উপস্থাপিত প্রবন্ধ, ১৫ই ফেব্রুয়ারী ১৯৯৩।
- ১২। বিশ্ব ব্যাংক (১৯৯১) : বাংলাদেশ ফিসারিস্ সেক্টর রিভিউ।

প্রফেসর আবু মাহমুদ স্মারক বক্তৃতা :

বিকাশমান অর্থনৈতিক তত্ত্ব ও বাজার অর্থনীতি

মাহবুব উল্লাহ*

(বাজার অর্থনীতি মানব সভ্যতার উৎকর্ষেরই ফল। অর্থনীতি শাস্ত্রের এক বিরাট ও বিপুল অংশ জুড়ে রয়েছে বাজার অর্থনীতি সম্পর্কে প্রত্যক্ষ বা পরোক্ষ আলোচনা। বর্তমান প্রবন্ধে বাজার অর্থনীতির উদ্ভব এবং ধ্রুপদী ও নব্য ধ্রুপদী অর্থনীতি তত্ত্বে বাজারের প্রসঙ্গ বিশ্লেষিত হয়েছে। বাজার অর্থনীতির সঠিক বিশ্লেষণের জন্য প্রয়োজন উৎপাদন ও বিনিময়ের সম্পর্ক উপলব্ধি করা।)

অর্থনৈতিক তত্ত্বের ঐতিহাসিক প্রাসঙ্গিকতা

অর্থনীতিশাস্ত্র একটি বিকাশমান বিজ্ঞান। বিশেষ ঐতিহাসিক মুহূর্তে আমরা যে সকল অর্থনৈতিক সমস্যা বা প্রশ্নের মুখোমুখি হই, তার সবগুলোর জবাব আমাদের জানা থাকে না। কারণ জ্ঞান-বিজ্ঞানের যে কোন শাখারই সর্বতোমুখী বিকাশ অর্জন মানুষের সাধ্যাতীত। অপরদিকে সমাজ বিকাশের ধাপে ধাপে মানুষ নবতর অর্থনৈতিক সমস্যা বা প্রশ্নের সন্মুখীন হয়, সুতরাং প্রশ্নটি উদ্ভূত হওয়ার আগেই সমাধান আশা করা যায় না। অর্থনৈতিক চিন্তাধারার ইতিহাস লিখতে গিয়ে অনেক গবেষকই অর্থনীতি শাস্ত্রের অপূর্ণতার জন্য প্রথমোক্ত কারণটিকে চিহ্নিত করেছেন, কিন্তু দ্বিতীয় কারণটিকেও ছোট করে দেখার তেমন কোন অবকাশ নেই। (দেখুন গলব্রেইথ, ১৯৮৭, পৃঃ ৯)।

মানব সভ্যতার বিকাশের সঙ্গে মানুষের অর্থনৈতিক কর্মকাণ্ড ক্রমান্বয়ে, ধীরে ধীরে ও আঁকা বাঁকা গতিতে বাজার ব্যবস্থা ও বাজার সংকেত দ্বারা নিয়ন্ত্রিত হওয়ার পর্যায়ে উন্নীত হয়ে চলছে। বিকাশের এই ধারা অমসৃণ অসম, কিন্তু নিশ্চিত। দ্রব্য ও সেবার মূল্য কিভাবে নির্ধারিত হয় এবং অর্থনৈতিক কর্মকাণ্ড থেকে প্রাপ্ত আয় কিভাবে সঞ্চিত হয়-এসব প্রশ্নের জবাব আধুনিক অর্থনৈতিক শাস্ত্রে পাওয়া যায়। মূল্য ও বন্টনের তত্ত্ব আধুনিক অর্থনৈতিক শাস্ত্রের মূল প্রতিপাদ্য বিষয়। কিন্তু অতীত কালে দ্রব্য ও সেবার মূল্য নির্ধারণ কিংবা মজুরি সুদ ও মুনাফা প্রভৃতির মাত্রা নিরূপনের প্রশ্নগুলো ছিলো অবাস্তব। গৃহস্থালি ভিত্তিক উৎপাদন ও ভোগের অর্থনৈতিক ব্যবস্থায় মূল্য-তত্ত্বের কোন প্রয়োজন ছিলো না। দাস ভিত্তিক উৎপাদন ব্যবস্থায় মজুরি তত্ত্বেরও কি কোন প্রয়োজন ছিল? সময়ের বিবর্তনে কোন বিশেষ তত্ত্বের প্রাসঙ্গিকতা ও গুরুত্ব কিভাবে হ্রাস পায় তা গলব্রেইথের মতো প্রথাসিদ্ধ বিশ্লেষণের প্রতি সংশয়বাদী অর্থনীতিবিদরাই সাহসের সঙ্গে বলতে পারেন। দারিদ্র্য পীড়িত সমাজে দ্রব্যমূল্য বলতে নিত্যকার অতীব প্রয়োজনীয় জিনিসের দামকেই বোঝায়। চাউল বা আটার দাম থেকে বোঝা যায় মানুষ কি পরিমাণ খাবার পায়। কিন্তু অতি প্রাচুর্যের দেশে রুটির দাম বাড়লে মানুষ সামান্য প্রয়োজনীয় কোন পণ্যের ভোগ হ্রাস করে খাদ্য সামগ্রীর ভোগ বহাল রাখে। কেনা কাটা ও ভোগের অনেক সামগ্রী আছে জীবন যাত্রার উপর যে সবের প্রভাব উল্লেখ করার মতো নয়। সুতরাং অতীত কালের মতো কি দাম দাবী করা হলো কিংবা কি দামে কেনা হলো সেই প্রশ্নটিও প্রায় গুরুত্ব হীন। যে কোন প্রশ্নের গুরুত্ব নির্ভর করে কালিক প্রেক্ষাপটের ওপর (গলব্রেইথ, ১৯৮৭, পৃঃ ৬)।

* ডঃ মাহবুব উল্লাহ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক।

প্রাচীন সমাজে বাজার অর্থনীতি প্রসঙ্গে

গ্রীক নগর রাষ্ট্র ও এথেনীয় সাম্রাজ্যের আমলে এবং পরবর্তীকালে রোমান যুগে বর্তমান কালের মতো অনেক অর্থনৈতিক প্রশ্ন বা সমস্যা দেখা দেয়নি। কৃষিই ছিল গ্রীস ও রোমের প্রধান অর্থনৈতিক কর্ম। পরিবার ছিল উৎপাদনের ইউনিট। শ্রমশক্তির যোগান আসত দাসদের কাছ থেকে। রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক, বুদ্ধিবৃত্তিক ও আবাসিক জীবনের কেন্দ্র ছিল শহরগুলো। এসব শহরগুলোর মধ্যে স্পার্টা, কোরিনথ ও এথেন্সের লিখিত ইতিহাস পাওয়া যায়। আধুনিক অর্থে এসব শহরকে অর্থনৈতিক কর্মকাণ্ডের কেন্দ্র বলা যায় না। শহরে বাজার ও কারিগর শ্রেণী ছিল। কারিগরদের অনেকেই ছিলো দাস। আজ আমরা বাজার অর্থনীতি বলতে যা বুঝি সেকালে তেমন কিছুই অস্তিত্ব ছিলো না। নীরব বিনিময়, উপহার ও উপঢৌকনের আদান-প্রদান, উৎসব পার্বনকে কেন্দ্র করে মেলা, পণ্য-সামগ্রী ফেরি করে বিক্রি করা প্রভৃতি নানা বিবর্তনের পথ পরিক্রমার মধ্য দিয়েই আজকের বাজার অর্থনীতির উদ্ভব (দেখুন হিকস, ১৯৬৯ পৃঃ ২৫-৪১; ব্রদেল, ১৯৮২ পৃঃ ২৫-১৮২)। গ্রীক ও রোমান নগরের বাসিন্দারা গ্রামাঞ্চল থেকে খাদ্য সামগ্রী ও পানীয় সংগ্রহ করত। এসবের মূল্য তারা কিভাবে পরিশোধ করত তা নিয়ে যথেষ্ট সংশয় রয়েছে। তবে এ কথা অনুমান করা যায়, নগরবাসী অনুপস্থিত ভূস্বামীরা খাজনা, নানা ধরনের রাজস্ব ও গ্রামবাসীদের কাছ থেকে জ্বরদস্তিমূলক আদায়কৃত অর্থের বিনিময়ে এসব সামগ্রীর দাম পরিশোধ করত। কিংবা, অনেক সময় এসব উৎপাদিত পণ্যের আকারেই সংগ্রহ করা হতো।

ম্যাক্স ওয়েবারের (১৯৮৭, পৃঃ ১১২-১১৩) মতে দুটি শর্ত পূরণ করলেই একটি অর্থনৈতিক ব্যবস্থাকে বাজার অর্থনীতি বলা যেতে পারে। শর্ত দুটো হলো উপযোগের বস্তুর উৎস সমূহের উপর ব্যক্তিগত মালিকানা এবং বাজারের স্বাধীনতা। উপযোগের বস্তুর উৎসের বাজার যোগ্যতা (Marketability) যতো বাড়বে মানুষের অর্থনৈতিক কর্মকাণ্ড সেই পরিমাণে বাজারমুখী হবে। সম্পত্তির অধিকারকে বস্তুর সম্পদের (?) মধ্যে যতটুকু সীমিত রাখা যাবে বাজারের স্বাধীনতাও সেই পরিমাণে নিশ্চিত হবে। দাসপ্রথা, ভূমিদাস প্রথা এবং বাজারের উপর একচেটিয়া নিয়ন্ত্রণ বাজারের স্বাধীনতাকেই খর্ব করে। এতে মানুষের কর্মকাণ্ড বাজারমুখী হতে বাধাগ্রস্ত হয়। ম্যাক্সওয়েবার আরও মনে করেন যে, বাজার অর্থনীতি সংজ্ঞায়িত করার ক্ষেত্রে অর্থনৈতিক কর্মকাণ্ডের পুঁজিবাদী রূপ গ্রহণের শর্তটি পূরণ হলো কি না—তাতে কিছু যায় আসে না। পুঁজিবাদ বলতে ওয়েবার অর্থনৈতিক কর্মকাণ্ডের 'ক্যাপিট্যাল একাউন্টিং'এর নীতি অনুসরণের কথাই বলেছেন। মানুষের চাহিদা যদি মুদ্রা ভিত্তিক অর্থনীতির মাধ্যমে পূরণ হয়, সেক্ষেত্রে প্রাসঙ্গিক অর্থনৈতিক ব্যবস্থাটিকে পুঁজিবাদী অর্থনীতি বলা না গেলেও সাধারণ অর্থে-বাজার অর্থনীতি বলা যাবে। মুদ্রা অর্থনীতির মাধ্যমে মানুষের অভাব ও চাহিদা পূরণের ব্যবস্থাকে সকল ক্ষেত্রে পুঁজিবাদী মনে করা সঠিক নয়। বস্তুতঃ রাজকুমারদের ওইকস (Oikos) অর্থনীতিতে মুনাফার বৃহত্তর উৎসগুলোর উপর একচেটিয়া নিয়ন্ত্রণের মাধ্যমে মুদ্রা অর্থনীতিও সমান্তরাল ভাবে বিকশিত হয়েছিল। টলেমীর মিশর এর প্রকৃষ্ট উদাহরণ। কালের করাল গ্রাস থেকে রক্ষা পাওয়া নিদর্শনাদি থেকে বোঝা যায়, এ ধরনের অত্যন্ত উন্নত মুদ্রা অর্থনীতিতে রাজকুমারী একাউন্টিং এর নীতি অনুসৃত হতো। রাজস্ব সুবিধার সামন্তায়ন ও মুদ্রা অর্থনীতির চৌহদ্দির প্রসার তখন সমান তালেই চলছিলো। রাজস্ব সূত্রে প্রাপ্ত অর্থ লাভজনক খাতে বিনিয়োগ করা হতো বটে, কিন্তু তা পণ্যের মুক্ত বাজারে বিনিময়ের উদ্দেশ্যে ব্যবহার করা হতো না। অর্থাৎ এই অর্থ পণ্য উৎপাদনের জন্য কাজে

লাগানো হতো না। আধুনিক পাশ্চাত্য বিশ্বের বাইরে এরকম পরিস্থিতি বহুকাল ধরেই বহাল ছিলো। এরিস্টটলের (খৃঃপূঃ ৩৮৪-৩২২) লেখায় অর্থনৈতিক সমস্যাবলীর উপর আলোকপাতের প্রচেষ্টা আমরা লক্ষ্য করি। কিন্তু তিনি যা বলার চেষ্টা করেছেন তাতে সমকালীন অর্থনৈতিক প্রশ্নের তুলনায় নৈতিক প্রশ্নই অধিকতর স্থান পেয়েছে। দাস প্রথার প্রচলনই সম্ভবতঃ এর কারণ। মেহনতের জন্য যেহেতু মজুরি দেওয়া হতো না, সেহেতু মজুরি নির্ধারণের প্রশ্নটিও দার্শনিকদের আলোচনায় স্থান পায়নি। দাস-প্রথার নৈতিক যৌক্তিকতা ও দাসদের প্রতি আচরণের প্রশ্নটি উপভোগ্য আলোচনার বিষয় হিসেবে স্থান পেয়েছিলো। দাস প্রথার সমর্থনে এরিস্টটল বলেছেনঃ

“নিম্নবর্গভুক্তরা স্বভাবতঃ দাস, সকল অধঃস্ত জনের মতো একজন প্রভূর শাসনাধীনে থাকাই এদের জন্য মঙ্গল.....বস্তুতঃ পোষা জন্তু ও দাসদের ব্যবহারে তেমন কোন পার্থক্য নেই।” (এরিস্টটল, পৃঃ ১০)। টাকা ধারের বিনিময়ে সুদ প্রদানের ক্ষেত্রে এরিস্টটলীয় গ্রীসের গৃহস্থালি অর্থনীতিতে নৈতিকতার প্রশ্নটিই কেবলমাত্র বিবেচিত হয়েছে। উৎপাদনে বিনিয়োগ করে আয় বাড়ানোর জন্য সুদে ধার করা অর্থ ব্যবহারের সুযোগ না থাকায় ভাগ্য বিড়ম্বিত ব্যক্তিরাই তখন ভোগের প্রয়োজনে টাকা ধার করতো। এরিস্টটল সুদ গ্রহণের নিন্দা করেছিলেন। তিনি মনে করতেন, টাকার ব্যবহার হবে বিনিময়ের জন্য, টাকা বাড়ানোর জন্য নয় (এরিস্টটল, পৃঃ ২০)। তাই প্রাচীন বিশ্বের মজুরি ও সুদবিহীন অর্থনৈতিক ব্যবস্থায় আধুনিক অর্থে মূল্য তত্ত্বের কোন স্থান ছিলো না। কোন না কোন ভাবে দামের সঙ্গে উৎপাদনের ব্যয়ের একটা সম্পর্ক থাকে। দাস মালিকদের উৎপাদন প্রয়াসে ব্যয়ের কোন দৃশ্যমান ভূমিকা ছিলো না। এরিস্টটল তাই কেবলমাত্র দ্রব্যমূল্যের ন্যায্যতার প্রশ্নটি নিয়ে ব্যাপৃত ছিলেন। বাজার নির্ধারিত মূল্য, নৈতিকতার মাপকাঠিতে নির্ধারিত মূল্য অপেক্ষা যৌক্তিক কিনা-এই প্রশ্নটিই গত দু’হাজার বছর চিন্তাবিদদের আন্দোলিত করেছে। ব্যবহারিক দিক থেকে অত্যন্ত প্রয়োজনীয় অনেক জিনিসের দাম ব্যবহারিক দিক থেকে কম প্রয়োজনীয় অনেক জিনিসের দাম অপেক্ষা কম-এই বৈপরীত্য এরিস্টটলকে ভাবিয়ে তুলেছিলো। এর মধ্যেও তিনি নৈতিকতার অনুপস্থিতি দেখতে পেয়েছিলেন। টাকা দিয়ে টাকা উপার্জন করার মধ্যে নৈতিকতাহীনতা দেখতে পেলেও এরিস্টটল টাকার ভূমিকা সম্যক উপলব্ধি করতে পেরেছিলেন। তিনি বলেছেনঃ জীবনের অনেক প্রয়োজনীয় সামগ্রী সহজে বহন করা যায়, এবং সে কারণে মানুষ একে অপরের সংগে লেনদেনের জন্য এমন কিছু ব্যবহার করতে সম্মত হলো যা ছিলো নিজগুণেই কাজে লাগার মতো ও জীবনের প্রয়োজনে অনায়াসেই ব্যবহারযোগ্য, দৃষ্টান্ত স্বরূপ, লৌহ, রৌপ্য, এবং এ ধরনের সামগ্রী। প্রথমতঃ এসবের মূল্য আকার ও ওজন দিয়ে নিরূপন করা হলো, কিন্তু সময় অতিক্রান্ত হলে ওজন ও মূল্য পরখ করার ঝামেলা এড়ানোর জন্য তারা এ সবের ওপর সীলমোহর বসালো। (এরিস্টটল, পৃঃ ১৯)।

সক্রেটিসের শিষ্য যেনোফন (খৃঃপূঃ ৪৪০-৩৫৫) এডাম স্মীথের অনেক কাল আগেই শ্রম বিভাগের অর্থনৈতিক উপযোগিতা উপলব্ধি করতে পেরেছিলেন। তিনি বলতে পেরেছিলেন। ছোট শহরের তুলনায় বড় শহরের বাণিজ্যের মাধ্যমে বিশেষায়ন অর্জনের অধিকতর সুযোগ রয়েছে। যেনোফন আরও বলেছেন যে, উন্নত কৃষি বলয়ে বেষ্টিত নগরী তুলনামূলক ভাবে অধিকতর সমৃদ্ধ। পর্যটকদের আগমন ঘটলে নগরীর সমৃদ্ধি বৃদ্ধি পায়—এটাও তিনি বুঝতে পেরেছিলেন। রোমানদের লেখায় কৃষির অর্থনৈতিক গুরুত্বের উল্লেখ পাওয়া যায়। দাস ব্যবস্থা যে কৃষি উৎপাদনের জন্য সহায়ক নয়—আমরা সেকথা জানতে

পারি রোমান দার্শনিক প্লিনির লেখা থেকে। প্লিনি মনে করতেন, সংশোধনগার থেকে ছাড়া পাওয়া দাসদের হাতে কৃষি কাজ ছেড়ে দেওয়া সুবিবেচনা প্রসূত নয়। দাসদের কাজ দেওয়া আর হতাশ মানুষদের কাজ দেওয়াতে কোন তফাৎ নেই। আরো অবাধ লাগে যখন আমরা দেখি, বিরাটকায় কৃষি খামারগুলোর তুলনায় পারিবারিক খামারগুলোর দক্ষতা প্লিনির নজরে এসেছিল। অর্থনীতির ক্ষেত্রে রোমানদের একটি বিরাট অবদান হলো ব্যক্তিগত সম্পত্তির ও তাতে আইনের ভূমিকা উপলব্ধি করতে পারা।

মধ্যযুগের ইউরোপে বাজার সম্পর্কের বিকাশ হচ্ছিলো, তবে আধুনিক যুগের মতো তা প্রাত্যহিক জীবনযাত্রার সঙ্গে ওতপ্রোত ভাবে জড়িয়ে যায় নি। সে সময় ইউরোপে ছোট ছোট অনেক শহর গড়ে উঠেছিলো, তাছাড়া রাজনৈতিক মানচিত্রও ছিলো নানা সামন্ত অধিপতি শাসিত ভূখণ্ডে বিভক্ত। এই সব জনপদের বহুমুখী চাহিদা সরবরাহ করতে বণিকশ্রেণীর উদ্ভব হলো। স্থানীয় গিল্ডের কারিগররাও নানা চাহিদা পূরণ করতেন। অর্থনৈতিক কর্মকাণ্ডে গিল্ডের ভূমিকা ছিলো বেশ গুরুত্বপূর্ণ। এই প্রতিষ্ঠানটি কারিগরি মানের নিশ্চিতকরণ, সামাজিক আচার-আচরণের সঙ্গে সাযুজ্য বজায় রাখা, উর্ধ্বতনের প্রভাব-প্রতিপত্তি সংরক্ষণ, জার্মানদের বেতন ও মূল্য নিয়ন্ত্রণের দায়িত্ব পালন করত। স্পষ্টতঃ এই প্রতিষ্ঠানের ভূমিকা মূল্য নির্ধারক বাজার প্রক্রিয়ার সহায়ক ছিলো না। বাজারে প্রতিযোগিতা ও নৈর্ব্যক্তিকতা কার্যকরী না হওয়ার ফলে দর কষাকষিতে উচ্চ-নীচ, সবল ও দুর্বল মুখোমুখি হতো প্রতিনিয়ত। এর ফলেই 'ন্যায্য মূল্যের' প্রশ্নটি উত্থাপন জরুরী হয়ে পড়েছিলো। তাই সেন্ট টমাস একুইনাকে বলতে দেখিঃ

"আমার জবাব হলো, কোন জিনিস তার ন্যায্য মূল্য অপেক্ষা অধিকতর দামে বিক্রয়ের ঘোষিত উদ্দেশ্যে ঠগবাজীর আশ্রয় নেওয়া পাপাচার। যথার্থ মূল্য অপেক্ষা কোন জিনিস চড়া মূল্যে বিক্রয় করা অথবা সত্তা দরে ক্রয় করাই অন্যায্য ও বেআইনী" (সেন্ট টমাস একুইনা, পৃঃ ৫৪-৫৫, ১৯২৪)।

অর্থনৈতিক প্রবণতাকে এভাবে ধর্মীয় নৈতিকতার মানদণ্ডে বিচার করার প্রচেষ্টা করা হয়েছিলো। নৈতিকতা ও বাজারের এই দ্বন্দ্ব পাপ-পুণ্যের ভেদ-রেখায় স্থির থাকেনি। 'বিষয়টি বাজারের কাছে ছেড়ে দাও', 'বাজার যা সহিবে সে পরিমাণেই দাম ধরা হবে', 'বাজারে হস্তক্ষেপ করোনা' কিংবা 'একজন কেবল মাত্র ন্যায্য বাজারমূল্যই দাবী করতে পারে'- এসব উক্তি প্রমাণ করে বাজারের মানদণ্ডেই আধুনিক নৈতিকতা নির্ধারিত হয় (গলব্রেইথ, পৃঃ ২৬, ১৯৮৭)।

ভরদ্বাজ (পৃঃ ১২, তারিখ বিহীন) মধ্যযুগে ন্যায্য মূল্যের প্রশ্নে উদ্বেগের বিষয়টির একটি ভিন্নতর ব্যাখ্যা দিয়েছেন। তাঁর মতে, মধ্যযুগে বিশেষ অবস্থার পরিপ্রেক্ষিতে (মুষ্টিমেয় উৎপাদনকারী কর্তৃক উদ্ভূত সৃষ্টি ও অভ্যন্তরীণ বিনিময়ের সীমিত বিকাশ) ও সামাজিক পুনরোৎপাদনের প্রয়োজনের আলোকে ন্যায্য মূল্যের প্রশ্নটিকে বিচার করতে হবে। ন্যায্য মূল্যের মাধ্যমে বিভিন্ন উৎপাদনকারীর জন্য বায় ও পরিশ্রম অনুযায়ী প্রাপ্য নিশ্চিত করা বা 'প্রথাগত বাঁচার মত মজুরি নিশ্চিত করাই ছিলো মূল উদ্দেশ্য। ধারণাটি নৈতিকতার মোড়কে হাজির করা হলেও সমাজের বস্তুগত অবস্থা ও উৎপাদনের প্রয়োজনের প্রশ্নটিই ছিলো মূল বিবেচ্য বিষয়।

প্রাচীন ও মধ্যযুগের দার্শনিকরা অর্থনীতির নানা প্রশ্নের ওপর আলোকপাত করলেও বাজারবিহীন অর্থনীতি থেকে বাজার অর্থনীতিতে উত্তরণের কোন তাত্ত্বিক ব্যাখ্যা তাঁরা হাজির করতে পারেননি। একথা সত্য যে, আজ পর্যন্ত ও বিষয়টির ওপর সন্তোষজনক তত্ত্বের অভাব রয়ে গেছে। অর্থনৈতিক নৃ-বিজ্ঞানী কার্ল

পোলানই সমস্যাটির একটা ব্যাখ্যা দেওয়ার চেষ্টা করেছেন। এতে আমাদের ঔৎসুক্য আংশিক ভাবে মিটতে পারে। পোলানই (১৯৬৭, পৃঃ ৬৪-৯৪) মনে করেন, যেই মুহূর্তে বাজারবিহীন অর্থনীতিতে বাজার অর্থনীতির মর্মবস্তুর একটি উপাদানও স্থান করে নিতে সক্ষম হয় সেই মুহূর্ত থেকে শুরু হয়ে যায় বাজার সম্পর্কের অভিযাত্রা। পুরানো ব্যবস্থাকে ধ্বংস করে তার জায়গায় বাজার অর্থনীতি নিজেকে প্রতিষ্ঠিত করে। পোলানই দু'ধরনের বিনিময় ব্যবস্থার কথা বলেছেন, (১) পুনর্বন্দন ও পারস্পরিকতার ভিত্তিতে নির্ধারিত হারে বিনিময় এবং (২) দর কষাকষিতে নির্ধারিত হারে বাজার ব্যবস্থার বিনিময়। এই দুই ধরনের বিনিময় ব্যবস্থার মধ্যে কাঠামোগত বিরোধ নেই, কিন্তু বিরোধের সূত্রপাত হয় ব্যক্তির সমাজ-মনস্তাত্ত্বিক প্রবণতার ফলে। পুনর্বন্দন ও পারস্পরিকতা ভিত্তিক সমাজ বিরোধ ও উত্তেজনাকে ঠাই দিতে পারে না। এই ধরনের সামাজিক অর্থনীতির অপরিহার্য ও অবিচ্ছেদ্য ভূমিকা হলো মৌলিক চাহিদা পূরণ তথা আত্মপোষণের পরিমন্ডলকে ধারণ। এ পরিস্থিতিতে যে কোন পরিমন্ডলে মুনাফার সম্ভাবনা দেখা দিলে সমাজ-মনস্তাত্ত্বিক চারিত্রের সহায়তায় বাজার অর্থনীতির মর্মবস্তু সমাজে নিজের জন্য আসন তৈরি করে নেয়। বিশেষ করে আত্মপোষণের প্রধানতম সামগ্রী খাদ্য দ্রব্যকে কেন্দ্র করে বাজার সম্পর্কের অগ্রাভিযান শুরু হয়। ইতিহাসে এথেনীয় এগোরা (শহর বহির্ভূত খাদ্যের বাজার) এই প্রক্রিয়ার অন্যতম দৃষ্টান্ত। অর্থনৈতিক সংহতি আনয়নে বাজার ব্যবস্থার অপরিসীম ক্ষমতার অভিঘাতে পুনর্বন্দন ও পারস্পরিকতা ভিত্তিক পরিমন্ডলটি ক্রমান্বয়ে গৌণ হয়ে পড়ে।

ধ্রুপদী অর্থনৈতিক তত্ত্বে বাজার প্রসঙ্গ

কেবলমাত্র বুদ্ধিবৃত্তিক বিলাসিতা চারিতার্থ করার জন্য অর্থনৈতিক তত্ত্বের উদ্ভব হয় নি। ইতিহাসের কাল পরিক্রমায় মানুষ যে সব অর্থনৈতিক সমস্যার মোকাবেলা করেছে সেসব সমস্যা সমাধানের প্রয়াস থেকেই অর্থনৈতিক তত্ত্বের উৎপত্তি। কিন্তু কোন সমস্যারই শ্রেণীনিরপেক্ষ সমাধান নেই। তত্ত্ব নির্মাণ করতে গিয়ে সাধারণতঃ দাবী করা হয়, আলোচ্য তত্ত্বটি সামগ্রিক বিচারে গ্রহণযোগ্য। বৃটেনে ইস্তেহার আন্দোলনের প্রাথমিক কালে এমনটি প্রায়ই ঘটতো। যখন একাধিক সমস্যার মধ্যে একটা যোগসূত্র আবিষ্কার করা সম্ভব হতো, তখন সামাজিক প্রক্রিয়ার আলোকে যে তাত্ত্বিক কাঠামো দাঁড় করানো হতো, তা নিছক সমস্যা সমাধানের প্রয়াস ছিলো না। সমাজ সম্পর্কে একটা দৃষ্টিভঙ্গি ও এর অন্তরালে থাকত। একেই আমরা বলতে পারি মতাদর্শ বা 'ইডিওলজি'। ধ্রুপদী রাজনৈতিক অর্থনীতির ক্ষেত্রে ফিজিওক্র্যাট অর্থনীতিবিদরা ও এডাম স্মিথ এরকম সামষ্টিক তাত্ত্বিক কাঠামো নির্মাণে সক্ষম হয়েছিলেন। তাৎক্ষণিক সমস্যার নিরসনকল্পে উদ্ভাবিত এইসব খন্ড খন্ড তাত্ত্বিক কাঠামো সর্বকালে সর্ব পরিস্থিতিতে প্রযোজ্য-এমন একটা ধারণা এসব অর্থনীতিবিদদের লেখায় প্রতিফলিত হয়েছে। মার্কস এই ত্রুটিপূর্ণ ধারণার প্রতি অঙ্গুলি নির্দেশ করেছেন। তিনি বুঝতে পেরেছিলেন, সমাজ বিকাশের ধারা এক উৎপাদন ব্যবস্থা থেকে অন্য উৎপাদন ব্যবস্থায় উত্তরণের মাধ্যমে এগিয়ে চলে। সুতরাং সামাজিক অর্থনীতির ক্ষেত্রে সর্বব্যাপক তত্ত্বের কাজ হলো সুনির্দিষ্ট উৎপাদন ব্যবস্থার অভ্যন্তরীণ যৌক্তিক সম্পর্কগুলো ও এর উত্তরণ সমস্যাগুলো সূত্রবদ্ধ করা।

ধ্রুপদী রাজনৈতিক অর্থনীতির উদ্ভব, সামন্তবাদ ও বাণিজ্যবাদের জঠর থেকে পুঁজিবাদের আবির্ভাবের সঙ্গে অঙ্গাঙ্গিভাবে সম্পর্কিত। ক্ষয়িষ্ণু সামন্তবাদ ও বাণিজ্যবাদের নিয়ন্ত্রণমুখী নীতি সমূহ পুঁজিবাদের বিকাশমান উৎপাদিকা শক্তির উপর প্রচণ্ড বাধার সৃষ্টি করেছিলো। এ সময়ের প্রধান প্রশ্ন ছিলো, একটি জাতির

সাধারণ সমৃদ্ধি ও সম্পদ কিসের উপর নির্ভরশীল? প্রাপ্ত উদ্বৃত্তের উপরই জাতীয় সম্পদ ও সমৃদ্ধি নির্ভর করে— এই বক্তব্যই এই সময় সাধারণ গ্রহণযোগ্যতা অর্জন করে। উদ্বৃত্ত সম্পর্কিত যেসব তাত্ত্বিক জিজ্ঞাসা এসময় দেখা দেয় সেগুলো হলো (ক) উদ্বৃত্তের উপাদান সমূহ কি এবং কিসের দ্বারা এর পরিমাণ নির্ধারিত হয়? (খ) উদ্বৃত্তের আকার বৃদ্ধি কি দিয়ে নির্ধারিত হয়? (ঙ) উদ্বৃত্তের আকার বাড়ার সঙ্গে সঙ্গে এর উপর দাবীদার বিভিন্ন শ্রেণীর হিস্যা কিভাবে নিরূপিত হয়?

এসব প্রশ্নের জবাব নিয়ে ধ্রুপদী রাজনৈতিক অর্থনীতির তাত্ত্বিকদের মধ্যে চিন্তার বিভিন্নতা আছে, তবে অনুসন্ধানের বিষয়ে মিল থাকার ফলে এঁদের মধ্যে একটা সাধারণ এ্যাগ্রোচ ও লক্ষ্য করা যায়। এঁরা পুঁজিবাদী অর্থনৈতিক ব্যবস্থাকে 'উৎপাদন' ও 'সঞ্চালনের' পরিমন্ডলে ভাগ করেছেন। উদ্বৃত্ত সংক্রান্ত প্রশ্নগুলোর সন্তোষজনক জবাব পাওয়ার জন্য সমগ্র অর্থনীতিকে এভাবে দুটি পরিমন্ডলে ভাগ করে তাদের আন্তঃসম্পর্ক বুঝা প্রয়োজন। বস্তুতঃ বাজার অর্থনীতির বিশ্লেষণে এটি একটি উপযোগী পদ্ধতি।

বাণিজ্যবাদীরা মনে করতেন, একটি অর্থনীতিতে উদ্বৃত্ত সৃষ্টি হয় সঞ্চালনের পরিমন্ডলে। 'পণ্যের মালিকানা হস্তান্তরজনিত লাভ', 'সুলভে ক্রয় করে চড়া দামে বিক্রয় করা', 'একচেটিয়াবাদী নিয়ন্ত্রণ' ও নিয়ন্ত্রণবাদী নীতির মাধ্যমে উদ্বৃত্ত সৃষ্টির বাণিজ্যবাদী ধারণাকে ধ্রুপদী রাজনৈতিক অর্থনীতিবিদরা যথার্থভাবে প্রশ্ন করেছেন। এডাম স্মিথের 'ওয়েলথ অব ন্যাশনস' গ্রন্থের অন্যতম পতিপাদ্য হলো, উৎপাদনের বস্তুগত সমস্যার ভিত্তি এবং উৎপাদনের পরিমন্ডলে উদ্বৃত্ত সৃষ্টি ও সঞ্চয়ন বিশ্লেষণ। এডাম স্মিথ বাণিজ্যকে উদ্বৃত্তের সৃষ্টিকারী হিসেবে নাকচ করে দিয়েছেন। 'একটি প্রতিযোগিতামূলক পুঁজিবাদী অর্থনীতিতে উৎপাদনের ক্ষেত্রে উদ্বৃত্তের উৎপত্তি হয়'— একথা ধ্রুপদী রাজনৈতিক অর্থনীতিবিদরা বার বার উচ্চারণ করেছেন। মার্কস অত্যন্ত পরিষ্কার ও স্পষ্ট ভাবে দেখাতে সফল হন যে, উদ্বৃত্ত উৎপাদনের পরিমন্ডলেই উদ্ভূত হয়, কিন্তু সঞ্চালনের পরিমন্ডলে আত্মীকৃত হয়। পুঁজিবাদী সঞ্চয়ন প্রক্রিয়ার উপর এর প্রভাবও তিনি বিশ্লেষণ করতে সক্ষম হন। উদ্বৃত্ত সৃষ্টিতে উৎপাদন পরিমন্ডলের এই ভূমিকা মার্কসকে শ্রম প্রক্রিয়া সম্পর্কে গভীরতর অনুসন্ধান ও বিশ্লেষণ করতে অনুপ্রাণিত করে উদ্বৃত্ত কারা আত্মসাৎ করে এবং কোন প্রক্রিয়ায় কতটুকু করে—এই বিশ্লেষণই শ্রেণী-বিশ্লেষণের পদ্ধতি। মজুরি ও মুনাফার হারের সমতার শর্তে প্রতিযোগিতা মূলক পুঁজিবাদী অর্থনীতিতে উদ্বৃত্ত মজুরি, খাজনা ও মুনাফার আকারে বন্ডিত হয়। বাজারে বিনিময় মূল্য বা স্বাভাবিক মূল্যের মাত্রা অর্থনৈতিক ব্যবস্থার পুনরোৎপাদন নিশ্চিত করে। পণ্যের স্বাভাবিক মূল্য পণ্যের উৎপাদনের জন্য ব্যবহৃত সকল বস্তুগত উপাদানের স্বাভাবিক মূল্য ও স্বাভাবিক হারে প্রদেয় মুনাফা ও মজুরি দ্বারা নির্ধারিত হয়।

মার্কস স্বাভাবিক মূল্যের ধারণাটিকে আরো শানিত করে উৎপাদনের মূল্য বা 'প্রাইসেস অব প্রডাকশন' আখ্যায়িত করে হাজির করলেন। মূল্য নির্ধারণের জন্য নির্ধারক উপাত্তগুলো হলো কাম্য চাহিদা (ইফেকচুয়েল ডিমান্ড), উৎপাদন পদ্ধতি ও সামাজিক ভাবে নির্ধারিত মজুরি। উৎপাদনের মূল্যকে এই সব উপাত্তের সঙ্গে সংগতিপূর্ণ হতে হবে এবং এই সম্পর্কগুলো পুনরোৎপাদনের জন্য সহায়ক হতে হবে। উৎপাদনের বিকাশ, শ্রমের উৎপাদনশীলতা, মজুরি ও উৎপাদন পদ্ধতি, মুনাফার হার এবং সঞ্চয়নের প্রক্রিয়ার মধ্যে যে গতিময় আন্তঃসম্পর্ক বিদ্যমান এর বিশ্লেষণই ধ্রুপদী অর্থনীতিবিদরা ব্যাপ্ত ছিলেন। নব্য-ধ্রুপদী তত্ত্বের মত এইসব উপাত্তের মধ্যে আন্তঃক্রিয়া আপেক্ষিক মূল্যের পরিবর্তন দ্বারা সকল ক্ষেত্রে বা সবসময় নির্ধারিত হয় না। উৎপাদন ব্যবস্থার বিকাশের স্তরে এই কার্যকারণ সম্পর্কগুলো অনেক সময় ঐতিহাসিকভাবে নির্ধারিত হয়। ঐতিহাসিকভাবে অর্থনৈতিক সম্পর্কে যেসব পরিবর্তন আসে ধ্রুপদী

অর্থনীতি সেসব পরিবর্তন সহজে বিশ্লেষণের আওতায় নিয়ে আসতে পারে।

বন্টন নিশ্চিত করে। দুটো জিনিসকে তাঁরা সত্য বলে ধরে নিয়েছিলেন : (১) ব্যাখ্যাশীল কিছু শক্তি অর্থনীতিতে পূর্ণ নিয়োগ পর্যায়ে উৎপাদনকে ধরে রাখে ; (২) ব্যক্তি স্বার্থ সর্বদাই গণস্বার্থে কাজ করে। বাস্তবে কিন্তু অর্থনীতিতে অমনটা কখনই ঘটে দেখা যায়নি। তার মানে দাঁড়াচ্ছে এই যে, ধ্রুপদীদের এ স্বতঃসিদ্ধগুলো ছিল সম্পূর্ণ অবাস্তব। তাঁরা আসলে প্রকৃতির নিয়মের সাথে অর্থনীতির নিয়মের একটা সামঞ্জস্য খুঁজে পেয়েছিলেন। আর এটাই ছিল তাঁদের ভুল। এখান থেকেই পরবর্তীতে শুরু হয় সাময়িক চিন্তা ধারার। এ চিন্তা ধারার অগ্রদূত বলা যায় মালথাসকে। কারণ তিনিই সর্বপ্রথম “অদৃশ্য হাতের” অর্থনৈতিক শক্তির ব্যাপারে গুরুতর সন্দেহ প্রকাশ করেন এবং যুক্তি প্রদর্শন করেন যে, মোট চাহিদা যথেষ্ট নাও হতে পারে। তবে একাধিক দিক দিয়ে ধ্রুপদী ঐতিহ্যের সবচেয়ে সুস্পষ্ট ব্যতিক্রম ছিলেন কার্লমার্ক্স। একমাত্র তিনিই সর্বপ্রথম সমস্ত অর্থনৈতিক ব্যবস্থার একটা সন্তোষজনক ব্যাখ্যা দিতে সক্ষম হন। বোল্ডিং-এর ভাষায়, “পুঁজি গ্রহণের রচয়িতা মার্ক্সই সর্বপ্রথম চেষ্টা করেন অর্থনৈতিক ব্যবস্থার সকল সমস্যাগুলোকে বিশ্লেষণ করতে, অর্থনৈতিক জীবন ও সম্পর্কসমূহের একটা চিত্র নির্মাণ করতে সংশ্লেষণকারী সিন্থিসিস করতে যা তাঁর পূর্ববর্তী অর্থনীতিবিদরা করতে পারেননি বা করতে চাননি”। ডোমার আর একটু স্পষ্ট করে বলেন, “মার্ক্সই হচ্ছেন আধুনিক প্রবৃদ্ধি বিশ্লেষণের অগ্রদূত। কারণ পুঁজিবাদী অর্থনীতিতে যে প্রবৃদ্ধি দরকার সে ধারণাটা তিনিই দিয়েছিলেন”। মার্ক্স সম্পর্কে এ ধরনের মূল্যায়ন ছিল স্বাভাবিক। কারণ তার বিশ্লেষণ পদ্ধতি ছিল সম্পূর্ণ বৈজ্ঞানিক। অর্থাৎ তাঁর পূর্বসূরীদের থেকে একেবারেই ভিন্ন। তিনিই সর্বপ্রথম অর্থনৈতিক বিশ্লেষণে কাঠামোগত পদ্ধতি প্রয়োগ করেন। আর এভাবেই তিনি পুঁজিবাদী অর্থনীতির এনাটমি করতে সফল হন এবং তাঁর বিখ্যাত তত্ত্ব—সমাজতত্ত্বের বা সমাজতাত্ত্বিক উৎপাদন ব্যবস্থার তত্ত্ব উদ্ভাবন করতে সক্ষম হন।

অর্থনৈতিক চিন্তা ধারা বিকাশের আধুনিক পর্যায়ে এসে আমরা দেখতে পাই যে, সমষ্টিক চিন্তাধারা ক্রমান্বয়ে প্রাধান্য বিস্তার করতে থাকে। তবে এ কাজে যাদের অবদান উল্লেখযোগ্য তারা হচ্ছেন যথাক্রমে ওয়ালরাস, উইকসেল, ফিসার ও কেইন্স। এদের মধ্যে কেইন্সের অবদান যুগান্তকারী এবং সবচেয়ে বেশী। বলা হয়ে থাকে তিনি তার বিখ্যাত সাধারণ তত্ত্বের মাধ্যমে সমষ্টিক অর্থনৈতিক চিন্তা ধারার বিকাশের ক্ষেত্রে এক বিপ্লব সাধন করেন। ১৯৩৬ সালে কেইন্সের প্রধান গ্রন্থ “The General Theory of Employment, Interest and Money” প্রকাশিত হয়। এ গ্রন্থে তিনি তাঁর বিখ্যাত অর্থনৈতিক মতবাদ প্রকাশ করেন যা পরবর্তীতে “কেইনিসিয়ান অর্থনৈতিক মতবাদ” নামে আখ্যায়িত হয়। এখানে স্মরণ রাখা দরকার যে, তিনি তাঁর মতবাদ দেন এমন একটা সময়ে, যখন পুঁজিবাদ তার সাধারণ সংকট কালের প্রথম পর্ব অতিক্রম করছিল। তিনি তাঁর “সাধারণ তত্ত্ব” পুঁজিবাদকে তার সংকট থেকে বাঁচানোর জন্য রাষ্ট্রের অর্থনৈতিক ভূমিকা বৃদ্ধি ও জোরদার করার উপর গুরুত্ব আরোপ করেন। আর এভাবেই তিনি আধুনিক পুঁজিবাদী অর্থনীতিতে রাষ্ট্রীয় একচেটিয়া নিয়ন্ত্রণ ব্যবস্থার গোড়া পত্তন করেন। কারণ যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্রসহ সংকট আক্রান্ত প্রায় সবগুলো উন্নত পুঁজিবাদী রাষ্ট্রই কেইন্সের মতবাদকে তাদের অর্থনীতির দিক নির্দেশনা হিসেবে গ্রহণ করেছিল এবং প্রকৃতপক্ষেই উপকৃত হয়েছিল। আর দ্বিতীয় মহাসমরের পর সারা পুঁজিবাদী দুনিয়ায় কেইন্সের মতবাদ সাংঘাতিক জনপ্রিয় হয়ে উঠে। এ জনপ্রিয়তা কিন্তু বেশী দিন থাকলো না। কারণ কেইন্সের

মতবাদ গ্রহণ করে পুঁজিবাদী রাষ্ট্রসমূহ তাদের সংকটের প্রথম ধাপ অতিক্রম করলো ঠিকই, কিন্তু সত্তরের দশকে এসে তারা আবার সংকটে পতিত হলো— প্রবেশ করলো দ্বিতীয় ধাপে। এতে প্রমাণিত হয় কেইন্সের মতবাদের লুক্কায়িত অসারতা। আজকে পুঁজিবাদী দেশগুলোর, বিশেষ করে, যুক্তরাষ্ট্র ও পশ্চিম ইউরোপ, পশ্চিম ইউরোপ ও জাপান, জাপান ও যুক্তরাষ্ট্রের মধ্যে যে অর্থনৈতিক ও বাণিজ্যিক লড়াই সেটা কিসের আলামত? নিশ্চয়ই আরও গভীর ও নতুন সংকটের। সুতরাং কেইন্সীয় মতবাদ পুঁজিবাদের সংকটের স্থায়ী কোনও সমাধান দিতে পারেনি। সংকটকে বরং আরও একটু ভিন্ন ও উচ্চতর স্থানে নিয়ে গেছে মাত্র। আর তাই প্রফেসর কেনেথ কুরিহারা যখন বলেন, “কেইন্সের বিশ্লেষণটা ছিল মূলতঃ যান্ত্রিক ভারসাম্য বিশ্লেষণ, কারণ ঐতিহাসিকভাবে একটা নির্দিষ্ট সময়ের জন্য পুঁজিবাদী অর্থনীতির ভারসাম্য প্রক্রিয়ার অনুসন্ধান করাই ছিল তাঁর পদ্ধতি”, তখন তার সাথে একমত পোষণ না করে পারা যায় না।

আসলেই কেইন্সের বিশ্লেষণটা ছিল যান্ত্রিক। আর এখানেই মার্ক্সের সাথে তাঁর বিশ্লেষণের মৌলিক পার্থক্য। এখানে উল্লেখ করা প্রয়োজন যে, মার্ক্স কেইন্সের প্রায় একশো বছর পূর্বে পুঁজিবাদের এনাটমী করেছিলেন। মার্ক্সের পদ্ধতিটা ছিল কাঠামোগত এবং যুক্তিসিদ্ধ (dialectic) আর কেইন্সের যান্ত্রিক এবং আত্মপক্ষ সমর্থনকারী (apologetic)। মার্ক্স পুঁজিবাদের সমালোচনা করেছেন এবং একে ধ্বংস করে সমাজতান্ত্রিক সমাজ গড়ার কথা বলেছেন। পক্ষান্তরে, কেইন্স দুঃখ প্রকাশ করেছেন এবং পুঁজিবাদকে বাঁচাতে চেয়েছেন। মার্ক্সের চিন্তার ফসল পৃথিবীতে প্রথম সমাজতান্ত্রিক রাষ্ট্রের আবির্ভাব (১৯১৭ সালে রাশিয়ায়)। এটা এমন একটি রাষ্ট্র যার অর্থনৈতিক ভূমিকা সর্বব্যাপী, অর্থাৎ উৎপাদন, বন্টন ও ভোগ এ সব ক’টি ক্ষেত্রে। এটা এমন একটি সমাজ ব্যবস্থা, যেখানে সভ্যতার ইতিহাসে প্রথমবারের মত রাষ্ট্র পূর্ণ অর্থনৈতিক ভূমিকার বিরোধী ছিলেন সত্য, কিন্তু তার কাছ থেকে অনেক কিছুই ধার নিয়েছেন। আর এটা করেছেন পুঁজিবাদকে বাঁচানোর তাগিদে। আর তা করতে গিয়েই হয়তো তিনি ইচ্ছের বিরুদ্ধেই রাষ্ট্রের অর্থনৈতিক ভূমিকা জোরদার করার কথা বলেছেন। যা হোক, স্বল্প মেয়াদে তিনি পুঁজিবাদকে সাহায্য করতে পেরেছেন। আর এ জন্যে অবশ্যই পুঁজিবাদ তাঁর কাছে ঋণী। কিন্তু দীর্ঘ মেয়াদে পুঁজিবাদের জন্যে তেমন কিছু করতে পারেন নি বলেই এখন প্রতীয়মান হচ্ছে।

বিকাশশীল বিশ্বের দেশগুলোর রাষ্ট্রের অর্থনৈতিক ভূমিকার প্রসঙ্গে যাবার পূর্বে স্বাভাবিকভাবে যে প্রশ্নটি দেখা দেয় তা হচ্ছে : ১৯১৭ সালের মহান রুশ বিপ্লবের প্রাক্কালে আজকের তথাকথিত তৃতীয় বিশ্বের ক’টা দেশের স্বাধীন অস্তিত্ব ছিল? মাত্র হাতে গোনা কয়েকটি তারও আবার বেশীর ভাগই ছিল লেটিন আমেরিকায়। আর দ্বিতীয় মহাযুদ্ধের পর মাত্র এক দশকের ব্যবধানে তাদের সংখ্যা একশ ছাড়িয়ে গিয়েছিল। অর্থাৎ দু’চারটা ব্যতিক্রম ছাড়া গোটা বিকাশশীল বিশ্বই ছিল সাম্রাজ্যবাদী পুঁজিবাদী বিশ্বের উপনিবেশ-শোষণ ক্ষেত্র। কাজেই স্বাভাবিকভাবে রুশ বিপ্লবের মধ্যে উপনিবেশের শৃংখলে আবদ্ধ মানুষগুলো আশার আলো দেখতে পেয়েছিলেন। তবুও তাদেরকে এক রক্তক্ষয়ী সংগ্রামে অবতীর্ণ হতে হয়েছিল মুক্তির জন্যে। কারণ সাম্রাজ্যবাদীরা তাঁদেরকে কখনোই স্বেচ্ছায় মুক্তি দিতে চায়নি। একমাত্র সমাজতান্ত্রিক দেশটি তখন তাদেরকে সাহায্য করেছিল। আর সে জনেই সাম্রাজ্যবাদী দেশগুলো সমাজতন্ত্রকে তথা সমাজতান্ত্রিক দেশ সোভিয়েত ইউনিয়নকে শত্রু ঘোষণা করেছিল। এরই ফলশ্রুতিতে ইতিহাসের সবচেয়ে ধ্বংসাত্মক দ্বিতীয় মহাযুদ্ধ লাগিয়ে দিয়েছিল তারা, যার প্রধান উদ্দেশ্য ছিল সমাজতন্ত্রকে নির্মূল করা। কিন্তু এ যুদ্ধে

সাজতন্ত্রের জয় হয়েছিল। পরাজয় হয়েছিল সাম্রাজ্যবাদের। সাম্রাজ্যবাদ দুর্বল হয়ে পড়লো। সে আর তার উপনিবেশগুলোকে ধরে রাখতে পারলো না। উপনিবেশবাদ ভেঙ্গে খান খান হয়ে গেল। বিশ্বের মানচিত্রে উদয় হলো অনেকগুলো স্বাধীন রাষ্ট্রের। স্বাভাবিকভাবেই সদ্য স্বাধীনতাপ্রাপ্ত বিকাশশীল বিশ্বের দেশগুলো সমাজতন্ত্রের প্রতি দুর্বল ছিল। সমাজতান্ত্রিক দেশগুলো অভূতপূর্ব সফলতায় উদ্বুদ্ধ হয়ে তারাও রাষ্ট্রের অর্থনৈতিক ভূমিকাকে অনেক বাড়িয়ে দিয়েছিল। এটা তারা করেছিল : প্রথমতঃ ঔপনিবেশিক আমলে গড়ে ওঠা শিল্প ও কলকারখানার একটা অংশকে জাতীয়করণের মাধ্যমে। দ্বিতীয়তঃ পরিকল্পনাকে দ্রুত আর্থ-সামাজিক অগ্রগতি অর্জনের মূলমন্ত্র হিসেবে গ্রহণ করে। সত্যিই নব্য স্বাধীনতাপ্রাপ্ত দেশগুলোর মধ্যে আজকাল এমন একটি দেশ পাওয়া যাবে না, যেখানে রাষ্ট্রীয় পর্যায়ে পরিকল্পনা করা হয় না। এ প্রসঙ্গে উল্লেখ করা প্রয়োজন যে, পরিকল্পিত অর্থনীতির ধারণাটা আসলে সমাজতন্ত্রের সাথেই ওৎপ্রোতভাবে জড়িত। সভ্যতার ইতিহাসে প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনা রচিত হয়েছিল পৃথিবীর প্রথম সমাজতান্ত্রিক দেশ সোভিয়েত ইউনিয়নে ১৯২৮-২৯ সালে। পরিকল্পনার সুবাদেই সোভিয়েত ইউনিয়ন মাত্র দুদশকেই দেশে শিল্প বিপ্লব ঘটাতে সক্ষম হয়েছিল, যা করতে পুঁজিবাদী দেশগুলোর গড়ে দুশো বছর সময় লেগেছিল। সুতরাং স্বাভাবিকভাবেই সোভিয়েত ইউনিয়ন বিকাশশীল দেশগুলোর জন্য উদাহরণ হয়ে দাঁড়িয়েছে। স্বভাবতই এটা বিকাশশীল দেশগুলোর পূর্বের উপনিবেশিক প্রভু রাষ্ট্রগুলোর মনঃপুত হয়নি। তারা সর্বোত্তমভাবে চেষ্টা করে সদ্য স্বাধীনতা প্রাপ্ত দেশগুলোকে (তাদের পুরোনো ঔপনিবেশ) তাদের প্রভাব বলয়ে ধরে রাখতে। আর তা করতে গিয়ে তারা তৎকালীন অবস্থার প্রেক্ষিতে ঐ রাষ্ট্রগুলোতে পরিকল্পনা এবং রাষ্ট্রীয় খাত সৃষ্টি তথা রাষ্ট্রের অর্থনৈতিক ভূমিকা বৃদ্ধির ব্যাপারটি মনে নিতে বাধ্য হয়েছিল। কিন্তু পরবর্তীতে নানা ধরনের ফলদ্বিধিকিরের (অর্থনৈতিক ও কারিগরি সাহায্য, পরামর্শদাতা প্রেরণ, বৃত্তি প্রদান ইত্যাদি) আশ্রয় নিয়ে অধিকাংশ বিকাশশীল দেশের পরিকল্পনার মূল উদ্দেশ্যসমূহকে ভিন্নখাতে প্রবাহিত করতে সক্ষম হয়। আর এভাবে ঐ দেশগুলো আত্মনির্ভরশীলতার পথ থেকে দূরে সরে যায় এবং সাম্রাজ্যবাদ শক্তিগুলোর উপর সম্পূর্ণরূপে নির্ভরশীল হয়ে পড়ে। দক্ষিণ এশিয়ায় বাংলাদেশ ও পাকিস্তান ঠিক এ রকমই দুটো দেশ। অথচ আমাদের পরে যাত্রা শুরু করে চীন আজকে একটি অর্থনৈতিক মহাশক্তিতে পরিণত হতে যাচ্ছে। পার্শ্ববর্তী ভিয়েতনাম তারও পরে যাত্রা শুরু করে। অথচ সেও এখন দ্রুত আত্মনির্ভরশীলতার দিকে এগিয়ে যাচ্ছে। উল্লেখ্য যে, ইতোমধ্যেই ভিয়েতনাম খাদ্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করেছে (১৯৮৫ সালে)। এরপরও কি রাষ্ট্রের অর্থনৈতিক ভূমিকার প্রয়োজনীয়তার আরও ব্যাখ্যা দরকার আছে?

রাষ্ট্রের অর্থনৈতিক ভূমিকার প্রয়োজনীয়তার ব্যাপারটি এখন আর বিতর্কিত কোন বিষয় নয়, বিশেষ করে, বিকাশশীল দেশগুলোর ক্ষেত্রে। কারণ যুগ যুগের ঔপনিবেশিক লুণ্ঠন ও শোষণের ফলে এ দেশসমূহের অর্থনীতি প্রায় বিধ্বস্ত। দারিদ্র্য, স্বল্প সঞ্চয় হার, শিক্ষার অভাব, পুঁজিপতি শ্রেণীর অনুপস্থিতি ইত্যাদি এ দেশগুলোকে এক নাজুক পরিস্থিতির মধ্যে ফেলে দিয়েছে। সুতরাং দেখা যাচ্ছে যে, এদের সম্মুখে পর্বত প্রমাণ সমস্যা যার দ্রুত সমাধান প্রয়োজন। স্বয়ংক্রিয় বিবর্তন প্রক্রিয়ায় যা আদৌ সম্ভব নয়। এখানে আরও মনে রাখা দরকার যে, অষ্টাদশ আর উনবিংশ শতাব্দী যেমন এক কথা নয়, ঠিক তেমনভাবে বিংশ শতাব্দীরও পঞ্চাশ ও ষাটের দশক, আর নব্বইয়ের দশক এক কথা হতে পারে না। অর্থনীতির দৃষ্টিকোণ থেকে একটি দশক, এমনকি একটি বছর অনেক সময়। সুতরাং বিকাশশীল দেশগুলোকে নিয়ে আর একসপেরিমেন্টের

কোন সুযোগ নেই। আমরা চাই স্বল্পতম সময়ে সর্বোচ্চ উন্নতি। আর তা করতে হলে রাষ্ট্রের অর্থনৈতিক ভূমিকাকে দুর্বল তো করা যাবেই না বরং তাকে আরও শক্তিশালী করতে হবে। আর এ উপলব্ধির আলোকেই, প্রবন্ধের পরবর্তী অংশে আমরা আমাদের দেশের অর্থনীতিতে রাষ্ট্রের অর্থনৈতিক ভূমিকার একটা মূল্যায়ন করার চেষ্টা করবো।

বাংলাদেশের অর্থনীতিতে রাষ্ট্রের ভূমিকা

আমাদের প্রিয় মাতৃভূমি দু'বার ঔপনিবেশিক দুঃশাসনের কবলে পড়েছিল : প্রথমবার বৃটিশদের ১৭৫৭ সাল থেকে ১৯৪৭ সাল পর্যন্ত ; দ্বিতীয়বার পাকিস্তানীদের ১৯৪৭ থেকে ১৯৭১ পর্যন্ত। সুতরাং এখানে রাষ্ট্রের অর্থনৈতিক ভূমিকার বিবর্তনকে ঐতিহাসিক প্রেক্ষিতেই দেখতে হবে। বৃটিশরা আসলে এ দেশের উন্নতির জন্য কিছুই করেনি। তারা শুধু তাদের ঔপনিবেশিক স্বার্থ হাসিলের জন্য যতটুকু দরকার ছিল ততটুকুই করেছে। অর্থাৎ তখন রাষ্ট্রের ভূমিকাটা শুধুমাত্র প্রশাসনিক ও কিছু কিছু নিয়ন্ত্রণমূলক কাজের মধ্যেই সীমাবদ্ধ ছিল। পাকিস্তানী আমলেই প্রকৃতপক্ষে রাষ্ট্রের অর্থনৈতিক ভূমিকার সূচনা হয়। তবে তা ঘটেছিল মূলতঃ ব্যক্তিগত খাতের বিকাশের স্বার্থে। পাকিস্তানের প্রথম (১৯৫৫-৬০), দ্বিতীয় (১৯৬০-৬৫) এবং তৃতীয় (১৯৬৫-৭০) পঞ্চবার্ষিক পরিকল্পনাগুলোকে রাষ্ট্রের অর্থনৈতিক ভূমিকাটা প্রধানতঃ ব্যক্তিগত খাতের বিকাশের অনুকূলে একটা সহায়কের ভূমিকার মধ্যেই সীমাবদ্ধ ছিল। কিন্তু চতুর্থ (১৯৭০-৭৫) পঞ্চবার্ষিক পরিকল্পনায় রাষ্ট্রের অর্থনৈতিক ভূমিকাকে কিছুটা জোরদার করার প্রবনতা লক্ষ্য করা যায়। আর এ পরিকল্পনার এক বছর যেতে না যেতেই বাংলাদেশ স্বাধীন হয়ে যায় এক রক্তক্ষয়ী সংগ্রামের মাধ্যমে ১৯৭১ সালে।

পুরো দুই দশক হয়ে গেল বাংলাদেশ স্বাধীন হয়েছে। অনেক উত্থান-পতন হয়েছে এ স্বল্প সময়ের মধ্যে। দেশের অর্থনৈতিক উন্নয়ন ও রাষ্ট্রের অর্থনৈতিক ভূমিকার বিবর্তনের দৃষ্টিকোণ থেকে এ সময়টাকে দু'টো পর্বে ভাগ করা যায় : প্রথম পর্ব ১৯৭২ থেকে ১৯৭৫ এর আগষ্ট পর্যন্ত এবং দ্বিতীয় পর্ব ১৯৭৫ এর আগষ্ট থেকে বর্তমান সময় অর্থাৎ ১৯৯২ পর্যন্ত। প্রথম পর্বে আমরা দেখতে পাই যে, রাষ্ট্রের অর্থনৈতিক ভূমিকা বেশ বেড়ে গিয়েছিল তৎকালীন সরকারের জাতীয়করণ নীতির ফলে। এটা করা হয়েছিল মূলতঃ দেশে সমাজতন্ত্র নির্মাণের লক্ষ্যকে সামনে রেখে। এখানে উল্লেখ করা প্রয়োজন যে, বাংলাদেশের ১৯৭২ সালের সংবিধানে আমাদের জাতীয় লক্ষ্য হিসেবে জাতীয়তাবাদ, ধর্মনিরপেক্ষতা, গণতন্ত্র ও সমাজতন্ত্র—এ চারটি বিষয়কে অন্তর্ভুক্ত করা হয়েছিল। এগুলোর মধ্যে সমাজতন্ত্রকেই অর্থনৈতিক লক্ষ্য হিসেবে বিবেচনা করা হয়েছিল। অর্থাৎ দেশে একটা সমতাভিত্তিক সমাজ ব্যবস্থা প্রতিষ্ঠা করাকে অন্যতম লক্ষ্য হিসেবে গ্রহণ করা হয়েছিল। আর তা বাস্তবায়নের জন্য প্রথম পদক্ষেপ ছিল শিল্প ও ব্যবসা-বাণিজ্যের মূল অংশকে জাতীয়করণ করা। এ লক্ষ্যকে সামনে রেখেই রচনা করা হয়েছিল আমাদের প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনা (১৯৭০-৭৮)। এ সব কিছুই করা হয়েছিল অর্থনৈতিক ভূমিকাকে শক্তিশালী করার জন্যে। অন্য কথায় উৎপাদন, বন্টন ও ভোগের ক্ষেত্রে রাষ্ট্রের প্রত্যক্ষ অংশ গ্রহণের ব্যাপারটি নিশ্চিত করা হয়েছিল। দ্রুত অর্থনৈতিক অগ্রগতি অর্জন, সমাজে আয় বৈষম্য দূরীকরণ ইত্যাদি মৌলিক বিষয়গুলোর সমাধান রাষ্ট্রের প্রত্যক্ষ অংশগ্রহণ ছাড়া আদৌ সম্ভব নয়, এ কথাটিরই স্বীকৃতি আমরা উপরোক্ত পদক্ষেপগুলোতে পাই। এতকিছু করার পরও কিন্তু অর্থনীতিতে ব্যক্তিগত খাতেরই প্রাধান্য বজায় ছিল। যেমন, ১৯৭৪ সালে

বাংলাদেশের মোট আভ্যন্তরীণ-উৎপাদনে রাষ্ট্রীয় খাতের অংশ ছিল মাত্র ১৬.৩% অর্থাৎ ২০%-এরও কম। দ্বিতীয় পর্বে এসে আমরা দেখতে পাই যে, রাষ্ট্রের অর্থনৈতিক ভূমিকার সাংঘাতিক অবমূল্যায়ন করা হয়, ব্যাপক বিরাস্ট্রীয়করণ নীতির মাধ্যমে। এ সময়েই আমাদের সংবিধানের প্রধান অর্থনৈতিক লক্ষ্যকে মুছে ফেলা হয় এবং তার স্থলে “সামাজিক ন্যায় বিচার” কথাটি লেখা হয়। সামাজিক ন্যায় বিচার কতখানি প্রতিষ্ঠিত হয়েছে তা ইতোমধ্যেই আমাদের দেশের মানুষ হাড়ে হাড়ে বুঝতে পেরেছে। বিশ্বের সাম্রাজ্যবাদী শক্তিগুলোর চাপে ১৯৭৫ সালের পরবর্তী সরকারগুলো রাষ্ট্রীয় অর্থনৈতিক নীতিমালা ও লক্ষ্যসমূহকে ক্রমান্বয়ে বিসর্জন দেয়। তাদেরই উপদেশে ঢালাও বিরাস্ট্রীয়করণ ও মুক্তদ্বার অর্থনীতি চালু করে। ইতোমধ্যেই রাষ্ট্রীয় খাতের অর্ধেকের বেশী শিল্প প্রতিষ্ঠানকে ব্যক্তি মালিকানায় নামমাত্র দামে বিক্রি করে দেয়া হয়েছে। বাকীগুলো বিক্রি করে দেয়ার পায়তারা চলছে। তবে শ্রমিক-কর্মচারীদের প্রচণ্ড প্রতিরোধের মুখে সরকার সাময়িকভাবে হলেও পিছু হটতে বাধ্য হচ্ছে। ঢালাও বিরাস্ট্রীয়করণ নীতি তথা রাষ্ট্রের অর্থনৈতিক ভূমিকার অবমূল্যায়নের ফল যে আদৌ ভাল হয়নি, তার প্রমাণ মেলে অর্থনীতির প্রধান দুটো খাতের প্রবৃদ্ধির চিত্রে (সারণী-১)। সারণী-১ এ উপস্থাপিত তথ্য থেকে দেখা যাচ্ছে যে, মোট আভ্যন্তরীণ উৎপাদনের সূচক ১৯৮৭ এর তুলনায় ১৯৮৯ সালে মাত্র ১০৪.২ এ এসে দাঁড়ায়। কৃষিতে আদৌ কোন অগ্রগতি হয়নি, অর্থাৎ এর সূচক ৯৯.৪ এ নেমে গেছে। শিল্প কিছুটা অগ্রগতি লক্ষ্যনীয় অর্থাৎ এর সূচক ১১১.৯ এ উন্নীত হয়েছে। বর্তমানে

সারণী-১

বাংলাদেশের অর্থনীতির প্রধান দুটো খাতের প্রবৃদ্ধির চিত্র, ১৯৭৩-১৯৮৯

খাতসমূহ	১৯৮৭ = ১০০					
	১৯৭৩-৭৪	১৯৭৮-৭৯	১৯৮৩-৮৪	১৯৮৭	১৯৮৮	১৯৮৯
১. মোট আভ্যন্তরীণ উৎপাদন	৫১.৫	৭২.২	৮৫.২	১০০.০	১০১.১	১০৪.২
২. কৃষি	৬৫.২	৮৩.৯	৯২.১	১০০.০	৯৯.১	৯৯.৪
৩. শিল্প	৩২.৬	৬০.৮	৭৯.৩	১০০.০	১০৬.৫	১১১.৯

উৎস : বিশ্বব্যাংক-এর তথ্যের ভিত্তিতে।

শিল্প আমাদের জাতীয় আয়ের মাত্র ৮% এর মত দিচ্ছে এবং কৃষি দিচ্ছে ৪০% এর মত। অপরদিকে ১৯৭৩ সালে জাতীয় আয়ে এদের অংশগুলো ছিল যথাক্রমে ১১% ও ৫০% এর মত। আর অর্থনীতিতে এ দুটো খাতই মূলতঃ উৎপাদনমুখী খাত। এ কথাও সত্য যে, পৃথিবীর যে দেশেই অর্থনৈতিক অগ্রগতি এসেছে, সেখানেই উন্নতির সাথে সাথে জাতীয় আয়ে কৃষির অংশ কমেছে এবং শিল্পের অংশ বৃদ্ধি পেয়েছে। অথচ রহস্যজনকভাবে আমাদের দেশের বেলায় এর ব্যতিক্রম ঘটেছে, অর্থাৎ দুটো খাতের অংশই নিম্নগামী হয়েছে। স্বাভাবিকভাবেই ধরে নিতে হচ্ছে যে, অন্যান্য খাতগুলোর অংশ বেড়েছে। আর আমরা জানি যে, অন্যান্য খাতগুলো মূলতঃ অনুৎপাদনশীল কর্মকাণ্ডের সাথে জড়িত। সুতরাং এ কথা নিঃসন্দেহে বলা যায়

যে, অনুৎপাদনশীল খাতগুলোর শ্রীবৃদ্ধিতে অর্থনীতির কিছু যায় আসে না, তার চেহারা পাষ্টায় না। এ রকম একটা হতাশাজনক চিত্রই উপরোক্ত সারণীতে উপস্থাপিত তথ্যসমূহ আমাদেরকে দিচ্ছে।

বাংলাদেশের খাতওয়ারী জাতীয় উৎপাদনের বিবরণ থেকেই ঠিক ওরকম একটি চিত্র পাওয়া যায়। মোট জাতীয় সম্পদে (উৎপাদনে) মোট আভ্যন্তরীণ উৎপাদনের অংশ ১৯৭২-৭৩ সালের ৯৫.২% থেকে কমে ১৯৮৯-৯০ সালে এসে ৮৪.৫% এ দাঁড়িয়েছে। একই সময়ে আমদানীর অংশ বৃদ্ধি পেয়ে ৪.৮% এর স্থলে ১৫.৫% এ উন্নীত হয়েছে। অথচ সরকারী বিনিয়োগের অংশ কিছুটা হ্রাস পেয়ে ৫.৬% থেকে ৪.৮% নেমে এসেছে এবং ব্যক্তিগত বিনিয়োগের অংশ কিছুটা বৃদ্ধি পেয়েছে। অর্থাৎ ৩.১% থেকে ৫.২% এ উন্নীত হয়েছে। প্রায় দুদশকের ব্যবধানে ব্যক্তিগত খাতের এ বৃদ্ধি মোটেই যথেষ্ট নয়। অপরদিকে, ভোগের ক্ষেত্রে ব্যক্তিগত ও সরকারী খাতের মধ্যে বিপরীতমুখী প্রবণতা লক্ষ্য করা যাচ্ছে, অর্থাৎ ব্যক্তিগত খাতের ভোগের অংশ হ্রাস পেয়ে ৮০.৫% থেকে ৭৫.৫%-এ এসে ঠেকেছে এবং সরকারী খাতের ভোগের অংশ ৪.৯% থেকে বৃদ্ধি পেয়ে ৭.৫%-এ উঠেছে। রপ্তানীর অংশ প্রায় ১% বৃদ্ধি পেয়েছে। সারণীতে উপস্থাপিত তথ্যসমূহ আসলে একটা পরস্পর বিরোধী চিত্রই আমাদের সম্মুখে তুলে ধরেছে। কারণ ব্যক্তিগত খাতকে উৎসাহিত করার জন্য যে ঢালাও বিরোধীকরণ ও মুক্তদ্বার নীতি গ্রহণ করা হয়েছিল তাতে আশানুরূপ সাড়া পাওয়া যায়নি। আবার বিরোধীকরণের ফলে রাষ্ট্রীয় খাতের আয়তন কমলেও এ খাতে ভোগের পরিমাণ কিন্তু বৃদ্ধি পেয়েছে। এ থেকে একটা জিনিষ প্রতীয়মান হচ্ছে যে, পঁচাত্তর পরবর্তী সরকারগুলো অনুৎপাদনশীল খাতে বিশেষ করে প্রতিরক্ষা খাতে সর্বাধিক ব্যয় করেছে। আবার আমদানী তিন গুণেরও বেশী বৃদ্ধি পেলেও বিনিয়োগে কিন্তু তিন গুণ কেন দ্বিগুণও হয়নি। তাহলে ধরে নিতে হচ্ছে যে, ভোগ্য পণ্য আমদানী মূলধনী পণ্যের চেয়ে বেশী হয়েছে। রপ্তানীর বেলাও ঠিক একই যুক্তি প্রযোজ্য। এভাবে দেখা যাচ্ছে যে, পঁচাত্তর পরবর্তী সরকারগুলোর ঢালাও বিরোধীকরণ ও মুক্তদ্বার নীতি অর্থনীতির জন্য আদৌ শূভ হয়নি। কেন এ রকম হলো, তা জানার জন্যে আমাদেরকে ব্যক্তিগত খাতের বিনিয়োগের পরিমাণ ও ধরন সম্পর্কে জানতে হবে।

একমাত্র দ্বিবার্ষিক পরিকল্পনা (১৯৭৮-৮০) ছাড়া বাংলাদেশের কোনও পরিকল্পনাই ব্যক্তিগত খাত তার লক্ষ্যমাত্রা অর্জন করতে পারেনি। লক্ষ্যমাত্রা অর্জনের হার ক্রমান্বয়ে হ্রাস পেয়েছে : প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনায় যেখানে ছিল ৮৭.৩%, সেখানে তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় তা মাত্র ৭২.৭% -এ এসে ঠেকেছে। দ্বিবার্ষিক পরিকল্পনাটি আসলে একটি ক্রাস প্রোগ্রাম ছিল এবং এ সময়েই আসলে ব্যক্তিগত খাতকে উৎসাহিত করার প্রক্রিয়া শুরু হয়। তাই লক্ষ্যমাত্রা খুব নীচু করে নির্ধারণ করার ফলে অর্জনের মাত্রাটি কিছুটা বৃদ্ধি পেয়েছে, অর্থাৎ ১৫৯.৫%-এ উঠেছে। সুতরাং এটাকে দীর্ঘমেয়াদের প্রবণতা হিসেবে দেখা চলে না, যা পরবর্তী পরিকল্পনাগুলোতে ব্যাপক হ্রাসপ্রাপ্তির মধ্যে প্রতিফলিত হয়েছে। এখানে আরও উল্লেখ করা প্রয়োজন যে, দ্বিতীয় ও তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার সময়টা ছিল আসলে ব্যাপক বিরোধীকরণ ও মুক্তদ্বার নীতির সময়। কিন্তু ব্যক্তিগত খাত আদৌ সাড়া দেয়নি। ব্যক্তিগত খাতের বিনিয়োগের ধরনটা কিন্তু আরও খারাপ দিকের ইঙ্গিত দিচ্ছে। সারণী-৪ এ উপস্থাপিত তথ্য থেকে দেখা যাচ্ছে যে, দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার তুলনায় তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় উৎপাদনশীল মূল খাত দুটোতে (কৃষি ও শিল্প) ব্যক্তিগত বিনিয়োগ ব্যাপকভাবে হ্রাস পেয়েছে, অর্থাৎ ৩৫.৯% ও ১৬.৪% থেকে হ্রাস পেয়ে যথাক্রমে ২৩.৯%

ও ১১.৯%-এ এসে ঠেকেছে। এটা অত্যন্ত উদ্বেগজনক। কারণ আমাদের মত একটি বিকাশশীল দেশের জন্য উৎপাদনশীল খাতগুলোই বেশী গুরুত্বপূর্ণ। পক্ষান্তরে, দেখা যাচ্ছে যে, অনুৎপাদনশীল খাতগুলোর সবগুলোতেই বিনিয়োগ যথেষ্ট বৃদ্ধি পেয়েছে। যেমন, ভৌত পরিকল্পনা ও আবাসন খাতের অংশ ১৮.২% থেকে ১৯.১%-এ, পরিবহনের ১৩.৫% থেকে ২৩.৪% এবং ব্যবসা-বাণিজ্য ও অন্যান্য সেবাসেবা খাতের ১৬.০% থেকে ২১.৭%-এ উন্নীত হয়েছে। সুতরাং দেখা যাচ্ছে যে, রাষ্ট্রের অর্থনৈতিক ভূমিকার ব্যাপক কাটছাঁটসহ ব্যক্তিগত খাতের জন্য এতকিছু করার পরও এ খাতের বিনিয়োগ কিন্তু উৎপাদনমুখী হচ্ছে না। অবস্থা পূর্বের মতই রয়েছে, অর্থাৎ ব্যক্তিগত বিনিয়োগ মোটামুটিভাবে ঐ সকল খাতেই যাচ্ছে, যেগুলোর উপর পূর্বেও সরকারের তেমন কোন নিয়ন্ত্রণ ছিল না। আর এতে এ সত্যটিই আরও একবার প্রমাণিত হলো যে, ব্যক্তিগত বিনিয়োগকে উৎপাদনমুখী করার জন্য অবশ্যই রাষ্ট্রের একটা ভূমিকা থাকা প্রয়োজন। চীন ও ভিয়েতনামের সাম্প্রতিক কালের অভিজ্ঞতা আমাদেরকে সে শিক্ষাই দিচ্ছে।

অন্যদিকে, বাংলাদেশের পঞ্চবার্ষিক পরিকল্পনাগুলোর উন্নয়ন ব্যয়ের বিশ্লেষণে দেখা যাচ্ছে যে, এতে বেসরকারী খাতের অংশ ক্রমান্বয়ে বৃদ্ধি পেয়েছে। উপরোক্ত সারণীগুলোর তথ্য থেকে দেখা যাচ্ছে যে, প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনায় ব্যক্তিগত খাতের অংশগুলো হচ্ছে যথাক্রমে ১১.৩%, ২১.৪%, ৩৫.২% এবং ৩৯.৪%। আর সরকারী খাতের অনুরূপ অংকগুলো হচ্ছে যথাক্রমে ৮৮.৭%, ৭৮.৬%, ৬৪.৮% এবং ৬০.৬%। অর্থাৎ সরকারী খাতের অংশ হ্রাস পেয়ে প্রায় ৯০ থেকে গিয়ে প্রায় ৩০%-এ ঠেকেছে এবং ব্যক্তিগত খাতের অংশ বৃদ্ধি পেয়ে মাত্র প্রায় ১১% থেকে গিয়ে প্রায় ৪০%-এ উন্নীত হয়েছে। আরও একটা জিনিস উপরোক্ত সারণীগুলোর তথ্য থেকে বেরিয়ে এসেছে। সেটা হচ্ছে এই যে, সরকারী খাতে শিল্পের অংশ প্রায় অর্ধেক নেমে এসেছে, অর্থাৎ প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনায় শিল্পের অংশ যেখানে ছিল প্রায় ১৯%, সেখানে চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনায় তা হ্রাস পেয়ে মাত্র প্রায় ১০%-এ গিয়ে ঠেকেছে। এতে প্রতীয়মান হচ্ছে যে, বিরাস্ট্রীয়করণের মূল ধাক্কাটা আসলে শিল্প খাতের উপরে পড়েছে। এ প্রসঙ্গে আমাদেরকে একটা বিষয় স্মরণ রাখতে হবে যে, আমাদের পরিকল্পনাসমূহের লক্ষ্যমাত্রা এবং বাস্তবে অর্জনের মধ্যে বিরাট ব্যবধান বিদ্যমান, যে বিষয়ে ইতিপূর্বেই কিছুটা আলোচনা করা হয়েছে। আর এটা তো সর্বজন বিদিত সত্য যে, আমাদের বিগত একটা পরিকল্পনাও কোনও খাতেই তার লক্ষ্যমাত্রা অর্জন করতে পারেনি।

এতক্ষেণে আলোচনায় আমরা দেখলাম যে, উৎপাদক ভোগের ক্ষেত্রে আমাদের দেশে রাষ্ট্রের অংশগ্রহণ খুব সামান্যই। এখন আমরা বন্টন ও পুনর্বন্টনের ক্ষেত্রে রাষ্ট্রের ভূমিকা নিয়ে আলোচনা করবো। এ প্রসঙ্গে উল্লেখ করা দরকার যে, আধুনিক বিশ্বে রাষ্ট্র একটি কল্যাণমূলক প্রতিষ্ঠান। সে তার জনগণের জন্য বিশেষ করে দরিদ্র শ্রেণীর জন্য অনেক কল্যাণমূলক কাজ করে থাকে। আর তার জন্য দরকার হয় প্রচুর অর্থের, যা সে সমাজের অপেক্ষাকৃত বিত্তবানদের কাজ থেকে বিভিন্ন পদ্ধতিতে, বিশেষ করে করের মাধ্যমে আদায় করে থাকে। আর এভাবে কল্যাণমূলক রাষ্ট্রের যে অন্যতম একটি প্রধান লক্ষ্য-সমাজে বৈষম্য হ্রাস করা, তা বাস্তবায়িত হয়ে থাকে। তবে বাস্তবে এটা কতখানি অর্জন সম্ভব, তা নির্ভর করছে এ কাজে রাষ্ট্রের অংশগ্রহণের মাত্রার উপর। আমাদের দেশে এ ক্ষেত্রে রাষ্ট্রের অংশগ্রহণ নাম মাত্র (সারণী-৯)। ১৯৭৩-৯০

সময়ে যদিও সরকারের রাজস্ব আয় ও ব্যয় প্রায় দ্বিগুণ হয়েছে, তবুও তা আভ্যন্তরীণ উৎপাদনের অংশ হিসেবে এখনও ১০% -এর নীচে অবস্থান করছে। আরও একটা জিনিস লক্ষ্যনীয় যে, ১৯৮২ সাল পর্যন্ত মোটামুটিভাবে ব্যয়ের চেয়ে আয় বেশী হয়েছে। তবে আয়-ব্যয়ের পার্থক্য সর্বাধিক ছিল ১৯৭৫ সালে। আর ১৯৮৩ থেকে আয়-ব্যয় প্রায় সমান হতে থাকে এবং ১৯৯০ সালে গিয়ে তা পুরোপুরি সমান হয়ে যায়। সরকারের এহেন রাজস্ব ব্যয় বৃদ্ধির মূল কারণ মাথাভারী প্রশাসন। পঁচাত্তর পরবর্তী সামরিক সরকারগুলোর আমলে, বিশেষ করে, এরশাদ সরকারের সময়ে নতুন উপজেলা ব্যবস্থা প্রচলনের ফলে সরকারের প্রশাসনের আয়তনও যেমন বেড়ে যায়, তেমনি ব্যয়ও বাড়তে থাকে। আর সামরিক খাতে ব্যয় বৃদ্ধি তো সেই— পরে শুরু হয় এবং অদ্যাবধি বেড়েই চলেছে। এর ফল যা হবার তাই হয়েছে। পঁচাত্তরের পর থেকে উন্নয়নের ব্যয় নির্বাহের জন্য ক্রমান্বয়ে বৈদেশিক উৎসের উপর নির্ভরশীলতা বৃদ্ধি পেতে থাকে। ১৯৭৪ সালে যেখানে নির্ভরশীলতার হার ছিল প্রায় ৪৫% এর মত, সেখানে ১৯৯০ সালে গিয়ে তা দাঁড়ায় ১০০%-এ। নির্ভরশীলতার এরকম চিত্র আমাদের সকল পরিকল্পনায় পাওয়া যাচ্ছে, অবশ্য বাস্তবে তা অনেক বেশী হয়েছে এই যা পার্থক্য। সারণী-১০ এ উপস্থাপিত তথ্য থেকে দেখা যাচ্ছে যে, প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনায় নির্ভরশীলতার হার ধরা হয়েছিল ৪০% -এর মত, যার মধ্যে সরকারী খাতে ৪৪% ও বেসরকারী খাতে ১০%-এর মত। এর পর থেকে নির্ভরশীলতা শুধু বাড়তেই থাকে। মোট চারটি পঞ্চবার্ষিক পরিকল্পনার মধ্যে এ দিক দিয়ে প্রথম স্থান দখল করেছিল তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনাটি, অর্থাৎ এ পরিকল্পনায় নির্ভরশীলতার হার ধরা হয়েছিল যথাক্রমে ৫৪.৫%, ৭৬.২% ও ১৪.৬%। এভাবে দেখা যাচ্ছে যে, বন্টন ও পুনর্বন্টন প্রক্রিয়ায়ও রাষ্ট্রের ভূমিকা অতি নগণ্য। এ প্রসঙ্গে আরও যে সত্যটি মনে রাখা দরকার তা হচ্ছে এই যে, আমাদের দেশে সরকার তার রাজস্ব আয়ের সিংহভাগই পেয়ে থাকে কর থেকে। কর থেকে আয়ের আবার শতকরা ৮০ ভাগের মত আসে পরোক্ষ কর থেকে। তার মানে সরকারের আয়ের সিংহভাগের যোগানদার হচ্ছে সমাজের দরিদ্র জনগণ। আর এভাবেই রাষ্ট্রের সেই সীমাবদ্ধ বন্টন ও পুনর্বন্টন সংক্রান্ত ভূমিকার আসল উদ্দেশ্যও ব্যাহত হচ্ছে। উপরোক্ত বিশ্লেষণ ও আলোচনার আলোকে প্রবন্ধের পরবর্তী, অর্থাৎ শেষাংশে আমরা কতগুলো নির্দিষ্ট উপসংহারে উপনীত হওয়ার চেষ্টা করেছি এবং তার উপর ভিত্তি করে আমাদের দেশের সরকার ও নীতি নির্ধারকদের বিবেচনার্থে একটা সুপারিশমালা তৈরী করার প্রয়াস নিয়েছি।

উপসংহার

১। আমাদের দেশে রাষ্ট্রের অর্থনৈতিক ভূমিকা কখনই নিয়ামকী শক্তিরূপে হয়নি+ পঁচাত্তরের পূর্বেও না এবং পরে হওয়ার তো প্রশ্নই উঠে না। সুতরাং বিরাস্ট্রীয়ীকরণের নামে যে সোরগোল তোলা হয় পঁচাত্তর পরবর্তী সময়ে এবং দেশের সকল দুর্ভাবস্থার জন্য রাষ্ট্রীয় খাতকে তথা রাষ্ট্রের হস্তক্ষেপকে দোষারোপ করা হয়, তা আসলে একটা ভাওতাবাজী ছাড়া আর কিছুই না। আর এর পিছনে দেশীয় ও আন্তর্জাতিক একটা চক্রান্ত অত্যন্ত সুপরিকল্পিতভাবে কাজ করেছে। সদ্য স্বাধীনতাপ্রাপ্ত বাংলাদেশের অর্থনৈতিক স্বনির্ভরতা অর্জনের পথকে রুদ্ধ করাই ছিল এর প্রধান উদ্দেশ্য।

২। যে ব্যক্তিগত খাতের বিকাশের জন্য সেই পঁচাত্তর থেকে আজ পর্যন্ত এতকিছু করা হলো, তার কিন্তু আদৌ বিকাশ ঘটেনি, একমাত্র পোশাক শিল্প ছাড়া। পোশাক শিল্পের নামে যা করা হচ্ছে তা অনেকটা

বঞ্চনার শামিল। কারণ এ শিল্পে কাঁচামালের ৭০%-ই আমদানী করতে হচ্ছে। আর এ আমদানীর নামে ... প্রয়োজনের তুলনায় কয়েকগুণ বেশী কাপড়, সূতা, বোতাম, চেইন ইত্যাদি ফলে স্থানীয় শিল্পগুলো দারুণভাবে মার খাচ্ছে। কিভাবে এটা ঘটছে? শিল্প মালিকরা আসলে তাদেরকে দেয়া সুযোগ-সুবিধাকে শুধু নিজেদের স্বার্থ হাসিলের কাজেই লাগাচ্ছে। দেশের স্বার্থ তাদের কাছে গৌণই থেকে যাচ্ছে। আর এখানেই রাষ্ট্রের একটা শক্তিশালী অর্থনৈতিক ভূমিকার আবশ্যিকতার ব্যাপারটি স্পষ্ট হয়ে উঠেছে।

৩। সামান্য কিছু ব্যতিক্রম ছাড়া সরকার সকল খাতেই ব্যক্তিগত বিনিয়োগের জন্য উন্মুক্ত করে দেয়া সত্ত্বেও এ খাতে বিনিয়োগ যা হচ্ছে তা মূলতঃ অনুৎপাদনশীল চিরাচরিত কতগুলো খাতেই যাচ্ছে, যেগুলোতে পঁচাত্তরের পূর্বেও রাষ্ট্রের তেমন কোনও হস্তক্ষেপ বা ভূমিকা ছিল না। সবচেয়ে কাঙ্ক্ষিত খাতগুলোতে অর্থাৎ কৃষি ও শিল্পে কিন্তু ব্যক্তিগত বিনিয়োগ যাচ্ছে না। সুতরাং এরকম একটা অবস্থার প্রেক্ষাপটে অবশ্যই রাষ্ট্রের অর্থনৈতিক ভূমিকার পুনর্মূল্যায়ন হওয়া দরকার।

৪। দেশে এখন একটা ভয়াবহ মন্দা অবস্থা বিরাজ করছে। বৈদেশিক সাহায্যের উপর নির্ভরশীলতা এখন সর্বোচ্চ পর্যায়ে রয়েছে। ব্যক্তিগত খাতের ব্যর্থতা গগনচুম্বী, মানুষের ক্রয়ক্ষমতা হ্রাস পেয়েছে, বেকারত্ব বেড়েছে, শিক্ষাব্যবস্থা প্রায় ধ্বংসপ্রাপ্ত, বিনিয়োগ বাড়ছে না, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোতে টাকা জমে আছে, কেউ ধার নিচ্ছে না। এ সকল কারণেই সরকারের অর্থনৈতিক নীতি এক বিরাট প্রশ্নের সম্মুখীন হয়েছে। তাই আমাদের অর্থনীতির বর্তমান অবস্থার আলোচক ব্যক্তিগত খাতের সার্বিক সফলতা ও ব্যর্থতারও একটা বস্তুনিষ্ঠ মূল্যায়ন হওয়া উচিত। আর তখন আসল সত্যটি বেরিয়ে আসবে।

অনুন্নত দেশের উন্নয়ন তত্ত্ব : সমস্যা ও সীমাবদ্ধতা*

সরদার সৈয়দ আহমেদ*

ভূমিকা

বাণিজ্যবাদী ও ক্লাসিকেল অর্থনীতিবিদদের আমল হতেই অর্থনৈতিক উন্নয়ন আলোচনার সূত্রপাত হয়। বর্তমান কালের অর্থনীতিবিদগণের কাছে উন্নয়ন অর্থনীতি, অর্থনীতি শাস্ত্রের প্রাণকেন্দ্রে পরিণত হয়েছে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর থেকে অর্থনীতিবিদগণ উন্নত দেশের উন্নয়ন বজায় রাখার জন্য এবং অনুন্নত দেশসমূহের উন্নয়ন অর্জনের সমস্যা নিয়ে ব্যাপকভাবে মাথা ঘামাতে শুরু করেন। পৃথিবীতে সর্ব প্রথম উন্নয়নের যাত্রা শুরু হয় গ্রেট ব্রিটেনে এবং অষ্টাদশ শতাব্দীর মাঝামাঝি সময় পর্যন্ত ইংল্যান্ড উন্নতির শীর্ষে অবস্থান করছিল। ষোড়শ শতাব্দী হতেই ব্রিটেনের জনগণ ব্যবসা বাণিজ্য করার জন্য পৃথিবীর বিভিন্ন স্থানে ছড়িয়ে পড়ে বিপুল ধন-সম্পদ সংগ্রহ করে। সপ্তদশ ও অষ্টাদশ শতাব্দীর অভূতপূর্ব বৈজ্ঞানিক আবিষ্কার ও প্রযুক্তি বিদ্যার উন্নতির ফলে ইংল্যান্ডে শিল্প বিপ্লব সংঘটিত হয়। ব্রিটিশ সম্রাজ্যের বিস্তৃতিতে সমগ্র বিশ্বময় ছড়িয়ে পড়েছিল। ঐ সমস্ত উপনিবেশ সমূহ থেকে ইংল্যান্ড তার শিল্পের কাঁচামাল আমদানী করতো এবং উৎপাদিত দ্রব্য সামগ্রী আবার উপনিবেশ সমূহে রপ্তানী করতো। এভাবে রাজনৈতিক ও অর্থনৈতিক শোষণের মাধ্যমে ইংল্যান্ড উন্নতির চরম শিখরে আরোহণে সক্ষম হয়। কিন্তু ঊনবিংশ শতাব্দীর শেষ ভাগে পৃথিবীর বেশ কিছু দেশ শিল্প উন্নয়নের পথে অগ্রসর হয়। ফরাসী, জার্মান, বেলজিয়াম, সুইজারল্যান্ড ও যুক্তরাষ্ট্র প্রভৃতি দেশে শিল্পোন্নয়নের ঢেউ লেগে যায়। পরবর্তীকালে রাশিয়া, জাপান, ক্যানাডা, অস্ট্রেলিয়া, সুইডেন প্রভৃতি দেশেও শিল্প বিপ্লব শুরু হয়। এ সমস্ত দেশসমূহ একে অপরের সংগে তীব্র প্রতিযোগিতায় লিপ্ত হয়। শিল্পোন্নত দেশসমূহ নিজ নিজ দেশের উন্নয়ন হার বজায় রাখার জন্য তৎপর হয়ে পড়ে। তাই এ সমস্ত উন্নত দেশ সমূহের উন্নয়নের স্বার্থে বাজার সম্প্রসারণ করা অপরিহার্য হয়ে পড়ে। তখন তারা অনুন্নত বিশ্বকে উন্নয়নের বাণী শোনাচ্ছে। দারিদ্র্য দূরীভূত করার জন্য নানাবিধ পরামর্শ ও সাহায্য-সহযোগিতা দেয়ার জন্য ব্যাকুল হয়ে উঠেছে। এক্ষেত্রে মানবিকতার চেয়ে বাজার সৃষ্টির অপকৌশলই মূখ্য। কারণ পণ্যাদির বিক্রি বাড়লে উৎপাদন ও উন্নয়ন হার বজায় রাখা সম্ভব। অনুন্নত দেশসমূহের দারিদ্র্য নিরসনের মধ্যে উন্নত দেশের উন্নয়ন নির্ভর করছে। উন্নত দেশসমূহ অনুন্নত দেশ সমূহে উন্নয়ন নামক চমকধারী কথাটা রপ্তানী করে শাসনের নতুন এক পথ খুঁজে পেয়েছে। অনুন্নত বিশ্বের দেশসমূহে তারা তাদের পণ্যের বাজার সৃষ্টির জন্য পণ্যাদি রপ্তানীর সংগে সংগে বৈদেশিক সাহায্যও প্রদান করে থাকে। অর্থাৎ বৈদেশিক সাহায্য অনুন্নত দেশের জনগণের হাতে তাদের পণ্যাদি ক্রয়ের জন্য ক্রয় ক্ষমতা বাড়িয়ে দেয়। অনুন্নত বিশ্বের দেশসমূহ উভাব-অনটন এবং দারিদ্র্যের কষাঘাত থেকে মুক্তি পাবার জন্য উন্নয়নের সিঁড়িতে পা দিতে যায়। কিন্তু তাদের পক্ষে উন্নয়ন লাভ করা তেমন একটা সম্ভবপর হয়ে উঠেনি।

* সংক্ষেপিত।

** সহকারী অধ্যাপক, অর্থনীতি বিভাগ, সফর আলী কলেজ, আড়াই হাজার, নারায়ণগঞ্জ।

উন্নয়নের প্রচলিত ধারা

আজকের দিনে উন্নয়ন আলোচনা বহুল প্রচলিত। অর্থনীতিবিদ, রাজনীতিবিদ থেকে শুরু করে সাধারণ মানুষের মুখেও এখন উন্নয়নের আলোচনা শূন্য যায়। উন্নয়ন বা অর্থনৈতিক উন্নয়ন বলতে সঠিক কি বুঝায় সে বিষয়ে অর্থনীতিবিদগণ ঐক্যমতে পৌঁছতে পারেন নি। উন্নয়ন বলতে সাধারণ অর্থনৈতিক উন্নয়নকে মনে করা হয়। আবার অর্থনৈতিক উন্নয়ন, অর্থনৈতিক প্রবৃদ্ধি, অর্থনৈতিক প্রগতি এবং দীর্ঘকালীন পরিবর্তন এ শব্দগুলোকে বিনিময়যোগ্য ভাবে একই অর্থে ব্যবহার করতে দেখা যায়। অর্থনৈতিক প্রবৃদ্ধি বলতে মাথাপিছু আয় বৃদ্ধিকে বুঝায় এবং অর্থনৈতিক উন্নয়ন বলতে আয়ের বৃদ্ধিসহ অর্থনীতির কাঠামোগত পরিবর্তনকে বুঝায়। কিন্তু অর্থনীতিবিদগণ এ দুটো শব্দকে ব্যাপকভাবে একই অর্থে ব্যবহার করে থাকেন। মাথাপিছু আয় বেশী হলেও অনেক দেশের পক্ষে অর্থনৈতিক উন্নয়ন লাভ করা সম্ভব হয় না। তবে মাথাপিছু আয় বৃদ্ধিকে অর্থনৈতিক উন্নয়নের একটা সাধারণ লক্ষণ বা সূচক হিসাবে মনে করা যেতে পারে।

অর্থনৈতিক উন্নয়নের কয়েকটি প্রচলিত সংজ্ঞা নিম্নে আলোচনা করা হলো :

অধ্যাপক William ও Buttrick- এর মতে “অর্থনৈতিক উন্নয়ন হচ্ছে এমন একটি প্রক্রিয়া যা দ্বারা কোন দেশের বা অঞ্চলের জনগণ প্রাপ্তব্য সম্পদের সদ্যবহার-এর মাধ্যমে অব্যাহতভাবে মাথাপিছু দ্রব্য ও সেবাকার্য উৎপাদন করে”। অধ্যাপক Jon's মনে করেন যে, “উৎপাদন বৃদ্ধির মাধ্যমে প্রকাশিত প্রতি ফটায় সম্পাদিত কাজই অর্থনৈতিক অগ্রগতি।” অধ্যাপক Meier ও Baldwin এর মতে, “যে পদ্ধতির মাধ্যমে দীর্ঘকালে মাথাপিছু প্রকৃত আয় বৃদ্ধি পায় তাকে অর্থনৈতিক উন্নয়ন বলা হয়।” অধ্যাপক Rostow — অর্থনৈতিক উন্নয়নকে কতগুলো প্রবণতার মাধ্যমে প্রকাশ করেছেন। যেমন, মৌলিক বিজ্ঞান প্রসারের প্রবণতা, অর্থনৈতিক উদ্দেশ্যে বিজ্ঞানকে ব্যবহারের প্রবণতা, নতুন নতুন কৌশল উদ্ভাবনের প্রবণতা, বৈষয়িক উন্নতি লাভের প্রবণতা ভোগ ও সঞ্চয়ের প্রবণতা এবং সন্তান লাভের প্রবণতা ইত্যাদি। তাঁর মতে, এ সমস্ত প্রবণতা অর্থনৈতিক কার্যক্রমের উপর প্রভাব বিস্তার করে উন্নয়নকে সম্ভব করে তোলে। বিভিন্ন অর্থনীতিবিদ বিভিন্নভাবে অর্থনৈতিক উন্নয়নের সংজ্ঞা প্রদান করলেও অধিকাংশ অর্থনীতিবিদ মাথাপিছু উৎপাদন বা মাথাপিছু আয় বৃদ্ধিকেই অর্থনৈতিক উন্নয়নের পরিমাপক হিসেবে গণ্য করে থাকেন। মাথাপিছু আয় বা জাতীয় আয়ের হিসাবের ভিত্তিতে উন্নয়ন আলোচনা অনেকটা শুভঙ্করের ফাঁকির মত। এই হিসেবের যেমন গোজামিল রয়েছে তেমনি এ থেকে বুঝা যায় না উন্নয়ন কার সাধিত হল। উন্নয়নের সংগে কল্যাণের প্রশ্ন জড়িত থাকা বাঞ্ছনীয়। জাতীয় আয় বৃদ্ধির ফলে উৎপাদন ব্যবস্থায় তার প্রতিক্রিয়া কতটুকু হলো এবং উৎপাদন পদ্ধতির পরিবর্তন জনগণের কতটুকু কল্যাণ সাধন করল, তাদের জীবন যাত্রার মান উন্নয়ন হল কিনা এসব প্রশ্নে নীরব থেকে উন্নয়ন আলোচনা অর্থহীন। উন্নয়ন কেন, কার জন্য এসব প্রশ্ন বাদ দিয়ে অসংখ্য উন্নয়ন মডেল তৈয়ার করা হয়েছে। উন্নয়নের একটা সুস্পষ্ট ধারণা না থাকার কারণে উন্নয়ন আলোচনা আজকের অন্ধ মানুষের হাতী দেখার মত অবস্থায় উপনীত হয়েছে।

মূলধন ভিত্তিক প্রচলিত উন্নয়ন তত্ত্বসমূহ

আজকের দিনে উন্নয়নের আলোচনার জন্য অসংখ্য উন্নয়ন তত্ত্ব গড়ে উঠেছে। এ সমস্ত উন্নয়ন তত্ত্ব মূলতঃ মূলধন ভিত্তিক, প্রায় সকল অর্থনীতিবিদই উন্নয়ন আলোচনার কেন্দ্রবিন্দু হিসেবে মূলধনকে ধরে নিয়েছেন।

তাদের মতে মূলধন বা পুঁজি অর্থনৈতিক উন্নয়ন প্রক্রিয়ার একটা গুরুত্বপূর্ণ (crucial) ভূমিকা পালন করে থাকে এবং হ্যা উন্নয়নের একটা স্ট্রাটজিক (strategic) উপাদান হিসেবে গণ্য। পুঁজি অর্থনৈতিক উন্নয়ন আলোচনার মৌলিক উপাদান হিসেবে বিবেচিত। ক্লাসিক্যাল অর্থনীতিবিদদের থেকে শুরু করে জে, এস, কেইনস ও কার্লমাক্স সহ সকল অর্থনীতিবিদ অর্থনৈতিক উন্নয়নে পুঁজির উপর একটা বিশেষ গুরুত্ব আরোপ করেছেন, এমন কি এখনও অনেক অর্থনীতিবিদই এ মত পোষণ করেন যে পুঁজির একটা আলৌকিক শক্তি রয়েছে এবং সে আলৌকিক শক্তি এ পৃথিবীটাকে সুখ সমৃদ্ধিতে পূর্ণ করে স্বর্গ-রাজ্যে পরিণত করতে পারবে। বহুল প্রচলিত হ্যারড ডোমার মডেলে পুঁজির উপর অত্যধিক গুরুত্ব আরোপ করা হয়েছে এবং ধরা হয় যে পুঁজিই প্রবৃদ্ধি অর্জনের গুরুত্বপূর্ণ একটা ইঞ্জিন। প্রবৃদ্ধি হলো সঞ্চয় ও পুঁজি। উৎপাদন হারের পারস্পরিক ক্রিয়া (interaction) ফলাফল এবং এভাবে পুঁজি গঠন হলো উন্নয়ন প্রক্রিয়ার অন্তর্করণ, পুঁজি গঠন বলতে মজুদপুঁজি দ্রব্যের বৃদ্ধিকে বুঝানো হয়। পুঁজি গঠন, পুঁজি মজুদের বস্তুগত উৎপাদন ও আয় বৃদ্ধি করে থাকে। পুঁজি গঠন প্রক্রিয়াটা পারস্পরিক ক্রিয়াশীল (interacting) এবং ক্রয়বর্ধক (cumulative) এবং পুঁজি গঠন আয় বৃদ্ধি করে অধিকপুঁজি গঠনকে সম্ভব করে তোলে।

নাক্স এর দারিদ্র্যের বিষম চক্র (vicious circle poverty) কিংবা নেলসনের নিম্নতর ভারসাম্য ফাঁদ (Low level equilibrium trap) যা অনুন্নত দেশসমূহের অর্থনীতিকে বন্দী করে রেখেছে, একমাত্র পুঁজি গঠনের মাধ্যমেই তাদের বন্দী দশা হতে মুক্তি সম্ভব।

লর্ড কেইনস যুক্তি দেখান যে পুঁজি গঠন শুধু দ্রব্যাদির উৎপাদন বৃদ্ধির জন্যই বিশেষভাবে প্রয়োজন তাই নয় বরং আয় ও কর্মসংস্থান-এর সুযোগ সৃষ্টিতে পুঁজির ভূমিকা অত্যধিক। হ্যারড ডোমারও বিনিয়োগের মাধ্যমে পুঁজি গঠনের দ্বৈত ভূমিকার কথা উল্লেখ করেন, বিনিয়োগ পুঁজি গঠন তরান্বিত করে আয় এবং উৎপাদনশীলতাকে উর্ধ্বমুখী করে তোলে।

এ মডেলে দেখানো হয়েছে যে একটা নির্দিষ্ট হারে প্রবৃদ্ধি অর্জন করতে হলে নির্দিষ্ট প্রয়োজনীয় পরিমাণ সঞ্চয় প্রয়োজন। কাজেই অভ্যন্তরীণ সঞ্চয় মোট প্রয়োজনীয় সঞ্চয়ের চেয়ে কম হলে বৈদেশিক সাহায্য ঘুচাবে। এইচ, বি, চ্যানারী এবং এ, বি, এম, এস, টাউট তাদের দ্বৈত গ্যাপ তত্ত্বে (Two gap theory) বৈদেশিক ঋণের মাধ্যমে অনুন্নত দেশসমূহ উন্নতি লাভ করতে পারবে বলে অভিমত ব্যক্ত করেন। এখনও অনেকেই মনে করে থাকেন যে বৈদেশিক সাহায্য, বিনিয়োগ এবং বহুজাতিক সংস্থাসমূহের কার্যকলাপ অনুন্নত দেশের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।

অন্যান্য বহু সংখ্যক অর্থনীতিবিদের মত কার্লমাক্সও মনে করেন প্রযুক্তিগত উন্নতি অর্থনৈতিক উন্নয়নের সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ হাতিয়ার। প্রযুক্তি উন্নয়ন নির্ভর করে পুঁজি গঠনের হারের উপর। পুঁজি গঠন তরান্বিত হলে প্রযুক্তির ব্যবহার মাত্রা বেড়ে যায়। মোট কথা পুঁজিও প্রযুক্তি একত্রিত হলে অর্থনৈতিক উন্নয়ন সম্ভব, অন্যথায় নয়। সংক্ষেপে ইহাই প্রচলিত উন্নয়ন ও প্রবৃদ্ধির মডেল সমূহের উন্নয়নের জাদুর কাঠি।

অর্থনীতিবিদগণ উন্নয়নের ধারণা সম্পর্কে একমতে পৌছাতে ব্যর্থ হয়েছেন। অর্থাৎ উন্নয়নের ধারণাটি এখনও অস্পষ্টতার দোষে দুষ্ট। উন্নয়ন বলতে সাধারণতঃ অর্থনৈতিক উন্নয়নকে বুঝানো হয়। আবার অর্থনৈতিক উন্নয়ন ও অর্থনৈতিক প্রবৃদ্ধিকে একই অর্থে ব্যবহৃত হতে দেখা যায়। জাতীয় আয়ের বৃদ্ধি বা মাথাপিছু আয়

বৃদ্ধিকে উন্নয়ন বলে মনে করা হয়। মাথাপিছু আয় হলো এখন অর্থনীতিবিদগণের কাছে সকল উন্নয়ন আলোচনার কেন্দ্রবিন্দু এবং মাথাপিছু আয়কে তারা উন্নয়ন আলোচনার হাতিয়ার স্বরূপ মনে করেন।

মাথাপিছু আয় সূচক একটা অস্পষ্ট (vague term) ধারণা যা জাতীয় আয়ের অসম-বিষম বন্টনকে ছদ্মাবরণে ঢেকে রাখে। একটা দেশের জাতীয় আয় বৃদ্ধি পেতে পারে কিন্তু অধিকাংশ জনগণের জীবন যাত্রার মানের পূর্বাপেক্ষা অবনতিও হতে পারে। এছাড়া জাতীয় আয় বৃদ্ধির ফলে কার মাথাপিছু আয় বৃদ্ধি পেল আবার কার বৃদ্ধি পেল না তা খুঁজে বের করা সম্ভব নয়।

প্রচলিত তত্ত্বসমূহে সম্পদের বন্টনকে সঠিকভাবে বিবেচনা করে নাই তাই সমাজ থেকে দারিদ্র্য হ্রাস করতে সক্ষম হয়নি। যদিও মাথাপিছু উৎপাদন বৃদ্ধি একটা গুরুত্ব পাবার মত বিষয়। কিন্তু তাই বলে মাথাপিছু উৎপাদন বৃদ্ধিকে (অর্থনৈতিক) কল্যাণের সংগে সমভাবে বিবেচনা করা যায় না।

অর্থনৈতিক উন্নয়নের প্রচলিত মডেলসমূহে পুঁজির উপর অত্যধিক গুরুত্ব আরোপ করেছে। পুঁজি গঠনের ও সঞ্চয় বৃদ্ধির জন্য সুদের হার বৃদ্ধির কথা বলা হয় এবং সুদ ভিত্তিক ব্যাংক ব্যবস্থার আশ্রয় গ্রহণ করা হয়। সঞ্চয়ের সংগে সুদের সম্পর্ক নেই। সুদের জন্য সঞ্চয় হয় না বরং অন্যান্য কারণে মানুষ সঞ্চয় করে।

অনেকে আবার সম্পদ ও আয় বন্টনের বৈষম্যকে সঞ্চয় বৃদ্ধির একটা কৌশল হিসেবেও মতামত ব্যক্ত করেছেন। তাদের মতে সমাজের অপেক্ষাকৃত বিস্তারিত সাধারণতঃ সঞ্চয় করে থাকে অর্থাৎ সঞ্চয় ক্ষমতা দরিদ্রের চেয়ে ধনীদেদের বেশী থাকে। সুতরাং ধন বৈষম্য বৃদ্ধি পেলে ধনীক শ্রেণীর সঞ্চয় ক্ষমতা বৃদ্ধি পাবে যা দেশের মোট সঞ্চয়কে বৃদ্ধি করবে। সম্পদ ও আয়ের বৈষম্যের ফলে বর্ধিত সঞ্চয়ের পিছনে সমাজের যে ত্যাগ ও প্রকৃত খরচ হয় তা প্রচলিত তত্ত্বসমূহে বিবেচনা করা হয় নাই। আয়ের অসম বন্টনের ফলে সম্পদ মুষ্টিমেয় লোকের হাতে কুক্ষিগত হয় এবং এর ফলে ধনী আরও ধনী হয় এবং গরীব আরও গরীব হয়ে পড়ে। দেশে দরিদ্র শ্রেণীর মানুষের সংখ্যা বৃদ্ধি পেলে কার্যকরী চাহিদার ঘাটতি দেখা দেয় যা অর্থনৈতিক উন্নয়নকে মারাত্মকভাবে বিধ্বিত করে।

পুঁজিবাদী অর্থনীতিবিদগণ মনে করেন যে পুঁজি ও প্রযুক্তি পৃথিবীকে স্বর্গপুরীতে পরিণত করতে পারবে। পুঁজি ও প্রযুক্তি উন্নয়নের জন্য প্রয়োজনীয় উপাদান হলেও এগুলোই উন্নয়নের জন্য যথেষ্ট নয়। উন্নয়নের পথে যাত্রা করার পূর্বেই বিরাজমান সামাজিক ও রাজনৈতিক প্রতিবন্ধকতা রয়েছে, যেগুলোকে উন্নয়নের সহগামী ও সহায়ক হিসেবে গড়ে তুলতে হবে। প্রচলিত উন্নয়ন তত্ত্বসমূহে শুধু অর্থনৈতিক বিষয়াবলী নিয়েই আলোচনা করা হয়েছে এবং সামাজিক, ধনীয় ও রাজনৈতিক বিষয়াবলীকে বিবেচনায় ধরা হয় নি।

সমাজতান্ত্রিক ব্যবস্থায় ও উৎপাদনের সকল উপাদানের মালিক রাষ্ট্র বা সমাজ। ক্ষমতাসীন রাজনৈতিক দল কেন্দ্রীয় পরিকল্পনা কর্তৃপক্ষের নামে অর্থনীতিকে পরিচালিত ও নিয়ন্ত্রিত করে থাকে। সমাজতন্ত্রে ও উন্নয়নের জন্য মোটামুটি ভাবে পুঁজিবাদী নীতিই অবলম্বন করে থাকে। অবশ্য যেখানকার সামাজিক ও রাজনৈতিক কাঠামো কিছুটা ভিন্ন ধরনের। এ ব্যবস্থায়ও মূলধন গঠন ও বিনিয়োগকেই অর্থনৈতিক উন্নয়নের পন্থা হিসাবে মনে করা হয়।

পশ্চিমা উন্নয়ন তত্ত্বসমূহে উন্নয়নশীল ও অনুন্নত দেশসমূহে খাটেনা

পশ্চিমা উন্নয়ন তত্ত্বসমূহে অনুন্নত দেশসমূহের উন্নয়নের সঠিক পথ করতে ব্যর্থতার পরিচয় দিয়েছে। ঐ

সমস্ত মডেল নিম্নোক্ত কারণে অনুন্নত দেশসমূহে প্রযোজ্য নয়।

১। ঐ সমস্ত তত্ত্বসমূহ উন্নত দেশসমূহের অর্থনৈতিক সমস্যার পরিপ্রেক্ষিতে গড়ে উঠেছে। উন্নত দেশ সমূহের সমস্যা হলো উন্নয়নের বর্তমান ধারাকে বজায় রাখা বা অব্যাহত রাখা। আর অনুন্নত দেশ সমূহের সমস্যা হলো উন্নয়নের পথে যাত্রা শুরু করা। অর্থাৎ উন্নত দেশের সমস্যা হলো উপরের সিঁড়িতে পা বাড়ানো এবং অনুন্নত দেশের সমস্যা হলো উন্নয়নের সিঁড়িতে ভীত স্থাপন করা।

২। উন্নত দেশসমূহের আর্থ-সামাজিক-রাজনৈতিক অবস্থা অনুন্নত দেশসমূহ থেকে সম্পূর্ণ ভিন্ন ধরনের। কাজেই উন্নত দেশের পরিপ্রেক্ষিতে যে সমস্ত তত্ত্ব গড়ে উঠেছে তা অনুন্নত বিশ্বে নির্বিচারে প্রয়োগ করা কোন মতেই ঠিক নয়।

৩। সর্বপেক্ষা জনপ্রিয় Harrod-Domar এর মডেল ও অন্যান্য অনেক মডেল কেইন্স (Keynes) এর সামগ্রিক ধারণা (Concepts) সমূহের ভিত্তিতে গড়ে উঠেছে। এ সমস্ত ধারণা (Concepts) সমূহ এবং পুঁজি উৎপাদন অনুপাত (Capital output ratio) অনুন্নত দেশসমূহে বাহির করা সুকঠিন কাজ।

৪। উন্নত দেশে যে সমস্ত পুঁজি ঘন প্রযুক্তি কৌশল (Capital intensive technology) গ্রহণ করে থাকে তা অনুন্নত দেশসমূহে ব্যবহার করলে ব্যাপক বেকার সমস্যা দেখা দেয়। প্রচলিত উন্নয়ন মডেলসমূহে মূলতঃ পুঁজি-ঘন কৌশল ব্যবহার করার পক্ষে ওকালতি করেছে। অনুন্নত দেশসমূহে শ্রম-ঘন কৌশল (Labour intensive technology) বা লাগসই প্রযুক্তির ব্যবহারই (Appropriate technology) উন্নয়নের পথ প্রদর্শন করতে পারে।

৫। H. B. Chenery এবং A. M. Stout - তাদের দ্বৈত গ্যাপ তত্ত্বে (Two gap theory) অনুন্নত দেশসমূহের জন্য বৈদেশিক সাহায্যের ব্যবস্থা পত্র প্রদান করেছেন। কিন্তু প্রকৃতপক্ষে অনুন্নত দেশ সমূহে বৈদেশিক সাহায্য দ্বৈত গ্যাপ ঘুচাবার পরিবর্তে আরও বৃহৎ গ্যাপের (gap) সৃষ্টি করে থাকে। বৈদেশিক সাহায্য এখন সব খাতে ব্যবহৃত (দেয় হয়) হয় যাতে দাতা দেশের স্বার্থ সংরক্ষিত হয়। এ ধরনের বৈদেশিক সাহায্য গ্রহীত দেশসমূহে স্বাভাবিক উন্নয়নের পথে প্রতিবন্ধকতা সৃষ্টি করে এবং পরিনির্ভরশীলতা বাড়িয়ে তোলে যা অনুন্নত দেশসমূহে অনুন্নত বজায় রাখতে সহায়তা করে। বৈদেশিক সাহায্যের ফলে দেশের শিল্প উন্নয়ন বা উন্নয়নের স্বকীয় ধারার প্রসমিত হতে পারবে না। এ প্রসঙ্গে আমরা Meier ও Baldwin - এর সংগে একমত। লেখকদ্বয় বৈদেশিক সাহায্যের মাধ্যমে উন্নয়নকে উন্নয়ন না বলে বরং উন্নয়নের বাজার বলে উল্লেখ করেছেন।

৬। বিদ্যমান উন্নয়ন তত্ত্বসমূহ অনুন্নত দেশসমূহের বাস্তব সমস্যার সম্যকরূপ উপলব্ধি করতে ব্যর্থ হয়েছে। উন্নত দেশের সামাজিক মূল্যবোধ, সামাজিক-রাজনৈতিক অবস্থা ও অর্থনৈতিক অবকাঠামো অনুন্নত দেশসমূহ হতে সম্পূর্ণ ভিন্ন ধরনের। বিদ্যমান উন্নয়ন তত্ত্বসমূহ পুঁজি ভিত্তিক কিন্তু পুঁজি ও প্রযুক্তি ছাড়াও উন্নয়নের জন্য আরও বহু বিষয় রয়েছে যেমন মানবিক সামাজিক ও ধর্মীয় মূল্যবোধ, ন্যায়নীতি ও মনস্তাত্ত্বিক এ সমস্ত উপাদান সমূহকে উন্নয়ন তত্ত্বসমূহে উপেক্ষা করা হয়েছে।

৭। উন্নয়ন আলোচনায় শুধু অর্থনৈতিক উপাদানসমূহ অত্যধিক গুরুত্ব পেয়েছে। উন্নয়ন যে মানুষের জন্য সে মানুষের উন্নয়নের একেবারে ধারে কাছেও যেতে পারে নি। মানব জীবনের সর্বাঙ্গীণ উন্নতি না হলে

অর্থনৈতিক উন্নয়ন মূল্যহীন হয়ে পড়তে বাধ্য। শুধু পার্থিব বা বস্তুগত উন্নয়ন দিয়ে মানব জীবনের প্রকৃত কল্যাণ হতে পারে না। প্রচলিত উন্নয়ন তত্ত্বসমূহের দার্শনিক ভিত্তি হলো বস্তু যা অসম্পূর্ণ এবং পক্ষপাত দুষ্ট।

উপসংহার

বর্তমানে প্রচলিত উন্নয়নের ধারণা যেমন অস্পষ্ট এবং অনির্ধারিত তেমনি তত্ত্বসমূহ ও আংশিক এবং অপূর্ণাঙ্গ। উন্নয়নের ধারণাটি একটি সমন্বিত (Integrated) ধারণা হিসেবে নির্ধারিত হওয়া উচিত। অর্থনৈতিক উন্নয়নের জন্য জনগণের দৃষ্টিভঙ্গি কর্তব্যপারায়ণতা, অমিতব্যয়িতা, ভাগ্য উন্নয়নের প্রচেষ্টা বা উন্নত জীবন স্পন্দনের আগ্রহ, সমাজের পরিবর্তিত অবস্থার সংগে তাল মিলিয়ে চলার আগ্রহ, ভোগ বিরতির কষ্ট সহ্য করে সঙ্কয়ে প্রবৃত্ত হবার অভ্যাস ইত্যাদি গুণাবলী বিদ্যমান থাকা প্রয়োজন। উপরোক্ত গুণাবলীর বিকাশ নির্ভর করে সামাজিক সাংস্কৃতিক পরিবেশ ও ধর্মীয় আচার অনুষ্ঠানের উপর। কারণ সমাজের মানুষের অর্থনৈতিক কর্মকাণ্ড দেশের সামগ্রিক সামাজিক, রাজনৈতিক পরিবেশ দ্বারা প্রভাবিত হয়। বর্তমান জটিল অর্থনৈতিক যুগে রাষ্ট্র বা সরকার জনগণের অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা পালন করে থাকে। সরকারের আর্থিক নীতি ও রাজনীতি এবং অন্যান্য অর্থনৈতিক নীতিমালা জনগণের অর্থনৈতিক কার্যাবলীকে প্রভাবিত করে। সরকারের অর্থনৈতিক নীতিমালাসমূহ আবার নির্ভর করে রাজনৈতিক দর্শনের উপর। সুতরাং উন্নয়ন তত্ত্বে অর্থনৈতিক উপাদান ছাড়াও সামাজিক-সাংস্কৃতিক ও রাজনৈতিক উপাদানসমূহকে সন্নিবেশ করা প্রয়োজন।

Privatisation and Orientation towards Free Market Economy in Bangladesh: Some Issues*

S. M. Ather**

Introduction

In 1971, the Government of the People's Republic of Bangladesh nationalised almost all the large and medium scale industrial units along with banks and other financial institutions, to forestall the possibility of concentration of economic power. About 86% of total assets of the industrial sector was brought under the public ownership and management. The objectives of nationalisation were stated to be as follows :

1. To lay the foundation of socialism in the industrial sector of the economy.
2. To achieve efficient and professional management.
3. To establish new institutions and to develop a socialist consciousness among the management and workers.
4. To bring about necessary growth and expansion in the industrial sector."

The ultimate aim and objective was the, "attainment of a just and egalitarian society free from exploitation of "man by man" and emancipation of the toiling masses, the peasants and workers and backward section of the people."

What Caused Nationalisation a Failure and Initiated the Policy of Privatisation

Side by side with nationalisation, the ideological frame of socialistic economy, its motivational forces, product pricing methods, performance measuring methods and criteria were required to be understood and accepted the persons engaged in the nationalised enterprises, since they were undergoing a new phase of economic system. It was the responsibility of the Government to ensure that the nationalised enterprises were managed efficiently and effectively. It was essential to develop adequate and appropriate criteria for measuring the performance of nationalised sectors. But no serious and effective step was apparently taken in this direction. Lack of criteria for measuring performance as well as absence of clear cut demarcation of the activities, responsibilities and authorities at different levels of nationalised enterprises, made accountability difficult.

Further, the party in power, primarily, created the scope for chaos and mismanagement in the nationalised enterprises by placing inefficient and selfish party supporters in administrative posts as well as by retaining the former Bangalee owners in their management.

* Abridged.

** Professor, Department of Management, University of Chittagong.

There is a concern over the inefficiency and ineffectiveness of the nationalised industries. There is also a demand for the disinvestment of the nationalised industries on the plea that losses incurred by a nationalised industry is a kind of cancer.

In course of time, this state of affairs, created an environment favourable for the adoption of disinvestment policy wherefrom the process of privatisation started and simultaneously the state commitment for the attainment of a just and egalitarian society free from exploitation of 'man by man' is shaken.

What Queries Were to be Resolved Before Pursuing a Policy of Privatisation

Questions arise, was there anything more desirable than establishing an exploitation free society? Were the objectives of nationalisation less sublime?

Were there any sincere attempt and serious study to improve performance of public enterprises? Is privatisation and free market economy the panacea for all so called evils of public enterprises? If private capitalism is seriously developed will there be concentration of economic power into the hands of a few microscopic minority along with its associated social and economic corruptions and injustice?

Everyone knows that the replies to all these are either negative or unfavourable.

Privatisation is not Unique to Economic Growth and Development

There are testimonies in the economic history, that some nations attained rapid growth and developments by developing state-enterprises under socialistic frame of economy, some by private or mixed capitalism. Economic system is not unique or absolute for the growth and development of a nation.

So mere changing of the economic system such as a shift from nationalisation to privatisation and orientation towards the free market economy may not be sufficient to improve the lot of the toiling masses and common people of Bangladesh. The country is now on the verge of ruin. In this situation a massive and rapid privatisation programme should be given some serious thoughts.

Disinvestment of Public Enterprises and Some Observations

The privatisation policy emerged as one of the main pillars of industrial policies of Bangladesh in the 1970s and 1980s. A source of MOI (Ministry of Industries) reported that upto July 1990, 496 units were sold/ disinvested for Tk. 177.52 crore. Out of this the government received Tk. 126.37 crore from the parties. The buyers of 85 units did not pay the purchase price and became permanent defaulters. For the reason of non-payment of installment and for other reasons government took back 12 units from the private buyers. Further, in the process of privatisation government had already shown a bad debt amounting to Tk. 37.07 crore.

An inherent assumption of privatisation of the public enterprises was that the performance of these enterprises under private ownership would be improved.

But the real picture was quite reverse which defeated the very purpose of privatisation. Thus the policy of privatising the nationalised enterprises has no empirical basis rather it seems more a political than an economic decision.

Problems of Massive Privatisation

The Industrial Policy (1991) announces a massive privatisation programme of the existing public enterprises. The industries retained for public sector investment have been :

- (a) Arms, ammunitions and other defence equipment and machineries;
- (b) Production of nuclear energy;
- (c) Security printing (currency notes) and minting;
- (d) Forest Plantation and mechanised extraction within the bounds of reserved forests;
- (e) Air transportation and railways;
- (f) Power generation (except through private generator), transmission and distribution; and
- (g) Telecommunication.

Very recently, power generation and telecommunication have also been withdrawn from this list.

It is apprehended that due to privatization, the present unemployment problems will aggravate further. A good number of people will lose their jobs under private ownership. Labour unrests will culminate. Government revenue will decline due to evasion of tax by the private owners.

As a result public welfare activity will shrink. Sectorally and regionally balanced development will be hindered. Risky and less profitable projects, requiring huge capital will not be undertaken by private owners. Wealth will be concentrated into a few hands. Capitalistic exploitation of poor labour with all its associated corruptions will make its headway. Social crimes and offences will multiply. Creation of new jobs for lack of labour intensive projects will not be ensured.

Problems of Free Market Economy

Orientation towards free market economy along with liberalisation of exports and imports has the danger of complete ruination of economy and existing industrial base. Our products will lose market in the home as well as foreign countries - due to severe foreign competition. So, our domestic industry will collapse.

Since, ours is a sellers market, the price will be determined by the will and intension of the private industrialists. As a result, consumers will be the worst sufferers of price fluctuations.

Balance Between Nationalisation and Privatisation

Public enterprises should be reserved for all the nationally vital and strategic industries along with low profit but highly employment oriented projects. All the import-substitution, export and capital goods industries should be protected completely from the foreign competition.

And the rests may be kept open for the Private industrialists. But in such a situation the Government must protect the domestic consumers of, at least, the essential goods from undue price hikes.

Conclusions

A welfare state of sectorally and regionally balanced economy with full employment is inconceivable without state intervention through public enterprises. In this context, the corruption, bureaucracy, inefficiency of public enterprise management should be completely controlled.

If public enterprises are efficiently and effectively run the society as a whole will be benefited. This should specially focus on the role of the public sector in developing capital and intermediate goods industries with high forward and backward linkages and industries targeted for a breakthrough in the export market.

Trade Policy and Economic Development in Bangladesh*

Mohammad Ali Akbar**

This article attempts to synthesize an analytical approach to Trade Policy with the policy problems.

A corollary of Heckscher-Ohlin theorem indicates that an objective of commercial policy is to protect the scarce factor. This general rule may not be applicable to countries of the type "neither capital rich nor capital poor" like Japan where dualism of trade structure prevails. The other non-economic aim of protection policy is to achieve maximum self-sufficiency of a national economic unit. Empirically these questions have been subject to tests by Leontief, Chenery and Watanabe.

The basic thrust of Commercial Policy that springs from the classical comparative cost theory is the allocation of limited 'investible' funds in the developing countries, if following Hicks we view the problem as follows.

The basic problem for the LDCs is how to convert the available 'investible' resources into final output. In the process there are primarily two stages: one is how to convert domestic available 'investible' resources into "capital equipment" and the next is how to utilise these equipment to get the final output". The maximum final output may be defined in two different ways: (1) The objective may be defined as the output of consumer's good to be made available during a specified period, subject to leaving a minimum amount of terminal capital stock at the end of this period of (2) alternatively as the terminal capital stock being made available at the end of the period, subject to a minimum amount of consumables during the period.

However, the problem of choice of whether to produce at home or to trade is complicated by the fact that this is not only a choice between two alternatives. Rather, the problem is whether to utilise the imported equipment for (i) agricultural exports, or (ii) industrial exports or (iii) import substitution.

দীর্ঘ ন'বছরের স্বৈরতান্ত্রিক শাসন ব্যবস্থার অবসান ঘটিয়ে একটি গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠার পর অতিক্রান্ত হয়েছে প্রায় দু'বছর। অর্থনৈতিক বিপর্যস্ততা ও ক্রমাবনতি থেকে মাথা উচু করে দাঁড়াবার জন্য এ দু'বছর মোটেও যথেষ্ট নয়। গত কয়েক দশকের উপর্যুপরি রাজনৈতিক উত্থান-পতন, পাকিস্তানীদের অর্থনৈতিক শোষণ, ন'মাসের রক্তক্ষয়ী স্বাধীনতা সংগ্রাম এবং স্বৈরাচারী শাসন ও স্বৈচ্ছাচারিতার এক দীর্ঘ প্রক্রিয়ায় গড়ে উঠেছে এই দেশের যে অর্থনৈতিক কাঠামোটি এর পুনর্বিন্যাসের কাজটি মোটেও সহজতর নয়। এর জন্য আবশ্যিক যে সামরিক ও রাজনৈতিক ব্যবস্থা, যে সাংস্কৃতিক মানসম্পন্ন জনগোষ্ঠী — তা আমরা এখনও গড়ে তুলতে পারিনি। ফলে দেখা যাচ্ছে, স্বাধীনতার দু'দশক পেরিয়েও আমাদের অর্থনীতি আজ বিদেশ-নির্ভর, সংস্কৃতিতে চলছে পশ্চাৎপদতা আর রাজনীতিতে অস্থিরতা। বিপর্যস্ত অর্থনীতি এবং তা থেকে সাময়িক উত্তরণের লক্ষ্যে বৈদেশিক সাহায্যের মাত্রাতিরিক্ত নির্ভরশীলতা — আমাদের গোটা দেশটিকে তথা আমাদের সত্তাকে করেছে আন্তর্জাতিক পুঁজির বলয়ে আবিষ্ট। পুঁজিবাদী অর্থনীতি তথা আন্তর্জাতিক বাজার অর্থনীতির একচেটিয়া আধিপত্য প্রতিষ্ঠার প্রয়াস এবং সাম্প্রতিককালে অখনড ইউরোপ গঠনের প্রক্রিয়ার সাথে বাংলাদেশ সহ তৃতীয় বিশ্বের দেশসমূহ যেন ক্রমশঃ জড়িয়ে পড়ছে। কেন্দ্রের শিল্পজাত পণ্যের বাজার ও কাঁচা মাল যোগানের কেন্দ্র হিসেবে ব্যবহৃত হচ্ছে এই সমস্ত প্রান্তিক রাষ্ট্রগুলো (Peripheral States)। অন্যদিকে সাহায্য গ্রহণের প্রক্রিয়ায় বাংলাদেশ সহ অন্যান্য দরিদ্র ও অনুন্নত রাষ্ট্রগুলো ক্রমশঃ দরিদ্র থেকে দরিদ্রতর হচ্ছে। উন্নত দেশসমূহের উপর এদের নির্ভরশীলতা বেড়ে চলেছে মারাত্মক ভাবে। আমাদের প্রিয় মাতৃভূমি বাংলাদেশ-এর অন্যতম দৃষ্টান্ত। গত কয়েক দশকের নানা সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক কর্মকান্ড ও কার্যাবলীর সমাজতান্ত্রিক পর্যালোচনা ব্যতিরেকে এর কারণ উদ্ঘাটন সম্ভব নয়। গত দু'দশকের রাষ্ট্রনীতি, রাষ্ট্র পরিচালনার বিভিন্ন কার্যাবলী, রাজনৈতিক দল ও বিভিন্ন শ্রেণীর কর্মকান্ড, শ্রেণীগঠন প্রক্রিয়া ইত্যাদির রাজনৈতিক সমাজতান্ত্রিক আলোচনাই এর অত্যাৱশ্যকীয় শর্ত।

ভূমিকা

এটা সকলেরই জানা আছে যে, দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর বিশ্ব রাজনৈতিক ঔপনিবেশিক শাসন ও রাজনৈতিক আধিপত্য বিস্তারের ক্ষেত্রে কতক চারিত্রিক পরিবর্তন সাধিত হয়। এর পেছনে অবশ্য কতকগুলো কারণও ছিল। যার মাঝে অন্যতম হচ্ছে, বৃহৎ শক্তিগুলোর মধ্যে সমঝোতা ও আদর্শিক নীতিগত ঐকমত্য। তাঁদের গৃহীত এ নীতির ফলে উপনিবেশভুক্ত বেশ কিছু দেশ ধীরে ধীরে মুক্ত হওয়ার সুযোগ পায়। যদিও কথা ছিল এর ফলেই ঐ সমস্ত দেশগুলো অর্থনৈতিক, সামাজিক, রাজনৈতিক কিংবা ভৌগোলিক সকল দিক থেকেই

* প্রভাষক, নৃবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

মুক্ত হয়ে উঠবে। কিন্তু বাস্তবে তা আর হলোনা। দেখা গেল, ভৌগোলিক অর্থে বেশ কিছু দেশ অতি দ্রুত স্বাধীনতা লাভ করলেও মাত্র কিছুকালের ব্যবধানেই তাঁরা আবার উন্নত বা পুঁজিবাদী দেশসমূহের নতুন শৃংখলে আবদ্ধ হয়ে পড়লো — নয়া ঔপনিবেশিক শোষণের প্রক্রিয়ায়। অবশ্য এরই পাশাপাশি চলতে থাকে আরেকটি বিপরীত প্রক্রিয়া। এই প্রক্রিয়ায় অনুন্নত ও সদ্য স্বাধীনতাপ্রাপ্ত উন্নয়নশীল দেশসমূহ নিজেদের মাঝে গড়ে তোলে বন্ধুত্ব ও সহযোগিতামূলক সম্পর্ক। ফলে গড়ে উঠে জোট নিরপেক্ষ, উত্তর দক্ষিণ চুক্তি, - আফ্রিটাড, ৭৭-জাতি গোষ্ঠীসহ নানা আঞ্চলিক ও আন্তর্জাতিক সংস্থা ও সংগঠনসমূহ। কিন্তু মাত্র কয়েক দশকের ব্যবধানে এই সমস্ত সংস্থাগুলো তাদের সকল কার্যক্রম ও উদ্যোগ যথাযথভাবে পালন করতে না পারায় বিশ্বধনতাত্ত্বিক শক্তি আবার তাদের শোষণের প্রক্রিয়াকে সামরিক কৌশলের পরিবর্তে পুঁজি বিনিয়োগের মাধ্যমে অব্যাহত রাখার প্রয়াস প্রায়। অত্যন্ত সাদা-মাটাভাবে বলা যায়, অনেকটা 'Slow Poison' এর মতোই বিশ্বধনতাত্ত্বিক শক্তি তাদের উৎপাদিত পণ্যের বাজার সৃষ্টি এবং অধিক পুঁজি বিনিয়োগের মাধ্যমে নতুন মোড়কে পুরনো শোষণ প্রক্রিয়াকেই অব্যাহত রেখেছে। দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তরকালে পুঁজিবাদী দেশগুলো এই সমস্ত অনুন্নত দেশসমূহে সরাসরি প্রত্যক্ষ ভাবে তাঁদের শাসন ও শোষণ-মূলক কার্যক্রম পরিচালনা করলেও বর্তমানে তাঁরা তাঁদের পুঁজির বদৌলতে পরোক্ষভাবে তাঁদের কাঙ্ক্ষিত পথেই নয়া ঔপনিবেশিক কায়দায় তাঁদের শোষণমূলক কার্যক্রমকে পরিচালনা করে যাচ্ছে। তাঁরা হস্তক্ষেপ করছে গ্রহীতা (ঋণ ও সাহায্য) দেশের সামাজিক, রাজনৈতিক ও সাংস্কৃতিক কর্মকাণ্ডেও। সাম্প্রতিককালে পুরনো পুঁজিবাদী শক্তিসমূহের সাথে আরো যুক্ত হয়েছে নতুন নতুন শক্তিও। এমনভাবে একদিকে গুটিকয়েকের ক্রমাগত উন্নয়ন প্রক্রিয়ায় তৃতীয় বিশ্বের সাহায্যের নামে অনুন্নয়ন প্রক্রিয়াই ত্বরান্বিত হচ্ছে। বাংলাদেশে বৈদেশিক সাহায্যের গতি প্রকৃতি এবং এর রাজনৈতিক ও অর্থনৈতিক (Politico-Economical) ও রাজনৈতিক সামাজিক (Politico-Sociological) বিশ্লেষণের মাধ্যমেই এর অন্তর্নিহিত দ্বন্দ্বিকতাকে অনুধাবন করা সম্ভব, অন্য কোনভাবে নয়।

বৈদেশিক সাহায্যের গতি-প্রকৃতি

বলার অপেক্ষা রাখে না যে, বাংলাদেশের বর্তমান আর্থ সামাজিক বাস্তবতায় বৈদেশিক সাহায্য গ্রহণের প্রয়োজনীয়তা অনস্বীকার্য। বর্তমান উন্নয়ন ধারায় এটি শুধু মৌল বৈশিষ্ট্যই নয়, অর্থনীতিবিদ রেহমান সোবহানের ভাষায় এটি হচ্ছে 'উন্নয়ন প্রয়াসের শোণিত প্রবাহ'। বছরের পর বছর যেন এ প্রবাহ আরো প্রবল হয়ে উঠেছে। বৈদেশিক সাহায্য বিনিয়োগের মধ্য দিয়ে তাইওয়ান, সিংগাপুর, ইন্দোনেশিয়া, কোরিয়াসহ বেশ কিছু দেশ উন্নয়নের ক্ষেত্রে গতি সঞ্চারণ করতে সক্ষম হলেও রাজনৈতিক সমাজতন্ত্রের ধারণা অনুযায়ী একে উন্নয়ন বলা চলে না। বরং বলা চলে, পরনির্ভরশীলতার ক্ষেত্রে আরেক ধাপ এগিয়ে যাওয়া। তবে ঐ সমস্ত দেশগুলো সম্পূর্ণ অর্থে সাহায্যের যথাযথ ব্যবহার করতে সক্ষম না হলেও এর মাধ্যমে আভ্যন্তরীণ সম্পদ সংগ্রহের ক্ষেত্রে কিছুটা ধনাত্মক ভূমিকা রাখতে সক্ষম হয়েছে। আর বাংলাদেশে এক্ষেত্রে ঋণাত্মক প্রভাবটাই বেশী পড়েছে। ফলে লক্ষ্য করা যায়, একদিকে যেমনি ঋণ গ্রহণের মাত্রা বেড়ে চলেছে, তেমনি অন্যদিকে অনুন্নয়ন প্রক্রিয়াটিও চলছে দ্রুত গতিতে। তাই দেখা যায়, ৯১-৯২ অর্থ বছরে এসে উন্নয়ন বাজেটের ৯০ শতাংশই পূরণ করতে হচ্ছে বৈদেশিক সাহায্যের মাধ্যমে। শুধু তা-ই নয়, অবশিষ্ট যে, ১০ শতাংশ

অভ্যন্তরীণ বৈদেশিক সাহায্যের উপরই। অর্থাৎ উন্নয়ন বাজেটের প্রায় পুরোটাই এবং জি. ডি. পি-র প্রায় ৮% আসে বৈদেশিক সাহায্য সূত্রে। অর্থ মন্ত্রণালয়ীয় Economic Relation Division (ERD) এর হিসেব অনুযায়ী ১৯৭১ থেকে ১৯৯০ সালের ৩০শে জুন পর্যন্ত প্রাপ্ত বৈদেশিক সাহায্যের পরিমাণ হচ্ছে ৫.৬১ বিলিয়ন মার্কিন ডলার। (দেখুন ছক ১, ২)। এক হিসেবে দেখা যায় যে, ১৯৭১ সালের ১৬ই ডিসেম্বর থেকে চলতি ১৯৯২ সালের জুন মাস পর্যন্ত বাংলাদেশে ১২৩৩ কোটি ৫৯ লাখ ডলার বৈদেশিক ঋণ পেয়েছে এবং স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী ঋণের সুদ ও আসলের কিস্তি বাবদ পরিশোধ করেছে ৬৪৭ কোটি ৬১ লাখ ডলার। বর্তমান বিনিময় মূল্য অনুযায়ী পরিশোধিত অর্থের পরিমাণ প্রায় ২৩ হাজার ৯০৪ কোটি ৪০ লাখ টাকা। অর্থাৎ প্রাপ্ত বৈদেশিক ঋণের ৫২% সুদ এবং আসলের কিস্তি বাবদ পরিশোধ করতে হয়েছে। (চলতি বছরে এ বাবদ ব্যয় হয়েছে ২২৪০ কোটি টাকা)। বৈদেশিক সম্পর্ক বিভাগের বিভিন্ন সূত্র জানায়, চলতি বছরের জুন পর্যন্ত বাংলাদেশে সর্বমোট ঋণ ও অনুদান হিসেবে মোট বৈদেশিক সাহায্য পেয়েছে ২৪.১৯ কোটি ১৫ লাখ ডলার বা ৯৬ হাজার ৭৫৬ কোটি টাকা (বর্তমান বিনিময় মূল্য) এর মধ্যে অনুদানের অংশ হচ্ছে ১১৮৫ কোটি ৫৬ লাখ ডলার বা ৪৭ হাজার ৪২২ কোটি ৪০ লাখ টাকা এবং ঋণের অংশ ৪৯ হাজার ৩৬৩ কোটি ৬০ লাখ টাকা। অন্য আরেকটি হিসেব মতে, স্বাধীনতার পর থেকে বর্তমান সময় পর্যন্ত সাহায্যদাতা দেশ ও সংস্থাগুলোর মোট ২৯৯৮ কোটি ৫ লাখ ডলারের প্রতিশ্রুতি দিয়েছিল। বর্তমান বিনিময় মূল্যে এর পরিমাণ দাঁড়ায় ১ লাখ ১৯ হাজার ৯২২ কোটি টাকা।

বাংলাদেশ স্বল্পমেয়াদী এবং মধ্য ও দীর্ঘমেয়াদী ঋণ নিয়ে থাকে। মধ্য ও দীর্ঘ মেয়াদী ঋণের সুদের হার গড়ে মাত্র দেড় শতাংশ এবং এর পরিশোধের শর্তও নমনীয়। বকেয়া ঋণের ১২ শতাংশই মধ্য ও দীর্ঘ মেয়াদী। খাদ্য, অপরিশোধিত তৈল, বিমান ও জাহাজ কেনার জন্য স্বল্পমেয়াদী ঋণ দেয়া হয়। তাছাড়াও রয়েছে আন্তর্জাতিক মুদ্রা তহবিলের ঋণ। স্বল্পমেয়াদী ঋণে সুদের হারও বেশী। ১৯৯১-৯২ অর্থ বছরে বাংলাদেশ স্বল্পমেয়াদী ঋণের সুদ বাবদ ৫ কোটি ৫৫ লাখ ডলার এবং মধ্য ও দীর্ঘ মেয়াদী ঋণের সুদ বাবদ ১৩ কোটি ৪৪ লাখ ডলার পরিশোধ করেছে। স্বল্পমেয়াদী ঋণের আসল বাবদ পরিশোধ করা অর্থের পরিমাণ ১৫ কোটি ৪২ লাখ। (দেখুন, অজয়দাস গুপ্ত, দৈনিক সংবাদ ২৮ জুন, ১৯৯২)।

এটা অত্যন্ত পরিষ্কার যে, ক্রমাগত রাজনৈতিক অস্থিরতা ও অনিশ্চয়তা এবং ভোগ খাতে মাত্রাতিরিক্ত খরচই বাংলাদেশে অভ্যন্তরীণ সঞ্চয় ও বিনিয়োগ খাতে ব্যর্থতার মূল কারণ। বৈদেশিক সাহায্যের শহর ও ধনীক অভিমুখীন বিনিয়োগ এবং সংকীর্ণ ব্যক্তি স্বার্থ হাসিলের লক্ষ্যে এর যথেষ্ট ব্যবহার এক্ষেত্রে প্রকৃত চিত্রকে করেছে আরও নাজুক। দেশ ও জনগণের বৃহত্তর স্বার্থের পরিবর্তে একটি অভ্যন্তরীণ আমলা মুৎসুদ্দী গোষ্ঠীর স্বার্থেই ব্যয়িত হয় বৈদেশিক সাহায্যের শ্রেষ্ঠাংশ। উৎপাদন খাতে বিনিয়োগে অব্যবস্থা, ভোগ খাতে অত্যধিক বিনিয়োগ, সরকারের স্বৈচ্ছাচারিতা ও দুর্নীতিগ্ৰস্ত চরিত্রের কারণে দেশের রপ্তানী আয়ের মাত্রা ক্রমশঃ হ্রাস পাচ্ছে। আন্তর্জাতিক বাজারে বাংলাদেশী পণ্যের মূল্যের ক্ষেত্রে যেমনি কোন তাৎপর্যপূর্ণ পরিবর্তন আনা সম্ভব হয়নি, তেমনি একের পর এক রাজনৈতিক অস্থিরতা ও পট পরিবর্তন, প্রাকৃতিক দুর্যোগ, বন্যা ও জলোচ্ছ্বাসের কারণে বিদ্যমান অর্থনীতির সংকটসমূহ দূরীকরণে কোন শুব সূচনা করা যাচ্ছে না। বস্তুতঃ এর সাথে যুক্ত রয়েছে দেশের রাষ্ট্রক্ষমতায় অধিষ্ঠিত ব্যক্তিবর্গ তথা রাজনৈতিক দলের শ্রেণী চরিত্র ও শ্রেণী স্বার্থের মত মৌলিক বিষয়সমূহও। বলার অপেক্ষা রাখে না যে, বৈদেশিক সাহায্য

গ্রহণ বর্জন এবং এর ব্যবহারের ক্ষেত্রে গরীব ও গ্রাম অভিমুখীনতা কিংবা ধনী ও শহর অভিমুখীনতা সবকিছুই নির্ভর করছে ক্ষমতাসীন দলের রাজনৈতিক চরিত্র ও সামাজিক প্রতিশ্রুতির ধরন ও মাত্রার উপর। তাই বৈদেশিক সাহায্য গ্রহণ নিয়ে নয় বরং প্রশ্ন উঠছে এর উৎপাদনমুখী ব্যবহার নিয়ে। শর্তযুক্ত সাহায্যের সর্বোচ্চ ব্যবহার এবং ক্রমাগত অনুকূল শর্তাধীনে সাহায্যে আদায়ের ক্ষেত্রে ক্ষমতাসীন দলের প্রয়াসের মাঝেই নিহিত থাকে সেই সরকারের দেশপ্রেমিক চরিত্র ও সামাজিক প্রতিশ্রুতির বিষয়টি। তবে সাহায্যদাতা দেশ ও গোষ্ঠীর পেছনের উদ্দেশ্যটি এক্ষেত্রে প্রধান অন্তরায়। বাংলাদেশে বৈদেশিক সাহায্য প্রবাহের গতি প্রকৃতিকে পর্যালোচনা করলে এটি আরো স্পষ্ট হয়ে উঠে। বাংলাদেশের গত দু'দশকে প্রাপ্ত সাহায্য এবং গ্রহণের ক্ষেত্রে নীতিমালাকে '৭২-৭৫, '৭৫-৮২, '৮২-৯০, এবং '৯০-৯২ এ চারটি কালপর্বে পর্যালোচনা করলে বৈদেশিক সাহায্যের আন্তর্জাতিক রাজনীতি ও সামাজিক প্রভাব প্রতিক্রিয়াটি আমাদের কাছে সহজবোধ্য হয়ে উঠবে বৈকি।

আমরা প্রায় সকলে জানি, একটি দীর্ঘ রক্তক্ষয়ী সংগ্রামের মাধ্যমে স্বাধীনতা লাভের পর যুদ্ধ বিধ্বস্ত বাংলাদেশের ভৌত অবকাঠামো নির্মাণ ও বিপর্যস্ত অর্থনীতিকে গতিশীল করার জন্য বৈদেশিক সাহায্য গ্রহণের প্রয়োজনীয়তা ছিল অতীব। চাহিদা বা আকাঙ্ক্ষা অনেক বেশী থাকলেও বাস্তবে দেখা গেল প্রথম দু'বছরে এদেশটি সামান্য খাদ্য ও পণ্য সাহায্য ছাড়া অতিরিক্ত তেমন কিছুই পায়নি। ব্যাপক প্রয়োজন থাকা সত্ত্বেও ১৯৭৫-৭৬ সাল পর্যন্ত উন্নত পুঁজিবাদী দেশ ও তাদের আশীর্বাদ পুষ্ট আন্তর্জাতিক সংস্থা ও সংগঠনসমূহ থেকে প্রত্যাশিত সহযোগিতা ও সাহায্য পাওয়া যায় নি। অবশ্য এর পেছনে ছিল গভীর রাজনৈতিক কারণসমূহ। অন্যদিকে ১৯৭৬ সালে এসে বৈদেশিক সাহায্য প্রাপ্তির সমূহ সম্ভবনা দেখা দিলেও তৎকালীন সরকারের পরিকল্পনার অভাব ও অদূরদর্শিতার জন্য সাহায্যের আশাব্যঞ্জক সাড়া পাওয়া যায়নি। ১৯৭৬ থেকে ১৯৮২ পর্যন্ত কাল পর্বে একটি ভিন্ন রাজনৈতিক পরিবেশে তথা পুঁজিবাদী দেশসমূহের সাথে সুসম্পর্ক স্থাপন এবং ইসলামী দেশসমূহের সাথে ইসলামী ভ্রাতৃত্ববোধের প্রকাশ ঘটায় উভয় ক্ষেত্র থেকেই বেশ আশাব্যঞ্জক সাড়া মেলে। ইতিপূর্বেকার রাষ্ট্রীয় মৌলিক নীতিমালা তথা সংবিধানের ক্ষেত্রে কতক তাৎপর্যপূর্ণ পরিবর্তন আনার ফলে গোটা অর্থনৈতিক ব্যবস্থা ও রাজনৈতিক কার্যাবলীর ক্ষেত্রেও মৌলিক পরিবর্তন সাধিত হয়। ফলে ১৯৭২-৭৫ কাল পর্বে সরকারকে অভ্যন্তরীণ সংকট মোকাবেলায় যে অর্থনৈতিক ঘাটতির মুখোমুখি হতে হয়েছিল, ৭৬-৭৮ কিংবা ৭৮-৮২ কালপর্বে সরকারকে তা হতে হয়নি। এক্ষেত্রে তাৎপর্যপূর্ণ পরিবর্তনটি লক্ষ্য করা যায় '৮২-৯০ এরশাদের এই কাল পর্বে। স্বৈরতান্ত্রিক, গণধিকৃত, গণবিরোধী এই সরকারের শাসনামলে বৈদেশিক সাহায্যপ্রাপ্তির মাত্রা ছিল অন্যান্য সরকারের সময়কালের চেয়ে অনেক বেশী। বৈদেশিক সাহায্য প্রাপ্তির কঠিন শর্তাবলী মেনে নিয়ে আন্তর্জাতিক পুঁজির নানা স্বার্থ হাসিলের স্থানীয় সুযোগ সৃষ্টি করার মাধ্যমেই এ সময়কালে সরকার তার সাহায্যপ্রাপ্তির মাত্রাকে বৃদ্ধি করছে। নতজানু পররাষ্ট্রনীতি এবং আন্তর্জাতিক পুঁজির সাংস্কৃতিক, অর্থনৈতিক ও রাজনৈতিক আধিপত্য মেনে নিয়েই এরশাদ সরকার তাঁদের সাহায্য প্রাপ্তিকে নিশ্চিত করেছে। আর অন্যদিকে বর্তমান সরকারের শাসনামলের মাত্র দেড়টি অর্ধবছর অতিক্রান্ত হয়েছে। এ সময়কালের নানা রাজনৈতিক ও সামাজিক বাস্তবতার কারণে সাহায্য বৃদ্ধি পেয়েছে। এক্ষেত্রে গণতান্ত্রিক পরিবেশ যতটা না দায়ী তার চেয়ে বেশি দায়ী বর্তমান সরকারের পররাষ্ট্রনীতি, অর্থনৈতিক কর্মকান্ড ও পরিকল্পনা মৌলিক নীতিমালার ক্ষেত্রে যেমন

কোন তাৎপর্যপূর্ণ পরিবর্তন আসেনি তেমনি গত দু'বছরের নতুন গণতান্ত্রিক সরকারের আমলে তেমন কোন পরিবর্তন সূচীত হয়নি। বরং অভ্যন্তরীণ সম্পদ সংগ্রহের মাত্রা ক্রমশঃ হ্রাস পেয়েছে, বৃদ্ধি পেয়েছে বৈদেশিক সাহায্যের উপর নির্ভরশীলতা। বৈদেশিক সাহায্যের উপর নির্ভরশীলতা শুধু বৃদ্ধিই পায়নি বরং এক আশংকা রূপে আবির্ভূত হয়েছে। (দেখুন, ছক-৩)

বৈদেশিক সাহায্যের গত দু'দশকের গতি প্রকৃতির উপরোক্ত ঐতিহাসিক পর্যালোচনা থেকে এটা অত্যন্ত স্পষ্ট হয়ে উঠে যে, যে সরকার যত বেশী নতজানু হয়েছে পররাষ্ট্রনীতির ক্ষেত্রে, দেশের অভ্যন্তরে দাতাগোষ্ঠীর পণ্যের বাজার সৃষ্টির ক্ষেত্রে, সে সরকারই তত বেশী সাহায্য পেয়েছে। এক্ষেত্রে কোন নির্দিষ্ট সরকারের আমলে অতিমাত্রায় সাহায্যপ্রাপ্তির মাঝে অতি আনন্দ বা সার্থকতার কোন কার্যকারণ সম্পর্ক নেই। শুরুতে কোন দাতা গোষ্ঠীর সাহায্যের পেছনে মানবিকতার বিষয়টি যতটা না জড়িত ছিল পরবর্তীতে তা আর থাকেনি। ফলে দেখা গেছে, সাহায্যের ক্ষেত্রে ধীরে ধীরে অনুদানের চেয়ে ঋণের মাত্রা বেড়েছে ক্রমাগত হারে বেড়েছে সুদের হারও। শুধু তাই নয়, আমাদের দেশের সাথে দাতা গোষ্ঠীর এমনভাবে ঋণ ও অনুদানের নামে যে পরিমাণ বিনিয়োগের চুক্তি হয়েছিল তার অধিকাংশই আবার রেখে দিয়েছে নিজের দেশে কারিগরী বা প্রযুক্তি বিনিময়, পরমর্শদাতাদের বেতন/সম্মানী ও অন্যান্য পণ্যসামগ্রী ক্রয় করার কারণে। এমনকি দাতা দেশসমূহ স্বভাবজাত কারণে কনসোর্টিয়ামের বৈঠকে যে পরিমাণ সাহায্যের প্রতিশ্রুতি (Commitment) দিয়েছে তার সাথে অঙ্গীকারবদ্ধ (Pledge) সাহায্যের যেমনি মিল পাওয়া যায়নি, তেমনি অঙ্গীকারবদ্ধ সাহায্যের সাথে সাহায্যের অবমুক্তির ক্ষেত্রেও (Disbursement) দেখা দিয়েছে অসামঞ্জস্য। এক্ষেত্রে অত্যন্ত আশ্চর্যের দিকটি হচ্ছে এই যে, এতসব অসামঞ্জস্যতা পেরিয়ে এসেও প্রাপ্ত বৈদেশিক সাহায্যের সর্বোচ্চ ব্যবহার আমাদের দেশে নিশ্চিত হয়নি। ফলে বৈদেশিক সাহায্য গ্রহণের মাত্রা ক্রমশঃ বেড়ে চলেছে ক্ষমতাসীন দলের রাজনৈতিক দূরদর্শিতা ও প্রতিশ্রুতির অভাবে। এক্ষেত্রে প্রধান সমস্যা হচ্ছে, গণতান্ত্রিক ব্যবস্থার ক্রম উত্থান-পতন, একের পর এক ষ্টেরাচার কিংবা স্বেচ্ছাচারী শাসন ব্যবস্থার এবং তা থেকে উদ্ভূত নানা রাজনৈতিক ও সামাজিক অস্থিতিশীলতা। বৈদেশিক সাহায্যের উপর নির্ভরশীলতার ক্রমবৃদ্ধির সাথে অভ্যন্তরীণ অর্থনৈতিক ব্যবস্থায় অনুৎপাদনশীলতা এবং আমদানীমুখীনতার প্রক্রিয়াটি বিশেষভাবে যুক্ত। সেই সাথে যুক্ত রয়েছে দেশের রাষ্ট্রব্যবস্থা ও ক্ষমতাসীন দলের রাজনৈতিক চরিত্র, তার পররাষ্ট্রনীতি, অর্থনীতিসহ অন্যান্য মৌলিক নীতিসমূহ। যে সরকার যত বেশী আন্তর্জাতিক পুঁজির স্বার্থের অনুকূলে তার রাষ্ট্রীয় নীতিমালাকে পরিচালনা করতে সক্ষম হয়েছে, সে সরকার তত বেশী সাহায্যের প্রতিশ্রুতি পেয়েছে। বাংলাদেশে স্বাধীনতার পর থেকে বর্তমান কাল পর্যন্ত সরকারসমূহের রাজনৈতিক চরিত্র ও সাহায্যের মাত্রাকে বিশ্লেষণ করলে এর মধ্যকার দ্বন্দ্বিকতাটি আরো স্পষ্ট হয়ে উঠবে।

বৈদেশিক সাহায্যের রাজনৈতিক অর্থনীতি (Political Economy of Foreign Aid)। আমরা প্রায় সকলেই জানি যে, শুধুমাত্র বাংলাদেশেই নয়, যে কোন অনুন্নত দেশেই বৈদেশিক সাহায্যপুষ্ট, রাষ্ট্রযন্ত্রের সাথে সম্পৃক্ত একটি বিচ্ছিন্ন বুর্জোয়া ও আমলা মুৎসুদী গোষ্ঠী এবং তাদের সাথে লিয়াজো রক্ষাকারী সামরিক আমলাতন্ত্রের স্বার্থ রক্ষা করে চলে। সামাজিক কাঠামোগত পরিবর্তন তথা অনুন্নয়নের প্রক্রিয়াকে রুখে দাঁড়ানোর লক্ষ্যে শুধু সুষ্ঠু পরিকল্পনার নিমিত্তে অনগ্রসর জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থার ক্ষেত্রে

আমূল পরিবর্তন সাধন নয় বরং উপরিকাঠামোর আংশিক ও ক্ষীণ পরিবর্তন সাধন করাই হচ্ছে বৈদেশিক সাহায্যের পেছনে দাতা গোষ্ঠীর উদ্দেশ্য। একটি বিচ্ছিন্ন অথচ ক্ষুদ্র মুৎসুদ্দী ও লুটেরা ধনিকের স্বার্থেরি অনুকূলেই ব্যবহৃত হয়, বৈদেশিক সাহায্যের শ্রেষ্ঠাংশ। ফলে লক্ষ্য করা যায়, গুটি কতকের ফুলে ফেঁপে উঠার প্রক্রিয়া পাহাড় সমান ঋণের বোঝা এসে পরছে অসংখ্য দারিদ্র্যপীড়িত গ্রামীণ জনগোষ্ঠীর উপর। বি. আই. ডি. এস. এর এক গবেষণায় দেখা যায়, মাসে ৫শ টাকার কম উপার্জনকারী গ্রামবাসী যেখানে বছরে ৫২ দিন বিদেশী সাহায্যের উপর নির্ভরশীল, সেখানে ৬ হাজার টাকা আয়ের একজন শহরবাসী বছরের ১৪৭ দিন বিদেশী সাহায্যের উপর নির্ভরশীল। অথচ সাহায্য আসে গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর জন্যই। এমনভাবে প্রতিনিয়ত বৈদেশিক সাহায্যের সুফল ভোগের মাত্রা কেন্দ্রীভূত হচ্ছে গুটিকতক ব্যক্তির মাঝে। যারা একাধারে আন্তর্জাতিক পুঁজির স্বার্থ রক্ষা করছেন ক্ষমতায় কিংবা ক্ষমতার বাইরে থেকে। তারা দেশের অভ্যন্তরীণ সম্পদ বৃদ্ধির সম্ভাবনাগুলোকে ধীরে ধীরে নস্যাত করে দিয়ে বৈদেশিক সাহায্য গ্রহণেও। এ প্রতিক্রিয়ায় ক্রমাগত সামাজিক উন্নয়নের পরিবর্তে গুটিকতক স্বার্থান্বেষী ব্যক্তিরই উন্নয়ন ঘটেছে। তাই বি. আই. ডি. এস. এর এক সমীক্ষায় দেখা যায়, স্বাধীনতা উত্তরকালে আনুমানিক যে ১০০ পরিবারের এলিট-বুর্জোয়া গোষ্ঠীর উদ্ভব হয়েছিল তার ৬৮-৮২ শতাংশের উৎসই হচ্ছে বিদেশী সাহায্য। এই শ্রেণীর বিকাশ ও তাদের বর্তমান আয় ও সম্পদের প্রাচুর্যের ক্ষেত্রে বৈদেশিক সাহায্যের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বৈদেশিক সাহায্য ভোগের এই মাত্রাগত ভিন্নতার সুযোগ/কারণে গত এক দশকে যে মেরুকরণ প্রক্রিয়া চলছে তার ফলশ্রুতিতে সমাজের মধ্যবিত্ত ও নিম্নবিত্ত শ্রেণী ক্রমশঃ ভেঙ্গে যাচ্ছে এবং দুটো চূড়ান্ত শ্রেণীর বিকাশ ঘটছে। তাঁরা হলো উচ্চবিত্ত ও নিম্নবিত্ত। উচ্চবিত্তের একটি অংশ দ্রুত অতি উচ্চবিত্তে পরিণত হচ্ছে। আর নিম্নবিত্তের মানুষদের অবস্থা খারাপ থেকে আরও খারাপতর হচ্ছে। বর্তমানে ২৫ কোটি টাকার বেশী সম্পত্তির মালিক হয়েছে এরকম পরিবারের সংখ্যা ১০০ কে ছাড়িয়েছেন মাথাপিছু আয়ের হিসেবে ১৯৭৩-৭৪ সালে উপরের শতকরা ১০ ভাগ জনগোষ্ঠীর হাতে ছিল মোট গ্রামীণ আয়ের ২৬%। ১৯৮৫-৮৬ সালে এই অংশ বেড়ে দাঁড়িয়েছে শতকরা ৩১ ভাগে। নীচের শতকরা ৪০% লোকের আয়ের তেমন কোন পরিবর্তন হয়নি। অন্য একটি হিসেব মতে, ১৯৮৫ সালে গ্রামের ৪০% লোকের আয়ের পরিমাণ ছিল জাতীয় আয়ের ২০%, যেখানে উচ্চতম ৫% জনসাধারণের নিকট কেন্দ্রীভূত ছিল জাতীয় আয়ের ২২%। এক্ষেত্রে দেখুন, ডঃ এম. এ. মতিন, (দৈনিক সংবাদ, ১৩ই মার্চ, ১৯৯১)। বিভিন্ন সময়ে ক্ষমতাসীন সরকারসমূহ তাদের রাজনৈতিক নীতিমালা এবং সেই সাথে রাষ্ট্রযন্ত্রের সাথে সম্পৃক্ত একটি ক্ষুদ্র সামরিক ও বেসামরিক আমলা মুৎসুদ্দী শ্রেণীর হীন স্বার্থ হাসিলের অব্যাহত প্রয়াসকে বিশেষভাবে দায়ী করা চলে। এছাড়া ক্ষমতার বাহিরে অবস্থানরত বিরোধী দলের বৈদেশিক সাহায্য গ্রহণ-বর্জন ও ব্যবহারের ক্ষেত্র নির্ধারণ এবং সত্যিকার ব্যবহারের মাত্রা পরিমাণ ইত্যাদি বিষয়ে কোন নীতিমালার অনুপস্থিতি পরিস্থিতিকে আরো নাজুক করে তুলেছে। ফলে লক্ষ্য করা গেছে, প্রতিটি সরকারের আমলেই বৈদেশিক সাহায্যের বেহিসেবী ও যথেষ্ট ব্যবহার হয়েছে। এ ব্যাপারে প্রায় সকল ক্ষেত্রেই নানা গৌজামিল দেয়ার প্রয়াস হয়েছে। অভ্যন্তরীণ সম্পদ আহরণ ব্যর্থতা এবং সেই সাথে ভোগ খাতসহ অন্যান্য অনুৎপাদনশীল খাতে। মাত্রাতিরিক্ত ব্যয় বৈদেশিক

সাহায্যের উপর গোটা দেশের অর্থনৈতিক কার্যক্রমকে করে তুলেছে অতিমাত্রায় নির্ভরশীল। বলার অবকাশ থাকে না যে, এর কোন দাতা দেশের সাহায্যের পেছনে মানবিক দিকের কথা যতোই জোরসে বলা হোক না কেন, এর পেছনে থাকে এক গভীর রাজনৈতিক স্বার্থ। ১৯৭০ সালে আমাদের দেশ যখন একটি বিপর্যস্ত অর্থনীতির উপর দাঁড়িয়ে, তখন বিশ্ব ব্যাংক ও অন্যান্য সাহায্যদাতা গোষ্ঠী, সংস্থা ও দেশসমূহের প্রায় সকলেরই দেয়া সাহায্যের আড়ালে ছিল মূলতঃ বাংলাদেশে এমন একটি সামাজিক অবয়ব দাঁড় করানো যা একটি পুঁজিপতি শ্রেণী সৃষ্টিতে বিশেষভাবে সহায়ক। মার্কিন যুক্তরাষ্ট্রের আকাশক্ষাণ্ড ছিল তাই। তবে যুক্তরাষ্ট্র তার সাহায্যের মাধ্যমে এক ধরনের স্ট্রাটেজিক স্বার্থ উদ্ধারের ব্যাপারে বেশ সক্রিয় ছিল। যেমনটি প্রকাশ পায়, ১৯৭৪ সালে কিউবার সাথে বাণিজ্য চুক্তির অভিযোগে বাংলাদেশকে দেয়া প্রতিশ্রুতি সত্ত্বেও খাদ্য সাহায্য বন্ধ করে দেয়ার মধ্য থেকে। তাদের এ সিদ্ধান্তের ফলে তৎকালীন সরকারকে এক নাজুক পরিস্থিতির মুখোমুখি হতে হয়েছিল। কেউ কেউ এর মাধ্যমে এর পরবর্তী সময়ের রাজনৈতিক সহিংসতার কার্যকারণ সম্পর্ক ও খোঁজার চেষ্টা করেছেন। অনেকের মতে, তৎকালীন সরকারের বৈদেশিক সাহায্য গ্রহণের নীতিমালা, সমাজতান্ত্রিক দেশসমূহের সাথে সুসম্পর্ক স্থাপন ইত্যাদি দাতাদেশ সমূহের আন্তর্জাতিক পুঁজির অনুকূলে ছিল না বলেই সরকারকে অর্থনৈতিক ক্ষেত্রে এমনিতির চরম বিপর্যস্ততার মুখোমুখি হতে হয়েছিল। ফলে দেখা গেছে '৭৫ এর পরবর্তীতে প্রায় সব সরকারই সাহায্যদাতা দেশসমূহের নানা শর্তের সাথে সম্পত্তি জ্ঞাপনের স্ট্রাটেজি গ্রহণের মাধ্যমে অধিক সাহায্য নিশ্চিত করার চেষ্টা করেছেন। অভ্যন্তরীণ সম্পদ সংগ্রহের মাত্রা বৃদ্ধির ক্ষেত্রে যথাযথ কৌশল ও উদ্যোগ গ্রহণ না করে বরং উল্টোভাবে বর্ধিত হারে বৈদেশিক সাহায্য প্রাপ্তির জন্য সকল ধরনের কৌশল তথা পররাষ্ট্রনীতি প্রণয়ন, পুঁজিবাদী দেশসমূহের সাথে সম্পর্ক স্থাপন, আমলা-মুৎসুদী শ্রেণীর স্বার্থের অনুকূলে নীতিমালা গ্রহণ — ইত্যাদি সবই তারা করার চেষ্টা করেছেন অত্যন্ত কৌশলে। শুধু তাই নয়, প্রতি বছরই প্রায় প্রতিটি সরকার তাদের অতীত বছরের অর্থনৈতিক নানা কর্মকাণ্ডের ক্ষেত্রে অপারদর্শিতার জন্য ক্ষমা প্রার্থনা এবং ভবিষ্যতে আরও ভালো করার ঘোষণা দিতেও পিছপা হন না। এক্ষেত্রে অবশ্য কোন ধরনের ধনাত্মক পরিবর্তন বরং দাতা গোষ্ঠীকে নাখোশ করে দেয়। ফলশ্রুতিতে দেখা যায় নানা রাজনৈতিক ও সামাজিক অস্থিরতা এবং সেই সাথে অর্থনৈতিক অবরোধও। মুক্তিযুদ্ধের পর একটি বিপর্যস্ত অর্থনীতির উপর দাঁড়িয়ে একটি দেশপ্রেমিক সরকারের উপস্থিতিতেও অসংখ্য মানুষের প্রাণহানি ও দুর্ভিক্ষাবস্থাকে ঠেকানো সম্ভব হয়নি শুধুমাত্র মার্কিন খাদ্য সাহায্য বন্ধ থাকার কারণে। অথচ ১৯৮৭ সালের ভয়াবহতম বন্যাকে এরশাদের মত লুটেরা সৈরাচারী সরকারও মোকাবেলা করতে সক্ষম হয়েছিল শুধুমাত্র পর্যাপ্ত বৈদেশিক সাহায্য পাওয়ার কারণেই। শুধু তাই নয়, বলা হয়, ঐ বছরে বন্যার নামে প্রাপ্ত সাহায্য ছিল প্রয়োজনের চেয়েও অনেক বেশী। বর্তমান সরকারের আমলেও গত বছরের প্রলয়ংকারী জলোচ্ছ্বাস ও ঘূর্ণিঝড় মোকাবেলা ও ক্ষতিগ্রস্থদের পুনর্বাসনের জন্য সাহায্য এসেছে অকল্পনীয় মাত্রায়। ফলে অত্যন্ত সফলতার সাথেই সরকার এ জলোচ্ছ্বাসকে মোকাবেলা করতে সক্ষম হয়েছিল।

বৈদেশিক সাহায্যের রাজনৈতিক সমাজতত্ত্ব (Political Sociology of Foreign Aid)

যে কোন অনুন্নত দেশের উন্নয়নের ক্ষেত্রে প্রধান প্রতিবন্ধকতা হচ্ছে পুঁজির অভাব। তাই তাদের সামাজিক উন্নয়নের পথে বৈদেশিক সাহায্য প্রয়োজনীয়তাকে মোটেই খাটো করে দেখা যায় না। আর বাংলাদেশের মত একটি দেশের ক্ষেত্রে, যার অর্থনীতিকে তুলনা করা হয় তলাবিহীন ঝুড়ির সাথে (Bottomless Basket) - তার জন্য বৈদেশিক সাহায্যের গ্রহণের আবশ্যিকতা নিয়ে প্রশ্ন প্রায় অবাস্তব। বরং প্রশ্ন হচ্ছে বৈদেশিক সাহায্য গ্রহণ এবং সামাজিক অবস্থার প্রেক্ষাপটে এর সর্বোচ্চ ব্যবহার নিয়ে। অবশ্য এ দুটোর সাথেই আবার বিশেষভাবে সম্পৃক্ত রয়েছে ক্ষমতা কাঠামোর। (Power Structure) বিন্যাস, ক্ষমতাসীনদের শ্রেণী চরিত্র ও শ্রেণী স্বার্থের মত বিষয়সমূহও। এছাড়া সমাজের বিভিন্ন স্তরের মানুষের মাঝে বৈদেশিক সাহায্যের মাত্রাগত প্রভাব, বিভিন্ন শ্রেণীর মাঝে এর সুফলতার মাত্রা, বৈদেশিক সাহায্য গ্রহণ বর্জনের নীতির ক্ষেত্রে বিভিন্ন ব্যক্তি, গোষ্ঠী এবং রাজনৈতিক দলের দৃষ্টিভঙ্গি এবং সর্বোপরি সমাজের মৌল কাঠামো (অর্থনীতির মাধ্যমে যাকে নির্দেশ করা হয়) এবং 'উপরিকাঠামো' (রাজনীতি, সংস্কৃতি, শিক্ষা ইত্যাদি মাধ্যমে যাকে নির্দেশ করা হয়) - এর ক্ষেত্রে এর প্রভাবের বিষয়টিও গভীরভাবে সম্পর্কিত। বৈদেশিক সাহায্যের ব্যবহারের মাধ্যমে দেশের কাঠামোগত পরিবর্তন এবং সেই সাথে সমাজের বিভিন্ন অনুষ্ঠানের ক্ষেত্রে পরিবর্তনের বিষয়টিকেও এক্ষেত্রে বিবেচনায় নেয়া উচিত। একথা বলা প্রায় নিশ্চয়্যোজন যে, বৈদেশিক সাহায্যের ব্যবহারের মাধ্যমে দেশের কাঠামোগত পরিবর্তন এবং সেই সাথে সমাজের বিভিন্ন অনুষ্ঠান ও প্রতিষ্ঠানের ক্ষেত্রে পরিবর্তনের বিষয়টিকেও এক্ষেত্রে বিবেচনায় নেয়া উচিত। একথা বলা প্রায় নিশ্চয়্যোজন যে, বৈদেশিক সাহায্য গ্রহণের মাত্রা ক্রমাগত বেড়ে চললেও বৈদেশিক সাহায্য গ্রহণের মাধ্যমে সমাজের মৌলিক কাঠামোর ক্ষেত্রে তেমন কোন ধনাত্মক পরিবর্তন অদ্যাবধি আনা সম্ভব হয়নি। উপরন্তু তা একটি বিশেষ ও ক্ষুদ্র আমলা-মুৎসুদী শ্রেণীর স্বার্থকেই ক্রমাগত হাসিল করে চলেছে। তাই দেখা যায়, ৭২-৭৫ কাল পর্বে একটি গণতান্ত্রিক ব্যবস্থা ও সমাজতান্ত্রিক অর্থনীতির অবয়বের মাঝে সীমিত বৈদেশিক সাহায্য পাওয়া সত্ত্বেও প্রাপ্ত সাহায্যের যথাযথ বিনিয়োগের পরিবর্তে ব্যাপক লুটপাট ও দুর্নীতির ফলে মজুতদারী, কন্ট্রোলারী ও বিভিন্ন ধরনের সাপ্লাই ব্যবসায়ের মাধ্যমে একটি নব্য ধনিক শ্রেণী গড়ে উঠার সুযোগ পেয়েছিল। বস্তুতঃ রাষ্ট্র ক্ষমতার ভিতরে রাজনৈতিক আনুকূল্য এবং প্রশ্রয়ের ছত্রছায়ায়ই উদ্ভূত ঘটছিল এই গোষ্ঠীর। তবে তৎকালীন সরকারের গৃহীত বা অনুসৃত কতক আইন ও নীতিমালার ফলে তাঁরা তাঁদের অর্জিত অর্থের বৈধতা ও নিরাপত্তা সংহত ও সুপ্রতিষ্ঠিত করতে সক্ষম না হলেও ৭৫-এর পর জিয়াউর রহমানের আমলে শ্রুত গতিতে এবং এরশাদের আমলে এসে অত্যন্ত তীব্র গতিতে তাদের অর্থনৈতিক ক্ষমতাকে সংহত করতে সক্ষম হয়। ক্ষমতার বাইরে কিংবা ভিতরে— উভয় ক্ষেত্রেই তাদের অবস্থান অত্যন্ত শক্তিশালী। তাদেরকে ক্রমাগত আরও শক্তিশালী করে তোলার প্রক্রিয়া অব্যাহত রয়েছে বর্তমান সরকারের আমলেও।

বিদ্যমান গণতন্ত্র বনাম বৈদেশিক সাহায্যের ব্যবহার

১৯৯০ সালে একটি গণআন্দোলনের মধ্য দিয়ে স্বৈরাচারী সরকারের পতন ঘটিয়ে একটি সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচনের মাধ্যমে বাংলাদেশে যে গণতান্ত্রিক ব্যবস্থা আমরা প্রতিষ্ঠা করেছি তার মাত্র দু'বছর সময়কাল আমরা বৈদেশিক সাহায্য পেয়েছি অন্যান্য যে কোন বছর ও সরকারের আমলের চেয়ে অনেক বেশী। বর্তমান

সরকারও এক্ষেত্রে দাবী করেন যে, একটি গণতান্ত্রিক সরকার ও তার বিদ্যমান স্থিতিশীল সামাজিক ও রাজনৈতিক অবস্থার কারণেই সাহায্যদাতা গোষ্ঠী ও দেশসমূহের সাহায্য প্রদানের আকাঙ্ক্ষা ক্রমশঃ বৃদ্ধি পাচ্ছে। গত বছরের উন্নয়ন বাজেটের ৯৩ শতাংশই আমরা পেয়েছি বৈদেশিক সাহায্য সূত্রে। প্যারিস কনসোর্টিয়ামের সভায় আমাদের অর্থমন্ত্রী কর্তৃক দাবীকৃত বৈদেশিক সাহায্যের পুরোটাই দাতা সংস্থা ও দেশসমূহ পূরণ করেছেন। এছাড়াও বিভিন্ন দেশ ও সাহায্যদাতা গোষ্ঠী পৃথক পৃথকভাবে বর্তমান সরকারকে তাদের সাহায্য প্রদান অব্যাহত রেখেছেন। অন্যান্য যে কোন সময়ের তুলনায় এর মাত্রা অনেক বেশী। গণতান্ত্রিক বাংলাদেশের বিপর্যস্ত অর্থনীতিকে মোকাবেলা করে আত্মনির্ভরশীল বাংলাদেশ গড়ে তোলার জন্য বৈদেশিক সাহায্য যতটা না প্রয়োজন, তার চেয়ে বেশী প্রয়োজন একটি সুষ্ঠু অর্থনৈতিক পরিকল্পনা এবং তা বাস্তবায়নে একটি দেশপ্রেমিক ও সামাজিক প্রতিশ্রুতি সম্পন্ন সরকার ও তার শাসন ব্যবস্থা। প্রয়োজন সাহায্য গ্রহণের ক্ষেত্রে যেমনি সতর্কতা অবলম্বন তথ্য আরোপিত শর্ত আনুকূলে নিয়ে আসা, ঋণের চেয়ে অনুদানের মাত্রা বৃদ্ধি, তেমনি প্রয়োজন এর যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ। মনে রাখতে হবে যে, 'হাওলাত করে ঘি খাওয়ার' মাঝে কোন আত্মতৃপ্তি খোঁজা ঠিক নয়। 'শুধুমাত্র ঋণ পাওয়ার মধ্যেই আনন্দ খোঁজার কোন কারণ নেই। বলা যায় এই ঋণ আমাদের ঘাড়ে বোঝা আর গলায় ফাঁস সদৃশ। ঋণ আমাদের প্রতিনিয়তই পরিশোধ করতে হচ্ছে এবং ভবিষ্যতে করতে হবে আরও অনেক বর্ধিত হারে। শুধুমাত্র সুদ-আসল পরিশোধই এর জন্য যথেষ্ট নয়। উপরন্তু এর মাসুল দিতে হবে নানাভাবে দাতাদের রাজনৈতিক আধিপত্য মেনে এবং সাংস্কৃতিক আধিপত্য প্রতিষ্ঠার সুযোগ করে দিয়েই। ভুলে গেলে চলবে না যে দাতাদের কেউই বিনা কারণে বিনা স্বার্থে সাহায্য দেয় না। মনে রাখতে হবে যে, ২য় বিশ্বযুদ্ধোত্তর ঔপনিবেশিক কায়দায় শোষণের অন্যতম একটি কৌশল হচ্ছে বৈদেশিক সাহায্যের মাধ্যমে উন্নয়নশীল দেশসমূহকে আষ্টেপৃষ্ঠে বেঁধে ফেলা। ফলে স্বভাবতই উন্নয়নশীল দেশসমূহের রাজনৈতিক, সামাজিক কিংবা অর্থনৈতিক সকল কর্মকান্ডই পরিচালিত হয় সাহায্যদাতা গোষ্ঠী তথা আন্তর্জাতিক পুঁজির ঈশারায়। ফলে দেখা যায় উন্নয়নশীল দেশসমূহের রাষ্ট্রকমতায় অধিষ্ঠিত সরকারসমূহও 'যার নুন খায়, তারই গুণ গায়।' এমনিভাবে অত্যন্ত 'ধীর অথচ কেউটে মান' হয়ে বারবার আমাদের সার্বভৌমত্ব আর গণতন্ত্রের উপর আঘাত হানছে— এই বৈদেশিক সাহায্যদাতা দেশসমূহ। অথচ আমাদের ভবিষ্যত প্রজন্মকে বিরাট গুণের বোঝার চাপ থেকে রক্ষা করার জন্য অত্যন্ত কঠোর ও দীর্ঘমেয়াদী প্রক্রিয়ায় হলেও প্রয়োজন অভ্যন্তরীণ উৎস থেকে সম্পদ সংগ্রহের মাত্রা বৃদ্ধির লক্ষ্যে সকল ধরনের প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক অবকাঠামো গড়ে তোলা। প্রয়োজন একটি গণতান্ত্রিক ব্যবস্থাদীনে জবাবদিহিমূলক সংসদের মাধ্যমে বৈদেশিক সাহায্য গ্রহণ ও ব্যবহারের সকল খুঁটিনাটি তথ্য জনগণের সামনে তুলে ধরা, ব্যাপক জনগণের মতামতের ভিত্তিতে এর ব্যবহারের ক্ষেত্র নির্ধারণ, মৌলিক খাতসমূহের উন্নয়নের দিকে সর্বোচ্চ গুরুত্ব দেয়া সর্বোপরি একটি দেশপ্রেমিক সরকারের আত্মনির্ভরশীল অর্থনীতি গড়ে তোলার লক্ষ্যে সামাজিক প্রতিশ্রুতি এবং ক্ষুদ্র গোষ্ঠী স্বার্থের পরিবর্তে সংখ্যাগরিষ্ঠ দরিদ্র জনগোষ্ঠীর মাঝে সাহায্যের প্রভাব প্রতিফলিত করে তোলার ঐকান্তিক প্রয়াস। এতদসঙ্গে বর্তমান সরকারকে এও বিবেচনায় নিতে হবে যে, দেশের প্রতিটি নবজাত শিশুর উপর ঋণের চাপ যেভাবে ক্রমাগত বেড়ে চলেছে তা থেকে তাদেরকে রক্ষা করার জন্য তথা বৈদেশিক নির্ভরতা ক্রমাগত হ্রাস করার জন্য প্রয়োজন উন্নয়নের উপযুক্ত ও যথাযথ ক্ষেত্রসমূহ চিহ্নিত ও সুনির্দিষ্টকরণ, বাস্তব

সম্মত উপায়ে উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন, দুর্বল ব্যবস্থাপনা, অদক্ষ শ্রম ও দুর্গতি নিরূপন, উৎপাদন ক্ষমতার উন্নততর ব্যবহার, দেশীয় সম্পদের দক্ষ ব্যবহার, দেশীয় সম্পদ সমাবেশের ক্ষেত্রে অধিকতর কার্যকর প্রচেষ্টা চালানো এবং বিনিয়োগ স্ট্রাটেজির পুনর্বিন্যাসের জন্য প্রয়োজন সরকারের বিদ্যমান নীতিমালা ও কর্মসূচীর পুনর্বিন্যাস। প্রয়োজন রাজনৈতিক (Political), অর্থনৈতিক (Economical) এবং আদর্শিক (Ideological) কর্মসূচী প্রণয়নের মাধ্যমে প্রয়াস চালানো।

ছক-১

১৯৭১—১৯৯০ জুন পর্যন্ত বৈদেশিক সাহায্য (মার্কিন ডলার—মিলিয়ন)

প্রতিশ্রুতি	খাদ্য সাহায্য	পণ্য সাহায্য	প্রকল্প সাহায্য	মোট সাহায্য
অনুদান	৩,৮৩৫	৩,৪৭৬	৪,৮১৩	১২,২০৪
ঋণ	৭৬৩	৪,০৬৯	৯,৫০০	১৪,৩৩২
মোট	৪,৫৯৮	৭,৫৪৫	১৪,৩১৩	২৬,৫৩৬
বাতিল/সমন্বয়				
অনুদান	৪৩	১১	-৯১	-৩৭
ঋণ		১১৪	-২৭০	-১৫৬
মোট	৪৩	১২৫	-৩৬১	-১৯৩
অবমুক্তি				
অনুদান	৩,৬৭৪	৩,১৯০	৩,২৩৭	১০,১০১
ঋণ	৭৬৩	৪,০১২	৫,৪৫১	১০,৬২৬
মোট	৪৪৩	৭,২০২	৯,০৮৮	২০,৭২৭
পাইপ লাইন	২০৪	৪৬৭	৪,৯৪৩	৫,৬১৪

(৩০ জুন, ১৯৯০)

উৎস : টাস্ক ফোর্স রিপোর্ট, Vol 1, 1991. পৃঃ ২৭০

ছক-২

বৈদেশিক সাহায্য ব্যবহারের প্রবণতা

প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনার আগ পর্যন্ত	অবমুক্তি থেকে প্রাপ্ত সাহায্যের %
(১৯৭১-৭৩)	৪৪.৮
প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনা	
(১৯৭৩-৭৮)	৩৫.৮
দ্বি-বার্ষিক পরিকল্পনা	
(১৯৭৮-৮০)	৩১.৪

দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা

(১৯৮০-৮৫)

২৪.৪

তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা

(১৯৮৫-৯০)

২২.৬

উৎস : টাস্ক ফোর্স রিপোর্ট, প্রথম খণ্ড, ১৯৯১

ছক - ৩

প্রাপ্ত সাহায্যে ঋণ ও অনুদানের পরিমাণ

	প্রাপ্ত সাহায্য (কোটি ডলার)	অনুদান (কোটি ডলার)	ঋণ (কোটি ডলার)
১৯৭১-৭২	২৭.০৮	২৪.৫১	২.৫০
১৯৭২-৭৩	৫৫.১৫	৩৮.৬৪	৬.৫১
১৯৭৩-৭৪	৪৬.১২	২১.৮৫	২৪.২৭
১৯৭৪-৭৫	৯০.১০	৩৭.৪৯	৫২.৬১
১৯৭৫-৭৬	৮০.০৫	২৩.৩৮	৫৬.৬৭
১৯৭৬-৭৭	৫৩.৪৭	২৫.৫৫	২৭.৯২
১৯৭৭-৭৮	৮৩.৩৮	৩৯.২৮	৪৪.১০
১৯৭৮-৭৯	১০৩.০০	৫০.১৯	৫২.৮১
১৯৭৯-৮০	১২২.৩১	৬৫.০৬	৫৭.২৫
১৯৮০-৮১	১২৪.৬৫	৫৯.৩৭	৫৫.২৮
১৯৮১-৮২	১২৩.৯৬	৬৫.৩৮	৫৮.৫৮
১৯৮২-৮৩	১১৭.৭৪	৫৮.৭৫	৫৮.৯৯
১৯৮৩-৮৪	১২৬.৮৬	৭৩.৩৮	৫৩.৪৬
১৯৮৪-৮৫	১২৬.৭০	৭০.০৮	৫৬.৬২
১৯৮৫-৮৬	১৩০.৫৯	৫৪.৫৬	৭৬.০৩
১৯৮৬-৮৭	১৫৯.৫০	৬৬.১৫	৯৩.৩৬
১৯৮৭-৮৮	১৬৪.০৪	৮২.৩৮	৮১.৬৬
১৯৮৮-৮৯	১৬৬.৮৫	৬৭.২৯	৯৯.৫৬
১৯৮৯-৯০	১৮০.৯৬	৭৬.৫৯	১০৪.৩৭
১৯৯০-৯১	১৭৩.২৫	৮৩.১৩	৯০.১১
১৯৯১-৯২	১৭৩.১৪	৬৮.৩৭	১০৪.৭৭

উৎস : দৈনিক সংবাদ, ২৮ জুন, ১৯৯২

সহায়ক গ্রন্থসমূহ

1. Atiur Rahman 1988 : *Political Economy of SAARC* (University Press Limited) : Dhaka
2. Just Faaland & J.E Parkinson 1976 : *Bangladesh : The Test Case of Development*, (U.P.L : Dhaka)
3. Rehman Sobhan 1982 : *The Crisis of External Dependence* (U.P.L : Dhaka.
4. Rehman Sobhan (ed.) : *Bangladesh: Development Strategies for 1990s*. (Reports of the Task Forces, 1991.)
৫. এম. এম. আকাশ ১৯৮৭ : বাংলাদেশের অর্থনীতি ও রাজনীতি, (জাতীয় সাহিত্য প্রকাশনী, ঢাকা)।
৬. নজরুল ইসলাম ১৯৮৭ : বাংলাদেশের উন্নয়ন সমস্যা : বর্তমান উন্নয়ন ধারার সংকট এবং বিকল্প পথের প্রশ্ন। (জাতীয় সাহিত্য প্রকাশনী, ঢাকা)।
৭. নজরুল ইসলাম ১৯৮৪ : বাংলাদেশের উন্নয়ন কৌশল প্রসঙ্গ (ঢাকা বিশ্ববিদ্যালয় : ঢাকা)।
৮. রেহমান সোবহান ১৯৮২ : বুর্জোয়া রাষ্ট্রব্যবস্থার সংকট : (জাতীয় সাহিত্য প্রকাশনী, ঢাকা)।

Industrialization in Bangladesh : Aid Dependence and Failures of Technology Transfer

M. M. Huq *

1. INTRODUCTION

Like many other developing countries, Bangladesh has always emphasised industrial development. It is evident from reading the various plans and other strategy and policy documents of Bangladesh that the case for industrialization has not been particularly well formulated from a theoretical point of view¹, at least not in the way originally put forward as, for example, by Prebisch (1950) and Singer (1950) in the context of the debate on primary products and manufactured goods or as presented by Lewis (1954) in the context of the debate on capital formation.² The case for industrialization appears to have been taken for granted in Bangladesh and various policy measures in the form of import protection, direct government investment in the industrial sector and highly subsidised credit for investment in manufacturing have been in place from an early stage. It is now, however, apprent that the industrial sector in Bangladesh has failed to make the expected impact on growth in output and employment.

As it stands, Bangladesh's industrialization is heavily aid dependent, the manufacturing sector being a major recipient of project aid, with as much as 30% of the total project aid received going to the industrial sector in some years. Most of the public sector manufacturing plants built during the 1970s and 1990s were largely aid-financed. Until recently, the public sector's share in industrial investment was over 50%, funded through the Annual Development Programme which is itself mainly aid-financed. Indeed, in 1989/90, 100% of the Government's Annual Development Programme was aid dependent.³ Foreign aid has also featured prominently in private sector investemnt in manufacturing. Private investment has been liberally financed with highly subsidised industrial credit provided by two specialized Development Banks owned by the Government — Bangladesh Shilpa Rin Shangstha and the Bangladesh Shilpa Bank. These two institutions have themselves been financed by liberal foreign lines of credit.

Technology transfer in a situation of aid dependence can involve special problems, especially if the recipient fails to negotiate properly. The way technology transfer has taken place in Bangladesh has given rise to much criticism. In this paper we would like to throw some light on this issue by highlighting the findings from three industry studies concerned with: (a) the manufacture of finished leather from raw cattle hides; (b) the manufacture of urea from natural gas; and (c) the manufacture of machinery and equipment.⁴ We begin by discussing the state of industrialization in Bangladesh. Then we discuss some of the factors which are considered responsible for the 'poor' transfer of technology in the three selected insdustries. Finally, we consider some issues of aid dependence in the context of technology transfer and industrialization in Bangladesh.

* Senior Lecturer, Department of Economics, University of Strathclyde Glasgow, UK.

2. THE STATE OF INDUSTRIALIZATION—AN OVERVIEW

The performance of the manufacturing sector in Bangladesh has remained well below expectations. Data from the *World Development Report 1992* and from studies conducted by Bakht and Bhattacharya (1991) and by Sahota (1991)⁵, although not always consistent mainly because of variations in data sources, give a clear impression of the present unsatisfactory state of the manufacturing sector in Bangladesh. The average annual growth rate of manufacturing output has remained as low as 2.8% throughout the 1970s and 1980s. Sahota (1991) concluded that manufacturing productivity probably declined during the 1980s.⁶ Other data show that investment as a percentage of GDP has been only about 1.85% during the 1980s. Bakht and Bhattacharya (1991, p. 7) estimated an investment level of a mere 1.14% of GDP for the Second Five Year Plan period (1980-85) and levels of 0.67% and 0.97% for the two following years respectively.

Total employment in the large and medium scale formal manufacturing sector has increased from about 310 thousand in 1974/75 to about 382 thousand in 1986/87. The average annual rate of growth in employment was about 1.6% from 1980 to 1987 (Bakht and Bhattacharya, p.23). The performance in terms of value added is also disappointing. The share of the total manufacturing sector (large and small scale) in total value added fell from about 10.7% in 1980/81 to between 8.5% and 9% during 1986 to 1990. (Bakht and Bhattacharya, p. 32).

The general view is that the manufacturing sector has remained a weak performer in the economy of Bangladesh. Sahota (1991, p. 163) further stresses that the introduction of the New Industrial Policy (NIP) in 1982 has had little effect on industrial growth. The poor performance of the manufacturing sector becomes more evident in comparison with Bangladesh's main sub-continental neighbours. While the share of the manufacturing sector in Bangladesh as a percentage of GDP is only about 9% it is about 19% in India and 17% in Pakistan (*World Development Report 1992*).

Sahota (1991, pp. 185-193) also draws attention to a wide set of factors that may have contributed to the very poor state of the industrial sector in Bangladesh. Reasons for Bangladesh's industrial stagnation (as viewed by many industrialists) include "... lack of confidence in the stability of policies, bureaucratic sloth and poor implementation of policies; labour code unfavourable to the employer; indiscretion among workers; high cost of electricity; high returns and low risk in trade and smuggling relative to manufacturing production; widespread corruption; political patronage; and too many formalities and sanctions that have to go through, which take a long time, during which government officials have to be entertained". (Sahota, pp. 184-85).

The two central causes for the poor state of industrialization, according to Sahota, are (a) price distortions giving rise to misallocation of resources, mainly resulting from government assistance to high cost industries and (b) lack of adequate attention to technology which is thought to be "... the most neglected

factor of growth in Bangladesh ..." (Sahota, p. 185). Price distortions created through government incentives to invest, protection from domestic and foreign competition, and price and quantity controls have led to the misallocation of resources. The high rates of protection have also acted as a disincentive to efficiency, the creation of new industries, new inputs, new processes of production, technologically improved machines and the production of new products. Privatization following the *New Industrial Policy* (NIP) of 1982 has also not had the desired effect, because the precondition of efficiency has not been satisfied. Inefficient public monopolies have merely become inefficient private monopolies.

Turning to technological efforts and achievements there is a similarly bleak picture. While policy measures such as financial and fiscal support for the promotion of supply of and demand for indigenous technology, support for an agency for technology transfer, for commercial R&D activities, and for the domestic development and production of spare parts are common in India, these are very limited in Bangladesh.

While Sahota lists a number of general factors for the poor state of affairs, others like Sobhan (1982 and 1990) and Rahman (1984)⁷ have heavily criticised the aid-dependence nature of Bangladesh's development. It is true that the government saving as a percentage of GDP has fallen over the years, from over 8 per cent of GDP in the pre-independence period to about 2 per cent in the late 1980s.⁸ Given the very low level of domestic saving, investment in manufacturing, as in other sectors of the economy, has remained heavily aid-dependent.

Although various factors have contributed to the present unsatisfactory state of industrialization in Bangladesh, we wish to focus on the state of technology transfer in the light of the findings, as already mentioned, from three industrial sub-sectors. Given that the three industries studied broadly represent three different types of industrial technology, it is our belief that the findings are highly representative of the manufacturing sector as a whole.

3. THE POOR STATE OF TECHNOLOGY TRANSFER : FINDINGS FROM THREE INDUSTRY SUB-SECTORS

Before we present the findings from the three selected industries, two points may be raised. The first point is a general one. There has been much criticism in the Third World in recent years of the type of technology transfer that has traditionally taken place in many of these countries, because the largescale importation of machinery and equipment from the industrialized countries has often involved technology of a 'wrong' kind and scale. This type of criticism initially led to serious investigation of the 'appropriateness' of imported technologies. An important methodological approach in this regard has been the identification and evaluation of alternative technologies by source and type.⁹ Such an approach, while helpful in identifying profit maximizing technologies does not help however in demonstrating whether the imported technologies have been absorbed or not. The ability of a firm to absorb foreign technology is

often referred to as the first stage of developing indigenous technological capability¹⁰, the second stage being the ability to innovate and to produce machinery and equipment. The presence of a capital goods sector is considered to be the important for technology innovation. However, for innovation to take place R & D activity is essential. Given the poor state of R & D in the industrial sector in countries such as Bangladesh, the machinery producing firms tend to copy some well-know foreign designs and, in some cases, to produce under foreign licence, often using a high percentage of imported components from the foreign (licensing) firm. It is true that in the process of copying some minor technical improvements can and, at times, do take place but they are often marginal in nature.

The second point is specific to the findings of the industry studies. Below we point to some of the main findings for the three sectors.

(a) Leather Manufacturing

From an economic viewpoint, valid reasoning for technology choice should include, among other factors, considerations such as the maximization of factor productivity, quality of output and scale economics. These factors are not only inter-related but also lead ultimately to the issue of profit maximization and or cost minimization. In an 'ideal' world, different plant managements world behave in similar fashion, selecting a cost minimizing and/or revenue maximizing technology. But in reality there are variations and in an attempt to explain these, we tested the following hypothesesd :

- i) Enterprises with access to long-term credit, in domestic or foreign currency, will tend to choose imported machinery and equipment, even if such machinery were locally available.
- ii) Compared with less experienced investors, the more experienced with greater familiarity with the technology will choose higher proportions of locally produced techniques including, e. g. , wooden drums.
- iii) There will be a positive relationship between the proportion of imported to total machinery and equipment and the scale of production.
- iv) There will be a significant positive relationship between leather exports and the level of imported machinery.

Four multiple regressions were attempted to test the above hypotheses.¹¹ Only the first hypothesis was found to be of statistical significance in all regressions (at the 1% level). The scale of production has only been significant (at the 5% level) in one case. Although we found that the influence of leather exports on machinery imports was of no statistical significance, it should be pointed out that the regression result had a negative sign in two cases, in which we had only included firms producing up to crust/finished leather. We belief this to be of interest as it is inconsistent with the conventional believe that the level of machinery imports is largely dependent on the level of leather exports.

The findings of our analysis have important policy implications. Although locally produced machinery and equipment were available, leather manufacturers often chose imported equipment instead. This was even more disturbing when we found that the machinery and equipment made in Bangladesh invariably formed least-cost techniques at the small and medium scales of production (however, in some sub-processes of large scale production, advanced European techniques, such as hydraulic shaving etc., were found to have cost advantages). Wooden drums, which have been produced in Bangladesh for over 40 years, as well as machines for fleshing, staking etc. are being produced-to-order and show considerable cost advantages. Although some engineering firms in Dhaka and Chittagong (the two areas with high concentration of leather manufacture) have started to specialize in these products, leather manufacturers continue to import machinery. The availability of long-term credit in foreign exchange and the absence of any protection for the local machinery industry can be singled out as the two main factors for the present situation. Given the industry's high rates of return (even 20% and above), one would expect the leather manufacturers to be able to invest without those highly subsidised foreign currency loans. Indeed, during the course of field work, experienced manufacturers of leather pointed out that the Government should only provide the right atmosphere and sound policy directions and stop creating a climate of easy access to subsidised credits.

b) Fertilizer Manufacturing

Foreign financial aid has been crucial in the development of the fertilizer industry in Bangladesh over the past 30 years. There are now seven large scale plants six of these producing urea from natural gas. These investments have taken a very substantial share of total investment in the manufacturing sector. While the amount of foreign financial aid involved has been substantial, the process of investment decision-making has been far from satisfactory. Indeed, a myth has developed in Bangladesh to the effect that any project is accepted if a foreign source of funds is found. The case of the Jamuna fertilizer project serves as a good example. Although the World Bank was advising the deferment of the construction of the plant by at least two years, the public sector investing agency concerned (Bangladesh Chemical Industries Corporation) went ahead with it because a 'favourable bid' had been obtained from Mitsubishi and the funds were to be provided by the Japanese Government and the OECF (a Japanese aid agency).

Table 1 gives an overview of the main supply sources of finance, process-technology and machinery and equipment for six major nitrogenous fertilizer plants in Bangladesh. The role of Japan has been crucial in the development of the urea manufacture in Bangladesh, although sources from Western Europe, North America and China have also been of great importance. The close connection between the source of finance and the source of technology and machinery equipment is readily apparent.

Table 1.

Source of foreign currency and technology in the various nitrogenous fertilizer plants in Bangladesh*

Plants*	Source of foreign currency	Technology supply		Major sources of machinery & equipment	General Name	Contractor Country of origin
		Name of Process	Origin Country			
NGFF	Japaness loan	Ammonia : Chemico	USA	Japan	Kobe	Japan
		Urea : Chemico				
		Total Recycle	USA			
UFFL	Yen credit	Ammonia : TEC	Japan	Japan	Toyo Engg. Corp. (TEC)	Japan
		Urea : Toyo				
		Total Recycle	Japan			
ZFCL	IAC	Ammonia : UHDE,	W.Germany	W. Ger- many, Italy, India, U.K.	Foster Wheeler Ltd.	UK
		Urea :	Stamicarbon Nether- lands			
PUFF	China	Ammonia : Chiness process	China	China	CNOCC	China
		Urea : Chiness process	China			
CUFL	OECF, IDA, CIDA, ISDB,	Ammonia : Kellog	USA	Japan, Canada, Germany	Toyo Engg. Corp. (TEC)	Japan
		Urea : TEC-MTC	Japan			
JFCL	OECF, Japan	Ammonia : Halder Topse	Denmark	N. A	Mitsubi bishi	Japan
		Urea : SNAM-Progetti	Italy			
		Urea granulation : NSM				

NGFF= Natural Gas Fertilizer Factory

UFFL= Urea Fertilizer Factory Ltd.

ZFCL= Zia Fertilizer Company Ltd.

PUFF= Polash Urea Fertilizer Factory

CUFL= Chittagong Urea Fertilizer Ltd.

JFCL= Jamuna Fertilizer Company Ltd.

IAC=International Aid Consortium.

Source : Huq and Islam (1992), pp. 43-44.

The multiplicity of sources both for licences for process design and for machinery and equipment has remained an important feature in the production of ammonia and urea in Bangladesh. Although this may appear to be due to attempts on the part of Bangladesh to choose the most economical production process and to obtain machinery and equipment at competitive prices, information collected by us suggests otherwise. In fact, the development of the industry has been largely dictated by the availability of foreign financial aid, and the restrictions which accompanied such aid often dictated the sources of procurement.

Table 2.

Tendering, process evaluation and purchase of machinery and equipment in the various nitrogenous fertilizer plants

Name of the plant	If inter national tenders were called for the project (Yes/No)	If processes were separately evaluated by the recipient	Selection of M/C and equipments			Any agreement to procure local M/C& equipment	
			Tender- ing	Evalua- tion by source of pro- curement	Evalua- tion by engi- neering Type	Yes/No	%of Local purchase
NGFF	Yes	No	Yes	No	No	No	Nil
UFFL	Yes	No	Yes	No	No	No	Neg
ZFCL	Yes	Neg	Yes	No	Partly	No	Neg
PUFF	No	No	No	No	No	No	10%
	(friendship project)						
CUFL	Yes	Yes	Yes		Implicit	Partly	No
JFCL	Yes	Yes	Yes	No	N.A.	No	N.A

M/C= Machinery; Neg = Negligible; N.A= Not available.

Source: Huq and Islam (1992), P,47.

Table 2 gives an idea of the nature of the selection process in the cases of the various fertilizer plants producing urea in Bangladesh. Failure on the part of the recipient to have the production processes and the machinery and equipment requirements properly evaluated can obviously lead to poor investment decisions. Considering that the investment evaluations have not been as one would have desired, especially given the scale of capital involved, there is obviously room for

criticism. It is apparent that investment decisions were often taken by non-technical personnel, the participation of technocrats remaining peripheral or very limited. Indeed, the investment decision for the plant at Polash (PUFF) was made during a visit to China by President Ziaur Rahman in 1978, and subsequently called a friendship project. Only in the three plants (those at Ashuganj, Chittagong, and Jamalpur) were tenders invited, bids evaluated and, on the basis of these, general contractors appointed. But it has since been reported that the appointment of the general contractor for the Ashuganj plant (ZFCL) had largely been by the aid donors through the World Bank.

The low to negligible involvement of the local engineering sector in all the plants is striking. According to a study by the Bangladesh Steel and Engineering Corporation (BSEC), it was feasible to have a high level of local involvement in terms of structural steel works, storage tanks and vessels including piping, but the potential remained utilized. According to this study, as much as 37 per cent of the total project works of a large-scale fertilizer plant could have been completed locally.

Participation of Bangladesh in plant design and the supervision of their construction has also been disappointing. There has been no local participation in the design of any of the six fertilizer plants and only limited participation in the supervision. The only exception was in the construction of the Polash Urea Fertilizer Factory which accounted for a domestic share of about 30%, largely due to demands both the supplier (China) and the recipient government (Bangladesh.) While participation was negligible at the Jamalpur plant (which came into production in 1991), it was nil at the remaining four plants.

One serious issue is the eagerness with which investments in the fertilizer sector have been pursued. Given that the size of investment in each of the fertilizer plants has been significantly higher than in many other investment projects in the country, the low or even negative rates of return (2.4% to -5.2% at historical levels of capacity utilization and depending on the technology used) have obviously contributed towards low income growth in the industrial sector. From the various reports which have been published since December 1990 (i.e., following the downfall of the previous Government), it is apparent that the investment decision-making process in the public sector in Bangladesh was far from satisfactory. During the second half of the 1980s three main investment decisions were made in the fertilizer industry, two for new plants (at Chittagong and Jamalpur) and one for the rehabilitation of the Ghorashal fertilizer factory (UJFL). As may be seen from Table 3, the actual purchase price has remained significantly higher than the international price.

Table 3.

It can be seen that the variables included in the equation explain 98.94 per cent of the variation in labour productivity. The value of the Verdoorn coefficient is 0.85, which is found to be statistically significant at the 1% level. This indicates a strong impact of labour productivity agricultural output on in Bangladesh agriculture. Of the two other variables, the coefficient of time (t) denoting technical change is statistically significant. The coefficient of w/p standing for factor substitution is not found to be highly significant. Hence it can be conjectured that, in Bangladesh agriculture, of the latter two variables which explain the growth of labour productivity, technical change, in a neutral sense, is more dominant than

factor substitution. This is an interesting observation since scholars working on Bangladesh appear to have a consensus on this point.

6. Conclusion

Our estimate shows strong evidence of the presence of the Verdoorn Effect in Bangladesh agriculture. It also shows that factors other than the expansion of output, that is, input substitution and technical change, are also responsible for changes in labour productivity in the agricultural sector of Bangladesh, but the latter is the more dominant of the two.

A true understanding of the factors responsible for increase in labour productivity is necessary for forming proper policy for agricultural development. Results of this paper may help pinpoint such factor(s) and direct policy efforts accordingly.

Reference

- Bairam E.I. (1987): "The Verdoorn Law, Returns to Scale and Industrial Growth : A Review of the Literature ", Australian Economic Papers, June.
- Kaldor, N. (1967): Causes of the Slow Rate of Economic Growth in the U. K., Cambridge : Cambridge University Press.
- Katz, J. M. (1968): "Verdoorn Effects, Returns to Scale, and the Elasticity of Factor Substitution", Oxford Economic Papers, 20, 342-252.
- Katz, J. M. (1969) : Production Functions, Foreign Investment and Growth, Amsterdam : North Holland Publishing Company.
- Verdoorn, J. P. (1956) : "Complementarity and Long-run Projections",

কৃষি-ঋণ আদায়ের নিম্নহারের কারণ ও প্রতিকার*

সরদার সৈয়দ আহমেদ**

ভূমিকা

দেশ স্বাধীন হবার পর ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান সমূহকে টেলে সাজানো হয় এবং বাণিজ্যিক ব্যাংক সমূহকে জাতীয়করণ করে ব্যাংকিং ক্ষেত্রে একটা বৈপ্লবিক পরিবর্তন আনয়ন করার চেষ্টা করা হয়। মনে করা হয়েছিল যে ব্যাংক জাতীয়করণ করা হলে সম্পদের সুসম বন্টন হবে, দারিদ্র্য দূরীভূত হবে এবং সর্বোপরি সুসম উন্নয়ন নিশ্চিত হবে। বাস্তব ক্ষেত্রে দেখা গেল যে এগুলোর কোনটিই অর্জন করা সম্ভব হয়নি বরং এর উল্টোটাই ঘটেছে। গ্রামাঞ্চলে ব্যাংকের শাখা-প্রশাখা সম্প্রসারিত হয়েছে কিন্তু এতে গ্রামের দরিদ্র মানুষগুলোর উন্নতি বা কল্যাণ সাধিত হয়েছে কতটুকু? এ সমস্ত শাখা-প্রশাখার মাধ্যমে গ্রাম থেকে শহরে সম্পদ পাচার হয়েছে এবং পুঁজিপতির পকেট ভারী হয়েছে।

যে পল্লী এলাকা পূর্বে মহাজনের একা শোষণ ক্ষেত্র ছিল এখন তা পরিণত হয়েছে মহাজন, পুঁজিপতি এবং ব্যাংকের যৌথ শোষণ ক্ষেত্রে। পুঁজিবাদী সমাজে ব্যাংকের মাধ্যমেই পুঁজি পুঁজিপতির করতলগত হয়। ব্যাংক পুঁজিপতির অর্থের প্রয়োজন মিটানোর জন্য ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয়গুলোকে একত্রিত করে ঋণ ব্যবস্থার সুবাদে পুঁজিপতির হাতে পুঁজি তুলে দেয়। আমানত সংগ্রহ ও ঋণ বিতরণ প্রক্রিয়ায় সুদ হলো ভিত্তি। ব্যাংক লাভের পুঁজিপতিকে সুদে অর্থ ধার দিলেও শেষ পর্যন্ত পুঁজিপতি ঋণের সুদের কথা দূরে থাক মূল ঋণই পরিশোধ না করে বিনা পরিশ্রমে বিপুল পুঁজির মালিক বনে যায়। ব্যাংকের অর্থ এভাবে আত্মসাৎ করাকে লুণ্ঠন, অপহরণ ও জালিয়াতির চেয়েও বেশী মারাত্মক অপরাধ বলে ধরে নেয়া যায়।

গত কয়েক বৎসরে গ্রাম এলাকায় ঋণ সম্প্রসারিত হওয়ার ফলে গ্রামের মানুষের ভাগ্যের পরিবর্তন হওয়াটা ছিল স্বাভাবিক অথচ এ সুদী ঋণে উপকারের পরিবর্তে অপকারই হয়েছে বেশী। এ ঋণে ক্ষতিগ্রস্ত হয়েছে গ্রামের দরিদ্র শ্রেণী, ভূমিহীন হয়েছে অসংখ্য কৃষক। সহায় সম্মল হারা হয়েছে অগণিত মানুষ। সুদ ভিত্তিক ব্যাংক ব্যবস্থা সম্প্রসারিত হলে সাধারণ মানুষের কল্যাণের পরিবর্তে তাদের উপর শোষণ জুলুমের মাত্রা যে বৃদ্ধি পায় তা আর প্রমাণের অপেক্ষা রাখে না।

ঋণ ব্যবস্থার ত্রুটি, অত্যধিক সুদের বোঝা এবং ঋণের অপব্যবহার ও কৃষকদের আর্থিক অসচ্ছলতার কারণে কৃষি ঋণ আদায়ের ক্ষেত্রে নিম্নগতি পরিলক্ষিত হচ্ছে। শিল্প ঋণের আদায়ের হার আরও হতাশাব্যঞ্জক এবং ঋণ এত ব্যাপকভাবে বকেয়া পড়ে আছে যে ব্যাংক ব্যবস্থার ভীতকে কাঁপিয়ে তুলছে। তবে যদিও আমরা মনে করছি যে ঋণ অনাদায়ী থাকলে ব্যাংক দেউলিয়া হয়ে পড়বে এবং ক্ষতিগ্রস্ত হবে কিন্তু এতে পুঁজিপতির আরও সুবিধাই হলো। ব্যাংক দেউলিয়া হলে নুতন ব্যাংক গড়ে উঠবে অথবা সরকারী মালিকানা থেকে ব্যক্তিগত মালিকানায় স্থানান্তরিত হবে। রট্টায়ত্ব ব্যাংকের ঋণে অনেক ব্যাংক গড়ে উঠেছে বলে শূন্য যায়। রট্টায়ত্ব ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ পুঁজিপতিদের কাছ থেকে ঋণ আদায় করতে ব্যর্থ হয়েছে এবং

* সংক্ষেপিত।

** সহকারী অধ্যাপক, অর্থনীতি বিভাগ, সফর আলী কলেজ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

তাদের কাছে আর্থিক প্রতিষ্ঠানসমূহ উল্টো জিম্মি হয়েছে। পুঁজিবাদীর সমার্থক বিশ্ব ব্যাংক সুদের হার বাড়াবার পরামর্শ দিয়ে ব্যাংক দেউলিয়ার অজুহাতে বেসরকারী খাতে ব্যাংক ছেড়ে দেয়ার সফল হয়েছে। যা হোক বর্তমান প্রবন্ধে ঋণ আদায়ের বিশেষতঃ কৃষি ঋণ আদায়ের নিম্ন হারের কারণ উদ্ঘাটন করার একটি ক্ষুদ্র প্রচেষ্টা চালানো হয়েছে। ধনীরা ঋণ নিতে চায় কিন্তু ঋণ পরিশোধ করতে চায় না। গ্রামের গরীব মানুষগুলো ঋণ পরিশোধ করতে চায় কিন্তু পরিশোধে ব্যর্থ হচ্ছে। এ ব্যর্থতার জন্য দায়ী গরীব কৃষক নয় বরং দায়ী পুঁজিবাদী ব্যবস্থার অসংখ্য চালিকাশক্তি ও উপাদান এবং বিদ্যমান ব্যাংক ব্যবস্থা ও ঋণনীতির দুর্বলতা।)

শিল্প ও অকৃষি খাতের ঋণ আদায় পরিস্থিতি :

কৃষি ঋণ আদায় সম্পর্কে আলোচনা করার পূর্বে শিল্প ঋণ ও কৃষি খাতের ঋণ আদায় পরিস্থিতি নিয়ে আলোচনা না করলে দেশের সার্বিক ঋণ ব্যবস্থা সম্পর্কে ধারণা করা যাবে না। তাই শিল্প ঋণ বা অকৃষি ঋণের আদায় সম্পর্কে সামান্য আলোচনার সূত্রপাত করা হল। জুনালগ্ন থেকে ১৯৮৫ সাল পর্যন্ত বাংলাদেশ শিল্প ব্যাংক ৩৮৪-৮২ কোটি টাকার ঋণ বিতরণ করেছে এবং এ সময়ে মোট বকেয়া ঋণের পরিমাণ দাঁড়িয়েছে ৫৬৭.০০ কোটি টাকা ও মেয়াদ উত্তীর্ণ ঋণের পরিমাণ দাঁড়িয়েছে ২৬০-৪৯ কোটি টাকার। বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা জুনালগ্ন থেকে ১৯৮৫ সাল পর্যন্ত মোট ৬৫১-৪২ কোটি টাকার ঋণ বিতরণ করে এবং উক্ত সময়ে মোট বকেয়া ঋণের পরিমাণ দাঁড়ায় ৮৩০.৩৮ কোটি টাকায়। ১৯৮৬ সাল পর্যন্ত মেয়াদ উত্তীর্ণ ঋণের পরিমাণ ৪৮৭.২০ কোটি টাকায় দাঁড়িয়েছে।

হাউজিং বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন শুরু থেকে ১৯৮৫ সাল পর্যন্ত মোট ৬৬৯-০০ কোটি টাকার ঋণ বিতরণ করে এবং ১৯৮৫ সাল পর্যন্ত মোট বকেয়ার পরিমাণ দাঁড়ায় ৭৩৪-৪১ কোটি টাকায়। ১৯৮৫-৮৬ সালে বকেয়ার পরিমাণ দাঁড়ায় ৮৩০ কোটি টাকা এবং মেয়াদ উত্তীর্ণ ঋণের পরিমাণ দাঁড়ায় ৭০ কোটিতে। ঋণ সম্প্রসারণ হয়েছে ব্যাপকভাবে, কিন্তু আদায়ের হার খুবই নিম্ন। ১৯৭১ সালে ব্যাংক ঋণের পরিমাণ ছিল ৩৮৮-৩১ কোটি টাকা যা ১৯৭৫ সালে দাঁড়ায় ৯১৪-৪৮ কোটি টাকায় এবং ১৯৮৫ সালে ৯৭৭৫-৬০ কোটি টাকা দাঁড়ায় যা ১৯৮৬ সালে ১০ হাজার কোটি টাকা ছাড়িয়ে যায়।

একটা গবেষণা পত্রে দেখানো হয়েছে যে ১৯৭৩ হতে ১৯৮৩ সাল পর্যন্ত বাংলাদেশের ফর্মাল ঋণের নমিন্যাল ভ্যালু ৬০০% উপরে বৃদ্ধি পেয়েছে। ১৯৮৩ সালের ২৮ কোটি হতে ১৯৮৩ সালে ৫৭৮ কোটি টাকায় দাঁড়ায় উক্ত বৎসর ঋণের শতকরা ৩৩% ম্যানুফ্যাকচারিং খাতে ও ২২% পাইকারী ও খুচরা ব্যবসা খাতে এবং তৃতীয় বড় খাত হল কৃষি। রেহমান সোবহান ও আহসান তাদের এক জরীপে দেখান যে ১৯৮০-৮১ সালে শিল্প ব্যাংক ও শিল্প ঋণ সংস্থা তাদের চলতি বকেয়ার প্রায় ৫০% আদায় করে কিন্তু চলতি বকেয়াসহ মেয়াদ উত্তীর্ণ ঋণের মাত্র ২০% আদায় করতে সক্ষম হয়। ১৯৮৩-৮৪ সালে দুটো সংগঠন তাদের চলতি বকেয়ার ১/৩ ভাগ এবং প্রায় ৯০% দেনা আদায় করতে ব্যর্থ হয়।

অকৃষি খাতের ঋণ আদায় খুবই উদ্বেগজনক। গত ১৯৮৬ সালে শিল্প ব্যাংকের ঋণ আদায় হার ছিল শতকরা ৬%, শিল্প সংস্থার আদায় হার ছিল ১২% ভাগের নীচে এবং বাণিজ্যিক ব্যাংক সমূহের আদায় হার ছিল শতকরা ২৫% ভাগের নীচে।

কৃষি ঋণ সম্প্রসারণ ও আদায় পরিস্থিতি :

১৯৭৬-৭৭ সালে মোট কৃষি ঋণের পরিমাণ ছিল ৮৭.৯৪ কোটি টাকা যা ১৯৭৭-৭৮ সালে ৯১.৯৪% ভাগ বৃদ্ধি ১৬০.০০ কোটি টাকায় দাঁড়ায়। ১৯৭৯-৮০ সালে ২৮২ কোটি হতে ১৯৮৪-৮৫ সাল পর্যন্ত শতকরা ৭৫% ভাগের বেশী বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ১১৩১.৯৩ কোটি টাকায়। ১৯৭৯-৮০ সাল হতে ১৯৮৪-৮৫ সাল পর্যন্ত দেশের কৃষি ঋণ বিতরণ বৃদ্ধি পেয়েছে বার্ষিক শতকরা ২৬.৬৪ ভাগ হারে এবং কৃষি ব্যাংকে ১৯৭৯-৮০ সালে ১৪১.৫০ কোটি টাকা ঋণ বিতরণ করে যা ১৯৮৪-৮৫ সালে দাঁড়ায় ৬১৪.৭৩ কোটি টাকায়। এ ক্ষেত্রে এক বৎসর কৃষি ব্যাংকের ঋণ বিতরণের গড় বার্ষিক বৃদ্ধির হার শতকরা ২৮.৪৫%। খাদ্য উৎপাদন বৃদ্ধি ও কৃষি উন্নয়নের জন্য ১৯৭৭ সাল থেকে বাণিজ্যিক ব্যাংকসমূহকে কৃষি ঋণের আওতায় আনা হয় এবং ১৯৭৯-৮০ সালে বাণিজ্যিক ব্যাংকসমূহ ১১৩.৫৫ কোটি টাকা কৃষি ঋণ বিতরণ করে যা ১৯৮৪-৮৫ সালে বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ৪৮৮.৩৯ কোটি টাকায়।

অবহেলিত কৃষি খাতে ঋণ সম্প্রসারিত হয়েছে এটা দেশবাসীর জন্য একটা আনন্দের বিষয়। কিন্তু ঋণ বৎসরের পর বৎসর অনাদায়ী থেকে যাচ্ছে। এটা কোন ক্রমে ভাল লক্ষন নয়। ঋণ অনাদায়ী থাকলে ঋণদানকারী প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হয় এবং এদের ঋণদান ক্ষমতা হ্রাস পায়। দেশের শিল্প ঋণের মত কৃষিক্ষেত্রেও ব্যাপক পরিমাণ ঋণ অনাদায়ী থাকছে। ১৯৮৫ সাল পর্যন্ত মোট ৫১৫৫.৭৫ কোটি টাকার কৃষিঋণ বিতরণ করা হয় এবং আদায় হয়েছে ৩০৯৫.৪২ কোটি টাকা। ১৯৭৯-৮০ সালে বার্ষিক গড় ঋণ বৃদ্ধির হার ছিল ২৬.৬৪% অথচ উক্ত সময়ে আদায় হার ২২.৭০% এবং বাণিজ্যিক ব্যাংকের আদায় হার ১৮.৫৭%। ১৯৮২-৮৩ সালে পূর্ববর্তী বৎসরের চেয়ে আদায় হার তিন ভাগের এক ভাগের চেয়ে কম ছিল এবং ১৯৮৪-৮৫ সালেও অনুরূপ চিত্র দেখা যায়। ১৯৮৫-৮৬ সালের তুলনা করলে দেখা যাবে যে অবস্থা আরও খারাপ।

১৯৮০-৮১ সালে মোট কৃষি ঋণ আদায়ের হার ছিল শতকরা ৪৯% যা ক্রমাগতভাবে কমে কমে ১৯৮৪-৮৫ সালে দাঁড়ায় ৩৮% এবং ১৯৮৬ সালের এপ্রিল মাস পর্যন্ত মাত্র ২৫% এ। ১৯৮০-৮১ সালে কৃষি ব্যাংকের আদায় হার ছিল শতকরা ৬৮% যা ক্রমাগত হ্রাস পেয়ে ১৯৮৪-৮৫ সালে ৪৪% এ এবং ১৯৮৬ সালে ৩২% এ দাঁড়িয়েছে।

১৯৮৪-৮৫ সালে কৃষি ঋণের পরিমাণ সর্বোচ্চ। ১৯৮৪-৮৫ সালে মোট আদায় বৃদ্ধি পেলেও মেয়াদ উত্তীর্ণ ঋণের পরিমাণ ১৯৮৪-৮৫ সালে ১১৫৮.০০ কোটিতে দাঁড়িয়েছে। বকেয়া ঋণের পরিমাণ ১৯৭৯-৮০ সালের ৪৩৪.০০ কোটি থেকে ১৯৮৫-৮৬ সালে ৩৫০৮.৮৬ কোটি টাকায় দাঁড়িয়েছে।

দেশের বৃহত্তম ঋণদানকারী প্রতিষ্ঠান বাংলাদেশ কৃষি ব্যাংকের ঋণ অপারেশনে দেখা যায় যে ১৯৮৪-৮৫ সালে ৬১৪.৭৩ কোটি টাকার ঋণ বিতরণ করা হয় এবং ঐ বৎসর ঋণ আদায়ের পরিমাণ ছিল ১৫০.৬০ কোটি টাকা। ১৯৮০-৮১ সালে মেয়াদ উত্তীর্ণ ঋণের পরিমাণ ছিল ৬২.১৯ কোটি টাকা যা ১৯৮৫-৮৬ সালে বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ৮০৬.৭৬ কোটি টাকায়। ১৯৮০-৮১ সালে বকেয়া ঋণের পরিমাণ ছিল ৩৬৮.৩২ কোটি টাকা যা ১৯৮৫-৮৬ সালে দাঁড়ায় ২০৫.৫০ কোটি টাকায়।

উপরোক্ত আলোচনা থেকে আমরা দেখতে পেয়েছি যে বিরাট অংকের ঋণ অনাদায়ী পড়ে আছে। কোন শ্রেণীর হাতে কত টাকা আটকা পড়ে আছে তা খুঁজে বের করা সহজ না হলেও কঠিন নয়। শিল্প ঋণ মুষ্টিমেয় কয়েকজন-এর হাতে এবং কৃষি ঋণের বেশীর ভাগ ধনী কৃষক মহাজন ও নির্ধারিত প্রতিনিধিদের হাতে এবং একটা ক্ষুদ্র অংশ সাধারণ গরীব কৃষকদের হাতে আটকা পড়েছে। গত কয়েক বৎসরে শস্য ঋণের পরিমাণ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পাওয়াতে সাধারণ ও গরীব কৃষকদের ব্যাংক ঋণ প্রাপ্তির কিছুটা সুযোগ হয়েছে। ১৯৮১-৮২ সালে শস্য ঋণের পরিমাণ ছিল ১২৯.৬৭ কোটি টাকা যা ২৯৮% ভাগ বৃদ্ধি পেয়ে ১৯৮৪-৮৫ সালে দাঁড়ায় ৫১৪.৮২ কোটি টাকায়।

বিভিন্ন জরিপ থেকে জানা যায় যে ধনীক শ্রেণীই এ ঋণের সুযোগ পেয়েছে বেশী এবং তারা ঋণ পরিশোধ করছে না। গরীব মানুষেরা ঋণ পরিশোধ করছে এবং এখনও করছে, যারা পরিশোধ করেনি তারা ইচ্ছা খাকা সত্ত্বেও অপারগ। সরকার হয়ত এদের কথা চিন্তা করে দয়া প্রদর্শন করেছেন। সরকার কৃষি ঋণের সুদও আসল মওকুপ করে। এটা ঋণ আদায় সমস্যার কোন স্থায়ী সমাধান নয়। তাই ঋণ অনাদায়ী থাকার কারণ খুঁজে বের করে তার প্রতিকার নির্দেশ করা অতীব জরুরী হয়ে পড়েছে।

একটি জরিপের ফলাফল (সারমর্ম) :

কৃষি ঋণ ব্যাপক অনাদায়ী থাকার কারণ অনুসন্ধানের জন্য আমি নারায়ণগঞ্জ জেলার আড়াই হাজার উপজেলার ৪টি গ্রামে এবং বরিশাল জেলার উজিরপুর উপজেলার ১টি গ্রামের ৫০টি পরিবার জরিপ করি। জরিপকালীন সময় হিসাবে আমি ১৯৮৭ সালের ফেব্রুয়ারী মাসের ২য় ও ৩য় সপ্তাহ বেছে নেই। “কৃষিঋণ অনাদায়ী থাকার কারণ জরিপ ১৯৮৭” নামক জরিপ পরিচালনা করে ঋণ আদায়ের যে চিত্র পেয়েছি তা ছিল নিম্নরূপ।

জরিপকৃত ৫০টি পরিবারের মধ্যে ২০ জন অর্থাৎ শতকরা ৪০% ঋণ পরিশোধ করেছে। এদের মধ্যে ৬ জন বা ১২% সম্পূর্ণ এবং ১৪ জন বা ২৮% আংশিক ঋণ পরিশোধ করেছে। জরিপকৃত পরিবারগুলোর মধ্যে ৪ জন ছিল স্যালো টিউবওয়েল ঋণ গ্রহণকারী ১১টি গরু ক্রয় ও গোয়াল ঘর নির্মাণবাবদ ঋণ। জরিপকৃত পরিবারগুলোর মধ্যে যে ৬ জন সম্পূর্ণ ঋণ পরিশোধ করেছে তারা সবাই শস্যঋণ নিয়েছিল। জরিপকৃত ঋণসমূহ প্রায় সম্পূর্ণটাই মেয়াদ উত্তীর্ণ বকেয়া। এসব ৫০টি পরিবারকে মোট ২৬৯৩৫৫.০০ টাকার ঋণ বিতরণ করা হয় এবং এর মধ্যে স্যালো টিউবওয়েল ঋণের পরিমাণ ৯২০০০.০০ টাকা। এর মধ্যে মেয়াদ উত্তীর্ণ বকেয়া ঋণের পরিমাণ দাঁড়িয়েছে ৩১৪৪৫০.০০ টাকা মাত্র যার মধ্যে হতে আদায় হয় ৮৬,৩০০.০০ টাকা অর্থাৎ মোট বকেয়ার ২৭.৪৪% আদায় হয়। এখানে উল্লেখ্য যে, যে ৪জন স্যালো টিউবওয়েল ঋণ গ্রহণ করেছিল তাদের সব কয়জনের বিরুদ্ধে কেস করে তাদের বকেয়ার ৮৩% আদায় করা হয় এবং অন্যান্য পরিশোধকারীগণ সুদ মওকুফের পরে পরিশোধ করেছে। স্যালো ঋণ বাদে মোট বিতরণকৃত ঋণের পরিমাণ ১৭৭৩৫০.০০ টাকা এবং বর্তমান মেয়াদ উত্তীর্ণ বকেয়ার পরিমাণ দাঁড়িয়েছে ২৩০৪৫০.০০ টাকা, এর মধ্যে আদায় হয়েছে মাত্র ১৬৩০০.০০ টাকা অর্থাৎ আদায়ের হার ৭.০৭%।

ঋণ পরিশোধের নিম্ন হারের কারণ :

দেশের ব্যাংক ঋণের ৮০% এখনও শহরে এবং মাত্র ৩-২০% পল্লী অঞ্চলে বিতরণ করা হয়। পল্লী ঋণের ২০-২৫% প্রায় গরীব শ্রেণী এবং বিরাট অংশ প্রায় মুষ্টিমেয় মহাজন জোতদার ও পুঁজিপতি। এক জরিপে দেখা যায় শতকরা ৬৬% ঋণ গ্রহণকারী বিতরণকৃত ঋণের মাত্র ৩২% ভাগ এবং বাকী ৩৪% ঋণের ৩৮% ভাগ পেয়েছে।

বার্ষিক আয়ের ভিত্তিতে আলোচনা করলে দেখা যায় যে ২০,০০০-০০ টাকার নীচে যাদের আয় তাদের হাতে ঋণের মাত্র ২৩-৮৪% ভাগ যাদের আয় ২০,০০০-০০ টাকার উপরে তাদের হাতে ঋণের ৭৬-১৬% গিয়েছে। ডঃ এ, এম, শওকত আলী তার গ্রামীণ ক্ষমতা কাঠামো ও কৃষিঋণ শীর্ষক প্রবন্ধে দেখিয়েছেন যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাথাপিছু ঋণের পরিমাণ ৩৬০৯ টাকা ইউপি কর্মকর্তা পর্যায়ে মাথাপিছু ঋণের পরিমাণ ১৫,০০০-০০ টাকা এবং উপজেলা চেয়ারম্যান পর্যায়ে গড়ে মাথাপিছু ১,১৪,০০-০০ টাকা ঋণ পেয়েছে। বাংলাদেশ ব্যাংকের ইভ্যালুয়েশন রিপোর্ট এ দেখা যায় যে মোট ঋণের মাত্র ১৯% পায় যারা ২৫০ এ কম জমির মালিক অথচ এর উপরের দিকের জমির মালিকরা বাকী ৮১% ঋণ পায়। ঋণ মুষ্টিমেয় বিস্তবান ও ক্ষমতা প্রভাবশালীর হাতে বেশী যাওয়াতে আদায় নিম্ন হয়েছে। গরীব শ্রেণী ঋণ পরিশোধ করতে চায় কিন্তু তাদের সমর্থ নেই। এতদসত্ত্বেও অপেক্ষাকৃত কম বৃত্তবান এবং গরীব শ্রেণীই ঋণ পরিশোধ করেছে। তুলনামূলক ঋণ পরিশোধ পারফরমেন্স -এ দেখা যায় যে ০-০১-০-৯৯ দলের জমির মালিকেরা ১৯ জনের মধ্যে ৯ জন পরিশোধ করেছে এবং বাকী ৩১ জনের যাদের ১ একর থেকে উর্ধ্বে জমি রয়েছে তাদের মধ্যে ১১ জন ঋণ পরিশোধ করেছে অর্থাৎ পরিশোধের শতকরা হার যথাক্রমে ৪৭.৪% ও ৩৫.৫%। প্রথম দলে ডিফল্টার ১০ জনই বরং আন্যান্য দলে মোট ডিফল্টার ২০ জন। নিম্নের ছক থেকে ইহা পরিষ্কার বুঝা যায় যে ৫-০০ একরের উপরে যাদের জমি তারাই ঋণ আদায়ে অনিচ্ছুক বেশী।

আয়ের ভিত্তিতে বিশ্লেষণ করলে দেখা যায় যে যাদের বাৎসরিক আয় ৩০,০০০/- হইতে ৩৯,৯৯৯/- টাকা তাদের ডিফল্টার হার ৭৫% এবং যাদের আয় ৪০,০০০/- হইতে ৪৯,৯৯৯/- টাকার মধ্যে তাদের আদায় হার ৭৯-৪৩%। ২০,০০০/- টাকার নীচে ডিফল্টার ১৭ জন বা প্রায় ৭৪%। কিন্তু যে ৬জন ঋণ সম্পূর্ণ পরিশোধ করেছে তাদের ১ জন ব্যতীত সকলের জমির পরিমাণ ১.৫০ একরের নীচে এবং বাৎসরিক আয় ২০,০০০/- টাকার মধ্যে ১৪ জন যারা আংশিক ঋণ পরিশোধ করেছে তাদের মধ্যে ২ জন বাদে সকলের জমির পরিমাণ ২৫০ একরের মধ্যে ৬ জনের বার্ষিক আয় ২০০০/-টাকার মধ্যে এবং ৪ জন স্যালো টিউবওয়েল ঋণ পরিশোধকারীর জমির পরিমাণ ৩ একরের উর্ধ্বে এবং সকলের আয়ের পরিমাণ ৪০০০০/-টাকার উর্ধ্বে। প্রথম গ্রুপের ২৩ জনের মধ্যে ১৩ জনের ২৬% এর ঋণ পরিশোধ ক্ষমতা নেই। এদের অধিকাংশের বার্ষিক আয় ১০০০০/- টাকার উপরে নয় এবং এরা ভূমিহীন প্রান্তিক ও বর্গাচাষী এবং কাহারও অন্যান্য সম্পদ, বাড়িঘর, ইত্যাদি মূল্যের ৫০,০০০/- টাকার উপরে। গ্রাম বাংলার মানুষ এত গরীব যে তাদের হাতে বিপুল পরিমাণ পুঁজি বা ঋণ সরবরাহ করা প্রয়োজন। গত কয়েক বৎসরে গ্রামীণ ঋণ এবং শস্যঋণ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। কিন্তু তা প্রয়োজনের তুলনায় খুবই কম। যদিও সরকারী হিসাবে দেখা যায় যে মোট কৃষি ঋণের ৪০% এবং মোট গ্রামীণ ঋণের ১৮% প্রতিষ্ঠানসমূহ সরবরাহ করে। প্রকৃতপক্ষে ঋণ চাহিদার ১০% ভাগের বেশী

পূরণ করা সম্ভব হয় না। নেহায়েত প্রয়োজনের সময় সামান্য ঋণের টাকা তাদের তেমন কোন উপকারে আসে না। এ ছাড়া ঋণ ব্যবহার জটিলতা ও সঠিক সময় ঋণ না পাওয়ার কারণে ঋণের প্রকৃত ব্যবহার বিঘ্নিত হয়। ঋণ প্রদান করার পূর্বে ঋণ গ্রহীতার পরিশোধ ক্ষমতা যাচাই করা ঋণ পদ্ধতিতে খুবই জরুরী। কিন্তু ঋণদানকারী প্রতিষ্ঠান ঋণ দিয়েই দায়িত্ব শেষ করেছে। এর জন্য ব্যাংক কর্মচারীরা প্রদানতঃ দায়ী এবং সরকারের সস্তা জনপ্রিয়তা কিংবা রাজনৈতিক প্রভাবও কম দায়ী নয়। এক জরিপে দেখা যায় যে মোট ঋণের মাত্র ১৭% কৃষিতে ব্যবহৃত হয়েছে এবং ২৬% গরু ক্রয়ে অর্থাৎ এ দুই খাতে ঋণের ৪৩-২৭% ভাগ এবং ৫৭% ভাগ অপব্যবহার হয়েছে।

ঋণ আদায়ের জন্য কিস্তি যত বেশী হবে ততই ভাল। কিন্তু কৃষি ঋণের বিশেষতঃ শস্য ঋণের কোন কিস্তি নেই। আমাদের সরকার এবং ব্যাংক অনেকেই চায় না যে কৃষি ঋণ আদায় হউক। এরা আমলা ও পুঞ্জিপতিদের সংগে জোট বেধে গ্রাম এলাকায় যাতে দরিদ্র অবস্থা বজায় থাকে সে বিষয়ে বেশ সজাগ। ঋণ নিলে দিতে হয় এবং নগদ আয় না থাকলে জমি-বাড়ি-ঘর, ঘটি-বাটি-বিক্রি করে যে সহজ সরল কৃষকেরা ঋণ পরিশোধ করবে এটা নীতি নির্ধারণকরা ভালভাবেই জানে। গ্রামে এখন জমি ও সম্পদ ব্যাপকভাবে হাতছাড়া হচ্ছে এবং এর সুফল উপরোক্ত শ্রেণী এবং তাদের দোসররাই পাচ্ছেন।

ঋণ ব্যবহার জটিলতার ও দীর্ঘসূত্রীতার জন্য ঋণের খরচ হয়ে পড়ে অনেক বেশী। এদিকে অত্যধিক সুদের হার অপরদিকে ঋণ পেতে অন্যান্য খরচ এত বেশী হয় তা ঋণের খরচ অত্যধিক করে তুলছে।

সুদ ব্যতীত এ সমস্ত খরচ শতকরা ১০% ভাগের বেশী হতে দেখা যায় এবং সুদ ও সার্ভিস চার্জ ধরে মোট ঋণের প্রায় তিন ভাগের এক ভাগে দাঁড়ায়। সুপারিশ কারীরাও ঋণ গ্রহীতার কাছ থেকে একটা ভাল পরিমাণ উৎকোচ গ্রহণ করে থাকে। যে লোক প্রকৃতপক্ষে ঋণ পেতে না পারে তাকে সুপারিশকারীর সুপারিশ মত ঋণ প্রদান করা হয়েছে। এ ছাড়া টাউট, বাটপার, দালালেরা ঋণ গ্রহীতার কাছ থেকে ঋণের একটা উল্লেখযোগ্য অংশ কেটে রাখে এবং এ অর্থ ব্যাংক কর্মচারীদের সংগে ভাগাভাগি করে নেয়। ব্যাংক ঋণ পেয়ে গ্রহণকারীদের গড়ে প্রায় ৬ বার ব্যাংকে ধর্না দিতে হয়েছে এবং এ বাবদ শ্রম দিনের নিম্নতম মজুরী ২৫ টাকা ধরলেও প্রতি ঋণে গড়ে ১৪৮-০০ টাকা। সকল খাতের ব্যয় যোগ করলে প্রতি ঋণে খরচ পড়ে ৪৫০.৫০ টাকা মোট ঋণের প্রায় ১০% ভাগের সমান। অত্যধিক ঋণের খরচও ঋণ এর অনাদায়ী থাকার অন্যতম প্রধান কারণ।

সুদের হার বৃদ্ধি ঋণ পরিশোধের নিম্ন হারের সর্বাপেক্ষা প্রধান কারণ বলে প্রতিয়মান হচ্ছে। গত কয়েক বৎসরে সুদের হার বৃদ্ধি করে প্রকৃত বিনিয়োগকে নিবুৎসাহিত করা হয়েছে, ফলে বিনিয়োগ বৃদ্ধি পায়নি। মুনাফার তুলনায় সুদের হার বেশী হওয়াতে ঋণের টাকার অপব্যবহার বাড়ছে এবং ঋণ পরিশোধে অনীহা দেখা দিয়েছে। মুদ্রাস্ফীতি রোধের অজুহাতে সুদের হার বৃদ্ধি করা হয়েছে অথচ সুদের হার বৃদ্ধি খরচ প্ররোচিত মুদ্রাস্ফীতিকে আরও জোরদার করেছে এবং এর ফলে দ্রব্যমূল্য বৃদ্ধি পেয়েছে। দ্রব্যমূল্য বৃদ্ধি ব্যাপক জনগণের ক্রমক্ষমতাকে হ্রাস করে কার্যকরী চাহিদার ক্ষেত্রে বিঘ্ন সৃষ্টি করেছে বা উৎপাদন হ্রাস করেছে এবং শিল্প সম্প্রসারণের ক্ষেত্রে বিষম প্রতিক্রিয়া সৃষ্টি করেছে এবং সামগ্রিকভাবে অর্থনীতিতে মন্দার সৃষ্টি করেছে। সুদের হার বৃদ্ধি সঙ্কয়কে বৃদ্ধি করলেও বিনিয়োগ হ্রাস করে। সুদের সংগে মূলধনের

উৎপাদনশীলতার কোন সম্পর্ক তো নেইই বরং সমাজের অপারিসীম ক্ষতি করে থাকে। সুদ ভিত্তিক ব্যাংক ব্যবস্থায় ঋণের সম্প্রসারণ সমাজে কোন দিনই সুফল বয়ে আনতে পারে না অথচ আন্তর্জাতিক আর্থিক প্রতিষ্ঠানসমূহের পরামর্শ মোতাবেক সুদের হার বৃদ্ধি করে অর্থনীতিতে মন্দার সৃষ্টি করা হয়েছে। ব্যাংক দেউলিয়া বানাবার পথ প্রদর্শন করা হয়েছে। ঋণের সুদ ও সার্ভিস চার্জ ও দন্ড সুদ এবং চক্রবৃদ্ধি সুদ ব্যতীত ঋণের অন্যান্য খরচ হিসাবে ধরলে মোট ঋণের খরচ দাঁড়ায় প্রায় শতকরা 80% (১২+৪+৬+১০ + চক্রবৃদ্ধি সুদ)। এমন ব্যবস্থা খুব কম পাওয়া যাবে যেখানে এত পরিমাণ মুনাফা হতে পারে। যেহেতু ঋণের টাকায় লাভের চেয়ে লোকসান এর পরিমাণ হয়ে দাঁড়ায় বেশী তাই ঋণ পরিশোধের ক্ষেত্রে নিম্নহার পরিলক্ষিত হচ্ছে।

ঋণ পরিশোধ দেশের সামগ্রিক অর্থনৈতিক অবস্থার উপরও নির্ভরশীল। দেশ স্বাধীন হওয়ার পর থেকে এ যাবত যত কর্মকাণ্ড ও নীতিসমূহ গৃহীত হয়েছে তাতে অধিকাংশ জনগণের অর্থনৈতিক মুক্তি লাভ সুদূর পরাহত হয়েছে। সুষ্ঠু অর্থনৈতিক নীতিমালা নেই বলে ব্যাপক জনগণের আর্থিক মেরুদণ্ড ভেঙে পড়েছে এবং দারিদ্র্য চরম আকার ধারণ করেছে। গ্রামের এ ব্যাপক দরিদ্র কৃষকগণ মূলতঃ আর্থিক অসচ্ছলতার কারণে ঋণ পরিশোধ করতে ব্যর্থ হচ্ছে। পুঁজিপতি ও শিল্পপতিদের মত এ সমস্ত সরল মানুষগুলো প্রতারণা, ঠকবাজী এবং মিথ্যাচারণ জানেনা। তারা অসহায় অবস্থায় পতিত হয়েছে। ঋণ সময় মত পরিশোধ না করার কারণ জিজ্ঞাসা করলে সর্বাপেক্ষা বেশী জনই সংসারে আয়ের তুলনায় ব্যয় বেশী উল্লেখ করেন। প্রাকৃতিক দুর্যোগ বাংলাদেশের নিত্যনৈমিত্তিক ব্যাপার। অতিবৃষ্টি, অনাবৃষ্টি, ঝড়, বন্যা, কীটপতংগের আক্রমণ, গো-মড়ক ইত্যাদি কারণে কৃষকরা অনেক ক্ষতিগ্রস্ত হয়। ঋণের অর্থ কাজে লাগানোর পরে যদি ফসল না পাওয়া যায় তবে সে ঋণের দাবী করাটা যে কত বড় অন্যায্য জুলুম তা যে কোন বিবেকবান মানুষই বুঝবে। আমার জরিপকৃত পরিবারগুলোর মধ্যে ৭ জন গরু ত্রয় করেছিল তাদের মধ্যে ৫টি মারা যায়। এ সমস্ত প্রাকৃতিক কারণে ক্ষতিগ্রস্ত হলে সে ঋণের অর্থ পরিশোধ করা কষ্টদায়ক এবং এটা অমানবিক। অনেক ক্ষেত্রে প্রাকৃতিক দুর্যোগ হয়ত হয় না কিন্তু ফসলের ন্যায্যমূল্য কৃষক পায় না। এ দেশে কৃষি উৎপাদনের মূল্য দাবিয়ে রাখা হয় নানারকম কলা কৌশল করে। এছাড়া এমন অবস্থাপন্ন না যে সে তার উৎপাদন বেশী দিন ধরে রাখতে পারবে। ফলে বোকার ফসল পোকায় খায়। মজুদদার, বড় ব্যবসায়ী ও মহাজনের পোকারা ফসলের ব্যাপক লাভ ভক্ষণ করে থাকে। বর্তমানে কৃষি একটি অলাভজনক কর্মকাণ্ড।

সরকার থেকে মাঝে মাঝে ঋণ মওকুফ বা সুদ মওকুফ—এর কথা ঘোষণা দেয়া হয়—এটা কৃষি ঋণ আদায়ের ক্ষেত্রে একটা বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি করে থাকে। অনেক সময় এ সমস্ত ঋণ এমনভাবে দেয়া হয় যে কৃষকদের সামর্থ্য যাচাই করার সময়ও পর্যন্ত থাকে না বা প্রয়োজন মনে করা হয় না। সরকার মাঝে মাঝে এ রকম ঋণ প্রদানে নির্দেশ দিয়ে থাকেন। এ ধরনের রাজনৈতিক ঋণদান কর্মসূচী খুব ভাল কিছু মনে হলেও, এর পরিণতি ভাল নয়। এতে ঋণ গ্রহীতাদের মানসিকতা নষ্ট হয়। গরীবদের সাহায্য করার ইচ্ছা থাকলে অন্যভাবেও করার অনেক রাস্তা আছে।

ব্যাংক ঋণ আদায়ের সফল ব্যাংক-মক্কেল সম্পর্কের উপর বহুলাংশে নির্ভর করে। ব্যাংক কর্মচারীদের সংগে গ্রামের অশিক্ষিত-সাধারণ মানুষের সুসম্পর্ক সৃষ্টি করা খুবই কঠিন কাজ। আমাদের কৃষকগণ অশিক্ষিত বলে ব্যাংক ঋণ সম্পর্কে অজ্ঞ। ঋণ নেয়ার সময় ঋণের ব্যবহার, সুদের হার, ঋণের কিস্তি ও মেয়াদ সম্পর্কে ঋণ

গ্রহীতাকে ব্যাংক থেকে খুবই অবহিত করা হয়ে থাকে। ব্যাংক কর্মচারীদের স্বল্পতা এবং তাদের মনোভাবের জন্য বহু সংখ্যক ঋণগ্রহীতার সংগে তাদের ঘনিষ্ঠ যোগাযোগ রাখা সম্ভব হয় না। আমার জরিপে দেখা গেছে যে শতকরা ৪০% ঋণ গ্রহীতাকে একবার এবং ১৫%কে দুইবার এবং ৫%কে তিনবার ব্যক্তিগত তাগাদা দেওয়া সম্ভব হয়েছে। বাকী ৪০% কৃষককে চিঠির মাধ্যমে তাগাদা দেওয়া হলে ব্যক্তিগতভাবে তাগাদা দেওয়া সম্ভব হয়নি। ঋণ নেয়ার সময় একজন সুপারিশ করে দিলেই ঋণ প্রদান হয়। কিন্তু যাকে ঋণ প্রদান করা হল তার আচরণ চরিত্র এবং অনেক ক্ষেত্রে সামর্থ্য সম্পর্কে ব্যাংক কর্মচারীদের কোন ধারণা থাকে না। ঋণ বিতরণ ও আদায়ের ক্ষেত্রে অনেক সময় ব্যাংক কর্মচারীরা রাজনৈতিক প্রভাবের স্বীকার হয়। একদিকে ব্যাংক কর্মচারীদের ঋণ প্রদানে যেমন স্বাধীনতা নেই অপরদিকে আছে কর্মস্থল বদলীর সমস্যা। যে কর্মচারী ঋণ প্রদান করলে সে বদলী হয়ে গেলে এ ঋণের আদায়ের দায়িত্ব থেকে সে মুক্তি পেল। ঋণ প্রদানের সময় ঘুষ খেয়ে অযোগ্য পাত্রে ঋণ দিয়ে আদায়ের দায়িত্ব থেকে বদলীর মাধ্যমে মুক্তি দিলে ঘুষ, দুর্নীতিকে উৎসাহিত করা হয়।

ঋণ পরিশোধ না হবার অন্যতম কারণ হিসাবে স্থানীয় ক্ষমতা কাঠামোর অসহযোগিতাকে অনেকটা দায়ী করা চলে।

কৃষি ঋণ আদায়ের হার বৃদ্ধির উপায় :

১। ঋণদান পদ্ধতির সংস্কার :

বর্তমান ঋণদান পদ্ধতি জটিল হওয়াতে আমাদের অশিক্ষিত কৃষকগণ দালাল ও -টাউট এর দ্বারা প্রতারিত হয়ে থাকে। ঋণ পেতে জমির দলিলপত্র ও অন্যান্য আনুসংগিক কাগজপত্র সংগ্রহ করা যেমন সময় সাপেক্ষ তেমনি খরচ বহুল। জমির মালিকানা সম্পর্কীয় খতিয়ান ও দাগ নম্বরে বর্ণিত জমিতে যৌথ মালিকানা থাকতে ঋণ প্রদানকারী প্রতিষ্ঠান অসুবিধার সম্মুখীন হয় তেমনি অনেক সময় ঋণ গ্রহণকারীরাও ঝামেলায় পতিত হয়। ভূমি মালিকানা সম্পর্কীয় সূষ্ঠ কাগজপত্র সংরক্ষণের ব্যবস্থা এদেশে এখনও অনুপস্থিত। বর্তমানে ব্যাংক সমূহে ঋণ গ্রহণকারীদের তালিকা আছে এবং তালিকা মোতাবেক ব্যাংক যদি উপজেলা রাজস্ব অফিস হতে জমির মালিকানা সম্পর্কীয় কাগজপত্র পূর্বেই সংগ্রহ করে তবে সাধারণ মানুষের হয়রানি কমবে।

২। ঋণের সঠিক ব্যবহার নিশ্চিত করণ :

আমাদের কৃষকরা এত গরিব যে, ঋণের টাকা যে উদ্দেশ্যে প্রদান করা হয় সে খাতে না খাটিয়ে অধিকাংশ খেয়ে ফেলে বা অন্যান্য প্রয়োজনে ব্যয় করে থাকে। এ জন্যও তাদের দোষ দেয়া যায় না। কারণ ঋণের প্রকৃত প্রয়োজনের তুলনায় প্রাপ্ত ঋণ হয় খুবই অপ্রতুল। তাছাড়া অনেক ক্ষেত্রে কৃষকরা জানেও না যে সে কি উদ্দেশ্যে ঋণ বা কোন খাতে ঋণ গ্রহণ করেছে। ব্যাংক কর্মচারীরা ঋণ দিয়েই দায়িত্ব শেষ করে। ঋণ প্রদান করার পর মেয়াদ উত্তীর্ণ না হওয়া পর্যন্ত মক্কেলদের সাথে কোন যোগাযোগ থাকে না। এর ফলে ঋণের অর্থ অন্য খাতে প্রবাহিত হয় এবং ঋণ আদায়ে সমস্যার সৃষ্টি হয়। সঠিকভাবে ঋণদান এবং সঠিকভাবে ঋণ এর ব্যবহার হলে ঋণ আদায়ের সমস্যা থাকতে পারে না। ঋণ আদায় নিশ্চিত করার

জন্য যথাযথ তদারকির ব্যবস্থা করতে হবে। ঋণের টাকা আয় উপার্জন খাতে ব্যবহার নাহলে ঋণ আদায় অসম্ভব হয়ে পড়ে।

৩। ঋণের কিস্তি বৃদ্ধিকরণ :

গ্রামীণ ব্যাংক ও অনেক সমবায় জাতীয় প্রতিষ্ঠান এর ঋণ আদায় ৯০-৯৫ হতে দেখা যায়। তাদের ঋণের বহুসংখ্যক ক্ষুদ্র ক্ষুদ্র কিস্তি ঋণ আদায়ের সহায়ক। কৃষি ঋণের কিস্তি মাত্র বড় বড় ৪/৫টা এবং শস্য ঋণের মাত্র ১টা। কিস্তির সংখ্যা যত বেশী হবে ঋণ গ্রহীতা ঋণ পরিশোধে ততবেশী আগ্রহী হবে। কারণ ঋণ পরিশোধের কিস্তি বেশী হলে তারা কম কষ্ট অনুভব করে এবং সম্পদ হাতছাড়া করতে হয় না। ঋণ প্রদান করার পর উৎপাদন শুরু হবার পর হতে কিস্তি শুরু হয় সে ব্যাপারে লক্ষ্য রাখা উচিত। শস্যঋণ ১টা কিস্তিতে আদায় করার যুক্তিসংগত কারণ থাকা সত্ত্বেও এক্ষেত্রেও কমপক্ষে ৪টা ত্রৈমাসিক কিস্তি করা উচিত।

৪। ঋণ গ্রহীতাদের জন্য জরুরী তহবিল গড়ে তোলা :

গ্রামীণ ব্যাংক ঋণের টাকার নিশ্চয়তার জন্য গ্রুপ তহবিল এবং জরুরী তহবিল এবং সঞ্চয় তহবিল গড়ে তোলে। অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানও এ ধরনের নতুন কোন কলা কৌশল উদ্ভাবন করতে প্রচেষ্টা চালাতে পারে।

৫। সমবায় বা দল ভিত্তিক ঋণদান কর্মসূচী গ্রহণ :

বাংলাদেশের কৃষকরা ৬০% ভূমিহীন বর্গাচারী। এদেরকে গ্রাম ভিত্তিক সমবায় বা দল ভিত্তিক ঋণদান কর্মসূচী আওতায় এনে ঋণদান করলে আদায় হার বাড়ানো যাবে। এক্ষেত্রে আমরা গ্রামীণ ব্যাংকের অভিজ্ঞতা কাজে লাগাতে পারি। এ ধরনের কর্মসূচী গ্রহণ করতে পারলে ঋণ আদায়ের জন্য আলাদা গ্রাম কমিটি প্রয়োজন পড়বে না। উক্ত সমবায় বা দলই ঋণ আদায় কমিটির কাজ সমাধা করতে পারবে।

৬। সুদ বিহীন ঋণদান কর্মসূচী গ্রহণ :

অত্যধিক সুদের হারের জন্য দেশে অর্থনৈতিক মন্দার সৃষ্টি হয়েছে এবং ব্যাংক দেউলিয়া হয়েছে। সুদ নামক এ ধ্বংসাত্মক বিস্ফোরণের হাত হতে বাঁচার জন্য সুদবিহীন ঋণদান কর্মসূচী গ্রহণ করা উচিত। অর্থনীতিবিদগণ মনে করতেন এবং এখনও অনেকেই মনে করেন সুদ ছাড়া অর্থনীতি অচল। কিন্তু সুদ কেন দেয়া হয় বা আছে এর কোন উত্তর নেই। ইরান ও পাকিস্তান এবং বিভিন্ন মুসলিম দেশসমূহের ইসলামী ব্যাংকসমূহে প্রমাণ করে দিয়েছে যে লাভ লোকসানের ভিত্তিতে ব্যাংক ও তথা অর্থনীতি সচল থাকতে পারে। এদেশে যেহেতু সমগ্র ব্যাংক ব্যবস্থা সুদ মুক্ত করা এখনই সম্ভব নয়, তাই সুদের হার যুক্তিসংগতভাবে কমাতে হবে।

৭। শস্য বীমা চালু করা :

প্রাকৃতিক দুর্যোগের ফলে আমাদের কৃষকগণ প্রতি বৎসর ব্যাপক ক্ষতির সম্মুখীন হয় ফলে ঋণ পরিশোধের সামর্থ হারিয়ে ফেলে। ব্যাপক শস্যবীমা কর্মসূচী চালু করতে পারলে কৃষকদেরকে ক্ষতির হাত হতে রক্ষা করা যাবে এবং ঋণ আদায় সহজতর হবে। এটা না করা পর্যন্ত প্রাকৃতিক কারণে শস্য নষ্ট হলে সে ঋণের দাবী করাটা অন্যায্য এবং অমানবিক।

৮। উৎপাদিত ফসলের ন্যায্যমূল্য নিশ্চিতকরণ :

কৃষিপণ্যে ন্যায্যমূল্য নিশ্চিত করার জন্য পদক্ষেপ নিতে হবে এবং সার, বীজ, সেচ, বিদ্যুৎ ইত্যাদির মূল্য হ্রাস করে উৎপাদন খরচ কম রাখার চেষ্টা অবশ্যই করতে হবে।

৯। ঋণ গ্রহীতার ঋণের প্রয়োজন মত ঋণ বরাদ্দ করা :

ঋণ বিতরণ করার পূর্বে ঋণ গ্রহীতার পারিবারিক প্রয়োজন, মাটির উর্বরতা, শস্য উৎপাদন প্যাটার্ন, একর প্রতি উৎপাদন ইত্যাদি বিষয় খেয়াল রাখতে হবে। প্রয়োজনের তুলনায় ঋণের পরিমাণ কম হলে উৎপাদন ব্যহত হয় বেশী হলে ঋণ অন্যথাতে প্রবাহিত হয়। এছাড়া দেশের সর্বত্র একই ধরনের ফসল বিভিন্ন জায়গায় একই রকম হয় না। ফসল ভেদে এলাকা ভেদে ঋণের প্রয়োজন নিম্নরূপ করতে হবে।

১০। ঋণ গ্রহীতাদের তালিকা :

বর্তমানে ঋণ গ্রহীতাদের যে তালিকা ব্যাংকের হাতে আছে তা সঠিক নয় বলে মনে করা হয়। ঋণ গ্রহীতাদের তালিকা নির্ভুল করার জন্য সম্ভাব্য ঋণ গ্রহীতাদের তালিকা প্রস্তুত করা প্রয়োজন।

১১। সম্পদ বিক্রি ও হস্তান্তর রোধ করা :

কোন ঋণ গ্রহীতা যাতে জমি ঋণ পরিশোধের পূর্বে জামিনের জমি ও অন্যান্য সম্পদ হস্তান্তর বা বিক্রি করতে না পারে তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা থাকা প্রয়োজন।

১২। রাজনৈতিক প্রভাব মুক্ত :

বাংলাদেশের ঋণের বাজারে রাজনৈতিক প্রভাব প্রকট আকার ধারণ করেছে। গ্রাম্য ঋণের ক্ষেত্রেও নির্বাচিত প্রতিনিধিরা ঋণের ব্যাপক অংশ নিজেদের প্রভাব দেখিয়ে নিয়েছে এবং এখন পরিশোধ করছেন না। এদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে না পারলে ব্যাংকিং ক্ষেত্রে সুষ্ঠু পরিবেশ ফিরে আসবে না। এ শক্তিদ্বারদের বিরুদ্ধে জনগণকে এগিয়ে আসতে হবে। মুষ্টিমেয় লোকের জিম্মাদারী হতে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোকে মুক্ত করার জন্য সরকার এবং জনগণের সম্মিলিত প্রচেষ্টা প্রয়োজন।

১৩। ব্যাংকিং সম্পর্কে জনগণকে অবহিতকরণ :

বাংলাদেশের কৃষকগণ অশিক্ষিত বলে ব্যাংক ও ঋণ ব্যবস্থা সম্পর্কে তাদের জ্ঞান নেই। তারা ঋণ গ্রহণ প্রদানের নিয়ম কানুন জানে না বলে দালাল ও টাউট-বাটপারদের শরণাগত হয় এবং প্রতারিত হয়। ব্যাংকের একজন ভাল মক্কেল হতে হলে যে সমস্ত গুণাবলীর প্রয়োজন এ সম্পর্কে জনগণকে অবহিত করা প্রয়োজন।

১৪। ব্যাংক-মক্কেল সুসম্পর্ক স্থাপন :

ঋণ আদায়ের জন্য ব্যাংকের সংগে মক্কেলের সুসম্পর্ক থাকা প্রয়োজন।

১৫। ব্যাংক কর্মচারীদের স্বাধীনতা :

ব্যাংক কর্মচারীরা যাতে বাহিরের যে কোন প্রভাব থেকে মুক্ত থেকে ঋণ প্রদান করতে পারে সে ব্যাপারে দৃষ্টি রাখা প্রয়োজন।

১৬। ব্যাংক কর্মচারীদের দুর্নীতি রোধ :

ঋণ পাবার যোগ্যতা যাচাইয়ে দুর্নীতি হয় বলেই অনাদায়ী ঋণের পরিমাণ ব্যাপক আকার ধারণ করেছে। এ সমস্ত দুর্নীতির দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করতে হবে।

১৭। ব্যাংক কর্মচারীর সংখ্যা বৃদ্ধি :

গ্রাম এলাকায় কৃষকদের নিয়ে কারবার করতে হলে বেশী সংখ্যক কর্মচারীর প্রয়োজন।

১৮। ঋণ বা ঋণের সুদ মওকুফ না করা :

প্রাকৃতিক দুর্যোগ ব্যতীত ভাবে ঋণ কিংবা ঋণের সুদ মওকুফ এর রাজনৈতিক সিদ্ধান্ত বা ঘোষণা ঋণ অনাদায়ের সংক্রামক ব্যাধির মত সর্বত্র ছড়িয়ে পড়ে, যা ঋণ আদায়কে কষ্টসাধ্য করে তোলে। সমাজের দরিদ্রতম অংশের উপর দয়া প্রদর্শন ঋণ দান করার সময়ই ঘোষণা করা উত্তম। অথবা তাদের উপযোগী আলাদা ঋণদান কর্মসূচী গ্রহণ করা উচিত। ঋণ দেয়ার সময়ে যেমন রাজনৈতিক ঋণদান কর্মসূচী হওয়া উচিত নয় তেমনি আদায়ের ক্ষেত্রে রাজনৈতিক ঘোষণা হওয়াও অনুচিত।

১৯। ব্যাংক পুরস্কার প্রদান করা :

ঋণের আদায়ের ক্ষেত্রে যে কর্মচারী ভাল ভূমিকা রাখতে পারবে তাকে পুরস্কার প্রদান করার ব্যবস্থা করলে কর্মচারীদের মধ্যে উৎসাহ বৃদ্ধি পাবে।

২০। ঋণদান ও আদায় সমিতি গঠন :

ঋণদান ও আদায়ের সুবিধার্থে গ্রাম পর্যায়ে সমিতি গঠন করতে হবে। গ্রামের মেম্বার, কয়েকজন আদর্শ চাষী, কৃষি কর্মী ও ব্যাংকের গ্রামীণ কর্মীকে নিয়ে একটা কমিটি গঠন করা যেতে পারে।

২১। স্থানীয় প্রশাসন সক্রিয়তা বৃদ্ধি :

ঋণ আদায়ের স্থানীয় প্রশাসনের সক্রিয়তা বৃদ্ধি করতে হবে।

২২। সার্টিফিকেট কেস :

সরকারী অর্থ আদায়ের স্বার্থে সার্টিফিকেট কেস মিমাম্‌সার একটা নির্দিষ্ট সময়সীমা বেধে দেওয়া উচিত। এবং আরও ত্বরিত মিমাম্‌সার জন্য সার্টিফিকেট কোর্টের ক্ষমতা ব্যাংক অফিসারকে দেওয়া যেতে পারে।

উপসংহার :

বর্তমান ঋণ ব্যবস্থার সংস্কার প্রয়োজন। ঋণ আদায় হার প্রকৃত পক্ষে নির্ভর করে ঋণদান নীতিমালার উপর। ঋণ প্রদানের সময় ঋণ গ্রহণকারীর জামানতের সঙ্গে সঙ্গে তার চারিত্রিক গুণাবলীও একটি অন্যতম বিবেচ্য বিষয়। যাদের সামর্থ্য আছে অথচ ইচ্ছাকৃত ঋণ পরিশোধ করেনা তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে হবে। কৃষি ঋণদান নীতি সহজতর করতে হবে এবং সুদের হার যতটা সম্ভব কমাতে হবে। দেশের কৃষি ঋণের চেয়ে শিল্পঋণ আদায় আরও উদ্বিগ্নজনক। শিল্প ঋণ আদায়ের ব্যাপারে কঠোর না হলে ব্যাংক ব্যবস্থা ধসে পড়বে এবং অর্থনীতি অচল হয়ে পড়বে।

গ্রামীণ ভূমিহীনতা*

মোঃ নজরুল ইসলাম**

বাংলাদেশ বিশ্বের দরিদ্র দেশগুলোর মধ্যে অন্যতম। বাংলাদেশের গ্রামাঞ্চলে ভূমি মালিকানার বন্টন ব্যবস্থায় বৈষম্য অত্যন্ত প্রকট। বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানের সাম্প্রতিক এক সমীক্ষায় দেখা গেছে ২৮ শতাংশ পরিবারের কোন চাষের জমি নেই। ১৯৮৩-৮৪ থেকে ১৯৮৯-৯০ সময়কালে কার্যতঃ ভূমিহীনতার হার প্রায় ৬ শতাংশ বেড়েছে। মাথাপিছু জমি প্রাপ্যতার দিক থেকে নীচের ৪০ শতাংশ পরিবারের রয়েছে মোট জমির মাত্র ৩ শতাংশ আর উপরের ৫ শতাংশ পরিবারে রয়েছে মোট জমির ৩০ শতাংশ। বাংলাদেশের ভূমি ব্যবস্থার মূল বৈশিষ্ট্য হচ্ছে ভূমির উপর জনসংখ্যার অত্যধিক চাপ। অত্যধিক চাপের ফলে সৃষ্ট ক্ষুদ্রাকৃতি খামার, জমির খড়-বিখড়তা এবং অসম মালিকানা। অসম মালিকানা ও তার সাথে ভূমি ব্যবহারের সরাসরি সম্পর্কহীনতার ফলে সৃষ্টি হচ্ছে অনুপস্থিত ভূস্বামী। অধিকন্তু ক্ষুদ্র কৃষকেরা নানা প্রতিকূলতার জন্য অধিকহারে দারিদ্র্যের মধ্যে পতিত হচ্ছে। গ্রামাঞ্চলে বেকারত্ব অর্ধ-বেকারত্ব স্বাভাবিক প্রবণতা হয়ে দেখা দিয়েছে। উৎপাদনশীল বিনিয়োগের নতুন নতুন দ্বারও উন্মোচিত হচ্ছে না। যার ফলে গ্রামাঞ্চলে যুগপৎ ভূমিহীনতা, বেকারত্ব, দরিদ্র বৃদ্ধি পাচ্ছে। এভাবে গ্রামীণ সমাজে একটি গুরুত্বপূর্ণ পরিবর্তন সংঘটিত হতে যাচ্ছে। দ্রুত গতিতে একটি নতুন শ্রেণী বিকাশ লাভ করছে। এরা হচ্ছে ভূমিহীন ক্ষেত মজুর। গ্রামীণ জনগোষ্ঠীর মধ্যে এদের সংখ্যা ১৯৫১ সালে ছিল শতকরা ১৪.৩ ভাগ। অর্থাৎ খুবই ক্ষুদ্র একটি অংশ। ১৯৬৯ সালে ভূমিহীন শ্রেণীর হার দাঁড়ায় শতকরা ৩৩ ভাগ। ১৯৮১ সালের হিসাব অনুযায়ী এদের শতকরা হার দাঁড়িয়েছে শতকরা ৫১-তে। ১৯৮৩-৮৪ সাল থেকে ১৯৮৯-৯০ সাল পর্যন্ত ভূমিহীনতার হার ৬ শতাংশ বেড়েছে। এদের সংগে যদি আমরা কার্যতঃ ভূমিহীনদের যোগ করি তাহলে প্রকৃত গ্রামীণ সর্বহারার সংখ্যা ৭০ পার হয়ে যায়। অর্থাৎ গ্রামাঞ্চলে সংখ্যাগরিষ্ঠ জনগোষ্ঠী হিসেবে ভূমিহীন জনগোষ্ঠী উদ্ভূত হচ্ছে।

গ্রামাঞ্চলে ভূমিহীনতার গতিপ্রকৃতি

১. যে পরিবারের বসতবাটি এবং কৃষি জমি নেই কিন্তু পরিবারটি কৃষি নির্ভর।
২. যে পরিবারের বসতবাটি আছে কিন্তু জমি নাই। অথচ কৃষি নির্ভর।
৩. যে পরিবারের বসতবাটি ও কৃষি জমি উভয়েই আছে কিন্তু উহার মোট পরিমাণ ০.৫০ একরের কম অথচ কৃষি নির্ভর।

বিআইডিএস-এর এক সমীক্ষায় (১৯৮৯) মাহবুব হোসেনের প্রবন্ধ থেকে ভূমিহীনতা সম্পর্কে তথ্যচিত্র লাভ করা যায়। ১৯৭৮-৮৪ সময়কালে কৃষক পরিবারের সংখ্যা বেড়েছে বছরে ২.৩ শতাংশ হারে। আর ভূমিহীন এবং প্রায় ভূমিহীনদের সংখ্যা বেড়েছে মাত্র ০.৬ শতাংশ হারে। ফলে কৃষিতে দিনমজুরের সরবরাহের প্রবৃদ্ধি কমে গেছে। ১৯৮৩-৮৪ সালে ভূমিহীন ও প্রায় ভূমিহীন পরিবারের সংখ্যা শতকরা ৫৮.৩ ভাগ। এর মধ্যে

* সংক্ষেপিত।

** সহকারী অধ্যাপক, অর্থনীতি বিভাগ, ইসলামী বিশ্ববিদ্যালয়।

কোন জমি নাই এমন পরিবারের সংখ্যা পল্লী অঞ্চলে শতকরা ৮.৭ ভাগ। ০.০১-০.৪১ একর পর্যন্ত জমি আছে একর পরিবারের সংখ্যা ৩৭.৬ ভাগ। যাদের জমি ০.৫০-০.৯১ একর পর্যন্ত এমন পরিবারের সংখ্যা শতকরা ১২ ভাগ। যাদের জমি ১.০০-২.৪৯ একর পর্যন্ত এমন পরিবারের সংখ্যা শতকরা ২১.৬ ভাগ। যাদের জমি ৫.০ একর থেকে ১৫.০০ একরের উপরে আছে এমন পরিবারের সংখ্যা শতকরা ১২.৫ ভাগ। গ্রামীণ পরিবারের ০.৮ ভাগ লোকের মালিকানা ১৫.০ একর এবং তার উপরে জমি রয়েছে।

অন্যদিকে ১৯৮০ সালে সরকারী হিসেব অনুযায়ী ক্ষুদ্র কৃষক বলে যে জনগোষ্ঠী শতকরা হার ২৬.৪% এদের এবং ভূমিহীনদের সমষ্টিগতভাবে জমির মালিকানা নির্দেশ করা হয়েছে শতকরা ২১.৭ ভাগ। কিন্তু বাস্তব দৃষ্টিতে দেখা যাবে এদের জমির প্রায় পুরোটায় কিংবা অধিকাংশ বন্ধকী জমি হিসেবে বর্তায়। বাস্তবতা স্বীকার করলে দেখা যায় ভূমিহীন ও কার্যতঃ ভূমিহীনদের মোট শতকরা হার ৭০-এর বেশী দাঁড়ায়।

গ্রামীণ ভূমিহীনতার কতিপয় কারণ

১. **জমি-জনসংখ্যার অনুপাত হ্রাস** : বাংলাদেশে জমি-জনসংখ্যার অনুপাত অত্যন্ত নিম্ন। ১৯৮৬-৮৭ সনে মাথাপিছু চাষযোগ্য জমির পরিমাণ ছিল ০.৩৩ একর।

২. **সম্পদ বন্টনের অসমতা** : ১৯৬০ এর দশকে কৃষি উপকরণ ভর্তুকী দিয়ে কমদামে কৃষকদের মধ্যে সরকারীভাবে বিতরণ করা হতো। ১৯৭৮ সনে ক্রমে তা কমিয়ে আনা হয়। কীটনাশক ঔষধ বিতরণ ব্যবস্থা সম্পূর্ণরূপে বেসরকারী খাতে ন্যাস্ত হয়েছে, সার ও সেচ যন্ত্রাদি সম্পূর্ণরূপে বেসরকারী খাতে ছেড়ে দেবার প্রক্রিয়া অব্যাহত রয়েছে। সেচযন্ত্র এর ক্ষেত্রে বেসরকারী কারণ কর্মসূচী গ্রামাঞ্চলে সৃষ্টি করছে একটি পানিপ্রভু শ্রেণী, যাদের অধিক মুনাফালাভের প্রবণতার দরুন সেচ ব্যবস্থা ব্যয় বহুল হয়ে পড়েছে। মূলতঃ এ সমস্ত সেচ যন্ত্রের সুবিধা দিয়ে তৈরী হচ্ছে গ্রামে এক ধরনের নতুন ধনীক শ্রেণী। সারের উপর থেকে ভর্তুকী তুলে নেবার পর ১৯৭২ সালের তুলনায় ১৯৮৪ সনে ইউরিয়ার দাম বৃদ্ধি পেয়েছে ৮ গুণ, টি.এস.পি ১৮ গুণ, সারের এই দাম বৃদ্ধির ফলে সার ব্যবহার ক্রমশই ধনী কৃষকদের কেন্দ্রীভূত হচ্ছে।

ভর্তুকী প্রত্যাহারের দরুন খাদ্যশস্যের দাম বৃদ্ধির মাধ্যমে ভূমিহীন, দিনমজুর, বেকার ও অর্ধবেকার কৃষকদের অবস্থা আরো দুর্বিসহ হয়ে পড়েছে। উপরের ৫% পরিবারের প্রকৃত আয় ১৯৭৩/৭৪ সালে যেখানে ছিল ৪২৯৮ টাকায় ১৯৭৬/৭৭ সালে ৩% দাঁড়ায় ৭০৮৩ টাকা এবং ১৯৮৫-৮৬ সালে তা বেড়ে দাঁড়ায় ১৯২৬ টাকায়। উপরের ১০% পরিবারের প্রকৃত আয় যেখানে ১৯৭৩-৭৪ সালে ছিল ৩৪.১৯ টাকায় তা ১৯৭৬/৭৭ সালে দাঁড়ায় ৪৭১৫ টাকায় এবং ১৯৮৫-৮৬ সালে তা বৃদ্ধি পায় ৬৮৮২ টাকায়। অন্যদিকে নীচের ৮৫% পরিবারের প্রকৃত আয় ১৯৭৩/৭৪ সালে যেখানে ছিল ১০০০ টাকা, ১৯৭৬/৭৭ সালে তা কমে দাঁড়ায় ৯১০ টাকায়। অবশ্য ১৯৮৫-৮৬ সালে তা বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ১৬৩২ টাকায়। ১৯৭৩/৭৪ সাল থেকে ১৯৮৫/৮৬ সাল পর্যন্ত সময়ে ধনীদের প্রকৃত আয় ব্যাপকভাবে বাড়ছে এবং গরীবদের প্রকৃত আয় কমছে। ১৯৭৩/৭৪ সালে উপরের ৫% পরিবারের প্রকৃত আয় যেখানে ৪২৯৮ টাকা ছিল সেখানে নীচের ৮৫% পরিবারের আয় মাত্র ১০০ ও টাকা। অন্যদিকে ১৯৮৫/৮৬ সালে উপরের ৫% পরিবারের প্রকৃত আয় যেখানে ৯৬২৬ টাকায় সেখানে নীচের ৮৫% পরিবারের প্রকৃত আয়

১৬৩২ টাকা। এর থেকে বুঝা যায় পল্লী অঞ্চলে ধনীরা অধিকতর ধনী হচ্ছে। গরীবরাও অধিকতর গরীব হচ্ছে।

৩. **কৃষি মজুরীর উপর নির্ভরশীলতা** : অদক্ষ কৃষি শ্রমিকদের মজুরি হারের তথ্য বিশ্লেষণ করলে দেখা যায় ষাটের দশকের তুলনায় সত্তরের দশকের প্রথম দিকে প্রকৃত কৃষি মজুরি দ্রুত কমে গেছে। ১৯৮৬ সালের পর থেকে প্রাকৃতিক দুর্যোগের ফলে কৃষি মজুরিও আবার কমে গেছে। দ্রব্যমূল্যের

সারণী

(প্রকৃত মজুরির সূচক)

১৯৭৪ অর্থ বছর - ১০০

সন	কৃষি শ্রমিকের প্রকৃত মজুরির সূচক
১৯৭৭	১০৯
১৯৮২	৮৯
১৯৮৩	৯২
১৯৮৪	৯৪
১৯৮৫	১০৪
১৯৮৬	১২১
১৯৮৭	১১৫

সঙ্গে সংগতি রেখে কৃষি মজুরি বাড়েনি। ফলে ক্রয়ক্ষমতা তাদের হ্রাস পায়। এখন ভূমিহীন জনগোষ্ঠী দারিদ্র্যের সর্বনিম্নস্তরের দিকে অগ্রসর হয়। ক্ষুদ্র কৃষকদের এবং প্রায় ভূমিহীন কৃষকেরা তখন বেচে থাকার প্রয়াস এবং জীবিকার তাগিদে শেষ সম্বল জমিটুকু বিক্রি করতে বাধ্য হচ্ছে। এভাবেই গ্রামাঞ্চলে ভূমিহীনতা এবং দরিদ্র্য একই সাথে বৃদ্ধি পাচ্ছে।

৪. **নদী ভাংগন** : বাংলাদেশে নদী ভাংগনে নিত্যকার ঘটনা। ফলে শত শত লোক আশ্রয়হীন, ভূমিহীন ও বেকার হওয়া ছাড়াও দেশের অর্থনীতির উপর প্রচণ্ড চাপ পড়ে। অনেক পরিবার তাদের জমি জমা হারিয়ে ভূমিহীনে পরিণত হয়। নদীর ভাংগনে গরীব কৃষকদের জমি ভাংগন কবলিত হবার পর যদিও আবার চর জেগে উঠে তবুও গরীব কৃষকেরা যেসব জমি আবার ফিরে পায় না।

সম্ভাব্য প্রতিকারসমূহ

১. অনাবাদী পতিত কৃষিজমি এবং নতুন জেগে উঠা চর ভূমিহীনদের মধ্যে বন্টনের ব্যবস্থা করতে হবে।
২. দেশে প্রগতিশীল ভূমি সৎস্কার করতে হবে।
৩. এদেশে ভূমিহীন জনগোষ্ঠীর তুলনায় উদ্বৃত্ত জমি কম। তাই ভূমিহীনদের সমস্যা কেবলমাত্র উদ্বৃত্ত জমি বন্টনের মাধ্যমে দূর সম্ভব নয়। এজন্যে অকৃষি খাতে কর্ম সংস্থানের ব্যবস্থা করতে হবে।
৪. বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষাবাদের ব্যবস্থা করে উৎপাদন বৃদ্ধি করতে হবে। কৃষি জমিতে যদি উৎপাদন

বৃদ্ধি পায় তবে ভূমিহীনদের তাতে উপকার হবে। তা ছাড়া কৃষি জমির ফসল রোপন, ফসল কাটা, বাজারজাতকরনের জন্য প্রচুর ভূমিহীন শ্রমিকের চাহিদা বাড়বে এবং তাতে ভূমিহীনদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে।

৫. ভূমিহীন ও ক্ষুদ্র কৃষকদের সহজ শর্তে কৃষি ঋণ বিতরণ করতে হবে।
৬. বর্তমান বর্গা প্রথার সংস্কার করতে হবে।
৭. কৃষি মজুরি বৃদ্ধি করতে হবে।
৮. প্রচার মাধ্যমের সাহায্যে ভূমিহীনদের সমস্যা জনসম্মুখে তুলে ধরতে হবে। ফলে গণসচেতনতা বৃদ্ধি পাবে।
৯. এদেশে জনসংখ্যা বৃদ্ধির ফলে ভূমিহীনদের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। সেজন্যে দেশের জনসংখ্যা নিয়ন্ত্রণ ব্যবস্থা করতে হবে।

উপসংহার

পল্লী অঞ্চলে ভূমিহীনতা একটি বিরাট সমস্যা হিসেবে দেখা দিয়েছে। গ্রামাঞ্চলে ক্রমশঃ ভূমিহীনতা বৃদ্ধি পাচ্ছে। ভূমিহীনতা বৃদ্ধির ফলে ভূমিহীনদের আয় কমছে ক্রয়ক্ষমতা কমছে। ভূমিহীনরা দরিদ্র থেকে অধিকতর দরিদ্র হচ্ছে। পাশাপাশি দেশের অধিকাংশ লোকের প্রকৃত আয় বৃদ্ধি না হবার ফলে দারিদ্র্য সীমার নীচে বসবাসকারী লোকের সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। অধিকন্তু দেশের বেকারত্ব ও অর্ধ বেকারত্বের পরিমাণও বৃদ্ধি পাচ্ছে, ফলে দেশের আর্থ-সামাজিক ও অর্থনৈতিক উন্নয়ন বাধাগ্রস্ত হচ্ছে। কাজেই ভূমিহীনতা দূর করার উদ্যোগ নিতে হবে। এ লক্ষ্যে কার্যকর প্রগতিশীল ভূমিসংস্কার করতে হবে। ভূমিহীন কৃষকদের সহজশর্তে কৃষিঋণ বিতরণ করতে হবে। ভূমিহীনদের মধ্যে সরকারী খাস জমি বিতরণের ব্যবস্থা করতে হবে। দেশের সর্বস্তরের জনগণের ঐক্যবদ্ধ প্রচেষ্টার মাধ্যমেই ভূমিহীনতা হ্রাস করা যেতে পারে।

কৃষির বিবর্তন এবং ভবিষ্যৎ করণীয়*

মোঃ গোলাম আজম আযাদ**

স্বাধীনতার পর আমাদের অর্থনীতির যে সব পরিবর্তন সূচীত হয়েছে তার মধ্যে একটি অন্যতম লক্ষ্যনীয় বিষয় হলো কৃষির বিবর্তন। কৃষি, শিল্প, বাণিজ্য, ব্যাংক ব্যবস্থা এবং শ্রম নিয়োগ ক্ষেত্রে ব্যাপক পরিবর্তন হচ্ছে। তবে সবচেয়ে বেশী চিন্তা করার প্রয়োজন হয়ে পড়েছে কৃষিখাত নিয়ে। কৃষি আমাদের মোট শ্রম শক্তির ৫০% নিয়োগ করে থাকে। আমাদের খাদ্য এবং জ্বালানীর অন্যতম উৎস কৃষি। দেশে কৃষি ভিত্তিক বহু শিল্প গড়ে উঠেছে। কৃষকদের জীবন যাত্রার মান নিম্ন বলে দেশীয় শিল্প সমূহ তাদের নিম্নমানের পণ্য বাজারে বিক্রি করে টিকে আছে। কৃষকরা অশিক্ষিত এবং অসংগঠিত বলে তাদেরকে অন্যান্য খাত বিভিন্ন ভাবে শোষণ করে এবং অন্যান্য পেশার লোকেরা স্বচ্ছন্দে চলতে পারছে। কৃষকেরা উৎপাদিত দ্রব্য পানির দামে বিক্রি করে এবং উচ্চ মূল্যে শিল্প দ্রব্য ক্রয় করে কোন আন্দোলন করে না। হরতাল ও ধর্মঘটে সারাদেশ অচল হলেও কৃষকের ধান বপন বন্ধ থাকে না।

সরকারী করনীতি, ভর্তুকী নীতি, বাণিজ্য নীতি, আর্থিক নীতি সবই যতই পরিবর্তন করা হোক না তাতে কৃষকেরা কোন প্রতিবাদ করে না। তাই এই নিরীহ কৃষক শ্রেণীর স্বার্থ সংরক্ষণ আজ আমাদের দেশের বুদ্ধিজীবী ও অর্থনীতিবিদদের দায়িত্ব। এ জন্য বর্তমান কৃষির অবস্থার স্বাধীনতার পর থেকে কিরূপ পরিবর্তন হয়েছে এ আমাদের জানা প্রয়োজন। নিম্নে কৃষির বেশ কিছু পরিবর্তনের দিক তুলে ধরা হল :

১। জাতীয় আয়ে কৃষির অবদান

স্বাধীনতার পর জাতীয় আয়ে কৃষির অবদান দ্রুত হ্রাস পেয়েছে। ১৯৬৯-৭০ সালে জাতীয় আয়ে কৃষির অবদান ছিল ৬০%, ১৯৮০ সালে এই হার ৫৫% এ নেমে আসে। ১৯৮৫ সালে ৪৮% এবং ১৯৯১ সালে ৩৮% এ নেমে আসে। অন্যান্য খাতের সম্প্রসারণ যে ভাবে হয়েছে কৃষি খাতের সম্প্রসারণ সে ভাবে হয়নি। জাতীয় আয়ে কৃষির অবদান ক্রমেই কমছে।

জাতীয় আয়ে কৃষির অবদান কমানোর কারণ কৃষির প্রবৃদ্ধির হার অন্যান্য খাতের প্রবৃদ্ধির হারের চেয়ে কম। যেমন— ১৯৬৫-৭০ পাঁচ বৎসর GDP এর প্রবৃদ্ধির হার ছিল ৩.১। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে GDP এর প্রবৃদ্ধির হার ছিল ৪ এবং কৃষির প্রবৃদ্ধির হার ছিল ৩.৭ দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় GDP এর প্রবৃদ্ধির হার ছিল ৩.৮ এবং কৃষির প্রবৃদ্ধির হার ছিল ৩.৫। চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ১৯৯১-৯২ সালে GDP এর প্রবৃদ্ধির হার ৪.০৪ এবং কৃষিখাতের প্রবৃদ্ধির হার ছিল ২.৩ ভাগ, এর পূর্ববর্তী বৎসরে ২.৭ ভাগ ছিল। কৃষি খাতের অবদান কমানোর পশ্চাতে কৃষির প্রবৃদ্ধির হারের ক্রম অবনতি দায়ী।

২। বৈদেশিক বাণিজ্যে কৃষির শেয়ার হ্রাস

বাংলাদেশের কৃষি পণ্য বিদেশে যে গুলো রপ্তানী করা হয় তার মধ্যে পাট, চা, চামড়া, মৎস্য উল্লেখ

* সংক্ষেপিত।

** প্রভাষক, অর্থনীতি বিভাগ, আনন্দ মোহন কলেজ, ময়মনসিংহ।

যোগ্য। এর মধ্যে সাধারণ কৃষকের স্বার্থ শুধু মাত্র পাটের সাথে জড়িত। আমাদের সোনালী আঁশ পাট আজ করুণ অবস্থায় রয়েছে। ১৯৭৩-৭৪ সালে মোট রপ্তানী আয়ে পাট ও পাটজাত দ্রব্যের শেয়ার ছিল ৮৮%, ১৯৭৯-৮০ সালে ৭৩%, ১৯৮৪-৮৫ সালে ৬২% এবং ১৯৯১-৯২ সালে এই হার ১৮% এ নেমে আসে। পাটের মূল্যের উত্থান-পতন এর বেশী থাকে যে, কৃষকরা উচ্চ মাত্রার ঝুঁকি নিয়েও পাট চাষ করছে। দেশী পাটকল গুলো যে ভাবে লোকসান দিয়ে চলছে তাতে পাটকল গুলোর টিকে থাকা সম্ভব হবে বলে মনে হয় না। পাট খড়ির বিকল্প ব্যবহার তেমন হয়নি বললেই চলে। তাই কৃষির গর্বিত সোনালী আঁশ সামনের দিন গুলোতে আরও সন্মান হারাবে।

৩। জমির ব্যবহার ও কৃষি উৎপাদনশীলতা

১৯৭২-৭৩ সাল থেকে ১৯৯১-৯২ সাল পর্যন্ত আমন ধান চাষে কৃষি জমি তেমন বাড়েনি। তবে উৎপাদন প্রতি একরে ৪০২ কেজি থেকে ৬৫৫ কেজিতে উন্নীত হয়েছে। আউশ ধানের উৎপাদনে জমি ব্যবহার বিরাট ভাবে কমেছে। ১৯৭২-৭৩ সালে ৭২.৪ লক্ষ একর জমিতে আউশ চাষ হতো, বর্তমানে ৪৭.৩ লক্ষ একর জমিতে আউশ চাষ হয়। একর প্রতি উৎপাদন ৩১৯ কেজি থেকে ৪৬০ কেজিতে উন্নীত হয়েছে। বোরো ধান চাষে ১৯৭২-৭৩ সালে ২৪ লক্ষ একর জমি ব্যবহার হতো, বর্তমানে প্রায় ৬৫ লক্ষ একর জমিতে বোরো ধান হচ্ছে। একর প্রতি ফলন ৮৬৪ কেজি থেকে ১০১০ কেজিতে উন্নীত হয়েছে। গম চাষে এই সময়ে ২.৯৭ লক্ষ একর থেকে ১৫ লক্ষ একরে উন্নীত হয়। উৎপাদনশীলতা প্রতি একরে ৩০৬ কেজি থেকে বেড়ে ৬০০ কেজিতে উন্নীত হয়। পাট চাষে জমির পরিমাণ $\frac{১}{৩}$ ভাগ হ্রাস পেয়েছে এবং উৎপাদনশীলতা অতি সামান্য বেড়েছে। ইক্ষু, গোল আলু, তামাক চাষে জমির পরিমাণ সামান্য বেড়েছে। সহজ কথায় বলা যায় কৃষি খাদ্য উৎপাদনে অতিশয় নির্ভরশীল হয়ে পড়েছে।

৪। মজুরির আপেক্ষিক হার পরিবর্তন

১৯৬৯-৭০ সালের বাস্তব মজুরি ১০০ ধরলে ১৯৯২ সালে কৃষি মজুরি ৯৮তে হ্রাস পেয়েছে এবং শিল্প মজুরি ১১৩তে উন্নীত হয়েছে। তাই কৃষি শ্রমিকরা খারাপ অবস্থায় রয়েছে।

৫। খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা :

স্বাধীনতার পর কৃষি উৎপাদনশীলতা বাড়ার কারণে বর্তমানে খাদ্যে স্বয়ং সম্পূর্ণতা অর্জন সম্ভব হয়েছে। ১৯৯১-৯২ সালের খাদ্য উদ্বৃত্ত থাকায় খাদ্য দ্রব্যের মূল্য কমেছে। সরকার এরপরও গত বৎসর ১৫ লক্ষ টন গম আমদানী করেছে। বাজারে ধানের দাম কমেছে। ৩০০ টাকার ধান ১৯০ টাকায় নেমে এসেছে। সরকার নিজে ২৫০ টাকা থেকে ধানের ক্রয় মূল্য ২১০ টাকায় হ্রাস করেছে। কৃষকদের স্বার্থ এতে সংরক্ষিত হবে না।

৬। সেচ ব্যবস্থা

বর্তমানে মোট চাষযোগ্য জমির ৩৫% সেচের আওতায় এসেছে। বর্তমানে কৃষকরা শিল্প খাতের উপকরণ ও বাণিজ্য নির্ভর ডিজেলের উপর বিশেষভাবে নির্ভরশীল।

৭। সারের ব্যবহার

১৯৬৯-৭০ সালে ২৭৭ হাজার টন সার ব্যবহার হতো, যা ১৯৭৭-৭৮ সালে ৭১৯ হাজার টনে উন্নীত হয় এবং ১৯৭৯-৮০ সালে ১০০০ হাজার টনে উন্নীত হয়। ১৯৯২ সালে সার ব্যবহারের পরিমাণ প্রায় ২৪৭৫ হাজার টনে বৃদ্ধি পায়। অর্থাৎ রাসায়নিক সারের ব্যবহার প্রায় ৯ গুণ বৃদ্ধি পেয়েছে।

৮। উফসী বীজ ব্যবহার

স্বাধীনতার পর উফসী বীজের ব্যবহারে বিরাট পরিবর্তন লক্ষ্য করা যায়। ১৯৬৯-৭০ সালে মোট জমির মাত্র ২.৬ ভাগ উফসী বীজের আওতায় আসে। ১৯৭৭-৭৮ সালে ১৪.৩% এবং ১৯৮৩-৮৪ সালে ২৯.৩% জমিতে উফসী বীজ ব্যবহার করা হয়। চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনার শুরুতে মোট ধানী জমির ৪৬%, গম চাষে ১০০%, গোল আলু চাষে ৬.৩%, পাট চাষে ৭.৩%, ইক্ষু চাষে ৬০% উফসী বীজ ব্যবহৃত হয়। তাই উচ্চ ফলনশীল বীজ ব্যবহারের কৃষি অনেক দূর এগিয়ে এসেছে।

৯। কৃষির বহুধাকরণ :

বর্তমানে কৃষি বলতে মূলতঃ শস্যখাতকেই বুঝায় না। কৃষি খাতের একটি গুরুত্বপূর্ণ অংশ হিসাবে হাঁস-মুরগী, দুগ্ধ খামার, মৎস্য চাষ, ফল মূল, শাক সবজী চাষের উজ্জ্বল সম্ভাবনা দেখা দিয়েছে। শস্য উৎপাদনের চেয়ে এসব ক্ষেত্রে বিনিয়োগ অধিকতর লাভজনক বলে প্রতীয়মান হয়েছে। কিন্তু কৃষকরা এ সব উৎপাদন কর্মে আজও আগ্রহী হয়নি। গ্রাম্য ব্যবসায়ী, বেকার যুবক এবং NGO সমূহ এ সব খাতে কিছু কিছু বিনিয়োগ করছে। অদূর ভবিষ্যতে হয়তো এসব দিক সমূহ অধিকতর গুরুত্ব পূর্ণ ভূমিকা রাখবে।

১০। ভর্তুকি হ্রাসের পদক্ষেপ :

প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা কালে সারের উপর ভর্তুকি ছিল মোট মূল্যের ৬০% এর মত। ১৯৭৭-৭৮ সালে ১১৩ কোটি টাকা সার বিক্রয়ে ভর্তুকি দেয়া হয়। সেচ যন্ত্র ক্রয়ে, কীটনাশক ঔষধ ক্রয়ে অনুরূপ ভর্তুকির ব্যবস্থা চালু ছিল। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা কালে সারের ভর্তুকি ৪২% দেয়ার প্রস্তাব করা হয়। এবং ইউরিয়ার ভর্তুকি হ্রাসের জন্য পদক্ষেপ নেয়া হয়। আজ কৃষির ভর্তুকি তুলে নিলেও জাতি শিল্পের ভর্তুকি তুলে নেয়নি। রেলওয়ের ভর্তুকি কমেনি। শিল্পপতিরা কোটি কোটি টাকা ঋণ নিয়েও শিল্প উন্নয়ন না করে জাতির সাথে প্রতারণা করছে। কৃষকদের জন্য সরকারী সহায়তা নেই বললেই চলে।

অতীত পরিকল্পনা সমূহের অভিজ্ঞতা

প্রথম পঞ্চ বার্ষিকী পরিকল্পনা ছাড়া বাকী পরিকল্পনাসমূহ কৃষকদের উপকরণ মূল্যে হ্রাসের কোন পদক্ষেপ নেয়া হয়নি। শিল্প খাতে যে পরিমাণ অর্থ ভর্তুকি ও অন্তোলন যোগ্য ঋণ প্রদান করা হয়েছে তা তার অর্ধেক যদি কৃষি উপকরণে ভর্তুকি প্রদান করা হতো তাহলে কৃষকরা আরো ভাল অবস্থায় থাকত। বর্তমান সরকার নির্বাচনী ওয়াদা মত ২৫ বিঘা জমির খাজনা (ভূমি কর) মওকুফ করেছেন। কিন্তু এতে কৃষকদের স্বার্থ তেমন সংরক্ষিত হয়েছে বলে মনে হয় না। কারণ কৃষকরা সামান্য খাজনা দিতে কষ্ট পায়না

বরং কম মূল্যে উপকরণ পেলো তারা সরকারের প্রতি বেশী সন্তুষ্ট থাকে। চোরাচালানে ভারতীয় পণ্যে বাজার ভরে গেলেও তা অতিত কোন সরকারই পুরোপুরি নিয়ন্ত্রণ করে নি।

পিয়াজ, রসুন, আদা, মরিচ, ডিম দেশে যে বৎসর পর্যাপ্ত উৎপাদন হয় সে বৎসরও আমদানী নিয়ন্ত্রণ করা হয় না।

ভবিষ্যৎ করনীয়

কৃষিকে ও কৃষকদের রক্ষা করার জন্য এ মুহূর্তে সরকার, রাজনীতিবিদ, অর্থনীতিবিদ ও সচেতন নাগরিকদের এগিয়ে আসা উচিত।

১. কৃষি উপকরণ আমদানী মূল্য এবং নীট মুনাফা সহ কি মূল্যে বাজারে বিক্রি হবে তা সরকারের নির্ধারণ করা উচিত। যাতে ব্যবসায়ীরা কৃষকদের শোষণ করতে না পারে। বিদেশ থেকে আমদানীকৃত সারকে কিছুটা ভর্তুকি মূল্যে দেয়া যেতে পারে। এ ছাড়া সারের সুমম ব্যবহারের দিকে লক্ষ্য রাখা প্রয়োজন।
২. কৃষি ঋণ অর্থের আকারে না দিয়ে উপকরণ আকারে প্রদান করা যেতে পারে। ডিজেলের মূল্য কৃষির জন্য হ্রাস করা যেতে পারে। বিতরন কাজে থানা কৃষি কর্মকর্তা, কৃষি ব্যাংক কর্মকর্তা ও প্রশাসনকে জড়িত করা যেতে পারে। এতে প্রশাসন সরাসরি উন্নয়নে অংশগ্রহণ করবে।
৩. পাটের ব্যবহার দেশের মধ্যে বৃদ্ধির জন্য পদক্ষেপ নেয়া যেতে পারে। বিশ্ব বাজারে পাটজাত দ্রব্যের বিভিন্ন ধরনের চাহিদার সাথে সংগতি রেখে উৎপাদন করতে হবে। পাট ও পাটখড়ি থাকবে ও পারটেক্স তৈরির জন্য বিভিন্ন পদক্ষেপ নেয়া প্রয়োজন।
৪. চাষের ক্ষেত্রে সনাতনী লাংগলের পরিবর্তে পাওয়ার টিলার ব্যবহার বৃদ্ধি করা যেতে পারে। পাওয়ার টিলারের ব্যবহার বাড়লে দেশে দুগ্ধ খামার সম্প্রসারণ সম্ভব হবে। দুধের আমদানী হ্রাসের জন্য দুগ্ধ খামারে ভর্তুকী ও উপকরণ সহায়তা দেয়া প্রয়োজন। কৃত্রিম প্রজনন ব্যবস্থার নিয়ন্ত্রণ আরো তৎপর হওয়া উচিত। পাওয়ার টিলার ব্যবহারের ফলে দেশী গাভীসমূহ বেকার হবে এবং বেশী দুধ দিতে পারে।
৫. কম মূল্যে ধান বিক্রি করে বেশী মূল্যের উপকরণ ক্রয় কঠিন হয়ে পড়বে। এ অবস্থা আরও দুই এক বৎসর চললে ভবিষ্যতে ধান উৎপাদনে উৎসাহ কমে যেতে পারে। তাই খাদ্য দ্রব্যের মূল্য বৃদ্ধির পদক্ষেপ নেয়া প্রয়োজন।
৬. দেশে হাঁস-মুরগীর খামারের যথেষ্ট সম্ভবনা রয়েছে। এ জন্য সরকারী সাহায্য-সহযোগিতা বৃদ্ধির পদক্ষেপ নেয়া যেতে পারে। বিশেষ করে ডিম আমদানী যে কোন মূল্যে পরিহার করা উচিত।
৭. রপ্তানী বাণিজ্যে কৃষির শেয়ার বাড়ানোর জন্য সরকারী ভাবে কিছু বাণিজ্যিক খামার সৃষ্টি করা প্রয়োজন। যেখানে কলা, বিভিন্ন ধরনের ফল মূল, শাক-সব্জী ও হাঁস মুরগী উৎপাদন করে শুধু বিদেশে রপ্তানী করা হবে। শিল্প রপ্তানী প্রক্রিয়াজাত অঞ্চলের মত কৃষি রপ্তানী অঞ্চল গড়া যেতে পারে, যেখানে সরকার অগ্রাধিকার ভিত্তিতে সুযোগ সুবিধাপ্রদান করবে। কৃষি রপ্তানী এলাকা অবহেলিত উত্তর বঙ্গে যে কোন জেলায় প্রাথমিক ভাবে স্থাপনের ব্যবস্থা নেয়া প্রয়োজন। এতে আঞ্চলিক অসমতা হ্রাস পাবে।

Industrial Policy in Bangladesh : A Critical Appraisal

Ayubur Rahman Bhuyan* &
Mohammed Ali Rashid *

Introduction

Policies to promote industrialization in Bangladesh are pursued within a planning framework, and a wide array of direct controls and indirect policy instruments are deployed to guide and influence the pattern of new investment in industrial activity in the desired directions. The major direct controls are import licensing and exchange controls, investment sanctioning, allocation of areas of activities for private and public investment, and price control. The main indirect policy instruments are tariffs and quantitative restrictions (QRs), investment incentives, policy on foreign investment, provision of industrial finance, and incentives for promoting export activity. These policy instruments are designed essentially by the industrial policies, announced and revised from time to time, and supplemented by policies, announced and revised from time to time, and supplemented by policies relating to trade and payments (import, export and exchange rate policies). The controls and policy instruments that are employed to influence manufacturing activity thus contain elements of both industrial and trade policies.

Since the mid-1970s, important changes have been introduced in these policies with a view to developing to a broader and diversified industrial base, spearheaded by the private sector. Significant reforms have been carried out to encourage private sector investment through various incentives, and, at the same time, to improve the efficiency of public sector industrial enterprises (PSEs) through denationalization and divestiture, restructuring, and improvements in pricing policies. This paper is devoted to a review of these policy measures and reforms that have been instituted with a view to improving the performance of the industrial sector. No attempt will be made to quantitatively measure the impact of the various reforms

on industrial performance, but some indication will be given of the need for some further action that may be adopted in specific areas. For convenience' sake, the discussion will be grouped under the following heads: (1) investment sanctioning

* Department of Economics, University of Dhaka. This paper is based on the authors' recent research on "Trade Regimes and Industrial Growth: A Case Study of Bangladesh" carried out at the Bureau of Economic Research, Dhaka University. Financial support by the International Center for Economic Growth (Panama) is gratefully acknowledged.

and control, (2) import control enterprise reforms. Before attempting this, however, the evolution of industrial policy framework in Bangladesh will be briefly discussed.

Evolution of Industrial Policy

Bangladesh inherited its industrial policy framework from Pakistan which focussed on a bureaucratic control of a largely private industrial sector with a clear emphasis on import substitution. Around this control grew a complex system of licensing, exchange rationing, and quantitative restrictions on imports which affected every aspect of the behaviour of private sector industrial firms. Before independence, the industrial sector, to which these policies applied, were owned mainly by the West Pakistanis. With independence, the structure of ownership in industry changed dramatically when the new Government of Bangladesh (GOB) nationalised all industries abandoned by West Pakistani entrepreneurs and also all Bangladeshi-owned enterprises with fixed assets exceeding Tk. 15 million.¹ All large-scale industries, in particular, jute and cotton textiles and sugar were totally nationalised. As a result, the public sector's share in the fixed assets of the modern industrial sector went up to 92%, and the number of enterprises under public ownership reached 854 (of which 392 were nationalized large and medium scale enterprises and the remainder abandoned units).

বেসরকারী খাতের ভূমিকা বৃদ্ধি, উৎপাদন ও বন্টন সিদ্ধান্তের ক্ষেত্রে বাজারের উপর অধিক নির্ভরতা এবং আমদানী উদারীকরণ ও রপ্তানী বৃদ্ধির প্রক্রিয়াকে সমর্থনদান সহ বিভিন্ন প্রাতিষ্ঠানিক পরিবর্তনের মাধ্যমে রাষ্ট্রীয় খাতকে প্রতিস্থাপনের উপর কাঠামোগত সংস্কার কর্মসূচী গুরুত্ব আরোপ করে থাকে। সম্মেলনে অনেকেই মত প্রকাশ করেন যে বর্তমান সংস্কার কর্মসূচীর প্রাথমিক ফলাফলের অভিজ্ঞতা এর আপাত সাফল্যের কোন নিশ্চিত প্রমাণ বহন করে না।

বরঞ্চ এ বিষয়ে সকলের অভিমত হচ্ছে— এ সামঞ্জস্য বিধান কর্মসূচীর পদক্ষেপ সমূহকে

- ক) সার্বিক উন্নয়ন নীতিমালার সাথে সুগঠিত হতে হবে,
- খ) আমাদের দেশীয় ঐতিহাসিক প্রেক্ষাপটে প্রাসঙ্গিক হতে হবে,
- গ) শিল্পায়নের ঐতিহাসিক অভিজ্ঞতার প্রেক্ষিতে সার্বিক উদারীকরণের নীতিকে পুনঃনিরীক্ষা করতে হবে এবং
- ঘ) দুঃস্থ ও দরিদ্র জনগোষ্ঠীর স্বার্থকে এই সংস্কার কর্মসূচী বাস্তবায়ন প্রক্রিয়ায় রক্ষা করতে হবে। অসংগঠিত ও দুর্বল মেহনতী গোষ্ঠী এবং এমনকি রাষ্ট্রীয় খাতের শ্রমিকরা যাতে এতে ক্ষতিগ্রস্ত না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে।

৪। খাতভিত্তিক বিষয়সমূহ

খাতওয়ারী ইস্যু আলোচনায় বক্তাগণ নিম্নবর্ণিত বিষয়সমূহের উপর গুরুত্বারোপ করেন।

৪.১ শিল্পায়নের জন্য তহবিলের প্রাথমিক উৎস হিসেবে কৃষিজ উদ্বৃত্তকে মূল ভূমিকা পালন করতে হবে। আধুনিক উন্নত বীজ ও প্রযুক্তির অধিকতর ব্যবহার ও প্রয়োগের মাধ্যমে অভ্যন্তরীণ প্রত্যার্পন হারকে

বাড়াতে পারে। এর জন্য প্রয়োজন হবে কৃষিতে অধিকতর বিনিয়োগ। সুতরাং পরামর্শ দেয়া হয়, ছোট ও বড় উভয় ধরনের কৃষকের জন্য সমানভাবে সহজ শর্তে ঋণের বাজারে প্রবেশের ব্যবস্থা নিশ্চিত করতে হবে। উৎপাদনশীলতা বৃদ্ধি এবং উদ্বৃত্ত শ্রমিকের নিয়োজনের জন্য গ্রামভিত্তিক কৃষিজ শিল্প স্থাপনের উদ্যোগকে জোরদার করা প্রয়োজন। কৃষি পণ্যের দামের মৌসুমী উঠানামা রোধ করার লক্ষ্যে এবং প্রনোদনা প্রদানের জন্য 'বাফার' গঠন সহ অন্যান্য কার্যকর ব্যবস্থা নিতে হবে।

৪.২ যে সমস্ত ক্ষেত্রে বাজারের নিশ্চয়তা আছে, বিনিয়োগের অর্থায়ন পরিমিত, এবং প্রযুক্তি আত্মীকরণ করা সহজ সে সমস্ত খাতে ব্যক্তিগত বিনিয়োগের অনেক সুযোগ আছে। তৈরী পোশাকখাত এর একটি প্রকৃষ্ট উদাহরণ। অপর দিকে বিদেশী বিনিয়োগে বিভিন্ন সুবিধা ও সস্তা শ্রমিকের প্রাপ্তি সত্ত্বেও বিদেশী বিনিয়োগকারিগণ উৎসাহী হচ্ছেন না। ক্রমাবনতশীল আইন শৃংখলা পরিস্থিতি এবং রাজনৈতিক অস্থিতিশীলতা মূলতঃ তাদের বিনিয়োগে অনীহার কারণ হিসেবে চিহ্নিত করা হয়। তাই অর্থনৈতিক পরিবেশের উৎকর্ষ সাধনের জন্য সরকারসহ সকল সংশ্লিষ্ট গোষ্ঠীর দৃঢ় রাজনৈতিক অঙ্গীকার-এর উপর গুরুত্ব আরোপ করা হয়।

বাংলাদেশের স্বল্প অভিজ্ঞতাসম্পন্ন বর্তমান উদ্যোক্তা শ্রেণী মূলতঃ প্রথম প্রজন্মের উদ্যোক্তা। সুতরাং ব্যাপক প্রশিক্ষণ কর্মসূচী তাদের উন্নত কার্যক্রম নিশ্চিত করতে অবদান রাখবে বলে ধারণা পোষণ করা হয়। অধিকতর অগ্র-পশ্চাৎ সংযোগ সৃষ্টিকারী ক্ষুদ্র শিল্পই সম্পদের কাম্য (optimum) ব্যবহারকে নিশ্চিত করতে পারে বিধায় বড় শিল্পের পাশাপাশি ক্ষুদ্র শিল্প স্থাপন ও প্রসারের দিকে মনোযোগ বৃদ্ধি করতে হবে। এ প্রেক্ষিতে অপ্রাতিষ্ঠানিক খাতে যে গতিময়তা লক্ষ্য করা যাচ্ছে, তাতে আরো গুরুত্ব আরোপ করা দরকার। কৃষি ও প্রক্রিয়াকরণ উভয় খাতে ক্ষুদ্র উদ্যোগ সমূহকে পরিচর্যা করতে হবে এবং এ সকল খাতের সাফল্যের অভিজ্ঞতা অন্যান্য খাতে ব্যবহার করতে হবে।

অবশিষ্ট রাষ্ট্রীয় খাতের কার্যক্রমের কালীক পর্যলোচনার প্রয়োজন আছে বলে মনে করা হয়। রাষ্ট্রীয় উদ্যোগকে বাণিজ্যিক ভিত্তিতে পরিচালনার লক্ষ্যে অধিকতর স্বায়ত্বশাসনের সুযোগ দিতে হবে এবং একই সাথে তার জবাবদিহিতা নিশ্চিত করতে হবে।

৪.৩ দক্ষ আমদানী বিকল্প ও রপ্তানিমুখী শিল্পকে প্রবর্দ্ধনের জন্য প্রথমে অর্থনৈতিক শৃংখলা, উন্নত অবকাঠামোগত সেবা, এবং সর্বোপরি এক প্রয়োগোপযোগী যথোপযুক্ত নিয়মনীতি নিশ্চিত করতে হবে যাতে করে মুনাফা ও মজুরি যথাক্রমে উদ্যোক্তার কার্যক্রম ও শ্রমিকের উৎপাদনশীলতার সাথে সঙ্গতিপূর্ণ হয়। এছাড়াও, বিনিময় হারকে যথোপযুক্ত করার পূর্বে রপ্তানি ও আমদানী উভয়ের চাহিদা ও যোগান স্থিতিস্থাপকতার উপর যথাযথ অনুমিতি ধরে নেয়া প্রয়োজন এবং রাষ্ট্রীয় ব্যয় কাঠমো অধিকতর বিনিয়োগের দিকে ধাবিত করতে হবে। মনে রাখা দরকার সরকারী ব্যয়ে প্রকৃতি বিনিময় হারে প্রভাব ফেলে। বিনিময় হার নীতি অবশ্যই সামগ্রিক কর্মসূচীর অংশ ও এর সাথে সংগতিপূর্ণ হতে হবে। এর ফলেই চূড়ান্ত লক্ষ্য অর্জন সম্ভব হবে।

৪.৪ অন্যান্য খাতের সাথে সংযোগকারী হিসেবে সেবা খাতের অবদান অনস্বীকার্য। কিন্তু একই সাথে অদক্ষতা এবং কৃষি ও ম্যানুফ্যাকচারিং প্রক্রিয়াজাত খাতের সাথে এ খাতের সংযোগের অভাবও লক্ষ্যনীয়। সুতরাং এ খাতের উন্নয়নের লক্ষ্যে নীতি নির্ধরকদের সামনে মূল চ্যালেঞ্জ হচ্ছে গুণগতমান সম্পন্ন কর্ম

সংস্থানের সুযোগ-সুবিধা নিয়ে এগিয়ে আসতে হবে।

৫। অর্থনীতির মূল ধারায় দরিদ্র জনগোষ্ঠীর সম্পৃক্তকরণ

উদারীকরণ নীতির পুনঃনিরীক্ষা করার প্রস্তাবের প্রেক্ষিতে মত প্রকাশ করা হয় যে, বিভিন্ন সংস্কার কর্মসূচীর ফলে উদ্ভূত ফলাফল প্রেক্ষিতে সমাজের বিভিন্ন অংশের উপর, বিশেষ করে দুর্বল জনগোষ্ঠীর উপর তার অভিঘাত সমূহ বিবেচনায় নিয়ে একটি কার্যকরী মডেল তৈরী করতে হবে। এ মডেল সামাজিক, রাজনৈতিক ও প্রশাসনিক চলক সমূহকে সংযোজিত করে সংস্কার প্রক্রিয়ায় প্রয়োজনীয় সামষ্টিক তথ্য সরবরাহ করবে। সামাজিকভাবে দুঃস্থ জনগোষ্ঠীকে উন্নয়নের মূল ধারায় আনার জন্য আমাদের সচেতন হতে হবে। এরূপ কর্মসূচীর লক্ষ্য হতে হবে বন্টনসহ প্রবৃদ্ধি, যাতে করে উন্নয়নমুখী পদক্ষেপসমূহের ফলে সৃষ্ট প্রবৃদ্ধির সুফল সমাজের সকল স্তরের মানুষ পেতে পারে।

দরিদ্র জনসাধারণের পর্যাপ্ত খাদ্য নিশ্চিতকরণের লক্ষ্যে তাদের কর্মসংস্থান, এবং আয় বৃদ্ধি করতে হবে। এই সমস্যার আপাতঃ সমাধানের জন্যে একটি 'নিরাপত্তা বেটনী' কর্মসূচী নেয়া যেতে পারে। রাষ্ট্রীয় খাদ্যশস্য বিতরণ ব্যবস্থা, কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচী, দুঃস্থ গোষ্ঠী উন্নয়ন, পল্লী রেশনিং ও বাজার কার্যক্রম, ইত্যাদি কর্মসূচী সরাসরি গ্রামের দরিদ্র ও দুঃস্থ জনগোষ্ঠীর লক্ষ্যে পরিচালিত হয় বলে ধরে নেয়া হয়। টেকসই উন্নয়নের জন্যে মানব সম্পদের উন্নয়নের দিকে আমাদের মনোযোগ দিতে হবে। মানব সম্পদ উন্নয়নের লক্ষ্য হতে হবে দক্ষতার উন্নয়ন এবং জনশক্তির উন্নয়নের নিমিত্তে সামাজিক খাতে বিনিয়োগ বাড়ানো চরম দারিদ্র্যের জন্য বিশেষ দারিদ্র্য বিমোচন কর্মসূচী এবং মোটামুটি দারিদ্র্যের জন্য উন্নততর কর্মসূচী নীতিনির্ধারকদের কাছে অগ্রাধিকার পাওয়া উচিত।

৬। সংলাপের আবশ্যিকতা

সম্মেলন মনে করে যে পরিপূরক সংস্কার কর্মসূচীর সাধারণ ইঙ্গিতসমূহকে সুনির্দিষ্ট প্রস্তাবে রূপান্তরিত করা প্রয়োজন। এসব প্রস্তাবনার সাফল্য নির্ভর করে বিস্তারিত গবেষণা ও গণসংলাপের উপর যার সাথে সরকার, বিরোধী রাজনৈতিক দল, ব্যবসায়ী মহল, এনজিওসমূহ এবং সর্বোপরি প্রকৃত উৎপাদক শ্রেণী যথা কৃষক ও শ্রমিকদের সম্পৃক্তি থাকতে হবে।

বহিঃনির্দেশিত কর্মসূচীর বিকল্প হিসেবে আমাদের একটা শক্তিশালী ও সক্রিয় নীতি ও কর্মপরিকল্পনা থাকতে হবে যার ভিত্তি হবে সাধারণ জনগণ থেকে উৎসারিত ব্যাপক রাজনৈতিক সমর্থন। এরূপ পদ্ধতিতে প্রণীত একটি কর্মসূচী শুধু পারবে কৃষি, ক্ষুদ্র শিল্প ও সেবাখাতে কর্মরত উৎপাদনশীল ও পরিশ্রমী জনগোষ্ঠীর ক্ষমতায়নকে নিশ্চিত করতে। এ জনগোষ্ঠীর ভোগ কাঠামো সবচেয়ে কম আমদানী নির্ভর, তাদের সঞ্চয়ের হার উচ্চতর এবং তারা বিনিয়োগ করে থাকে অধিক হারে। অথচ এরাই বর্তমানে কার্যকর ক্রয় ক্ষমতা থেকে বঞ্চিত।

এটা জোর দিয়ে বলা হয় যে, সমাজকে অংশগ্রহণ মূলক পন্থায় উন্নয়ন ইস্যুতে ঐক্যমত্যে পৌঁছতে হবে এবং এ প্রক্রিয়ায় উন্নয়নের লক্ষ্য অর্জনে বিভিন্নমুখী চিন্তার সমন্বয় বিধান করতে হবে। উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও প্রয়োগের ক্ষেত্রে ধারাবাহিকতা, স্বচ্ছতা ও সঙ্গতি থাকতে হবে। সম্মেলন মনে করে যে এটাই বর্তমান কালে অর্থনীতিবিদ, রাজনীতিবিদ ও বাংলাদেশের উন্নয়নের সাথে সম্পৃক্ত সকলের জন্য অন্যতম পেশাদারী দায়িত্ব ও একাডেমিক চ্যালেঞ্জ।

বাংলাদেশ অর্থনীতি সমিতির দশম দ্বিবার্ষিক সম্মেলনে

মাননীয় প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার

উদ্বোধনী ভাষণ

বৈশাখ ২৫, ১৪০০

মে ৮, ১৯৯৩

ঢাকা

বিসমিল্লাহির রাহমানির রাহিম

সহকর্মীবৃন্দ,

সম্মানিত সংসদ সদস্য-সদস্যাগণ

বাংলাদেশ অর্থনীতি সমিতির সভাপতি ও সদস্যবৃন্দ,

সুধীমশুলী,

আসসালামু আলাইকুম

বাংলাদেশ অর্থনীতি সমিতির আজকের এই সম্মেলন একটি উন্নয়ন এবং গঠনমূলক সম্মেলন। দেশের উন্নয়নের ব্যাপারে আপনাদের সাথে মত বিনিময়ের এই সুযোগ পেয়ে আমি আনন্দিত।

২। বাংলাদেশ একটি হত দরিদ্র দেশ। ২২ বছর হলো আমরা স্বাধীনতা অর্জন করেছি। বাইশ বছরে আমাদের যতটা এগুবার কথা ছিল, ততটা আমরা পারিনি। এটা দুঃখজনক হলেও সত্য। আমাদের আশেপাশের যে সব দেশ আমাদের মতই দরিদ্র ছিল, তারা আজ আমাদের চেয়ে অনেক এগিয়ে গেছে। তারা সমৃদ্ধি অর্জন করেছে। তাদের জনগণের জীবন-ধারণের মান অনেক উন্নত হয়েছে। এদিকে আমরা দারিদ্র্যের বৃত্তের মধ্যে কেবল ঘুরপাক খাচ্ছি। এর কারণ আপনারা জানেন। এ সম্পর্কে অনেক আলোচনা ও লেখালেখি হয়েছে। আমি তার পুনরুল্লেখ করতে চাই না।

৩। আপনার জানেন, আমরা যখন দায়িত্ব গ্রহণ করি তখন দেশের অবস্থা কি ছিল। স্বৈরাচার, দুর্নীতি ও বিশৃঙ্খলার রাহুগ্রস্ত একটি ভেঙ্গে-পড়া অর্থনীতি নিয়ে আমরা যাত্রা শুরু করি। তদুপরি ছিল একের পর এক প্রাকৃতিক দুর্যোগ। আমরা সাহসের সাথে এসব চ্যালেঞ্জ মোকাবেলা করেছি। কারণ, আমরা জানতাম, আমাদের সাফল্যের ওপর নির্ভর করছে গণতন্ত্রের ভবিষ্যৎ। আর গণতন্ত্রের ভবিষ্যৎ নির্ভর করছে উন্নয়নের ওপর। তাই গণতন্ত্রকে অর্থাবহ করে তোলার জন্য আমরা উন্নয়নমুখী নীতি গ্রহণ করি। অর্থনীতিকে একটি সুস্পষ্ট দিক-নির্দেশনা দেয়ার উদ্যোগ নেই।

৪। আমরা চিহ্নিত করি তিনটি অগ্রাধিকার খাত। এগুলো হচ্ছে দেশী-বিদেশী বিনিয়োগের অনুকূল পরিবেশ সৃষ্টি, সরকারী খাতের দক্ষতা বৃদ্ধি এবং মানব সম্পদের উন্নয়ন। এই লক্ষ্যে আমরা কর্মসূচী হাতে নেই। সকল ক্ষেত্রে জবাবদিহিতা ও স্বচ্ছতা প্রতিষ্ঠার নীতি গ্রহণ করি। অর্থনীতিতে সরকারের ভূমিকার রূপান্তরের

উদ্যোগ নেই। এরই ফলশ্রুতিতে বেসরকারী খাতের ওপর আমরা জোর দিয়েছি। দ্রুত কর্মসংস্থানের এটাই উত্তম পন্থা। সরকারের ভূমিকা এখন সহায়কের। বিশেষ করে বেসরকারী খাতের দ্রুত বিকাশের উপযোগী অবকাঠামো গড়ে তোলার ওপর জোর দিয়েছি। দেশী-বিদেশী বিনিয়োগ আকৃষ্ট করাই হচ্ছে আমাদের সংশোধিত শিল্পনীতির লক্ষ্য। রপ্তানি বৃদ্ধির লক্ষ্যে আমরা উদার বাণিজ্য নীতি গ্রহণ করেছি। আমাদের গৃহীত ব্যবস্থার ফলে আর্থিক প্রতিষ্ঠানসমূহে শৃংখলা ফিরে আসছে। উৎপাদনশীলতার সাথে মজুরির সমন্বয় সাধনের জন্য আমাদের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে আমরা জোর দিয়ে চলেছি শিক্ষা ও প্রশিক্ষণের ওপর। একটি উন্নয়নমুখী বাজার অর্থনীতির উপযোগী প্রশাসন ব্যবস্থা গড়ে তোলার সংস্কার কর্মসূচীও আমরা হাতে নিয়েছি।

সুধীমণ্ডলী,

৫। মাত্র কুড়ি মাসের মত হয়েছে আমরা দায়িত্ব নিয়েছি। এই স্বল্প সময়ের মধ্যে দীর্ঘদিনের জঞ্জাল রাতারাতি সাফ করে উন্নয়ন-প্রবাহ সৃষ্টি খুব একটা সহজ কাজ ছিল না। সেই সাথে রয়েছে সম্পদের সীমাবদ্ধতা। রয়েছে বিশ্বব্যাপী মন্দা। এসব প্রতিকূলতা সত্ত্বেও বিভিন্ন ক্ষেত্রে আমরা যথেষ্ট সাফল্য অর্জন করেছি। বি আই ডি এস-এর অর্থনীতিবিদদের এক সাম্প্রতিক জরিপের কথা এ প্রসঙ্গে উল্লেখ করতে চাই। এই জরিপে দেখা গেছে গত দুবছরে গ্রামীণ দারিদ্র্য উল্লেখযোগ্য হারে কমেছে। আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা—আই ডি এ তার সর্বশেষ প্রতিবেদনে বলেছে, যে দশটি দেশ গত বছর উল্লেখযোগ্য অর্থনৈতিক অগ্রগতি অর্জন করেছে বাংলাদেশ তার অন্যতম।

৬। দাতা দেশ ও সংস্থাসমূহের সদ্য সমাপ্ত প্যারিস বৈঠকে আমাদের অর্থনীতির যে মূল্যায়ন করা হয়েছে তা নিশ্চয়ই আপনারা লক্ষ্য করেছেন। এতে বলা হয়েছে, “বর্তমান সরকার দুবছর আগে বাজার অর্থনীতি ও সামাজিক ন্যায়বিচারের যে অঙ্গীকার নিয়ে নির্বাচিত হয়েছিল তা বাস্তবায়নের তাৎপর্যপূর্ণ সাফল্য অর্জন করেছে।” কেবল দক্ষিণ এশিয়া অঞ্চলেই নয়, বিশ্বে গড়পড়তা প্রবৃদ্ধির হারের চেয়েও আমাদের প্রবৃদ্ধির হার তুলনামূলকভাবে বেশী।

৭। ১৯৭৫ সালের প্রথম দিকে ‘ফাইন্যান্সিয়াল টাইমস’ এর প্রখ্যাত সাংবাদিক কেভিন রেফার্ট লিখেছেন — “বাংলাদেশে উন্নয়নের সকল স্বপ্নই নিঃশেষিত। দেশটির কোন ভবিষ্যৎ নেই।” ১৯৯৩ সালে আমরা প্রমাণ করতে পেরেছি তার সে মন্তব্য সঠিক ছিল না। প্রমাণ করতে পেরেছি, উন্নয়নের স্বপ্ন নিঃশেষিত হয়ে যায়নি। সেই একই পত্রিকা গত ২৬ মার্চের সংখ্যায় মন্তব্য করেছে— “গত দুবছরে বাংলাদেশে গণতন্ত্র দৃঢ় ভিত্তির ওপর দাঁড়াচ্ছে। অর্থনৈতিক সংস্কার ও উন্নয়নের ক্ষেত্রে অগ্রগতি অর্জনের জন্য দেশটি এখন গর্ব করতে পারে।” এর কৃতিত্ব আমাদের সর্বস্তরের জনগণের। এটা তাদের সৃজনশীলতা ও উৎপাদনশীলতারই প্রমাণ।

অর্থনীতিবিদগণ,

৮। আমরা দাবী করছি না আমরা বিরাট কিছু করে ফেলেছি। তবে আপনারা আশা করি আমার সাথে একমত হবেন, আমরা একটি শূন্য সূচনা করতে পেরেছি। এই সাফল্যকে সুসংহত করাই হচ্ছে এখন আমাদের সকলের কর্তব্য। আমাদের আরো অনেক কিছু করার বাকী আছে। বিশ্বব্যাপী তীব্র প্রতিযোগিতায়

টিকে থাকার দক্ষতা অর্জন করতে হবে। আমরা বিশ্বাস করি, আমাদের সেই সম্ভাবনা রয়েছে। এই সম্ভাবনাকে কাজে লাগানোর কলা-কৌশল উদ্ভাবনের দায়িত্ব আপনাদের। বিভিন্ন সময়ে বিভিন্ন প্রেক্ষিতে আপনারা আপনাদের মতামত দিয়েছেন। সাহসের সঙ্গে সং পরামর্শ দিয়েছেন। আগামীতেও আপনাদের কাছ থেকে একই ভূমিকা আমরা আশা করি। এ প্রসঙ্গে বলতে চাই— উন্নয়ন উপর থেকে চাপিয়ে দেয়ার বিষয় নয়। উন্নয়নের ধ্যান-ধারণা ও বিকাশ সমাজ বাস্তবতার ওপর নির্ভরশীল।

৯। উন্নয়নের ব্যাপারে জাতীয় ঐক্যমত্য আমাদের কাম্য। মত ও পথের ভিন্নতা সত্ত্বেও আমরা সবাই উন্নয়ন চাই। সুতরাং উন্নয়নের প্রশ্নে আমরা অভিন্ন দৃষ্টিভঙ্গি গ্রহণ করতে পারি। সন্ত্রাস, ঘন ঘন ধর্মঘট, ভাংচুর, নৈরাজ্য ও বিশৃঙ্খলা কখনোই উন্নয়নের সহায়ক হতে পারে না। উৎপাদন বিঘ্নিত হলে সম্পদ সৃষ্টি হয় না। আর সম্পদ সৃষ্টি না হলে আমাদের দুঃখ ও দারিদ্র্য দূর হবে না।

সুধীমণ্ডলী,

১০। ব্যক্তি উদ্যোগই হচ্ছে গণতন্ত্রের মূল কথা। ব্যক্তি উদ্যোগকে আমরা তাই আর্থ-সামাজিক উন্নয়নের চালিকাশক্তি হিসেবে প্রয়োগ করার প্রক্রিয়া শুরু করেছি। সম্পদ সৃষ্টি ও আয় বাড়ানোর ওপর আমরা গুরুত্ব দিয়েছি। কিন্তু আমাদের প্রধান সমস্যা — দারিদ্র্য নিরসনকেও আমরা সমান অগ্রাধিকার খাত হিসেবে চিহ্নিত করেছি। দরিদ্র জনগোষ্ঠীর মৌলিক চাহিদা পূরণ আমাদের কর্মসূচীর শীর্ষে রয়েছে। আমরা আমাদের প্রতিটি নাগরিককে দক্ষ উন্নয়ন কর্মীতে রূপান্তর করতে চাই। তাদের মধ্যে আত্মবিশ্বাস জাগাতে চাই। কাজে লাগতে চাই তাদের সৃজনশীলতা ও উৎপাদন দক্ষতা। এটাই আমাদের বিঘোষিত নীতি।

১১। কামনা করি, আপনাদের এই সম্মেলন আমাদের আর্থ-সামাজিক উন্নয়ন প্রক্রিয়ায় ইতিবাচক প্রভাব রাখবে। আপনাদের মূল্যবান মতামত ও অভিজ্ঞতা বিনিময়ের ফলে সবাই উপকৃত হবে। পরিশেষে, আপনাদের সবাইকে ধন্যবাদ জানিয়ে এবং সম্মেলনের সাফল্য কামনা করে আমার বক্তব্য শেষ করছি।

খোদা হাফেজ

বাংলাদেশ জিন্দাবাদ।

বাংলাদেশ অর্থনীতি সমিতির দশম দ্বিবার্ষিক সম্মেলনের
উদ্বোধনী অধিবেশনে প্রস্তুতি কমিটির আহবায়ক
জনাব খন্দকার ইব্রাহীম খালেদ কর্তৃক প্রদত্ত
স্বাগত ভাষণ

জনাব সভাপতি,

মাননীয় প্রধান অতিথি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া,
বিশেষ অতিথি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থমন্ত্রী জনাব এম. সাইফুর রহমান,
সমিতির সদস্যবৃন্দ ও সুধীবৃন্দ,

সমিতির দশম দ্বিবার্ষিক সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে আপনাদের সবাইকে স্বাগত জানাচ্ছি। বিশেষ করে মাননীয় প্রধানমন্ত্রী শত ব্যস্ততার মাঝেও সম্মেলন উদ্বোধনে সম্মত হয়ে সমিতির কর্মকাণ্ডে যে আগ্রহ দেখিয়েছেন তার জন্যে সমিতির পক্ষ থেকে জানাচ্ছি কৃতজ্ঞতা। আজ থেকে ১২ বছর আগে ১৯৮১ইং সালে সমিতির দ্বিবার্ষিক সম্মেলনটি উদ্বোধন করেছিলেন শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ঠিক এই সভাকক্ষেই। সমিতির কৃষ্টি অনুসারে জাতীয় অর্থনীতি তথা সরকারী অর্থনৈতিক নীতিমালার বিশ্লেষণ এবং সমালোচনা হয়েছিলো সেদিন প্রচুর। সেদিনের রাষ্ট্রপতি তা গ্রহণ করেছিলেন অত্যন্ত প্রশান্তচিত্তে এবং আগ্রহভরে, যা আমাদেরকে স্বাধীনভাবে মতামত রাখতে ও সুপারিশ সমূহ প্রণয়নে উৎসাহিত করেছিল।

বাংলাদেশ অর্থনীতি সমিতির একটি সমৃদ্ধ ঐতিহ্য রয়েছে। বাংলাদেশ স্বাধীন হবার পর নতুন আংগিকে কাজ শুরু করলেও এর পূর্বসূরী সমিতি প্রতিষ্ঠিত হয়েছিল ১৯৪৮ সালে। সেই থেকে বাংলাদেশের অর্থনীতিবিদগণ এতদঞ্চলের অর্থনৈতিক সমস্যা ও তার সমাধানের প্রক্রিয়ার কথা সব সময়েই তুলে ধরেছেন জাতীয় এবং আন্তর্জাতিকভাবে। স্বাধীনতাপূর্বকালে, পূর্ব ও পশ্চিমাঞ্চলের অর্থনৈতিক বৈষম্যের তথ্য আহরণ এবং এতদঞ্চলের অর্থনৈতিক উন্নয়নের দিক নির্দেশনায় সুস্পষ্ট অবদান তাঁরা রেখেছিলেন বিভিন্ন গবেষণা এবং পর্যালোচনার মাধ্যমে। স্বাধীনতা সংগ্রামের ভিত্তি রচনায় অর্থনৈতিক সচেতনতার যে অবদান তা বহুলাংশে আমাদের অর্থনীতিবিদরাই রেখেছিলেন। স্বাধীনতা উত্তরকালে সমিতি নবরূপে প্রতিষ্ঠা লাভ করে এবং বিরতিহীনভাবে সমীক্ষা, গবেষণা, সেমিনার, প্রকাশনা প্রভৃতির মাধ্যমে বাংলাদেশের অর্থনৈতিক দিক নির্দেশনায় সক্রিয় অবদান রাখে।

বাংলাদেশ অর্থনীতি সমিতিতে একাধারে কাজ করছেন অর্থনীতির তাত্ত্বিক গবেষকবৃন্দ এবং প্রায়োগিক ক্ষেত্রে নিয়োজিত ব্যক্তিবর্গ। ফলে অর্থনৈতিক সমস্যা চিহ্নিতকরণ এবং বাস্তবানুগ পর্যালোচনা ও সমাধান সন্ধানে এর বিশ্বাসযোগ্যতা এখন সুপ্রতিষ্ঠিত। একদিকে কৃষি, শিল্প, বাণিজ্যসহ বিভিন্ন অর্থনৈতিক কর্মকাণ্ডের মূল্যায়ন যেমন করা হয়েছে অন্যদিকে স্বাধীনতা পরবর্তীকালে ধ্বংসপ্রাপ্ত অর্থনীতির পুনরুজ্জীবন থেকে শুরু করে আজকের মুক্ত বাজার অর্থনীতির প্রবর্তন প্রক্রিয়ার সফল সন্ধিক্ষেপে সমিতি সমীক্ষকের ভূমিকা পালন করেছে।

সরকার দেশের জন্য অর্থনৈতিক নীতি নির্ধারণ করেন। নীতি নির্ধারণে তাত্ত্বিক উপাত্ত যেমন প্রয়োজন, তেমনি প্রয়োজন বিভিন্ন উপাত্ত প্রয়োগের বাস্তব ফলাফল বিশ্লেষণের। পরিবেশ উপযোগী সমাধান নির্ণয়ে প্রয়োজন বাস্তবানুগ পরামর্শ ও দিক নির্দেশনা। কাজেই নীতি নির্ধারণ ও সমীক্ষা বিশ্লেষণ পরস্পরের পরিপূরক প্রক্রিয়া। সরকার নীতি নির্ধারণে সমীক্ষা বিশ্লেষণের সাহায্য নেবেন কিনা, তা সরকারই নির্ধারণ করবেন। আমরা শুধু সমীক্ষা বিশ্লেষণ করে সহায়কের ভূমিকায় কাজ করতে পারি এবং এযাবত করে আসছি। আমরা লক্ষ্য করেছি সরকার যখন সমীক্ষা-বিশ্লেষণ পর্যালোচনা করে নীতি নির্ধারণ করেছেন, তখন তা বাস্তবানুগ হয়েছে।

সদস্য সহকর্মীবৃন্দ,

যে জ্ঞান মানুষের কাজে লাগে না, সে জ্ঞান নিয়ে গর্ব করার কিছু নেই। পৃথিবীর দরিদ্রতম এ দেশটিতে অর্থনীতি চর্চার মূল লক্ষ্য হতে হবে দারিদ্র্য বিমোচন। বিগত সার্ক সম্মেলনে দারিদ্র্য বিমোচনের রাজনৈতিক সদিচ্ছা ব্যক্ত করা হয়েছে। এর পরিপূরণ নির্ভর করবে অর্থনৈতিক নীতি নির্ধারণ ও বাস্তবায়ন প্রক্রিয়ার উপর, যার মধ্যে রয়েছে সীমিত সম্পদের সর্বোত্তম ব্যবহার, মানব সম্পদ উন্নয়ন, কৃষি, ক্ষুদ্র শিল্প তথা সামগ্রিকভাবে অর্থনৈতিক কর্মকাণ্ডের গতি সঞ্চার প্রভৃতি। অর্থনীতি সমিতির সদস্যবৃন্দ নিজ নিজ ক্ষেত্রে এসব বিষয়ে অবদান আগের মত ভবিষ্যতেও ক্রমাগত রেখে যেতে হবে। আজকের সম্মেলনে সে প্রতিশ্রুতি আমরা দিচ্ছি।

সুধীমণ্ডলী,

বাংলা ১৪০০ সালে একটি নতুন শতাব্দীর প্রস্তুতি আমাদের নিতে হবে। দুটি পতাকা পরিবর্তন করে বিগত শতাব্দীতে প্রতিষ্ঠিত হয়েছে বাংলাদেশের জাতীয় পতাকা। বিগত শতাব্দী ছিল রাজনৈতিক অধিকার প্রতিষ্ঠার সংগ্রামে ভাস্বর। সেই সাথে গণতন্ত্রায়ন প্রক্রিয়ায়ও কিছুটা অগ্রগতি আমরা অর্জন করেছি। নতুন শতাব্দীর প্রত্যাশা হবে অর্থনৈতিক মুক্তি এবং সাধারণ মানুষের ভাগ্যোন্নয়ন। দারিদ্র্য বিমোচন ও সাধারণ মানুষের কল্যাণ প্রচেষ্টায় আমাদের ভূমিকা সোচ্চার থাকবে, এ আশা নিয়ে আপনাদের সবাইকে পুনরায় স্বাগত জানাচ্ছি।

ধন্যবাদ।

বাংলাদেশ অর্থনীতি সমিতির
দশম দ্বিবার্ষিক সম্মেলনের উদ্বোধনী অধিবেশনে সমিতির
সভাপতি ডঃ মহীউদ্দীন খান আলমগীর কর্তৃক প্রদত্ত ভাষণ

মাননীয় প্রধান অতিথি, সহযোগী অর্থনীতিবিদ ও সুধীবৃন্দ,

বাংলাদেশ অর্থনীতি সমিতির এই দশম দ্বিবার্ষিক সম্মেলনে আমি আপনাদের সকলকে স্বাগত করছি।

২। এই সম্মেলনের মূল প্রতিপাদ্য বিষয় “বাজার অর্থনীতি ও অর্থনৈতিক উন্নয়ন”। সমকালে বাংলাদেশে বাজার ব্যবস্থা ও ব্যক্তি উদ্যোগকে আমরা আর্থ-সামাজিক উন্নয়নের মৌল ভিত্তি ও বাহন হিসেবে গ্রহণ করেছি। দেশের সংবিধানের ১৫ অনুচ্ছেদে প্রদত্ত বিধান অনুযায়ী সকল নাগরিকদের জন্য অন্ন, বস্ত্র, বাসস্থান, প্রাথমিক শিক্ষা, প্রয়োজনীয় স্বাস্থ্য-কৃত্যক ও লাভজনক কর্মসংস্থান লভ্যকরণ আমাদের আর্থ-সামাজিক উন্নয়নের যুগপৎভাবে লক্ষ্য ও মানদণ্ড। নতুন শতাব্দীর প্রবেশমুখে গণতন্ত্রের বিকাশের এই দশকে দেশের সকল পর্যায়ে ও প্রতিষ্ঠানের কর্মরত অর্থনীতিবিদ হিসেবে আমরা আর্থ-সামাজিক উন্নয়নের এই লক্ষ্য ও এর উৎকর্ষ মূল্যায়নের মান এবং তা অর্জন করার মৌল ভিত্তি ও বাহন সম্পর্কে সচেতন।

৩। প্রত্যয় ও পদ্ধতিগতভাবে বাজার অর্থনীতি পরিপূরক ও অনুপূরক প্রত্যয় ও পদ্ধতি হল ব্যক্তিগতায়ন, বিনিয়ন্ত্রণ ও উদারকরণ। বাংলাদেশে সাম্প্রতিক কালে ব্যক্তিগতায়ন প্রক্রিয়ার সাথে বিনিয়োগ, উৎপাদন ও বিভাজন প্রক্রিয়ার বিনিয়ন্ত্রণ ও বাণিজ্য উদারকরণমূলক সংস্কারগুলো স্থান পেয়েছে। এই দুই বছরে সমষ্টিক পর্যায়ে ব্যক্তিগতায়ন, বিনিয়ন্ত্রণ ও উদারকরণমূলক সংস্কারসমূহ দ্রুত, ব্যাপক, সুবিন্যস্ত ও সমন্বিত অবয়ব পেয়েছে। টেকসই উন্নয়নের উত্তরণে প্রধান ও তাৎপর্যমূলক উপাদানসমূহের উপস্থিতি লক্ষিত হচ্ছে। আগের দশকের প্রায় ১০% হারের মুদ্রাস্ফীতি ৫%-এর নীচে নেমেছে, সরকারের রাজস্ব ঘাটতি মোট দেশজ উৎপাদের তখনকার ৮% থেকে ৫%-এর নীচে কমেছে, দেনাপাওনার স্থিতির সমকালীন খাতে ঘাটতি তেমনি মোট দেশজ উৎপাদের তখনকার প্রায় ৭% থেকে প্রায় ২% ভাগে কমানো সম্ভব হয়েছে। যৌক্তিক কর-সংস্কারের পর সরকারের রাজস্ব আয় বেড়েছে। এক্ষেত্রে সাম্প্রতিক পদক্ষেপ সমূহের মধ্যে আমদানীয় মূলধন দ্রব্যাদির উপর আমদানী শুল্ক কমানো ও মূল্য সংযোজন কর প্রত্যাহার করণ শিল্পোদ্যোগে তাৎপর্য মূলক পদক্ষেপ হিসাবে বিবেচিত হয়েছে। এই বছর থেকে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর প্রায় ৩০% অর্থায়ন আভ্যন্তরীণ উৎস থেকে সংস্থান করা হচ্ছে। অর্থবছর ৯০ থেকে ৯২-এ রপ্তানী আয় প্রায় ৩১% বেড়েছে। বিদেশী মুদ্রার রিজার্ভ সর্বকালীন রেকর্ড প্রায় ২ বিলিয়ন ডলারে উন্নীত হয়েছে। আর্থিক ক্ষেত্রে সংস্কার, বিশেষতঃ বিনিয়ন্ত্রণ ও সুদের হার কমানোর ইতিবাচক ফলশ্রুতি ইতিমধ্যে লক্ষ্য করা যাচ্ছে। দেশ শর্করা জাতীয় খাদ্যে স্বনির্ভরতার মর্যাদা অর্জন করেছে। '৯৩ অর্থবছরের প্রাথমিক হিসেব অনুযায়ী আগের বছরের তুলনায় কৃষি ও শিল্প ক্ষেত্রে উৎপাদন লক্ষ্যনীয় মাত্রায় বাড়ছে, রপ্তানী ও আমদানী যুগপৎভাবে সম্প্রসারিত হচ্ছে এবং বিদেশী বিনিয়োগের অধিকতর আন্তর্জাতিক বাড়াচ্ছে। এই বছর মোট জাতীয় উৎপাদন বাড়ার হার ৫% ছাড়িয়ে যাবে বলে আশা করা যাচ্ছে। ফলতঃ এই দুই বছরে ইম্পিসত হারে আর্থ-সামাজিক উন্নয়নের ভিত হিসেবে অর্থব্যবস্থায় সার্বিকভাবে স্থিতিশীলতা ও সুসংহতি অর্জনের প্রচেষ্টা সফল হয়েছে।

৪। অর্থনৈতিক ক্ষেত্রে সফলতার এই ইতিবাচক উপকরণ ও প্রবণতার উপস্থিতি সত্ত্বেও আমাদের মনে রাখা প্রয়োজন দেশের সার্বিক বিনিয়োগ এখনও প্রয়োজনীয় মাত্রায় বাড়েনি। সমকালে বাংলাদেশে মোট দেশজ উৎপাদের ১১% এর চেয়ে বেশী মাত্রায় বিনিয়োগ ঘটছে না। দেশে ইতিমধ্যে স্থাপিত মূলধনের ষ্টকের অবচয় হার ১০% ধরলে এই হারে বিনিয়োগ দেশের সার্বিক উৎপাদন ক্ষমতা বার্ষিক ১%-এর চেয়ে বেশী হারে বাড়বে না। বিনিয়োগের এত কম হার নিয়ে এখনও বার্ষিক ২.২% হারে বর্ধমান জনসংখ্যার পরিপ্রেক্ষিতে উন্নয়নের পথে ইম্পিট উত্তরণ আশা করা যায় না। বাজার ব্যবস্থায় ব্যক্তি মালিকানা ও ব্যক্তি উদ্যোগকে ধারক ও বাহক হিসেবে ফলপ্রসূ করতে হলে তাই সর্বাঙ্গিক প্রয়োজনের অবয়ব জাতির জন্য চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে অধিকতর বিনিয়োগ আহরণ ও প্রয়োজন। উন্নয়ন-উন্মুখ জাতি হিসেবে আমাদেরকে এই চ্যালেঞ্জের মোকাবেলা করতে হবে সর্বক্ষেত্রে নিপুণতর বিনিয়োগ বাড়িয়ে এবং এরূপ বিনিয়োগের সাথে সাযুজ্য ও ভিত্তি করে ব্যক্তিক্ষেত্রে বিনিয়োগ আরও প্রসারিত করে। এর জন্য আবার প্রয়োজন হবে গণক্ষেত্রে অধিকতর বিনিয়োগীয় উদ্বৃত্ত আহরণ করা, ব্যক্তিক্ষেত্রে সঞ্চয়ের হার বাড়ানো এবং অধিকতর ও নিপুণতর বিদেশী বিনিয়োগ আকর্ষণ।

৫। এই সঞ্চয় ও বিনিয়োগ বাড়ানোর পথ ও পছাসমূহ ফুল ছড়ানো নয়। জাতি হিসেবে মোট জাতীয় উৎপাদ ৯৬% -এর চেয়ে বেশী আমরা অবক্ষয় বা ভোগ করছি। গণ ও ব্যক্তি দুই খাতেই আমাদের সঞ্চয়ের হার অন্যান্য দেশের তুলনায় প্রায় নিম্নতম। উভয় ক্ষেত্রেই আমাদের উৎপাদনের নিপুণতা, লাভজনকতা ও প্রতিযোগিতা বাড়ানোর পরিধি বিস্তৃত। সঞ্চয় ও বিনিয়োগ বাড়ানোর প্রক্রিয়ায় ও পথে অন্তর্বর্তীকালীন সময়ে দারিদ্র রেখার নীচে অবস্থানরত জনগোষ্ঠীর উপযোগে সামাজিক নিরাপত্তার জাল প্রসারিত করা স্থিতিশীল উন্নয়নের স্বার্থে পরিহার করণীয় নয়। এবং এরই প্রেক্ষিতে শিক্ষা ও স্বাস্থ্য ব্যবস্থাকে সম্প্রসারণ ও সুসংহত করে পেছনে-পড়া জনগোষ্ঠীকে সামাজিক উন্নয়ন, চেতনা ও স্পন্দনের মধ্যস্রোত আনয়ন করা হবে উন্নয়নের পথে এগিয়ে যাওয়া ও এই পথের চালিকা শক্তি বাড়ানো।

৬। বাংলাদেশের পেছনে-পড়া জনগোষ্ঠীর সংখ্যাগরিষ্ট অংশ গ্রামাঞ্চলে বাস করেন। গ্রামবাসী, সংশ্লিষ্ট স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন বিভাগ ও প্রতিষ্ঠানসমূহের সংশ্লিষ্ট ক্ষেত্র ও এলাকায় প্রয়োজনীয় সকল কার্যক্রম সমন্বয় করে প্রয়োজিত বিনিয়োগের সর্বাঙ্গিক উপযোগ ও কুশল লভ্যকরণের কোন রূপরেখা বা মডেল আমরা ৭০ -এর দশক হতে শুরু করে এ পর্যন্ত গড়ে তুলিনি বা অনুসরণ করিনি। ১৯৮৪ সালে গৃহীত ভূমি সংস্কার আইনের আওতায় বর্গা চাষীর অনুকূলে প্রদত্ত সীমিত পরিব্যাপন সত্ত্ব ও তেভাগা সূত্র অনুযায়ী ফসল বিভাজনের সূত্র পূর্ণাঙ্গভাবে বাস্তবায়ন করা এখনও সম্ভব হয়নি। মনে হয়, ৬০ -এর দশকে অনুসৃত গ্রামোন্নয়নের সূত্র ও পছা থেকে আমরা সমন্বয়ের উপকরণ ক্রমান্বয়ে হারিয়ে ফেলেছি। অর্থনীতিবিদ হিসেবে আমাদের পক্ষে সমকালে অনুসৃত প্রবাহমান বা রলিং কর্মসূচীতে অন্তর্ভুক্ত প্রকল্প থেকে গ্রামোন্নয়নের কোন সুস্পষ্ট, সংহত ও নিরবচ্ছিন্নভাবে অনুসরণীয় রূপরেখা খুঁজে পাওয়া সহজ নয়। অনগ্রসর ও দরিদ্র জনগোষ্ঠীর অবস্থা ইতিবাচকভাবে পরিবর্তন করতে হলে এক্ষেত্রে সমন্বিত কার্যক্রমের কাঠামো স্পষ্টতর ও সুসংহত করণ প্রয়োজন। আমাদের মনে রাখা সংগত হবে যে গ্রামাঞ্চলকে পেছনে রেখে ব্যক্তি উদ্যোগের সৃজনশীলতা কেবলমাত্র নগর বা শিল্পাঞ্চলে বিকশিত করার প্রচেষ্টা জাতীয় প্রবৃদ্ধির ধারক ও বাহক হয়ে উঠবে না। গ্রামাঞ্চলে ও কৃষি ক্ষেত্রে ব্যক্তি উদ্যোগকে সহজ, সচল ও ফলপ্রসূ করতে হলে তার অবকাঠামো ও পরিবেশ গ্রামাঞ্চলেও গড়ে তুলতে প্রসারিত করা

সংগত হবে।

৭। সাম্প্রতিক কালে কাঠামোগত সংস্কারের উপর সবিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। বিনিয়ন্ত্রণ, উদারীকরণ ও ব্যক্তিগতায়নের ক্ষেত্রে ও লক্ষ্যে কাঠামোগত সংস্কারের সুনির্দিষ্ট পদক্ষেপগুলো সনাক্ত করা হয়েছে এবং সমন্বিত ভাবে নেওয়া হচ্ছে। এসব পদক্ষেপ সমকালীন প্রেক্ষিত সংগত। সংস্কারের সংগতির স্বার্থে একই সময়ে আর একটি দিক সম্পর্কে আমাদের সচেতন থাকা ইঙ্গিত। সার্বিক বিনিয়োগ বাড়ানোর লক্ষ্যে প্রয়োজনীয় অবকাঠামো সৃষ্টির জন্য গণক্ষেত্রকে সুসংহত করণ আমাদের কাঠামোগত সংস্কারের অন্যতম প্রধান দিক হিসেবে বিবেচনা করা কৰ্মানুগ হবে। বিদ্যুৎ, গ্যাস, সড়ক, টেলিযোগাযোগ, পানি সরবরাহ এবং অনুরূপ ক্ষেত্রে চাহিদা সৃষ্টির আগে সরবরাহ সৃষ্টি করার সূত্র অনুসরণ করে গণক্ষেত্রকে সম্ভাব্য ব্যক্তিক্ষেত্রের সম্প্রসারণের ভিত্তি হিসেবে গ্রহণ করে আমাদেরকে পরিকল্পিতভাবে এসব প্রসারিত করতে হবে। এসব ক্ষেত্রে বাজার অর্থনীতির সূত্র অনুযায়ী চাহিদা সৃষ্টি হওয়ার পর সরবরাহ স্বয়ংক্রিয় হয়ে আসবে একথা বিশ্বাস করে গণক্ষেত্রে পদক্ষেপ না নেয়ার চিন্তা করা সংগত হবে না। বাজার অর্থব্যবস্থা ও ব্যক্তি উদ্যোগকে সফল করতে হলে সমকালীন প্রেক্ষিতে গণক্ষেত্রে এসব দিকে ও লক্ষ্যে বিনিয়োগ সম্প্রসারিত করার অন্য কোন বিকল্প নেই।

৮। গ্রাম-কৃষি-নগর-শিল্প সম্বলিত দেশের সকল অঞ্চলে বাজার ব্যবস্থা ও ব্যক্তি উদ্যোগ বিকশিত করার পথে সহায়কের ভূমিকা পালন করতে হবে প্রশাসন ও বিচার ব্যবস্থাকে। সম্পত্তির অধিকার, চুক্তি ভিত্তিক দায়-দায়িত্ব, আর্থিক লেনদেন পদ্ধতি, কোম্পানী বিষয়ক ও দেউলিয়াত্ব সংক্রান্ত আইনাবলী, ইঙ্গিত দৃঢ়তা, দ্রুততা ও বাদী ও বিবাদের নিষ্পত্তি যদি নিখর ও শ্রুথ হয়, তাহলে বাজার ব্যবস্থা ও ব্যক্তি-উদ্যম বড় জোর নিষ্পত্ত হব, বিকশিত হবে না। উন্নয়ন অভিলাসী অর্থনীতিবিদ হিসেবে আমাদের মূল্যায়নে এই ক্ষেত্রে এই পরিপ্রেক্ষিতে দেশের বিচার ও প্রশাসন ব্যবস্থার সম্পাদন-মাত্রা ও উৎকর্ষ উন্নয়নের পরিধি বিস্তৃত।

৯। বাংলাদেশ অর্থনীতি সমিতির এই দ্বিবার্ষিক সম্মেলনে আমরা বাজার ব্যবস্থা, ব্যক্তিগতায়ন, ব্যক্তি মালিকানা, ব্যক্তি উদ্যোগ, বিনিয়ন্ত্রণ এবং উদার করণের সূত্র সমূহকে কেন্দ্র করে এদের সম্ভাবনা, সমস্যা এবং পরিপূরক ও অনুপূরক উপাদান সমূহের ভূমিকার প্রতি জাতির দৃষ্টি আকর্ষণ করব। আমরা আমাদের সম্পদের সীমাবদ্ধতা সম্পর্কে সচেতন। একই সাথে এই সীমাবদ্ধতা ছাড়িয়ে উন্নয়নের বিভাগে সকল জনগোষ্ঠীকে সজীব ও সার্থক করার পথে নিরবচ্ছিন্ন বিশাল প্রচেষ্টার অসীম সম্ভাবনায় আমরা বিশ্বাসী। নিয়ত অনুশীলন, নিরবচ্ছিন্ন সৃজনশীলতা ও নির্ভীক-সুসংহত প্রয়োগের সূত্র ধরে অর্থনীতিবিদ হিসেবে নতন শতাব্দীর এই দোর গোড়ায় আমরা এই সম্ভাবনার ধারক ও বাহক হিসেবে কাজ করে যাব।

১০। মাননীয় প্রধানমন্ত্রী ও সুধীবন্দ,

এই সম্মেলন উদ্বোধনলগ্নে আপনার, আপনারদের ও জনগণের কাছে এই হোক আমাদের, বাংলাদেশের অর্থনীতিবিদদের অঙ্গীকার। আপনারা সকলে আমার ও বাংলাদেশ অর্থনীতি সমিতির আন্তরিক ধন্যবাদ ও শুভেচ্ছা জানবেন।

বাংলাদেশ অর্থনীতি সমিতির
দশম দ্বিবার্ষিক সম্মেলনের উদ্বোধনী অধিবেশনে
সমিতির সাধারণ সম্পাদক ডঃ দেবপ্রিয় ভট্টাচার্য্য কর্তৃক পঠিত
ধন্যবাদ জ্ঞাপন প্রস্তাব।

শ্রদ্ধেয় সভাপতি,

মাননীয় প্রধান অতিথি— গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া,
সম্মানিত বিশেষ অতিথি— গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থমন্ত্রী জনাব এম, সাইফুর রহমান,
বিশিষ্ট অতিথিবৃন্দ,
সমিতির সদস্য ও সহকর্মীবৃন্দ!

শুভ অপরাহ্ন,

ধন্যবাদ জ্ঞাপন প্রস্তাব উত্থাপন — একটি দুর্লভ সুযোগ। বিশেষ করে বাংলাদেশ অর্থনীতি সমিতির দশম জয়ন্তী সম্মেলনে সেই সুযোগ লাভ করে আমি অত্যন্ত আনন্দিত।

বাংলাদেশ অর্থনীতি সমিতির একটি অলিখিত সিদ্ধান্ত ছিল। গণতান্ত্রিকভাবে নির্বাচিত না হলে কোন রাষ্ট্র বা সরকার প্রধানকে সমিতির কোন কর্মকাণ্ডে আমন্ত্রণ জানানো হবে না। সেই সিদ্ধান্তের ফলশ্রুতিতে বিগত বারো বছর বাংলাদেশ অর্থনীতি সমিতির কোন সম্মেলন বা সভায় কোন সরকার প্রধান বা মন্ত্রী উপস্থিত ছিলেন না। আজ আমরা যারপরনাই আনন্দিত যে এক দশকের অধিক সময় পর গণতান্ত্রিকভাবে নির্বাচিত একজন সরকার প্রধানকে প্রধান অতিথি হিসাবে আমন্ত্রণ জানানোর সুযোগ আমরা পেয়েছি। এটা ততোধিক আনন্দের বিষয় যে মাননীয় প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া আমাদের সেই সাদর আহ্বানে তাঁর শত ব্যস্ততার মধ্যেও সানুগ্রহ সাড়া দিয়ে আমাদের গৌরবান্বিত এবং অনুপ্রাণিত করেছেন।

মাননীয় প্রধান মন্ত্রী,

আজকের এই সম্মেলন উদ্বোধন করায় আমরা আপনাকে জানাই সশ্রদ্ধ কৃতজ্ঞতা।

সুধীমগুলী,

অর্থনীতি সমিতির কার্যক্রমে অর্থমন্ত্রী এম, সাইফুর রহমানের ধারাবাহিক আগ্রহে আমরা সর্বদা উৎসাহিত বোধ করেছি। আজকের এই অধিবেশনে তিনি বিশেষ অতিথির আসন গ্রহণ করায় আমরা তাঁকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।

আমরা ভাগ্যবান যে সমিতির বিগত দুই বছরের কর্মকাণ্ডে এবং বিশেষ করে এই জয়ন্তী সম্মেলনে এর প্রস্তুতিতে বিভিন্ন সংস্থা ও ব্যক্তির কাছ থেকে পেয়েছি অকুণ্ঠ সমর্থন। বিশেষভাবে উল্লেখ করতে চাই, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কাছ থেকে বিভিন্ন সময় সমিতি সাহায্য ও সমর্থন পেয়েছে। এ প্রেক্ষিতে ধন্যবাদ জানাতে চাই মন্ত্রী পরিষদের সদস্যবৃন্দকে যারা বিগত সময়কালে সমিতির বিভিন্ন সেমিনারে প্রধান

অতিথি হিসেবে যোগ দিয়েছেন। স্বকৃতজ্ঞ স্বীকৃতি দিতে চাই সেই সকল বাণিজ্যিক প্রতিষ্ঠানকে যাদের সহায়তা আমাদের বিগত দুই বছরের কার্যক্রম পরিচালনার এবং এই সম্মেলন আয়োজনের ভার লাঘব করেছেন।

বাংলাদেশ অর্থনীতি সমিতির কার্যক্রমে ঐতিহাসিকভাবে ঢাকা বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় এবং ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয়—এর অর্থনীতি বিভাগসমূহ ও বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস) ওতেপ্রতোভাবে জড়িত। আঞ্চলিক সেমিনার ও বক্তৃতামালা আয়োজন তথা সমিতিতে সচল ও কর্মক্ষম রাখার এ সকল প্রতিষ্ঠানের অবদান আমরা কৃতজ্ঞচিত্তে স্মরণ করছি।

আজকের এই অধিবেশনের সুযোগ নিয়ে ধন্যবাদ জানাতে চাই বর্তমান কার্যনির্বাহী কমিটির মেয়াদকালে অয়োজিত বিভিন্ন আলোচনা সভায় ও সেমিনারে যারা সভাপতির দায়িত্ব পালন করেছেন, প্রবন্ধ পাঠ করেছেন এবং আলোচক হিসাবে অংশগ্রহণ করেছেন। কৃতজ্ঞতা জানাতে চাই তাঁদের যারা আগামী সাতটি এ্যাকাডেমিক অধিবেশনে সভাপতিত্ব এবং স্মারক বক্তৃতা প্রদান করতে আমাদের অনুরোধে সম্মতি দিয়েছেন। সমিতির এই সম্মেলনে আমাদের যে সকল সদস্য-সদস্যা স্বতঃপ্রণোদিত হয়ে তাঁদের বিশেষায়িত জ্ঞান সম্বলিত প্রবন্ধ পাঠিয়েছেন তাঁদের জানাই বিশেষভাবে ধন্যবাদ। শ্রদ্ধা জানাই ঢাকার বাইরে অবস্থানরত সদস্যদের যারা কষ্ট স্বীকার করে এই সম্মেলনে যোগ দিয়েছেন।

এই সম্মেলনের প্রস্তুতি কাজে বাংলাদেশ অর্থনীতি সমিতির কর্মচারীবৃন্দের নিরলস পরিশ্রম উল্লেখের দাবী রাখে। তবে আমি সপ্রশংস উল্লেখ করতে চাই আমাদের তরুণ স্বেচ্ছাসেবকবৃন্দের আন্তরিক সহযোগিতা ও প্রাণচঞ্চল উপস্থিতি যা আমাদের সম্মেলনে নতুন মাত্রা যুক্ত করেছে।

বিদেশী দুতাবাস ও সংস্থার প্রতিনিধিসহ যে সকল বিশিষ্ট অতিথিবৃন্দ অর্থনীতি সমিতির আজ এই জয়ন্তী সম্মেলনের উদ্বোধনী অধিবেশনে যোগ দিয়েছেন তাঁদের ধন্যবাদ জানাচ্ছি। একই সাথে জানাচ্ছি সম্মেলনের পরবর্তী এ্যাকাডেমিক অধিবেশনসমূহে যোগদানের আমন্ত্রণ।

অর্থনীতি সমিতির এই সম্মেলনের খবর যাদের মাধ্যমে দেশের ব্যাপক জনগণ অবহিত হবে— সাংবাদিকসহ গণমাধ্যমের সেইসব প্রতিনিধিদের জানাই অগ্রীম ধন্যবাদ। আমরা নিশ্চিত, জাতীয়ভাবে গুরুত্বপূর্ণ যে সকল বিষয় সম্মেলনে আলোচিত হবে তা তাঁরা সমাজের সামনে তুলে ধরবেন।

সুধীবন্ধ,

মাননীয় প্রধানমন্ত্রীকে পুনরায় ধন্যবাদ জ্ঞাপন করে এবং আপনাদের প্রীতি ও শুভেচ্ছা জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

মনোযোগের জন্য ধন্যবাদ

বাংলাদেশ অর্থনীতি সমিতির দশম দ্বিবার্ষিক সম্মেলনের
সাধারণ সভায়

ডঃ দেবপ্রিয় ভট্টাচার্য্য কর্তৃক উত্থাপিত
সাধারণ সম্পাদকের প্রতিবেদন

২৫শে, ২৬শে ও ২৭শে বৈশাখ, ১৪০০

(৮ই, ৯ই ও ১০ই মে, ১৯৯৩),

বাংলাদেশ অর্থনীতি সমিতির সম্মানিত সদস্যবৃন্দ !

প্রীতি জানবেন। বাংলাদেশ অর্থনীতি সমিতির কার্যনির্বাহক পরিষদের অনুমোদনক্রমে ১৯৯১-৯৩ মেয়াদকালের সাধারণ সম্পাদকের প্রতিবেদন আপনাদের বিবেচনার জন্য উপস্থাপন করছি।

আপনাদের হয়তো স্মরণ আছে ১৯৯১ সালের জানুয়ারী মাসের ১৭, ১৮, ১৯ তারিখে বি,এ,আর,সি অডিটোরিয়ামে অনুষ্ঠিত বার্ষিক সাধারণ সভায় সমিতির গঠনতন্ত্র অনুসারে ২৪ সদস্য বিশিষ্ট একটি কার্যনির্বাহক কমিটি নির্বাচিত হয়।

দায়িত্ব গ্রহণ

নব নির্বাচিত কার্যনির্বাহক কমিটির প্রথম কর্তব্য ছিল বিদায়ী কমিটির কাছ থেকে সমিতি পরিচালনার দায়িত্ব গ্রহণ করা। এই লক্ষ্যে বিদায়ী ও নবনির্বাচিত কমিটি এক যৌথ সভায় মিলিত হয় ২৫শে জানুয়ারী, ১৯৯১। এই সভার উল্লেখযোগ্য দিক ছিল বিদায়ী কমিটি কর্তৃক কার্যপরিচালনার সূত্রে লব্ধ অভিজ্ঞতা বর্ণনা। এই সভায় পরবর্তী দুই বৎসরের জন্য সমিতির সম্ভাব্য কার্যক্রম নিয়েও বিস্তারিত আলাপ আলোচনা হয়।

কর্মপরিকল্পনা

কার্যনির্বাহক সমিতির দ্বিতীয় সভা অনুষ্ঠিত হয় ৭ই ফেব্রুয়ারী ১৯৯১। প্রথম সভায় আলোচনার ভিত্তিতে এই সভায় একটি দ্বিবার্ষিক কর্মপরিকল্পনা গৃহীত হয়। এই কর্মপরিকল্পনার মূল বিষয় ছিল —

- ক) বিষয় ভিত্তিক সেমিনার আয়োজন
- খ) আঞ্চলিক সেমিনার আয়োজন
- গ) বিশেষ বক্তৃতামালা আয়োজন
- ঘ) মহাবিদ্যালয়ের অর্থনীতির শিক্ষকদের জন্য Refreshers Course আয়োজন
- ঙ) জার্নাল প্রকাশনা
- চ) সমিতির একটি স্থায়ী দপ্তরের জন্য উদ্যোগ গ্রহণ
- ছ) সমিতির আয় বৃদ্ধির চেষ্টা

জ) সাংগঠনিক তৎপরতা

ঝ) দ্বিবার্ষিক সম্মেলন অনুষ্ঠান
বিষয় ভিত্তিক সেমিনার সমূহ

সমিতির উদ্যোগে প্রথম সেমিনার আয়োজিত হয় ১৭ই ফেব্রুয়ারী, ১৯৯১। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সেমিনার কক্ষে অনুষ্ঠিত এই সেমিনারের বিষয় ছিল “ভাষা আন্দোলন ও বাংলা ভাষায় অর্থনীতি চর্চা”। সেমিনারে প্রারম্ভিক আলোচনা করেন জনাব লেনিন আজাদ। আলোচনায় অংশ নেন অধ্যাপক মোজাফফর আহমদ, জনাব রুহুল কুদ্দুস প্রমুখ।

১৯৯১-৯২ সনের প্রস্তাবিত বাজেটের উপর প্রতিক্রিয়া ব্যক্ত করার জন্য প্রেসক্লাব মিলনায়তনে আয়োজন করা হয় একটি বিশেষ আলোচনা সভা। সভায় আলোচনা উত্থাপন করেন ডঃ সেলিম জাহান। অর্থনীতি পেশার বিশিষ্ট ব্যক্তিত্ব, যথা অধ্যাপক রায়হান শরিফ, অধ্যাপক মোজাফফর আহমদ, অধ্যাপক রেহমান সোবহান এই আলোচনায় অংশগ্রহণ করেন।

সমিতির উদ্যোগে ৯ই নভেম্বর, ১৯৯১ তারিখে আয়োজিত সেমিনারের বিষয় ছিল “বাংলাদেশে দারিদ্র্য বিমোচন কর্মসূচীর কার্যকারিতা” সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন পল্লী কর্মসহায়ক ফাউন্ডেশনের তৎকালীন মহাব্যবস্থাপক জনাব খন্দকার ইব্রাহীম খালেদ। প্রবন্ধের উপর মূল আলোচনা করেন অধ্যাপক আনিসুর রহমান, ডঃ বিনায়ক সেন। প্রেসক্লাব মিলনায়তনে আয়োজিত হয় সেমিনারটি।

১৯৯২-৯৩ সনের প্রস্তাবিত বাজেটের উপর সেমিনার আয়োজন করা হয় ২৪শে জুন, ১৯৯২। সেমিনারে প্রবন্ধ পাঠ করেন ডঃ আতিউর রহমান। আলোচনায় অংশ নেন অধ্যাপক রেহমান সোবহান, অধ্যাপক মোজাফফর আহমদ, জনাব সাইদুজ্জামান ও অধ্যাপক কবীর উদ্দিন আহমেদ।

সমিতি কর্তৃক আয়োজিত বিষয়ভিত্তিক সেমিনারমালার সবিশেষ গুরুত্বপূর্ণ আয়োজন ছিল অন্তরবর্তী সরকারের আমলে তৎকালীন পরিকল্পনা উপদেষ্টার উদ্যোগে গঠিত ২৯টি টাস্ক ফোর্স রিপোর্টের উপর, “নব্বই এর দশকের উন্নয়ন এজেন্ডা” শীর্ষক সেমিনার। সেমিনারের প্রধান অতিথি ছিলেন অর্থ মন্ত্রী জনাব এম. সাইফুর রহমান। পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী মিলনায়তনে অনুষ্ঠিত পূর্ণ দিবসব্যাপী এই সেমিনারে টাস্কফোর্স সমূহের আব্বায়কবৃন্দ তাদের স্ব স্ব প্রতিবেদন পেশ করেন এবং ব্যাপক সংখ্যক পেশাজীবী, শিল্প উদ্যোক্তা ও রাজনৈতিক নেতৃবৃন্দ আলোচনায় অংশ নেন।

যৌথ উদ্যোগ ও আঞ্চলিক সেমিনার

বিগত মেয়াদকালে প্রথম সেমিনারটি অনুষ্ঠিত হয় ১৬ই ফেব্রুয়ারী, ১৯৯২ বিআইডিএস-এর সম্মেলন কক্ষে বিআইডিএস ও সমিতির যৌথ উদ্যোগে। বিষয় ছিল “বাংলাদেশে শিল্পায়নের অভিজ্ঞতা এবং ১৯৯১ সনের শিল্পনীতি”। সেমিনারে প্রবন্ধ উপস্থাপন করেন ডঃ শাহ মোঃ ফরিদ, ডঃ দেবপ্রিয় ভট্টাচার্য এবং জনাব এস এম আল হোসাইনী। সেমিনারের প্রধান অতিথি ছিলেন শিল্পমন্ত্রী জনাব শামসুল ইসলাম খান। সেমিনারে তৎকালীন শিল্প সচিব ডঃ একরাম হোসেনসহ বহু বিশিষ্ট অর্থনীতিবিদ ও শিল্প উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

সমিতি ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগ-এর যৌথ উদ্যোগে “স্থানীয় সরকার কাঠমো ও

উন্নয়ন” শীর্ষক সেমিনার অয়োজিত হয় ১৬ই ফেব্রুয়ারী, ১৯৯২ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে। তথ্যমন্ত্রী জনাব নাজমুল হুদা ছিলেন এই সেমিনারের প্রধান অতিথি। সেমিনারে প্রবন্ধ পাঠ করেন জনাব বদিউর রহমান, ডঃ আব্দুল হাই মণ্ডল, ডঃ গোলাম হোসেন।

৪ঠা জুন, ১৯৯২ ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয় অপর যৌথ সেমিনারটি। সেমিনারের বিষয় ছিল— “বাংলাদেশের কৃষির বহুধাকরণ”। ময়মনসিংহ বিশ্ববিদ্যালয়ের উপচার্য প্রফেসর আশরাফ আলী খান সেমিনারের প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। সেমিনারে ৮টি প্রবন্ধ পঠিত হয়। এই প্রবন্ধগুলি প্রস্তুত করেন ডঃ মোঃ ইসমাইল হোসেন, ডঃ মোঃ ফেরদৌস আলম, ডঃ শামসুল আলম, ডঃ ডেভিড ফিল্ড, ডঃ আবদুর রাজ্জাক, ডঃ এম. টি. এইচ. মিয়া. ও ডঃ এম. এ. এম. মন্ডল, ডঃ এন. হিগিনসন ও ডঃ এম. ম্যাকগ্রেগর, ডঃ এম. সেরাজুল ইসলাম ও ডঃ বক্কিম চন্দ্র বক্সী এবং মাহফুজুর রহমান। সেমিনারে আলোচনায় অংশগ্রহণ করেন কৃষি অর্থনীতিতে বিশেষজ্ঞ বিশিষ্ট অর্থনীতিবিদগণ।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগ এবং সমিতির যৌথ উদ্যোগে ১০ই ডিসেম্বর, ১৯৯২ চট্টগ্রামে আয়োজিত হয় “রপ্তানিমুখী শিল্পায়ন এবং অর্থনৈতিক উন্নয়ন” শীর্ষক সেমিনারটি। পরিকল্পনা মন্ত্রী জনাব এ কে জহিরউদ্দিন খান ছিলেন সেমিনারের প্রধান অতিথি। সেমিনারে ডঃ জ্যোতি প্রকাশ দত্ত, ডঃ নিতাই চন্দ্র নাগ, ডঃ এম আজিজুর রহমান, ডঃ আবুল কালাম আজাদ, ডঃ এনামুল হক, এবং ডঃ এ জে এম নুরুদ্দিন চৌধুরী কর্তৃক প্রণীত সাতটি প্রবন্ধ পঠিত হয়। সেমিনারে বিভিন্ন আঙ্গিকে বিষয়ের উপর প্রাণবন্ত আলোচনা হয়।

সমিতির সিদ্ধান্ত অনুযায়ী যৌথ উদ্যোগে পরবর্তীতে বিষয় ভিত্তিক বক্তৃতামালা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল রাজশাহী বিশ্ববিদ্যালয়ে। দুঃখের বিষয় সেমিনারের প্রস্তুতি পর্যায়ে রাজশাহী বিশ্ববিদ্যালয় বন্ধ হয়ে যাওয়ায় সেই সিদ্ধান্তটি আমাদের পক্ষে বাস্তবায়ন করা সম্ভব হয়নি।

রিফ্রেসার্স কোর্স

সমিতি কর্তৃক আয়োজিত মহাবিদ্যালয়ের অর্থনীতির শিক্ষকদের ১৭ দিনব্যাপী রিফ্রেসার্স কোর্সটি অনুষ্ঠিত হয় চট্টগ্রামে - ১৯৯২ এর ১লা থেকে ১৭ই নভেম্বর পর্যন্ত। কোর্সে অংশ নেন ২৫ জন শিক্ষক। কোর্সে প্রশিক্ষণ দেন ২০ জন বিশেষজ্ঞ।

বিশেষ বক্তৃতা

বিগত মেয়াদকালে সমিতির উদ্যোগে দুইটি বিশেষ বক্তৃতার আয়োজন করা হয়। প্রথম বক্তৃতাটি দেন ডঃ মহীউদ্দীন খান আলমগীর চট্টগ্রামে ১৬ই নভেম্বর, ১৯৯২ তারিখে। বিষয় ছিল “বাংলাদেশের উন্নয়ন সমস্যা ও সম্ভাবনা”। দ্বিতীয় বক্তৃতাটিতে বক্তা ছিলেন প্রফেসর রেহমান সোবহান। তাঁর বক্তব্যের বিষয় ছিল “বাংলাদেশে কার্ঠামোগত সংস্কার নীতিমালার অভিজ্ঞতা”। বক্তৃতাটি ২রা মার্চ ১৯৯৩ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। তবে উল্লেখ করতে হয়, সমিতির আওতার বাইরে কোন কোন ক্ষেত্রে আমরা এমন সব কর্মসূচী গৃহীত হতে দেখি যা সাংগঠনিক ক্ষেত্রে বিভ্রান্তির সৃষ্টি করে। সংশ্লিষ্টদের সকলের কাছে আমাদের আবেদন— আপনারা মেধা ও শক্তি অর্থনীতি চর্চার সাথে যুক্ত পেশাজীবীদের প্রাচীনতম ও প্রধান সংগঠনের, মূলধারায় সম্পৃক্ত করে পেশার গুণগতমান উন্নয়নে অবদান রাখুন। সমিতি সর্বদা খোলামন নিয়ে

সকল মতামতকে ধারণ করতে প্রস্তুত। আসুন আমরা সবাই মিলে বাংলাদেশ অর্থনীতি সমিতিতে আরো শক্তিশালী এবং কার্যকর প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলি।

সাংগঠনিক বিষয়াবলী

প্রিয় সহকর্মীবন্দ!

এবার আমি বিদায়ী নির্বাহী কমিটির মেয়াদকালের কিছু গুরুত্বপূর্ণ সাংগঠনিক বিষয় আপনাদের অবহিত করতে চাই।

বর্তমানে সমিতির মোট সদস্য সংখ্যা (বর্তমান ভোটার তালিকা অনুযায়ী) - ৭৩৯ জন। এর মাঝে জীবন সদস্য - ৪৬৮ জন, সাধারণ সদস্য - ২৭১ জন। ভোটার তালিকা প্রণয়ন শেষ হয়ে যাওয়ার পর অনেকে সদস্য হওয়ায় তাদের নাম এই হিসাবের বাইরে রয়ে গেছে।

এই ক্ষেত্রে একটি বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করতে চাই। প্রচুর সাধারণ সদস্য সময়মতো তাঁদের বাৎসরিক চাঁদা পরিশোধ না করায় সদস্যপদ বাতিল হয়ে যায়। পরবর্তীতে যা বিভিন্ন জটিলতা সৃষ্টি করে। সমিতির পক্ষ থেকে সদস্যপদ নবায়ন করার জন্য চিঠি দেওয়া হলেও অনেকে তার প্রতি গুরুত্ব দেন না। অনেকে ঠিকানা পরিবর্তন সমিতিতে অবহিত না করায় যোগাযোগ-এর ক্ষেত্রে অসুবিধা সৃষ্টি হয়। অনেকে সম্মেলনের সময় চাঁদা পরিশোধ করে ভোটার হতে চান। তাঁদের মধ্যে অনেকেই গঠনতন্ত্র সম্বন্ধে সচেতন নন। আবার অনেকে সম্মেলনের রেজিস্ট্রেশন বাবদ দেয় ও বাৎসরিক চাঁদার মাঝে তফাৎ করতে পারেন না। সুখের বিষয় ইদানিং কালে অধিক হারে জীবন সদস্যপদ গৃহীত হচ্ছে। এর ফলে বর্তমানে সাধারণ সদস্যর চেয়ে জীবন সদস্যের সংখ্যা বেশী। আপনাদের প্রতি অনুরোধ আপনারা সদস্যপদ নবায়নের ব্যাপারে দয়া করে যত্নবান হবেন। এবং আগামী কমিটিতে অনুরোধ করবো— সমিতিতে এখন প্রচুর নতুন সদস্য এসেছে, তাদের মাঝে যেন সমিতির গঠনতন্ত্র প্রচারের ব্যবস্থা করা হয়।

গত দুই বছরের মেয়াদকালে কার্যনির্বাহক কমিটি মোট ১৮টি সভায় মিলিত হয়। কার্যনির্বাহক কমিটির বেশ কিছু সংখ্যক সদস্য ১৯৯১-৯৩ সালে বিভিন্ন পেশাগত কাজে দীর্ঘ সময় দেশের বাইরে অবস্থান করেন। এই মুহূর্তে কমিটির ২৬ জন সদস্যের মধ্যে ৬ জন বিদেশে রয়েছেন।

১৯৯১ সালের সেপ্টেম্বর মাসে সমিতির সাধারণ সম্পাদক ডঃ সেলিম জাহান পেশাগত কারণে বিদেশে চলে যান। গঠনতন্ত্র অনুসারে যুগ্ম সম্পাদক হিসাবে আমি ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদকের দায়িত্ব পাই। পরবর্তীতে ১৯৯২ সালের ফেব্রুয়ারী মাসে আমি নিজেও পেশাগত প্রয়োজনে বিদেশে যাই। এই পরিস্থিতিতে গঠনতন্ত্রের নির্দেশিত পরম্পরা অনুসারে প্রথম সহ-সম্পাদক জনাব এ কে এম শামীম ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদকের দায়িত্ব গ্রহণ করেন। ১৯৯২ সালের ডিসেম্বরে দেশে ফিরে আসার পর আমার উপর পুনরায় ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদকের দায়িত্ব অর্পিত হয়।

তবে সন্তোষের বিষয়, কমিটির অন্যতম মূল কর্মকর্তাসহ একতন সদস্যের সঙ্গত কারণে অনুপস্থিতি, কমিটির তৎপরতার উপর কোন নেতিবাচক প্রভাব ফেলতে পারেনি। কমিটির অন্যান্য সদস্যেরা স্বীয় উদ্যোগ ও উদ্যোগে অন্যদের অভাব পূরণ করেছেন।

কার্যনির্বাহক কমিটি পরিচালনার অপর একটি অভিজ্ঞতা হোল তিনজন সদস্য বিগত সম্মেলনে নির্বাচিত

হবার পর কার্য নির্বাহক কমিটির একটি সভাতেও উপস্থিত ছিলেন না। স্বেচ্ছায় কমিটিতে অন্তর্ভুক্ত হয়ে দায়িত্ব পালনের ক্ষেত্রে এইরূপ অবহেলা আমাদের নিঃসন্দেহে পীড়িত করে। ভবিষ্যতে নির্বাহক কমিটিতে যারা আসবেন তাঁরা আশা করি এই উদাহরণের পুনরাবৃত্তি ঘটাবেন না।

অপর একটি সাংগঠনিক বিষয় হোল ঢাকার এবং দেশের বাইরে সমিতির শাখা গঠনের প্রশ্নটি। সমিতির বর্তমান গঠনতন্ত্রে এ ব্যাপারে কোন সুনির্দিষ্ট ধারা নেই। ঢাকার বাইরে এবং বিদেশে সমিতির শাখা গঠনের উৎসাহ প্রদান করে অনেকে যোগাযোগ করেন। এ বিষয়টি বর্তমানে সভাকে ভেবে দেখার জন্য অনুরোধ করছি। যদি সিদ্ধান্ত হয় যে, এরূপ শাখা গঠন সমিতির তৎপরতাকে শক্তিশালী করবে তাহলে আগামী কমিটি বিভিন্ন উপ-ধারা (by-laws) প্রণয়নের মাধ্যমে এটি কার্যকর করতে পারে। অভিজ্ঞতার ভিত্তিতে পরবর্তীতে এ ব্যাপারে গঠনতন্ত্র সংশোধনের উদ্যোগ নেয়া যেতে পারে।

সমিতির সাংগঠনিক বিষয়বলীর আরেকটি গুরুত্বপূর্ণ দিকের প্রতি আপনাদের মনোযোগ দাবী করছি। আমি মনে করি বিদায়ী নির্বাহক কমিটির অন্যতম সাফল্যের দিক হোল সাংগঠনিক ঐক্যকে সংহত করার ক্ষেত্রে তাৎপর্যপূর্ণ অগ্রগতি সাধন। সমিতির সদস্যবৃন্দের মধ্যে বিভিন্ন বিভ্রান্তিকে কাটিয়ে উঠে এক নবলব্ধ সংহতিবোধে বলীয়ন হয়ে নির্বাহক কমিটি গত দুই বছর তার কার্যক্রম সম্প্রসারিত করেছে এবং এই ক্ষেত্রে আমরা দেশের বিভিন্ন স্তরের এবং ধারার অর্থনীতি চর্চার সাথে যুক্ত পেশাজীবীদের কাছ থেকে পেয়েছি সহায় সাড়া। আমি জোরের সাথে উল্লেখ করতে চাই সমিতি অর্থনীতি শিক্ষা, গবেষণাসহ অর্থনৈতিক নীতি প্রনয়ণ, অনুশীলন ও প্রয়োগের সাথে জড়িত বাংলাদেশের সকল পেশাজীবীদের প্রাচীনতম প্রতিষ্ঠান বাংলাদেশ অর্থনীতি সমিতি সংশ্লিষ্টদের সর্বাপেক্ষা প্রতিনিধিত্বশীল সংগঠন। আপনাদের সাহায্য ও সহযোগিতায় এর বিকাশ এবং আপনাদের সক্রিয় অংশগ্রহণই এর প্রাণশক্তি।

জার্নাল প্রকাশনা

বিগত মেয়াদকালে সমিতি কর্তৃক আয়োজিত বিভিন্ন সেমিনারে পঠিত প্রবন্ধাবলী নিয়ে প্রকাশ করা হয়েছে সমিতির জার্নাল - Bangladesh Journal of Political Economy, Vol. 12, No.1, 1992। জার্নালের এই সংখ্যাটি আপনারা সবাই ইতোমধ্যে পেয়েছেন। জার্নাল প্রসঙ্গে আমি একটি বিষয় উত্থাপন করতে চাই। সমিতির সদস্যদের পেশাগত উৎকর্ষকতার পরিচায়ক হিসাবে আমাদের প্রকাশনার মান বাড়ানো প্রয়োজন। এ ব্যাপারে আগামী কমিটিকে বিশেষ উদ্যোগ নিতে হবে যাতে করে স্ব স্ব বিষয়ে বিশেষজ্ঞতা সমিতির প্ল্যাটফর্মে প্রবন্ধ পাঠে আগ্রহী বোধ করেন। অপর দিকে এই সকল প্রবন্ধ প্রকাশের আগে উচ্চ পেশাগত মানের সম্পাদনা হওয়া প্রয়োজন। এই লক্ষ্যে জার্নাল সম্পাদনা পরিষদ এ ব্যাপারে প্রয়োজনীয় নীতিমালা প্রণয়ন করবেন।

সমিতির স্থায়ী দপ্তর

সমিতির একটি নিজস্ব ঠিকানা ব্যবস্থা করার দাবী বহুদিনের। ১৯৯১ সালের বার্ষিক সাধারণ সভায় বিষয়টি গুরুত্ব সহকারে আলোচিত হয়। এই প্রেক্ষিতে বিদায়ী নির্বাহক কমিটি এ ব্যাপারে সবিশেষ উদ্যোগ নেয়। আমি অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি এ ব্যাপারে আমরা যথেষ্ট সফলকাম হয়েছি। সরকার সমিতিতে ঢাকায় ইস্কাটন এলাকায় একটি জমি বরাদ্দ করেছে। বর্তমানে জমিটি হস্তান্তরে শর্তসমূহ বিবেচিত হচ্ছে।

সমিতির পক্ষ থেকে আমরা জমিটি প্রতীকমূল্যে পাবার চেষ্টা করছি। জমি হস্তান্তরের কাজ সম্পন্ন হলে পরবর্তী কমিটির অন্যতম কাজ হবে সমিতির একটি বহুতল ভবন নির্মাণ করা। আশা করি এই ভবনে সমিতির স্থায়ী দপ্তরসহ থাকবে গ্রন্থাগার, মিলনায়তন এবং টাকার বাইরে অবস্থানরত সদস্যদের জন্য একটি বিশ্রামাগার।

সম্মেলন আয়োজন

দশম দ্বিবার্ষিক সম্মেলন আয়োজন ছিল বর্তমান কার্যনির্বাহক কমিটির সর্বশেষ গুরুত্বপূর্ণ দায়িত্ব। এই সম্মেলনের উদ্বোধনী অধিবেশনে আমরা প্রধানমন্ত্রীকে প্রধান অতিথি হিসাবে আমন্ত্রণ জানাই এবং তিনি তা গ্রহণ করেন। এই অধিবেশনে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন অর্থমন্ত্রী। বর্তমান সম্মেলনের ৬টি এ্যাকাডেমিক অধিবেশনের ৩২টি প্রবন্ধ উপস্থাপন করা হয়। সমিতি কর্তৃক প্রবর্তিত ৬ জন কৃতি অর্থনীতিবিদের স্মরণে স্মারক বক্তৃতা দেন ৬ জন বিশিষ্ট অর্থনীতিবিদ। এছাড়া অষ্টম এ্যাকাডেমিক অধিবেশনে প্যানেল আলোচনায় অংশ নেন ৫ জন বিশিষ্ট গবেষক, শিল্প উদ্যোক্তা, নীতি প্রণেতা, আন্তর্জাতিক ঋণদান প্রতিষ্ঠানের কর্মকর্তা। বর্তমান কমিটি ৪ জন প্রথিতযশা অর্থনীতিবিদকেও সন্মাননা প্রদান করেছে। দশম বার্ষিক সম্মেলনের শেষ পর্যায়ে এই মুহূর্তে আমরা বার্ষিক সাধারণ সভায় মিলিত হয়েছি। এরপর আমাদের জন্য অপেক্ষা করেছে একটি সংস্কৃতিক অনুষ্ঠান। কমিটি তার সাধ্যমত চেষ্টা করেছে যাতে এই সম্মেলনে আপনাদের অংশগ্রহণ ফলপ্রসূ ও স্বাচ্ছন্দ্যময় হয়। সম্মেলনে আপনাদের ব্যাপক অংশগ্রহণ আমাদের উৎসাহিত করেছে। এই সম্মেলনে রেজিস্ট্রেশন করেছেন ৫০০'র অধিক অংশগ্রহণকারী। স্বীকার করতে কোন দ্বিধা নেই যে আয়োজনে প্রচুর ত্রুটি রয়ে গেছে। এই সংগঠন আপনাদের নিজেদের, তাই এই সকল অসম্পূর্ণতা উদারতার সাথে ক্ষমা করবেন।

অর্থ

সমিতির আর্থিক পরিস্থিতি সর্বদা আপনারা বিস্তারিত শুনবেন আর কিছুক্ষণ পর কোষাধ্যক্ষের প্রতিবেদনে। তবে আমি এই প্রেক্ষিতে দুইটি বিষয় উল্লেখ করতে চাই। প্রথমতঃ সমিতির সাধারণভাবে কোন আর্থিক অস্বাচ্ছন্দ্য নাই। আমরা দুই লক্ষ টাকার অধিক পরিমাণ অর্থ আগামী কমিটির জন্য রেখে যাচ্ছি। দ্বিতীয়তঃ সমিতির অর্থের উৎসসমূহে বিগত মেয়াদকালে বৈদেশিক সূত্রের তুলনায় অভ্যন্তরীণ সূত্র প্রধান্য লাভ করেছে। বিশেষ করে সরকারের কাছ থেকে আমাদের নিয়মিত বাৎসরিক অনুদান বর্তমানে ৫ লক্ষ টাকায় উন্নীত হয়েছে।

সমিতির প্রাক্তন সভাপতি অধ্যাপক রেহমান সোবহান ১৯৯২ সালের সেপ্টেম্বর মাসে মস্কোতে অনুষ্ঠিত আন্তর্জাতিক অর্থনীতি সমিতির কার্যকরী পরিষদের সদস্য নির্বাচিত হয়েছেন। অপর সদস্য গ্রামীণ ব্যাংকের মহাব্যবস্থাপক অধ্যাপক মোঃ ইউনুস সম্প্রতি বেলজিয়ামের রাজকীয় পুরস্কার লাভ করেছেন। অর্থনীতি সমিতির পক্ষ থেকে অধ্যাপক রেহমান সোবহান ও অধ্যাপক মোঃ ইউনুস এর এই আন্তর্জাতিক সন্মান লাভে আমরা গর্বিত এবং তাঁদের জানাচ্ছি অভিনন্দন।

প্রিয় সদস্যবৃন্দ

অতিক্রান্ত মেয়াদকালে একটি বিশেষ পরিস্থিতিতে আমার উপর সাধারণ সম্পাদকের দায়িত্ব অর্পিত হয়।

আমি নিজস্ব বহু সীমাবদ্ধতার মধ্যে এই দায়িত্ব পালন করার চেষ্টা করেছি। এক্ষেত্রে আমার ভরসাস্থল ছিলেন কার্যনির্বাহক কমিটির সহকর্মীবৃন্দ।

সভাপতি ডঃ মহীউদ্দীন খান আলমগীর—এর প্রতি তাঁর পরামর্শ ও সহযোগিতার জন্য আমি কৃতজ্ঞ। প্রজ্ঞা ও উৎসাহ দিয়ে তিনি সমিতির সার্বিক কর্মকাণ্ডকে সঞ্জীবিত রেখেছেন।

দশম দ্বিবার্ষিক সম্মেলন প্রস্তুতি কমিটির সভাপতি এবং নির্বাহক কমিটির সহ-সভাপতি খন্দকার ইব্রাহীম খালেদকে আপনাদের সকলের এবং ব্যক্তিগতভাবে আমার পক্ষ থেকে ধন্যবাদ জানাতে চাই।

আমি কৃতজ্ঞতার সাথে উল্লেখ করতে চাই জনাব এ কে এম শামীমের কথা। যিনি অনুকরণীয় নিষ্ঠার সাথে সমিতিকে সচল ও তৎপর রেখেছেন অত্যন্ত গুরুত্বপূর্ণ সময়ে। তাঁর সহমর্মীতার ঋণের দায়ে আমি বাঁধা।

সমিতির কোষাধ্যক্ষ ডঃ নাজমুল বারী অত্যন্ত যত্নের সাথে সমিতির আয় ব্যয়ের হিসাব রেখেছেন। ধন্যবাদ দিতে চাই ঢাকার বাইরে অবস্থানরত কমিটির তিনজন সহ-সভাপতি অধ্যাপক মাহফুজুল হক, অধ্যাপক লুৎফর রহমান এবং অধ্যাপক আব্দুল জব্বার খানকে যারা তাঁদের কর্মস্পৃহা দিয়ে ভৌগোলিক দূরত্বকে অতিক্রম করেছেন। কমিটির অপর সহ-সভাপতি অধ্যাপক আব্দুল বায়েস—এর উপদেশ ও সহযোগিতা সর্বদাই আমার কাজকে সহজ করেছে। কার্যনির্বাহক কমিটির সহ-সম্পাদক জনাব সাদেকুর রহমান ভূঁইয়া অধ্যাপক মোজাফফর আহমদ, ডঃ আব্দুল গফুর, অধ্যাপিকা খালেদা সালাউদ্দিন, মুহম্মদ কামরুল ইসলাম চৌধুরী এবং প্রমুখ সদস্যবৃন্দ, অত্যন্ত সক্রিয়ভাবে সমিতির কাজে অংশ নিয়েছেন— তাঁদের জানাই ধন্যবাদ ও কৃতজ্ঞতা।

সমিতির সেমিনার/সভা আয়োজন ইত্যাদি ক্ষেত্রে যাদের কাছে থেকে সমর্থন পেয়েছি তার স্বীকৃতি উদ্বোধনী অধিবেশনে পঠিত আমার ধন্যবাদ জ্ঞাপন প্রস্তাবে ছিল। তা আর পুনরাবৃত্তি করতে চাই না। শুধু উল্লেখ করতে চাই আপনাদের সকলের সহৃদয়তা ও সহযোগিতার জন্য আমি সর্বদা কৃতজ্ঞ থাকবো।

প্রিয় সদস্যবৃন্দ,

জানি আপনাদের অনেক আশা পূরণ হয়নি। জানি আছে সমিতির কাজ নিয়ে আপনাদের অনেক দুঃখ-বেদনা আমাদের অসম্পূর্ণতা সর্বন্ধে আপনাদের চেয়ে আমরা কম সচেতন নই। তবে বলতে পারি স্বেচ্ছামূলক এই সংগঠনকে পরিচালনার ক্ষেত্রে আমাদের প্রতিশ্রুতিতে ঘাটতি ছিল না। আমরা মনে করি বিগত মেয়াদকাল ছিল সংগঠনের ধারাবাহিক ঐতিহ্যের এক তাৎপর্যপূর্ণ অধ্যায়। যার উপর ভিত্তি করে আগামী দিনের দায়িত্ব প্রাপ্তরা সৃষ্টি করবেন নতুন উদাহরণ।

আপনাদের সকলকে শুভেচ্ছা জানিয়ে এই প্রতিবেদনের ইতি টানছি।

মনোযোগের জন্য ধন্যবাদ।

